**কেমব্রিজ পাবলিক স্কুলস**
**159 থর্নডাইক স্ট্রিট, কেমব্রিজ, ম্যাসাচুসেটস   02141**

# কেমব্রিজ পাবলিক স্কুলস

# অধিকার ও দায়িত্ব সংক্রান্ত হ্যান্ডবুক

# সুচিপত্র


| পরিচ্ছেদ | | পৃষ্ঠা সংখ্যা |
|---|---|---|
| 1.0 | নীতি | 3 |
| 2.0 | উপস্থিতি | 4 |
| 3.0 | ব্যক্তিগত তল্লাশি | 9 |
| 4.0 | ছাত্রছাত্রীদের লকার এবং ডেস্ক এবং ইলেক্ট্রনিক ডিভাইস | 12 |
| 5.0 | ব্যক্তিগত স্বাধীনতা | 13 |
| 6.0 | মত প্রকাশের স্বাধীনতা | 40 |
| 7.0 | জড়ো হবার স্বাধীনতা | 41 |
| 8.0 | স্কুলের সুযোগ সুবিধার ব্যবহার | 42 |
| 9.0 | পরিধান নীতি | 42 |
| 10.0 | ধর্মপালনের স্বধীনতা | 44 |
| 11.0 | ছাত্রছাত্রীদের বিবাহ ও গর্ভাবস্থা | 44 |
| 12.0 | ছাত্রছাত্রীদের স্বশাসন | 44 |
| 13.0 | শৃঙ্খলারক্ষার নীতি ও পদ্ধতি | 45 |
| 14.0 | সাসপেনশন | 47 |
| 15.0 | জরুরি অবস্থায় অপসারণ | 58 |
| 16.0 | সাসপেনশন আলোচনা | 59 |
| 17.0 | সাসপেনশনের বিরুদ্ধে আবেদন | 63 |
| 18.0 | বিশেষ শিক্ষা/504 পরিকল্পিত শৃঙ্খলারক্ষা পদ্ধতি | 66 |
| 19.0 | এক্সপালশন নীতি – অস্ত্র, ড্রাগস ও শারীরিক আক্রমন | 70 |
| 20.0 | স্কুলের বাইরের আচরণ | 83 |
| 21.0 | সাসপেনশনের সময় শিক্ষা পরিষেবা ও শিক্ষায় অগ্রগতি | 85 |
| 22.0 | বহিস্কার | 86 |
| 23.0 | অধিকারহীনতার প্রতিকারের শুনানির অধিকার | 87 |
| 24.0 | ছাত্রছাত্রীদের হ্যান্ডবুক | 89 |
| অ্যাপেনডিক্স A | | 90 |

# অধিকার ও দায়িত্ব

কেমব্রিজ পাবলিক স্কুলগুলির
ছাত্রছাত্রীদের আচরণ নির্ধারক

## 1.0 নীতি

1.1 স্কুল কমিটি তাদের এক্তিয়ারে যত ছাত্রছাত্রী আছে তাদের আচরণ কি রকম হবে তার নিয়মাবলী নির্ধারণ করবে ও লিখিত ভাবে প্রকাশ করবে।

1.2 নিম্নলিখিত পরিভাষাগুলি যা এই নিয়মাবলী ও প্রবিধানগুলিতে ব্যবহৃত হয়েছে তাদের অর্থ নিম্নপ্রকার হবে:

a. "ছাত্রছাত্রী" মানে হবে যে কোনো স্কুল যাওয়ার উপযুক্ত বয়েসের মানুষ যারা কেমব্রিজ স্কুল কমিটির এক্তিয়ারে থাকা কোনো পাবলিক স্কুলে ভর্তি আছে।

b. "বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক" মানে হবে যে কোনো ছাত্রছাত্রীর বাবা-মা, অভিভাবক অথবা তত্বাবধায়ক যারা স্টেট আইনের চাহিদা অনুসারে ছাত্রছাত্রীর বাবা-মা অথবা অভিভাবক দ্বারা যথাবিহিত ভাবে সেই অনুযায়ী মনোনীত হয়েছে, যত দিন না কোনো ছাত্র বা ছাত্রী, যাদের 18 বছর বা তার বেশি বয়স, লিখিতভাবে অনুরোধ জানাচ্ছে যে এই আইনের অধিকার এবং বিধানগুলি সেই বাবা-মা, অভিভাবক বা তত্বাবধায়কের ক্ষেত্রে প্রযোজ্য হবেনা।

1.3 স্কুল কমিটির লিখিত নিয়মাবলী ও বিধানগুলির সাপেক্ষে প্রত্যেকের অধিকার আছে কেমব্রিজের কোনো পাবলিক স্কুলে ভর্তি হবার।

1.4 স্কুলের কোনো আধিকারিক বা কর্মচারী বা স্কুল কমিটি মেম্বার কোনো ছাত্রছাত্রীর বিরুদ্ধে কোনো রকম শাস্তিমূলক পদক্ষেপ নেবেননা, যা স্কুল কমিটির লিখিত নিয়মাবলী ও বিধানের মান ও পদ্ধতি অনুযায়ী নয়। কোনোরকম শাস্তিমূলক ব্যবস্থা যা স্কুল কমিটির নিয়মাবলী ও বিধান অনুযায়ী নয় তা খারিজ হয়ে যাবে।

1.5 নিয়মাবলী ও বিধানের কপি, যখনি তা গৃহীত হবে এবং প্রতি স্কুলবর্ষের শুরুতে, স্কুলের সব ছাত্রছাত্রীদের বিনামূল্যে দেওয়া হবে। সব ছাত্রছাত্রীদের বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কদের এবং সমাজের যে কোনো উৎসাহী ব্যক্তির জন্যও এই কপি প্রস্তুত থাকবে।

1.6 কোনো নিয়ম বা বিধান চূড়ান্ত ভাবে গ্রহণ করার ও প্রকাশ করার আগে বা তা সংশোধন করার আগে স্কুল কমিটি একটি জনসভার আয়োজন করবে। এই জনসভার অন্তত একসপ্তাহ আগে থেকে, স্কুল কমিটি সেই প্রস্তাবিত নিয়মের কপি কেউ চাইলে তার জন্যে প্রস্তুত রাখবে এই নিয়মাবলী ও বিধান চূড়ান্ত ভাবে গৃহিত হবার অথবা সংশোধিত হবার ও প্রকাশিত হবার আগে। এই জনসভার অন্তত একসপ্তাহ আগে থেকে, কোনো ছাত্রছাত্রী এবং তাদের

বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক এই প্রস্তাবিত নিয়মের কপি এবং জনসভার স্থান ও সময়ের বিজ্ঞপ্তির কপি চাইলে স্কুল কমিটি তা প্রস্তুত রাখবে। স্কুল কমিটি এই জনসভার বিজ্ঞপ্তি শহরের প্রচলিত খবরের কাগজেও প্রকাশ করবে। এই জনসভাতে যেসব মতামত জানানো হবে, স্কুল কমিটি সেগুলি চূড়ান্ত সিদ্ধান্তের আগে বিবেচনা করবে কিন্তু তা মানতে বাধ্য থাকবেনা। সমস্ত নিয়ম চূড়ান্ত ভাবে গৃহীত হবে সংখ্যাগরিষ্ঠের ভোটের মাধ্যমে।

1.7 কোনো নিয়ম, বিধান বা সংশোধন বহাল হবেনা যতদিন না স্কুল কমিটি তা গ্রহণ করছে, প্রকাশ করছে এবং স্কুল কমিউনিটির মধ্যে তার প্রচার হচ্ছে।

1.8 নিয়মাবলী ও বিধান যা এই *হ্যান্ডবুকের* মাধ্যমে ঘোষণা করা হচ্ছে তা কেবলমাত্র স্কুল কমিটির এক্তিয়ারে থাকা পাবলিক স্কুলে পড়া সব ছাত্রছাত্রীদের আচরণের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

1.9 কেমব্রিজ পাবলিক স্কুলের নীতি হলো যে তারা চেষ্টা করে একটি নিরাপদ পরিবেশ গড়ে তুলতে যেখানে ছাত্রছাত্রীরা কেমব্রিজ পাবলিক স্কুলের প্রদান করা বা পৃষ্ঠপোষকতায় পাওয়া সব কার্যক্রমে ভাগ নিতে ও তার থেকে শিক্ষা গ্রহণ করতে পারে। স্কুলে থাকাকালীন এবং/অথবা স্কুল প্রদত্ত কোনো কার্যক্রমে ভাগ নেওয়ার সময় ছাত্রছাত্রীদের, কর্মচারীদের এবং অতিথিদের নিরাপত্তার দায়িত্ব সকলের। স্কুল বিভাগের কর্মচারীরা কোনো পরিস্থিতির মোকাবিলা করার সময় যদি কোনো কারণে নিরাপত্তার অভাব বোধ করেন, তাহলে তারা তাদের ক্ষমতা অনুসারে কোনো রকম সম্ভাব্য ক্ষতি এড়ানোর জন্যে সব রকম যুক্তিসঙ্গত পদক্ষেপ নিতে পারেন, এবং তার পরে তাদের আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের কাছে ঘটনার রিপোর্ট করতে পারেন। সুপারিনটেনডেন্ট বা মনোনীত কেউ এই নীতির উদ্দেশ্যগুলি সফল করার জন্যে সময় সময় "অ্যাডমিনিস্ট্রেটিভ প্রসিডিয়র" জারি করতে পারেন।

## 2.0 উপস্থিতি

2.1 শিক্ষার জন্যে, সব ছাত্রছাত্রীদের কৃতিত্ব বৃদ্ধির জন্যে, স্কুলে একটি শ্রদ্ধাশীল পরিবেশ রক্ষার জন্যে এবং ছাত্রছাত্রীদের স্কুলশিক্ষার সফল সম্পাদনের জন্যে যথারীতি ও নিয়মিত উপস্থিতি একান্ত প্রয়োজনীয়। স্কুলের ছাত্রছাত্রীদের উপস্থিতি নীতির উদেশ্য হলো নিয়মিত দৈনিক স্কুলে এবং ক্লাসে উপস্থিতি বৃদ্ধি করা। আশা করা হয় ছাত্রছাত্রীরা স্কুলে এবং স্কুলদিবসের প্রতিটি ক্লাসে অন্তত পচানব্বই শতাংশ (95%) উপস্থিতি রক্ষা করবে। যে ছাত্র বা ছাত্রী স্কুল পালায়, কোনোরকম যথেষ্ট কারণ ছাড়াই মাঝে মাঝেই অনুপস্থিত থাকে অথবা প্রয়শই স্কুলে দেরী করে আসে তারা এই নীতি লঙ্ঘন করে।

a. বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কদের স্কুলে ফোন করে অনুপস্থিতির কথা জানাতে হবে যে দিন অনুপস্থিত হবে সেই দিন সকালের মধ্যেই।

b. যদি ফোন করা না হয়, তাহলে ছাত্র বা ছাত্রী যেদিন আবার স্কুলে আসবে সেদিন বাবা-মা/অভিভাবক/তত্বাবধয়কের কাছ থেকে অথবা তার চিকিৎসকের কাছ থেকে একটি অনুপস্থিতির কারণ জানানো নোট নিয়ে আসতে হবে। কোনো ছাত্রছাত্রীদেরই অবশ্য স্কুল চলাকালীন সময় বাড়ি ফেরত পাঠানো হবেনা তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কের কাছ থেকে লিখিত ব্যাখ্যা আনার জন্যে।

c. যদি অসুস্থতার কারণ দেখিয়ে অনেকদিন অনিয়মিত অনুপস্থিতির ঘটনা ঘটে, তাহলে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড কোনো চিকিৎসকের মতামত চাইতে পারেন এই অনুপস্থিতির যৌক্তিকতা যাচাই করার জন্যে।

d. যদি বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক ছাত্র বা ছাত্রীর লম্বা অনুপস্থিতির আগাম আন্দাজ করতে পারেন, তাহলে তাদের আপার স্কুলের প্রিসিপাল/হেডের সাথে যোগাযোগ করা প্রয়োজন শিক্ষা সম্পূর্ণ করার ব্যবস্থা করার জন্যে।

e. ছাত্র বা ছাত্রী যদি ফাঁকিবাজ, প্রায়শই অনুপস্থিত হয় অথবা দেরী করে আসে তাহলে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড তাদের বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কদের সাথে মিলে উপস্থিতি উন্নীত করার পরিকল্পনা তৈরী করবেন। এছাড়াও, কোনো ছাত্র বা ছাত্রী ফাঁকিবাজ, প্রায়শই অনুপস্থিত অথবা স্লথগতি হলে তা সেফটি ও সিকিউরিটি অফিসেও জানানো হবে। সেফটি এবং সিকিউরিটির ডিরেক্টর, আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের সাথে আলোচনা করে, প্রতিটি ঘটনা পর্যালোচনা করবে এবং সংশোধনী কার্যক্রম শুরু করবে যার মধ্যে মিডিলসেক্স কাউন্টি কোর্টে রেফারেলও থাকতে পারে যদি মনে করা হয় যে কোর্টের নির্দেশ অনুসারে ছাত্র বা ছাত্রীটির কোনো অতিরিক্ত পরিষেবার প্রয়োজন থাকতে পারে।

অনুমোদিত অনুপস্থিতির অন্তর্গত বিষয়:

a. ব্যক্তিগত অসুস্থতা অথবা পৃথক্করণ;

b. অনুপস্থিতির কারণ যখন ব্যক্তিগত মানসিক আঘাত, শোক, পরিবারে কারুর মৃত্যু অথবা পরিবারে কারুর গুরুতর অসুস্থতা;

c. কোনো ধর্মীয় ছুটির অনুষ্ঠান অথবা অনুশীলন;

d. স্বাস্থ্য সংক্রান্ত সাক্ষাৎকার যা স্কুলের সময়ের বাইরে সম্ভব নয় অথবা কাউন্সেলিং সাক্ষাৎকার;

e. কোনো আইনি কার্যক্রম যেখানে ব্যক্তিগত উপস্থিতি প্রয়োজন;

f. স্কুলে অথবা স্কুলের বাইরে সাসপেনশন বা এক্সপালশন;

g. স্কুল সংক্রান্ত ভ্রমন, জমায়েত অথবা মিটিং;

h. কলেজ পরিদর্শন (হাই স্কুলের জুনিয়র বছরে দুই দিন এবং হাই স্কুলের সিনিয়র বছরে তিন দিন);

i. হাই স্কুলে বছরে একবার অনুর্ধ পাঁচ দিনের ভ্রমন অথবা শিক্ষাগত অভিজ্ঞতা; অথবা

j. খুব খারাপ আবহাওয়া যাতে স্বাস্থ্য অথবা নিরাপত্তা বিঘ্নিত হতে পারে.

কোনো ছাত্র বা ছাত্রী অন্যান্য ব্যতিক্রমী কারনেও নিস্কৃতি পেতে পারে, স্কুল কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে ছয় মাসের মধ্যে অনুর্ধ সাত দিবসের সেশনের জন্যে বা অনুর্ধ চোদ্দ দিনের অর্ধ দিবসের সেশনের জন্যে।

অননুমোদিত অনুপস্থিতির অন্তর্গত বিষয়:

a. স্কুল থেকে, কোনো ক্লাস থেকে বা স্টাডি হ'ল থেকে পালানো;

b. আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের কাছ থেকে আগাম অনুমতি না নেওয়া কোনো ভ্রমন;

c. আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের কাছ থেকে আগাম অনুমতি না নিয়ে কোনো চাকরি খোঁজা;

d. কোনো বিশেষ বিষয়ে পরীক্ষা না দেবার জন্যে অথবা কোনো পরীক্ষার জন্যে পড়াশোনা করার জন্যে বাড়িতে থেকে যাওয়া;

e. স্কুলের সময়ের মধ্যে আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের অফিসে সই না করে স্কুল বিল্ডিং থেকে বেরিয়ে যাওয়া;

f. বেশি ঘুমোনো বা স্কুলে সাধারণত দেরী করে আসা (তিনবার অননুমোদিত দেরী হলে তা একদিনের অননুমোদিত অনপুস্থিতি বলে ধরা হবে);

g. স্কুলের চত্বরের ভিতরেই বা কাছাকাছি থাকা কিন্তু নির্দিষ্ট ক্লাসে না যাওয়া; অথবা

h. অন্য কোনো অননুমোদিত অনুপস্থিতি বা অনুমোদনযোগ্য অনুপস্থিতি যা বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক ফোনে জানাননি বা ছাত্র বা ছাত্রীটি যেদিন স্কুলে এসেছে সেদিনও বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক বা চিকিৎসক কোনো নোট দেননি।

স্কুলে থাকার সময়, ছাত্রছাত্রীরা সব শিক্ষকদের এবং স্কুল কর্তৃপক্ষের তত্বাবধানে থাকে এবং স্কুল থেকে সময়ের আগে বেরোতে হলে তাদের আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের অফিস থেকে অবশ্য অনুমতি নিতে হবে। কোনো ছাত্র বা ছাত্রী যদি স্কুল থেকে আগে বেরিয়ে যাবার আগে আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের অফিসে থেকে সাইন আউট না করে তাহলে তাকে মাফ করা হবেনা এবং সে যে ক্লাসের কার্যক্রম ও অ্যাসাইনমেন্টগুলি করতে পারলনা তার জন্যে সে কোনো ক্রেডিট পাবেনা। প্রতি শিক্ষক এই ছাত্র বা ছাত্রীর অনুপস্থিতি বা দেরী করার রেকর্ড রাখবেন। যে ছাত্র বা ছাত্রী ক্লাস রুমে সেশন শুরু হয়ে যাবার পরে ঢুকবে তাকে স্লথ বা টার্ডি বলে রেকর্ড করা হবে। যদি কোনো ছাত্র বা ছাত্রী অনুমোদন ছাড়াই দুটি বা তার বেশি ক্লাসে অনুপস্থিত থাকে বা দেরী করে আসে বা না করে, তাহলে তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে জানানো হবে। যদি কোনো ছাত্র বা ছাত্রীর অনুপস্থিতির তিন(3)দিনের ভিতরে স্কুল তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কের কাছ থেকে কোনো নোট না পায় তাহলে স্কুলকে তা অবশ্যই তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কে জানাতে হবে। যদি কোনো ছাত্র বা ছাত্রী পাঁচ(5) বারের বেশি দেরী করে থাকে, বিগত ছয়(6) মাসের মধ্যে পাঁচ(5) পুরো দিন বা দশ(10) আর্ধেক দিন অনুপস্থিত থেকে থাকে যার জন্যে কোনো গ্রহণযোগ্য অজুহাত স্কুল পায়নি, যদি এক স্কুলবর্ষের মধ্যে পাঁচ(5) বা তার বেশি দিনে অথবা দুই(2) বা তার বেশি পিরিয়ডে অননুমোদিত ভাবে অনুপস্থিত থেকে থাকে তাহলে, যে স্কুলে

সে ভর্তি আছে তার প্রিন্সিপাল/হেডের অবশ্য কর্তব্য এই উপস্থিতির রেকর্ড সুপারিনটেনডেন্ট অফ স্কুলস কে জানানো। আপার স্কুলের প্রিন্সিপাল/হেড অথবা মনোনীত কর্মী যুক্তিসঙ্গত প্রচেষ্টা করবে যে ছাত্রছাত্রীদের পাঁচ(5) বা বেশি অননুমোদিত অনুপস্থিতি আছে তাদের বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কদের সাথে দেখা করে ছাত্র বা ছাত্রীর উপস্থিতি বাড়ানোর উদ্দেশ্যে পদক্ষেপ পরিকল্পনা করার। এই পদক্ষেপ পরিকল্পনা সংযুক্ত ভাবে ও সর্বসম্মতিক্রমে গড়ে তুলতে হবে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা মনোনীত কর্মী, ছাত্র বা ছাত্রী এবং তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক মিলে ও তার সাথে সম্পর্কিত স্কুল কর্মী এবং সম্পর্কিত জন সুরক্ষা, স্বাস্থ্য ও মানব পরিষেবা, আবাসন ও অলাভজনক সংস্থা গুলির আধিকারিকদের মতামত নিয়ে।

যে ছাত্রছাত্রীদের স্কুল বা ক্লাস থেকে অনুমোদিত অনুপস্থিতি থাকবে তারা সুযোগ পাবে ক্লাসের অ্যাসাইনমেন্ট, না পাওয়া হোমওয়ার্ক, কুইজ, পরীক্ষা, পেপার, প্রজেক্ট ও অন্যান্য অ্যাসাইনমেন্টগুলি সম্পূর্ণ করার। আপার স্কুলের প্রিন্সিপাল/হেড নিশ্চিত করবেন যে পুরো স্কুলেই যে সব ছাত্রছাত্রীরা একসঙ্গে পাঁচ(5) দিন বা তার বেশি স্কুলের ভিতরে বা বাইরে সাসপেনশন বা এক্সপালসনে থাকবে তাদের জন্যে একটি শিক্ষা পরিষেবা পরিকল্পনা থাকবে। উপরন্তু, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড এটাও নিশ্চিত করবেন যে -যে সব ছাত্রছাত্রীরা একসঙ্গে পাঁচ(5) দিন বা তার বেশি স্কুলের ভিতরে বা বাইরে সাসপেনশন বা এক্সপালসনে থাকবে, তারা সুযোগ পাবে এই এক্সপালশোনে থাকার সময়েও তাদের শিক্ষা চালিয়ে যাবার, যাতে তারা তাদের অ্যাসাইনমেন্ট সম্পূর্ণ করতে পারে ও না পাওয়া ক্রেডিটগুলি অর্জন করতে পারে, যাতে থাকবে হোমওয়ার্ক, কুইজ, পরীক্ষা, পেপার, প্রজেক্ট ও অন্যান্য অ্যাসাইনমেন্টগুলি।

যে ছাত্র বা ছাত্রী আইনানুগ ভাবে পাঁচ(5) দিনের বেশি স্কুলে অনুপস্থিত আছে তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে স্কুলকে অবশ্য জানাতে হবে যাতে হোম অ্যাসাইনমেন্টের ব্যবস্থা হতে পারে। যে ছাত্র বা ছাত্রী কোনো দীর্ঘস্থায়ী অসুস্থতা বা আঘাতের কারণে দীর্ঘ সময় (2 সপ্তাহ বা বেশি) স্কুলে অনুপস্থিত থাকবে তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে স্কুলকে অবশ্য জানাতে হবে যাতে বাড়িতেই শিক্ষাদানের ব্যবস্থা হতে পারে।

কোনো যুক্তিযুক্ত কারণ ছাড়াই অনুপস্থিতি বা দেরী করে আসা শৃঙ্খলামূলক ব্যবস্থার কারণ হবে। স্কুল আধিকারিকদের উৎসাহ দেওয়া হয় সাসপেনশন করার আগে অন্য যথাযথ শৃঙ্খলামূলক ব্যবস্থা নেবার জন্যে যাতে যে ছাত্র স্কুল পালায়, দেরী করে আসে বা ক্লাস পালায় তাকে সাহায্য করা যায়, অন্য ব্যবস্থার মধ্যে ছাত্র বা ছাত্রীটিকে জুভেনাইল কোর্টে রেফারেল করাও হতে পারে ক্রমাগত স্কুল পালানোর অভ্যাস জানিয়ে যার কোনো পরিষেবার প্রয়োজন এবং/অথবা রেফারেল করা হতে পারে তার স্পেশাল এডুকেশনের প্রয়োজন মূল্যায়নের জন্যে। যারা স্কুল পালানো, দেরী করে আসা বা ক্লাস পালানোর জন্যে স্কুলের কাজ করতে পারবেনা তাদের কোনো ক্রেডিট দেওয়া হবেনা যদিনা তারা সেই করতে না পারা কাজগুলো শিক্ষকের নির্দেশ অনুযায়ী সম্পূর্ণ করে ফেলতে পারে এবং শিক্ষককেও ছাত্র বা ছাত্রীটিকে স্কুলে ফেরার পরে যুক্তিযুক্ত সময় দিতে হবে করতে না পারা হোমওয়ার্ক, কুইজ, পরীক্ষা, পেপার, প্রজেক্ট ও অন্যান্য অ্যাসাইনমেন্টগুলি সম্পূর্ণ করার জন্যে। ধর্মীয় ছুটি পালনের উদ্দেশ্যে কোনো অনুপস্থিতির জন্যে কোনো ছাত্রের ওপর কোনোরকম খারাপ, ক্ষতিকর বা পক্ষপাতমূলক ব্যবস্থা নেওয়া হবেনা। শিক্ষকেরা যতদুর সম্ভব কোনো ধর্মীয় ছুটির দিনে কোনো গুরুত্বপূর্ণ পরীক্ষা, চূড়ান্ত পরিণতির কার্যক্রম, গুরুত্বপূর্ণ পেপার/রিপোর্ট পূর্বপরিকল্পনা করা থেকে বিরত থাকবেন।
কেমব্রিজ রিন্দগে এন্ড ল্যাটিন স্কুল এবং হাই স্কুল এক্সটেনশন প্রোগ্রাম কোনো ক্লাসের চার(4) দিনের অনুপস্থিতি কে অ্যাটেনডেন্স ভায়োলেশন (এভি) বলে গণ্য করে। অনুমোদন করে দেওয়া অনুপস্থিতি,

যার মধ্যে যাচাই করা ব্যক্তিগত অসুস্থতাও পড়বে, ছাত্র বা ছাত্রীর দোষ বলে গণ্য হবেনা এবং এর জন্যে অ্যাটেনডেন্স ভায়োলেশন (এভি) জারি হবেনা যদি সেই অসুস্থতা নিম্নোক্ত শ্রেণীভুক্ত হয়: (a) ব্যক্তিগত মানসিক আঘাত, শোক, পরিবারে কারুর মৃত্যু; (b) ধর্মীয় ছুটি পালন; (c) চিকিৎসা অথবা কাউন্সেলিং অ্যাপয়েন্টমেন্ট যা কোনো মতেই স্কুলের সময়ের বাইরে করা যায়না; (d)আইনি বিষয় যেখানে ব্যক্তিগত উপস্থিতি প্রয়োজন; (e) স্কুলের ভিতরে বা বাইরে সাসপেনশন; (f) স্কুল সংক্রান্ত ভ্রমন, জমায়েত বা মিটিং; (গ) কলেজ পরিদর্শন (জুনিয়ার বছরে দুই দিন ও সিনিয়ার বছরে তিন দিন); এবং (h) হাই স্কুলে থাকাকালীন একবার অনুর্ধ পাঁচদিনের ভ্রমন বা শিক্ষাগত অভিজ্ঞতা।

কিন্তু, যে কোনো ক্লাসেই চারটি (4) মাফ না করা অনুপস্থিতি অ্যাটেনডেন্স ভায়োলেশন(এভি) বলে গণ্য হবে। এই ক্ষেত্রে, ডীন অফ স্টুডেন্টস টার্ম গ্রেডের সময় এভি দেবেন। উপরন্তু তিনটি(3)অননুমোদিত ক্লাসে দেরী করে আসা একটি(1) অননুমোদিত অনুপস্থিতি বলে গণ্য হবে। অননুমোদিত অনুপস্থিতির মধ্যে গণ্য হবে: (a)স্কুল বা ক্লাস পালান; (b) প্রিন্সিপালের কাছ থেকে আগাম অনুমতি না নেওয়া ভ্রমন; (c) প্রিন্সিপালের অনুমতি না নিয়ে চাকরি খোঁজা; (d) কোনো বিশেষ বিষয়ে পরীক্ষা না দেবার জন্যে বা কোনো পরীক্ষার প্রস্তুতির জন্যে বাড়িতে থেকে যাওয়া; (e) ডীনের অফিস থেকে সাইন আউট না করে স্কুলের সময়ের মধ্যে স্কুল থেকে চলে যাওয়া (ক্লাস কাটা); (f) বেশি ঘুমিয়ে পড়া বা স্কুলে দেরী করে আসা; (g) স্কুলের চত্বরের মধ্যে বা কাছাকাছি থাকা কিন্তু নির্দিষ্ট ক্লাসে না যাওয়া (ক্লাস কাটা); এবং (h) কোনো অনুপস্থিতি যা মাফ করা হয়নি বা মাফ করার মত অনুপস্থিতি যা ছাত্র বা ছাত্রীর বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক ফোনে জানাননি বা ছাত্র বা ছাত্রীটি স্কুলে ফেরার পরেও তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক অথবা তার চিকিৎসক নোট দিয়ে জানাননি। উপরন্তু, যে ছাত্র বা ছাত্রী কোনো একটি ক্লাসে বারো(12)বার অননুমোদিতভাবে দেরী করেছে সে সেই বিষয়টিতে এভি পাবে।

স্কুল ডিস্ট্রিক্টের নিয়ম অনুসারে, স্কুল ছাত্র বা ছাত্রীর প্রতিটি অনুপস্থিতি বা দেরী তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে জানাবে, এবং চারটি(4) অননুমোদিত অনুপস্থিতি হয়ে গেলে তাও জানাবে। বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক কোনো দীর্ঘস্থায়ী অসুস্থতার, বার বার অসুস্থতার বা কোনো অসুস্থতা যা চার(4) দিনের বেশি স্থায়ী হয় তার জন্যে মেডিকাল ওয়েভার চাইতে পারেন। বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক কোনো এভির বিরুদ্ধে কেমব্রিজ রিন্দগে এন্ড ল্যাটিন স্কুল বা হাই স্কুল এক্সটেনশন প্রোগ্রামের আপীল রিভিউ কমিটির কাছে এভি ঘোষিত হবার দশ(10) দিনের মধ্যে আপীল জানাতে পারেন, যদি সে আপীল নামঞ্জুর হয় তাহলে তার দশ(10) দিনের মধ্যে রিভিউ-এর জন্যে লিখিত আপীল জমা করতে পারেন সুপারিনটেনডেন্ট অফ স্কুলস-এর কাছে। সুপারিনটেনডেন্ট অফ স্কুলস-এর সিদ্ধান্তই চূড়ান্ত হবে।

লার্নিং কমিউনিটি টিম ছাত্র/ছাত্রীদের সাথে কাজ করবে যাদের এভি যোগ্যতামান আছে এবং নিম্নলিখিত তিনটি(3) সহায়তার মধ্যে একটি কার্যকরী করবেন:

a. একটি বাই ব্যাক কন্ট্র্যাক্ট/প্রোপজাল সম্পূর্ণ করবেন (সব ছাত্র/ছাত্রীদের প্রস্তাব দেওয়া হবে)
b. ছাত্র/ছাত্রীদের স্টুডেন্টশিপ ওয়ার্কশপে নথিভুক্ত করা হবে (যেসব ছাত্র/ছাত্রীদের অতিরিক্ত সময় পরিচালনা ও স্টুডেন্টশিপ সহাযতার প্রয়োজন হবে)
c. ব্যক্তিগত সহায়তা পরিকল্পনা, যা এল-সি দলের সাথে সহযোগিতায তৈরি করা হবে (সেইসব বিশেষ পরিস্থিতিতে থাকা ছাত্র/ছাত্রীদের জন্য ব্যবহার করা হবে যাদের বিশেষ সহায়তার প্রয়োজন আছে)

যদি কোনো ছাত্র/ছাত্রী সভলভাবে সহাযতা পরিকল্পনা সম্পূর্ণ না করে, তাদের ক্ষেত্রে হয়ত 10 পয়েন্ট কেটে নেওয়া হতে পারে।

## যে ছাত্রছাত্রীরা স্কুল ছেড়ে যাবে তাদের সম্বন্ধে বিজ্ঞপ্তি

দি কেমব্রিজ পাবলিক স্কুল ছাত্রছাত্রীদের এলিমেন্টারি ও সেকেন্ডারি শিক্ষা সম্পূর্ণ করানোর জন্যে দায়বদ্ধ। ষোলো বা তার বেশি বয়সের কোনো ছাত্র বা ছাত্রী যদি স্কুল ছেড়ে যেতে চায়, তাহলে কেমব্রিজ পাবলিক স্কুল এমজিএলসি 76,§18 (M.G.L.c. 76, §18)-এর সমস্ত প্রয়োজন সম্পূর্ণ করে এবং নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করে:

1. প্রিন্সিপাল বা কোনো মনোনীত ব্যক্তি ছাত্র/ছাত্রীর বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে চিঠি দেবেন তাদের জানিয়ে যে ছাত্র বা ছাত্রীটি হয় (a)জানিয়েছে যে সে স্কুল ছেড়ে দিতে চায় এবং কোনদিনই আর ফিরে আসতে চায়না, অথবা (b)স্কুলে লাগাতার পনের(15) দিনের অনুপস্থিতি হয়েছে এবং সে শেষ কবে স্কুলে এসেছে সেই তারিখও জানানো হবে।

   ছাত্র বা ছাত্রীটি সত্যিই স্কুল ছেড়ে দিচ্ছে আর কোনদিন না ফেরার উদ্দেশ্য নিয়ে তা নিশ্চিত করার জন্যে স্কুল একটি মিটিঙের ব্যবস্থা করবে ছাত্র/ছাত্রী এবং তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কের সাথে ছাত্র বা ছাত্রীটি কেন স্কুল ছেড়ে দিতে চাইছে তার কারণ এবং অন্য কোনো সম্ভাব্য বিকল্প শিক্ষাব্যবস্থা বা অন্য কোনো ব্যবস্থা ছাত্র/ছাত্রীটির জন্যে করা যায় কিনা তার পাকাপাকি ভাবে স্কুল ছেড়ে দেওয়ার আগে তা আলোচনা করার জন্যে। বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক এই মিটিঙের তারিখ ও সময় পাল্টানোর জন্যে আবেদন জানাতে পারেন, কিন্তু এই মিটিং প্রিন্সিপাল বা মনোনীত ব্যক্তির চিঠি পাঠানোর তারিখ থেকে চোদ্দ(14) দিনের বেশি কখনই পিছনো যাবেনা।

2. বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কের এবং ছাত্র/ছাত্রীটির সাথে মিটিং হয়ে যাবার পর প্রিন্সিপাল বা মনোনীত ব্যক্তি বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে একটি চিঠি দেবেন মিটিঙে কি আলোচনা হলো তার সারাংশ এবং যা সিদ্ধান্ত হলো তা জানিয়ে, যাতে থাকবে ছাত্র/ছাত্রীটি স্কুলে ফিরছে কিনা, কোনো বিকল্প শিক্ষাব্যবস্থা গ্রহণ করছে কিনা, অন্য কোনো সাহায্যকারী পরিষেবা গ্রহণ করছে কিনা, নাকি সে পাকাপাকি ভাবে স্কুল ছেড়ে দিচ্ছে।

3. এমজিএলসি 76,§18 (M.G.L.c. 76, §18)-এর বিধান অনুসারে, যদি নির্ধারণ হয়ে থাকে যে ছাত্র/ছাত্রীটি পাকাপাকি ভাবে স্কুল ছেড়ে দিচ্ছে তার মানে এই নয় যে ছাত্র বা ছাত্রীটি চূড়ান্ত ভাবে বাদ পড়ে থাকবে যদি কখনো সে আবার পড়াশোনা শুরু করার ইচ্ছা জ্ঞাপন করে।

এই পদ্ধতি সংক্রান্ত আরো বিবরণের জন্যে এই *হ্যান্ডবুকের* পরিচ্ছেদ 22 দেখুন।

## 3.0 ব্যক্তিগত তল্লাশি

ইউ.এস কনষ্টিটিউশনের চতুর্থ সংশোধনী অনুসারে, ছাত্রছাত্রীরা পাবলিক স্কুল আধিকারিক বা শিক্ষকদের দ্বারা সংঘটিত কোনরকম অযৌক্তিক তল্লাসী বা বাজেয়াপ্তকরণ থেকে সুরক্ষিত থাকবে। যদিও ছাত্রছাত্রীদের তাদের গোপনীয়তা রক্ষা করার জন্যে বৈধ প্রত্যাশা থাকবে, তাও কোনো

তল্লাসীকে বৈধ মানা হবে যদি আগে থেকে কোনো যুক্তিপূর্ণ সন্দেহ থাকে যে তল্লাসীর মাধ্যমে কোনো স্কুল বিধানের বা আইনের লঙ্ঘনের প্রমান পাওয়া যাবে, এবং যদি তল্লাসীর সীমাও যুক্তিযুক্ত থেকে থাকে।

3.1 **K-8 গ্রেড লেভেলে:** স্কুলের সিকিউরিটি বা স্কুলের বাইরের কোনো ব্যক্তি যদি কোনো ছাত্রছাত্রীর তল্লাসী নিতে বা জেরা করতে চায় তাহলে তা অবশ্যই আপার স্কুলের প্রিন্সিপাল/হেড, অ্যাসিসট্যান্ট প্রিন্সিপাল, অথবা আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের মনোনীত কোনো ব্যক্তির অনুমোদন সাপেক্ষে হতে হবে।

**9-12 গ্রেড লেভেলে:** প্রিন্সিপাল, অ্যাসিসট্যান্ট প্রিন্সিপাল, ডিন বা প্রিন্সিপালের মনোনীত কোনো ব্যক্তির অনুমোদন সাপেক্ষে স্কুল সিকিউরিটি ছাত্রছাত্রীদের তল্লাসী নিতে পারবে।

3.2 **সব গ্রেড লেভেলে (K-12):** আপার স্কুলের প্রিন্সিপাল/হেড, অ্যাসিসট্যান্ট প্রিন্সিপাল, ডিন অথবা আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের মনোনীত কোনো ব্যক্তি, যখনি যুক্তিযুক্ত ভাবে সম্ভব, অনুরোধ জানাতে পারবেন কোন সিকিউরিটি কর্মীকে স্কুলে এবং/অথবা ছোট শিক্ষা কমিউনিটিতে পাঠানো হবে।

3.3 **K-8 গ্রেড লেভেলে:** যখন কোনো ছাত্র বা ছাত্রীকে স্কুল সিকিউরিটি অথবা স্কুলের বাইরের কোনো ব্যক্তি তল্লাসী নেবে বা জেরা করবে তখন সেখানে আপার স্কুলের প্রিন্সিপাল/কর্মকর্তা, অ্যাসিসট্যান্ট প্রিন্সিপাল, অথবা আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের মনোনীত কোনো ব্যক্তিকে উপস্থিত থাকতে হবে।
**9-12 গ্রেড লেভেলে:** যখন কোনো ছাত্র বা ছাত্রীকে স্কুল সিকিউরিটি অথবা স্কুলের বাইরের কোনো ব্যক্তি তল্লাসী নেবে বা জেরা করবে তখন সেখানে প্রিন্সিপাল, অ্যাসিসট্যান্ট প্রিন্সিপাল, ডিন বা প্রিন্সিপালের মনোনীত কোনো ব্যক্তিকে উপস্থিত থাকতে হবে।

3.4 **K-8 গ্রেড লেভেলে**: যখনি যুক্তিযুক্তভাবে সম্ভব, যখন কোনো ছাত্র বা ছাত্রীকে স্কুল সিকিউরিটি জেরা করবে তখন সেই ছাত্র বা ছাত্রীর সমলিঙ্গের কোনো ব্যক্তিকে উপস্থিত থাকতে হবে। কোনো ছাত্র বা ছাত্রীকে স্কুল সিকিউরিটি তল্লাসী নেবে তখন সেই ছাত্র বা ছাত্রীর সমলিঙ্গের কোনো ব্যক্তিকেই তা সংঘটিত করতে হবে।

**9-12 গ্রেড লেভেলে:** স্কুল সিকিউরিটি যখন কোনো ছাত্র বা ছাত্রীর তল্লাসী নেবে তখন সেই তল্লাসী ছাত্র বা ছাত্রীটির সমলিঙ্গের কোনো ব্যক্তিকেই করতে হবে।

3.5 **K-8 গ্রেড লেভেলে:** স্কুল সিকিউরিটিদের দিয়ে কোনো ছাত্র বা ছাত্রীর তল্লাসী করানোর আগে স্কুলের প্রিন্সিপাল/হেড, অ্যাসিসট্যান্ট প্রিন্সিপাল, অথবা আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের মনোনীত কোনো ব্যক্তিকে অবশ্যই সেই ছাত্র বা ছাত্রীর বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে খবর দিতে হবে। যদি আগে খবর না দেওয়া যায়, তাহলে ঘটনার পড়ে যত তাড়াতাড়ি সম্ভব বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে খবর দিতে হবে, এবং একই দিনে চিঠিও পাঠাতে হবে।
**9-12 গ্রেড লেভেলে:** স্কুল সিকিউরিটি কোনো তল্লাসী করার পরে সাথেসাথেই স্কুলের প্রিন্সিপাল/কর্মকর্তা, অ্যাসিসট্যান্ট প্রিন্সিপাল, অথবা আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের মনোনীত কোনো ব্যক্তিকে অবশ্যই সেই ছাত্র বা ছাত্রীর বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে খবর দিতে হবে। এবং একই দিনে চিঠিও পাঠাতে হবে।

"ইমের্জেন্সী কন্টাক্ট" হল বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযকের মনোনীত কোনো ব্যক্তি যাকে কোনো শৃঙ্খলামূলক ব্যবস্থা, যেমন তল্লাসী বা জেরার মত ঘটনা, জানানো হবে। প্রতি স্কুলবর্ষে বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযকের কাছ থেকে এই ইমের্জেন্সী কন্টাক্ট-এর মনোনয়ন চাওয়া হবে যাকে কোনো শৃঙ্খলামূলক ব্যবস্থা, যেমন তল্লাসী বা জেরার মত ঘটনা, জানানো হবে, এবং সেই কন্টাক্ট বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযকের হয়ে, কোনো শৃঙ্খলামূলক ব্যবস্থা, যেমন তল্লাসী বা জেরার মত ঘটনায়, যতখানি তাকে বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযক অনুমতি দিয়েছে ততদুর পদক্ষেপ নেবে।

3.6 **K-8 গ্রেড লেভেলে:** স্কুল সিকিউরিটিদের দিয়ে কোনো ছাত্র বা ছাত্রীর জেরা করানোর আগে স্কুলের প্রিন্সিপাল/হেড, অ্যাসিসট্যান্ট প্রিন্সিপাল, অথবা আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের মনোনীত কোনো ব্যক্তিকে অবশ্যই সেই ছাত্র বা ছাত্রীর বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযককে অথবা ইমার্জেন্সি কন্টাক্টকে খবর দিতে হবে। যদি আগে খবর না দেওয়া যায়, তাহলে ঘটনার পরে যত তাড়াতাড়ি সম্ভব বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযককে খবর দিতে হবে, এবং একই দিনে চিঠিও পাঠাতে হবে।

**9-12 গ্রেড লেভেলে:** স্কুল সিকিউরিটি যদি ছাত্র বা ছাত্রীকে জেরা করে তাহলে তা বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযককে জানানোর দরকার নেই।

3.7 **K-12 গ্রেড লেভেলে:** সব ছাত্রছাত্রীদের এই *অধিকার ও দায়িত্ব সংক্রান্ত হ্যান্ডবুক*-এর (এখানে পরে বলা হবে *"হ্যান্ডবুক"*) মাধ্যমে এবং/অথবা এলিমেন্টারি স্কুল অথবা সিআরএলএস স্টুডেন্ট হ্যান্ডবুক দ্বারা তাদের জেরা করা বা তল্লাসী নেওয়ার বিষয়ে কি অধিকার ও দায়িত্ব আছে তা জানানো হবে।

a. যে কোনো ছাত্র বা ছাত্রীকে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড, ডিন অফ কারিকুলাম এন্ড প্রোগ্রাম, ডিন অফ স্টুডেন্টস অথবা আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের কোনো মনোনীত ব্যক্তির নির্দেশে যে কোনো সময়ে শিক্ষাগত, শৃঙ্খলামূলক বা অন্যান্য স্কুল সংক্রান্ত ব্যাপারে জেরা করা হতে পারে।

b. যে কোনো ছাত্র বা ছাত্রীকে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড, ডিন অফ কারিকুলাম এন্ড প্রোগ্রাম, ডিন অফ স্টুডেন্টস অথবা আপার স্কুলের প্রিন্সিপাল/কর্মকর্তার কোনো মনোনীত ব্যক্তির নির্দেশে তল্লাসী করা যেতে পারে, যখন সেই ছাত্র বা ছাত্রী তল্লাসিতে রাজি হয়েছে, অথবা যখন যুক্তিযুক্ত সন্দেহ আছে যে তল্লাসিতে কোনো স্কুলের নিয়ম বা বিধান ভঙ্গের প্রমান পাওয়া যাবে।

c. যখন k-8 গ্রেডের কোনো ছাত্রছাত্রীর জেরা বা তল্লাসিতে সেফটি এন্ড সিকিউরিটি ডিপার্টমেন্টের কর্মী জড়িত থাকবে, কোনো জরুরি অবস্থা না হলে, তখন স্কুলের কোনো প্রাপ্তবয়স্ক ছাত্র বা ছাত্রীর সমলিঙ্গের ব্যক্তি এবং স্কুল অ্যাডমিনিস্ট্রেশনের কোনো প্রতিনিধি সেখানে উপস্থিত থাকবেন। কেমব্রিজ রিন্দগে এন্ড ল্যাটিন স্কুলের কোনো ছাত্রছাত্রীর সেফটি এন্ড সিকিউরিটি ডিপার্টমেন্টের কর্মী দ্বারা তল্লাসিতে, কোনো জরুরি অবস্থা না হলে, স্কুলের কোনো প্রাপ্তবয়স্ক ছাত্র বা ছাত্রীর সমলিঙ্গের ব্যক্তি এবং স্কুল অ্যাডমিনিস্ট্রেশনের কোনো প্রতিনিধি সেখানে উপস্থিত থাকবেন।

3.8 এই হ্যান্ডবুকের পরিচ্ছেদ ৩.০তে ব্যবহৃত এবং এলিমেন্টারি স্কুলস এবং সিআরএলএস স্টুডেন্ট হ্যান্ডবুকে "জেরা" এবং "তল্লাসী" কথাগুলির সংজ্ঞা নিম্নোক্ত ভাবে হবে:

“জেরা” অর্থ হলো কোনো ছাত্র বা ছাত্রীকে আনুষ্ঠানিক ভাবে পড়াশোনা সংক্রান্ত, শৃঙ্খলামূলক, অথবা অন্য কোনো স্কুল সংক্রান্ত বিষয়ে প্রশ্ন করা।
“তল্লাসী” অর্থ হলো কোনো ছাত্র বা ছাত্রীর সম্পত্তির বা দেহের শারীরিক তল্লাসী নেওয়া, যাতে থাকতে পারে ছাত্র/ছাত্রীর পার্স, ব্যাগ বা পকেট। তল্লাসীর সময়ে ছাত্র/ছাত্রীকে হাল্কাহাতে সমস্ত দেহ পরীক্ষা করা হতে পারে।

3.9 কোনো ছাত্র/ছাত্রীকে যদি স্কুল সিকিউরিটি তল্লাসী করে তাহলে তার পর যত শীঘ্র সম্ভব তা সুপারিনটেনডেন্ট ও চিফ অপারেটিং অফিসারকে জানাতে হবে। এছাড়াও, স্কুল কমিটি, অন্যান্য যা রিপোর্ট পায় তার সাথে সিকিউরিটি দ্বারা তল্লাসী সংক্রান্ত সারাংশ রিপোর্ট প্রতি মাসে পাবে।

3.10 “স্বাধীন তদন্ত” মানে হবে ছাত্রছাত্রীদের, শিক্ষকদের, এবং/অথবা কর্মচারীদের নিরাপত্তা সংক্রান্ত কোনো গুরুতর লাগাতার আশংকার তদন্ত যা শুধুমাত্র কোনো বিচ্ছিন্ন ঘটনার ফল নয়। এই তদন্তে এক বা একাধিক স্কুলে অথবা ডিস্ট্রিক্টের সিআরএলএস স্কুলগুলি জড়িত থাকবে। সব “স্বাধীন তদন্ত” যাতে ডিস্ট্রিক্টের একাধিক স্কুল জড়িত থাকবে তা সুপারিনটেনডেন্ট বা চিফ অপারেটিং অফিসারের অনুমোদনে হতে হবে। যখন কোনো স্বাধীন তদন্তে এক হাই স্কুলের বিভিন্ন ছোট স্কুল জড়িত থাকে, তা খালি প্রিন্সিপালের অনুমতিতে হলেই হবে।

## 4.0 ছাত্রছাত্রীদের লকার এবং ডেস্ক এবং ইলেক্ট্রনিক ডিভাইস

4.1 ছাত্রছাত্রীদের লকার এবং ডেস্ক
লকার এবং ডেস্কগুলি যেহেতু স্কুলের সম্পত্তি, স্কুল ডিপার্টমেন্টর অধিকার থাকে লকার ও ডেস্ক গুলি তল্লাসী করার, এবং সময়ে সময়ে লকার ও ডেস্কগুলি পরিদর্শন করার এবং লকার ও ডেস্কগুলি জানিয়ে বা না জানিয়ে নিরীক্ষণ করার।

4.2 কোনো ছাত্রছাত্রীর লকার এবং/অথবা ডেস্ক তল্লাসী করা যেতে পারে যদি যুক্তিযুক্ত সন্দেহ থাকে যে সেই লকার বা ডেস্কে কোনো নিষিদ্ধ বস্তু আছে অথবা সেই লকার বা ডেস্কে কোনো প্রমান পাওয়া যেতে পারে যে সেই লকার বা ডেস্কে পাওয়া নজির স্কুলের কোনো নিয়ম বা বিধান ভঙ্গের প্রমানের সাথে যুক্ত, অথবা যদিনা স্কুল বিল্ডিং বা সেখানে থাকা ব্যক্তিদের শারীরিক বিপদের কোনো স্পষ্ট ও উপস্থিত ইঙ্গিত থাকে। এই তল্লাসী যারা করবেন তারা হলেন আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা মনোনীত কেউ। আপার স্কুলের প্রিন্সিপাল/কর্মকর্তা বা তাদের মনোনীত কেউ এই তল্লাসী হবার পরে যত তাড়াতাড়ি সম্ভব তা বাবা-মা/অভিভাবক/তত্ত্বাবধায়ককে জানাবেন, এবং সেই দিনই একটা চিঠিও পাঠাতে হবে।

4.3 যে বস্তুগুলিকে নিষিদ্ধ বলে মনে করা হবে তা ছাত্রছাত্রীর লকার বা ডেস্ক থেকে সরিয়ে ফেলা হবে যদিনা এই সরানোর ফলে অন্যদের জন্যে কোনো স্পষ্ট এবং আসন্ন বিপদের সম্ভাবনা হয়। যদি তা হয় তাহলে লকার বন্ধ করে দেওয়া হবে ও আপার স্কুলের প্রিন্সিপাল/হেডকে তা তখনি জানানো হবে এবং ডেস্কটি সুরক্ষিত করে তা আপার স্কুলের প্রিন্সিপাল/হেডকে তা তখনি জানানো হবে. নিষিদ্ধ বস্তু(গুলি) সরিয়ে ফেলার জন্যে বিল্ডিং সেফটি এন্ড সিকিউরিটি প্ল্যান-এ যেরকম পদ্ধতি দেওয়া আছে তা জারি করতে হবে। যদি কোনো ব্যক্তিগত জিনিস বা বস্তু লকারে বা ডেস্কে থেকে গিয়ে থাকে তাহলে স্কুলবর্ষের শেষে তা ফেলে দেওয়া হবে।

কোনো ছাত্রছাত্রীর লকারে বা ডেস্কে রাখা কোনো সম্পত্তির কোনো দায়ভার কেমব্রিজ পাবলিক স্কুল গ্রহণ করেনা এবং কোনো ছাত্র ছাত্রীর লকারে বা ডেস্কে রাখা কোনো সম্পত্তির হারিয়ে যাওয়া, চুরি হওয়া বা নষ্ট হওয়ার দায় নেয়না, স্কুলের শেষ দিনের পরে যদি লকারে এবং/অথবা ডেস্কে কোনো সম্পত্তি থেকে যায় তার হারিয়ে যাওয়া, চুরি হওয়া বা নষ্ট হওয়ার দায় নেয়না।

4.4 ছাত্রছাত্রীদের লকারের মাস্টার কি এবং সব কম্বিনেশনের কপি আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের অফিসে থাকবে। খালি স্কুল ডিপার্টমেন্ট যে তালা দেবে তাই ব্যবহার করা যাবে। অন্য যে কোনো তালা ছাত্রছাত্রীদের খরচে ভেঙ্গে ফেলা হবে।

4.5 ছাত্রছাত্রীরা তাদের লকারে বা ডেস্কে অস্ত্র, বেআইনি মাদকদ্রব্য বা তার সরঞ্জাম, এলকোহলিক পানীয়, চোরাই দ্রব্য বা অন্য কোনো নিষিদ্ধ বস্তু অথবা এমন কিছু জিনিস রাখবেনা যা ছাত্রছাত্রীদের স্কুলে থাকার সময়ে যুক্তিযুক্তভাবে ব্যবহৃত হতে পারেনা।

4.6 ইলেক্ট্রনিক ডিভাইস

ছাত্রছাত্রীরা কোনো স্কুলের করা বা স্কুল সম্পর্কিত অনুষ্ঠানে স্কুল চত্তরের মধ্যেই ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে ঘোরার সুবিধা পেতে চায়। সেই সুবিধার সাথেই ছাত্রছাত্রীদের দ্বায়িত্ব এসে যায় সেই ইলেক্ট্রনিক ডিভাইসের সঠিক ব্যবহার নিশ্চিত করা। ছাত্রছাত্রীদের বুঝতে হবে যে যে ইলেক্ট্রনিক ডিভাইস তারা স্কুলের ভিতরে বা স্কুলের করা বা স্কুল সম্পর্কিত কোনো অনুষ্ঠানে নিয়ে আসছে তার সঠিক ব্যবহার এবং সুরক্ষা একমাত্র তাদেরই নিজের দায়িত্ব। এছাড়াও, ছাত্রছাত্রীদের তাদের ইলেক্ট্রনিক ডিভাইস কারোর সাথে ভাগ করে নেওয়া বা কাউকে ধার দেওয়া উচিত নয়। যদি কোনো ছাত্রছাত্রী তা করে, তাহলে অন্য কারুর সেই ইলেক্ট্রনিক ডিভাইসের অপব্যবহারের দায়িত্ব তাদের উপরেই আসবে যেন তা সেই ছাত্র/ছাত্রীর কাছেই ছিল।

4.7 ছাত্রছাত্রীরা কোনো ইলেক্ট্রনিক ডিভাইস এমনভাবে ব্যবহার করবেনা যাতে তা পড়াশোনায় কোনো রকম বিঘ্ন বা অন্তরায় ঘটায়। উদাহরণ স্বরূপ, যদি সেই ইলেক্ট্রনিক ডিভাইস চালু থাকে, এবং স্কুলের ভিতরে, অথবা স্কুলের করা বা স্কুল সম্পর্কিত কোনো অনুষ্ঠানে আওয়াজ করে, ভাইব্রেট করে বা নিজের প্রতি লক্ষ্য আকর্ষণ করে, তাহলে ডিভাইসটি বিঘ্ন ঘটাচ্ছে। ইলেক্ট্রনিক ডিভাইসের অপব্যবহারের ফলে তা বাজেয়াপ্ত হতে পারে এবং কোনো শাস্তিমূলক ব্যবস্থারও কারণ হতে পারে।

4.8 ছাত্রছাত্রীরা যদি কোনো ইলেক্ট্রনিক ডিভাইস স্কুলের ভিতরে অথবা স্কুলের করা বা স্কুল সম্পর্কিত কোনো অনুষ্ঠানে নিয়ে আসে তাহলে তা হারিয়ে গেলে, চুরি হয়ে গেলে বা নষ্ট হয়ে গেলে কেমব্রিজ পাবলিক স্কুল তার কোনো দায় নেবেনা। ছাত্রছাত্রীদের জানা উচিত যে তারা স্কুলের ভিতরে অথবা স্কুলের করা বা স্কুল সম্পর্কিত কোনো অনুষ্ঠানে ইলেক্ট্রনিক ডিভাইস তাদের নিজেদের দায়িত্বেই নিয়ে আসছে।

## 5.0 ব্যক্তিগত স্বাধীনতা

5.1 ছাত্রছাত্রীদের যখন স্কুল বিল্ডিং, স্কুল চত্তরে থাকার সময়, স্কুলে যাওয়া আসার সময়, এবং কোনো স্কুল অনুমোদিত অনুষ্ঠানের পুরো সময় তাদের ব্যক্তিগত নিরাপত্তা নিশ্চিত করার অধিকার থাকবে।

5.2 কোনো ছাত্রছাত্রী, শিক্ষক বা স্কুল আধিকারিক কোনো ভাবে শারীরিক জোর খাটিয়ে অন্য কোনো ছাত্রছাত্রী, শিক্ষক বা স্কুল আধিকারিককে শারীরিক জখম করতে বা করার চেষ্টা করবেনা। কিন্তু, কোনো শিক্ষক বা স্কুল আধিকারিক শারীরিক জোর খাটাতে পারবে যদি সেই জোর যুক্তিযুক্ত হয় ও প্রয়োজন হয়:

a. কোনো অস্ত্র বা কোনো বিপজ্জনক বস্তুর দখল পাওয়ার জন্যে; অথবা

b. আত্মরক্ষার প্রয়োজনে; অথবা

c. অন্য কোনো ব্যক্তির বা সম্পত্তির সুরক্ষার জন্যে।

5.3 কোনো শিক্ষক বা স্কুল আধিকারিক শৃঙ্খলারক্ষা বা শাস্তি দেবার জন্যে ছাত্রছাত্রীদের ওপরে কোনরকমের দৈহিক শক্তি প্রয়োগ করবেননা। কোনরকমের শারীরিক শাস্তি একেবারেই নিষিদ্ধ।

5.4 কোনো ছাত্রছাত্রী, শিক্ষক, স্কুল আধিকারিক বা স্কুলের কর্মচারী অন্য কোনো ছাত্রছাত্রী, শিক্ষক বা স্কুল আধিকারিককে কখনই শাসাবেনা বা হয়রানি করবেনা, কখনই এই রকম কেউ কোনো ছাত্রছাত্রীকে তার সম্মানহানির জন্যে সবার সামনে গালাগালি দেওয়া বা অপমান করবেনা।

5.5 <u>কোড অফ কন্ডাক্ট, কেমব্রিজ পাবলিক স্কুলস নন-ডিসক্রিমিনেশন পলিসি এন্ড প্রহিবিষণ এগেনস্ট সেক্সুয়াল হ্যারাসমেন্ট</u>

ছাত্রছাত্রীরা যারা মনে করে যে তারা যৌন হয়রানি এবং/অথবা অন্য কোনরকমের বৈষম্যের শিকার হয়েছে সুরক্ষিত ক্ষেত্রগুলির ভিত্তিতে (জাত, বর্ণ, জাতিগত পরিচয়, এথনিসিটি, বংশ, ধর্ম, বয়স, বিকলাঙ্গতা, জেনেটিক তথ্য, ভেটেরান স্টেটাস, বৈবাহিক অবস্থা, সেক্স, জেন্ডার, জেন্ডার আইডেন্টিটি, সেক্সুয়াল ওরিয়েন্টেশন, গর্ভাবস্থা, গর্ভাবস্থা সম্পর্কিত অবস্থা) তাদের অধিকার আছে ডাইভারসিটি ডেভেলপমেন্টের প্রোগ্রাম ম্যানেজার বা হিউমান রিসোর্সেস-এর এক্সিকিউটিভ ডিরেক্টরের কাছে নালিশ দায়ের করার। ছাত্রছাত্রীরা নন-ডিসক্রিমিনেশন পলিসি এন্ড প্রহিবিষণ এগেনস্ট সেক্সুয়াল হ্যারাসমেন্ট-এর সংস্থান ও পদ্ধতি অনুসারে নালিশ দায়ের করার জন্যে যোগাযোগ করতে পারে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড, অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপাল, ডিন, ডাইভারসিটি ডেভেলপমেন্টের প্রোগ্রাম ম্যানেজার বা হিউমান রিসোর্সেস-এর এক্সিকিউটিভ ডিরেক্টরের সাথে। স্কুল কর্মচারীরা যারা এইরকম কোনো হয়রানির বা বৈষম্যের ঘটনা দেখবে তারা তা সঙ্গে সঙ্গে ছাত্রছাত্রীদের আপার স্কুলের প্রিন্সিপাল/কর্মকর্তা, অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপাল বা ডিন-কে জানাবে।

ছাত্রছাত্রীরা ম্যাসাচুসেটস কমিশন এগেনস্ট ডিসক্রিমিনেশনেও নালিশ জানাতে পারে এই ঠিকানায়:

| | |
|---|---|
| বস্টন অফিস: | স্প্রিংফিল্ড অফিস: |
| এক নম্বর অ্যাশবার্টন প্লেস | 436 ডোয়াইট স্ট্রীট |
| স্যুট 601 | স্যুট 220 |

বস্টন, MA 02108
ফোন: 617-994-6000
টিটিওয়াই: 617-994-6196
ফ্যাক্স: 617-994-6024
ইমেল: assistanttochairman@state.ma.us

স্প্রিংফিল্ড, MA 01103
ফোন: 413-739-2145
ফ্যাক্স: 413-784-1056
ইমেল: assistanttochairman@state.ma.us

উর্সটার অফিস:
484 মেন স্ট্রিট
রুম 320
উর্সটার, MA 01608
ফোন: 508-453-9630
ফ্যাক্স: 508-755-3861
ইমেল: assistanttochairman@state.ma.us

নিউ বেডফোর্ড অফিস :
800 পার্চেজ স্ট্রিট
রুম 501
নিউ বেডফোর্ড, MA 02740
ফোন: 508-990-2390
: 508-990-4260
ইমেল: assistanttochairman@state.ma.us

অথবা, প্রোগ্রাম কোয়ালিটি সার্ভিসেস, ম্যাসাচুসেটস ডিপার্টমেন্ট অফ এলিমেন্টারি এন্ড সেকেন্ডারি এডুকেশন–এ:

75 প্লেজান্ট স্ট্রিট, ম্যালডেন, MA 02148-4906
ফোন: 781-338-3700
ফ্যাক্স: 781-338-3710
টিটিওয়াই: N.E.T. Relay: 1-800-439-2370
ইমেল: compliance@doe.mass.edu

অথবা জানাতে পারে:

ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অফ এডুকেশন, অফিস অফ সিভিল রাইটস –এ:

5 পোস্ট অফিস স্কোয়ার, 8th ফ্লোর
বস্টন, MA 02109
ফোন: 617-289-0111
ফ্যাক্স: 617-289-0150
টিডিডি: 1-800-877-8339
ইমেল: OCR.Boston@ed.gov

কোনো কোনো ক্ষেত্রে, যে আচরণের জন্যে নালিশ জানানো হচ্ছে তা টাইটেল IX এবং ক্রিমিনাল একটিভিটি অনুসারে যৌন হয়রানি হিসাবে গণ্য হতে পারে। যদি আপনার মনে হয় আচরণটি দন্ডনীয় অপরাধ তাহলে আপনার অধিকার আছে, আপনার নালিশ নিয়ে স্কুলের তদন্ত চলাকালীন বা তার পরেও, যে কোনো সময়ে ক্রিমিনাল কমপ্লেন্ট ফাইল করার।

5.6 ডিসক্রিমিনেশন (বৈষম্য) এবং হ্যারাসমেন্ট (হয়রানি) -র সংজ্ঞা:

ডিসক্রিমিনেশন এবং হ্যারাসমেন্ট, তা কথায় হোক বা কাজে, সংজ্ঞায়িত হয় অবাঞ্ছিত আচরণ হিসাবে, যা হতে পারে জাত, বর্ণ, জাতিগত পরিচয়, এথনিসিটি, বংশ, ধর্ম, বয়স,

বিকলাঙ্গতা, জেনেটিক তথ্য, ভেটেরান স্টেটাস, বৈবাহিক অবস্থা, সেক্স, জেন্ডার, জেন্ডার আইডেন্টিটি, সেক্সুয়াল ওরিয়েন্টেশন, গর্ভাবস্থা, অথবা গর্ভাবস্থা সম্পর্কিত অবস্থার ভিত্তিতে। ডিসক্রিমিনেশন এবং/অথবা হ্যারাসমেন্-এ অন্তর্ভুক্ত কিন্তু তাতেই সীমাবদ্ধ নয়:

a. কোনো ব্যক্তির বা উপরের বর্ণনা মত কোনো গোষ্ঠির প্রতি অপমানজনক কোনো লেখা বা ছবি প্রদর্শন করা বা প্রচার করা।

b. কোনো ব্যক্তির বা উপরের বর্ণনা মত কোনো গোষ্ঠিকে লক্ষ করে বা তাদের উপস্থিতিতে মৌখিক গালাগালি করা বা অপমান করা।

c. কোনো কাজ বা কথা যা খুব বেশি তীব্র, পরিব্যাপ্ত বা পুনঃপৌনিক যে তা হয় (i)কোনো ব্যক্তির বা গোষ্ঠির (উপরের বর্ণনা মত)ক্ষমতা নষ্ট করে দেয় কেমব্রিজ পাবলিক স্কুলের কোনো চাকরি বা অনুষ্ঠান বা কোনো কাজে যোগদান করার বা তার সুবিধা নেবার; অথবা (ii) শিক্ষা বা কাজের জায়গায় একটি ভীতিপ্রদ, আশঙ্কাজনক অথবা অবমাননাকর পরিস্থিতি তৈরী করে।

হ্যারাসমেন্ট এবং ডিসক্রিমিনেশনের অনেক ধরন অনেক ফেডারেল কোর্টে, স্টেট কোর্টে, ইউ.এস ইকুয়াল এমপ্লয়মেন্ট অপরচুনিটি কমিশনে, ইউ.এস ডিপার্টমেন্ট অফ এডুকেশনে, অফিস ফোর সিভিল রাইটস-এ, এবং ম্যাসাচুসেটস কমিশন এগেনস্ট ডিস্ক্রিমিনেশনে নাগরিক অধিকার আইনের (যার অন্তর্গত সেকশন 504, রিহ্যাবিলেশন অ্যাক্ট অফ 1973,টাইটেল VI এবং টাইটেল IX) লঙ্ঘন হিসাবে স্বীকৃত হয়েছে।

5.7 <u>সেক্সুয়াল হ্যারাসমেন্ট (যৌন হয়রানি)-র সংজ্ঞা</u>

“সেক্সুয়াল হ্যারাসমেন্ট”-এর সংজ্ঞা হয় অবাঞ্ছিত যৌন ইঙ্গিত, যৌন অনুগ্রহর অনুরোধ, যৌন ইঙ্গিতময় দৈহিক বা মৌখিক আচরণ যখন:

a. স্পষ্ট বা পরোক্ষ যৌন ইঙ্গিত, অনুরোধ বা আচরণ কোনো চাকরি পাবার, শিক্ষাগত উন্নতির অথবা স্কুল সংক্রান্ত সুবিধার শর্ত হয় অথবা চাকরি সংক্রান্ত সিদ্ধান্তের ভিত্তি হয়।

b. যখন এই ধরনের ইঙ্গিত, অনুরোধ বা আচরনের প্রভাব বা উদ্দেশ্য হয় অযৌক্তিকভাবে একটি হিংসাত্মক, অপমানকর বা আপত্তিকর যৌন পরিবেশ সৃষ্টি করে কারো শিক্ষা বা কাজে বাধা দেওয়া।

5.8 ওপরের সংজ্ঞা অনুযায়ী, যৌন অনুগ্রহের জন্যে কোনো স্পষ্ট বা পরোক্ষ অনুরোধ যদি আসে কোনো শিক্ষকের, সুপারভাইজারের বা অন্য কোনো ব্যক্তির কাছ থেকে যে কোনো কাজের দায়িত্বে আছে বা স্কুলের কর্মকর্তার কাছ থেকে যার বিনিময় স্কুলের কোনো কাজ দেয় বা দেবার অঙ্গীকার করে অথবা স্কুল সংক্রান্ত কোনো অনুগ্রহ করে যেমন অনুকুল রিভিউ, বেতন বৃদ্ধি, পদোন্নতি, সুবিধা বৃদ্ধি, চাকরির ধারাবাহিকতা, উন্নত গ্রেড, সুপারিশ বা অন্য কোনো উপকার তার অর্থ হলো সেক্সুয়াল হ্যারাসমেন্ট। কেমব্রিজ পাবলিক স্কুলের কর্মীদের সুনির্দিষ্টভাবে নিষেধ করা আছে কোনো ছাত্রছাত্রীর সাথে কোনো রকম যৌন সম্পর্কে লিপ্ত না হতে। এই ধরনের আচরণ কোনো অবস্থাতেই অনুমোদিত হতে পারেনা ছাত্র/ছাত্রীর বয়স যাই

হোক যেহেতু এই ধরনের আচরণকে যৌন উৎপীড়ন বলে ধরা হয় বয়ঃপ্রাপ্ত ব্যক্তিটির আচরণ আপত্তিকর হলে বা না হলেও।

সেক্সুয়াল হ্যারাসমেন্টর অন্তর্গত হলো সেক্সুয়াল ভায়োলেন্স বা যৌন উৎপীড়নের ঘটনা, যার অন্তর্গত কিন্তু সেখানেই সীমাবদ্ধ নয়, কোনো ব্যক্তির ইচ্ছার বিরুদ্ধে তার সাথে দৈহিক যৌন আচরণ অথবা যেখানে ব্যক্তিটির সম্মতি জানাবার ক্ষমতা থাকেনা তার মাদকদ্রব্য বা পানীয় ব্যবহারের ফলে, অথবা বুদ্ধিভ্রংশ বা অন্য কোনো বিকলঙ্গতার ফলে তার সম্মতি জানাবার ক্ষমতা না থাকা। অনেকগুলি বিভিন্ন আচরণ যৌন উৎপীড়নের শ্রেণীতে পড়ে, যাতে আছে রেপ, সেক্সুয়াল অ্যাসল্ট, সেক্সুয়াল ব্যাটারী এবং সেক্সুয়াল কোয়ার্শন।এই ধরনের সেক্সুয়াল ভায়োলেন্স হলো সেক্সুয়াল হ্যারাসমেন্টের বিভিন্ন রূপ যা টাইটেল IX-এর অন্তর্গত.

যদিও সব রকমের পরিস্থিতি যাকে সেক্সুয়াল হ্যারাসমেন্ট বলা যাবে তার পূর্ণ তালিকা বানানো সম্ভব নয়, নিম্নোক্ত বিবরণগুলি অযথাযথ আচরণের উদাহরণ যা যদি অবাঞ্ছিত হয় তাহলে তা সেক্সুয়াল হ্যারাসমেন্ট বলা চলে। প্রতিটি বিবরণেরই সিদ্ধান্ত নির্ভর করবে পরিপূর্ণ প্রেক্ষাপটের ওপর, আচরণের নির্দয়তার ওপর এবং তার প্রবনতার ওপর। এগুলি সেক্সুয়াল হ্যারাসমেন্টের অন্তর্গত কিন্তু এতেই তা সীমাবদ্ধ নয়:

● অবাঞ্ছিত যৌন ইঙ্গিত, দৈহিক ভাবে ছোঁয়া হোক না হোক

● অবাঞ্ছিত কটাক্ষ, শীষ দেওয়া, গা ছোঁয়া, যৌন ইঙ্গিত, ইঙ্গিতপূর্ণ অথবা অপমানকর মন্তব্য।

● যৌন বিশেষণ, ঠাট্টা, যৌন ব্যবহার সম্বন্ধে লিখিত অথবা মৌখিক মন্তব্য, দেহ সম্বন্ধে মন্তব্য, কারোর যৌন আচরণ, অপারগতা বা সক্ষমতা সম্বন্ধে মন্তব্য

● কারুর নিজের যৌন আচরণ নিয়ে আলোচনা বা অন্যের যৌন অভিজ্ঞতা নিয়ে প্রশ্ন

●যৌন আবেদনপূর্ণ জিনিস, ছবি, কার্টুন প্রদর্শন করা

ডিসক্রিমিনেশন, হ্যারাসমেন্ট বা সেক্সুয়াল হ্যারাসমেন্টের সংজ্ঞা খুবই বিস্তীর্ণ। ওপরের দেওয়া উদাহরণগুলি ছাড়াও অন্যান্য অবাঞ্ছিত আচরণ, অভিপ্রেত হোক কি না হোক, যেগুলির ফলে স্কুলে বা কর্মক্ষেত্রে পুরুষ, স্ত্রী বা উভলিঙ্গ ছাত্র বা কর্মীদের জন্যে একটি প্রতিকূল, আক্রমনাত্মক, ভীতিপ্রদ বা অবমাননাকর পরিস্থিতি তৈরী করে তাকেও ডিসক্রিমিনেশন, হ্যারাসমেন্ট বা সেক্সুয়াল হ্যারাসমেন্ট বলা চলে। "কর্মক্ষেত্র" বা স্কুল"-এর অন্তর্গত হবে স্কুলের আয়োজন করা সামাজিক ইভেন্ট, ভ্রমন, খেলার ইভেন্ট, কাজ সংক্রান্ত যাত্রা বা অন্য কোনো সমপর্যায়ের ইভেন্ট যা স্কুল বা কর্মক্ষেত্রের সাথে সম্পর্কিত, যেমন পাঠক্রমের বাইরে অথবা খেলা সংক্রান্ত কর্মকান্ড এবং অনুষ্ঠান, স্কুলে যাতায়াতের সময় বা স্কুলের আয়োজন করা ফিল্ড ট্রিপ।

5.9 কোনো ছাত্রছাত্রীরা বা কর্মীরা যারা তাদের সরল বিশ্বাসে কোনো অভিযোগ কে প্রক্রিয়াকরণ করবে, তা নিয়মমাফিক ভাবে হোক বা না হোক, অথবা কোনো অভিযোগের বিচারে অংশগ্রহন করবে, তাদের বিরুদ্ধে কোনরকম প্রতিশোধমূলক বা প্রতিহিংসামূলক ব্যবস্থা গ্রহণ করা হবেনা। কোনো ছাত্রছাত্রীরা বা কর্মীরা যারা তাদের সরল বিশ্বাসে কোনো তদন্তে,

বিচারে বা শুনানিতে সাক্ষ্য দেবে, সাহায্য করবে বা কোনভাবে সহায়তা করবে অথবা অন্য কোনরকম ভাবে এই অভিযোগের বিচারে অংশগ্রহন করবে, তাদের বিরুদ্ধে কোনরকম প্রতিশোধমূলক বা প্রতিহিংসামূলক ব্যবস্থা গ্রহণ করা হবেনা। কোনো শিক্ষক বা স্কুল আধিকারিক কোনভাবে কোনো ছাত্র বা ছাত্রীকে স্কুল ডিপার্টমেন্টের কোনো উচ্চপদস্থ অফিসারের কাছে অভিযোগ বা প্রতিবাদ জানানোর চেষ্টা করা থেকে নিরুৎসাহিত করবেনা। এরকম কোনো চেষ্টা তখনি স্কুল কমিটি এবং সুপারিনটেনডেন্টের কাছে রিপোর্ট করতে হবে।

5.10 এই হ্যান্ডবুকে যা যা অধিকার নথিভুক্ত করা হয়েছে তার থেকে কোনো ব্যক্তি যদি কাউকে বঞ্চিত করে তবে তা এই হ্যান্ডবুকের পরিচ্ছেদ 23.0 অনুসারে অভিযোগ জানানোর যোগ্য হবে।

5.11 শারীরিক নিয়ন্ত্রণ

কেমব্রিজ স্কুল কমিটির লক্ষ্য হলো তাদের কর্মীদের ও ছাত্রছাত্রীদের জন্যে নিরাপদ ও ফলপ্রসু শিক্ষা ও কর্মের বাতাবরণ গড়ে তোলা, এবং নিশ্চিত করা যে তাদের প্রত্যেক ছাত্রছাত্রী কোনোরকম শারীরিক নিয়ন্ত্রন যা ম্যাসাচুসেট্স ডিপার্টমেন্ট অফ এলিমেন্টারি এন্ড সেকেন্ডারি এডুকেশন-এর নিয়ম অনুসারে নয় তার থেকে মুক্ত, এবং কেবলমাত্র কোনো আপৎকালীন পরিস্থিতিতেই অত্যন্ত সাবধানতার সাথে যেখানে অন্যান্য আইনানুগ এবং কম ইনট্রুসিভ বিকল্পগুলি অসফল হবে বা যথাযথ নয় বলে মনে করা হবে সেখানে শেষ অবলম্বন হিসাবে শারীরিক নিয়ন্ত্রণ করা হবে। স্কুলের কোনো ছাত্র বা ছাত্রী এবং/অথবা স্কুল কমিউনিটির অন্য কোনো সদস্যকে কোনো অনিবার্য ও গুরুতর শারীরিক হানির থেকে বাঁচানোর জন্যই স্কুল কর্মীরা শেষ অবলম্বন হিসাবে শারীরিক নিয়ন্ত্রণ প্রয়োগ করবে। যখন শারীরিক নিয়ন্ত্রণ প্রয়োগ করা হবে তখন স্কুল কর্মীরা যাতে সেই ছাত্র বা ছাত্রীর এই শারীরিক নিয়ন্ত্রনের ফলে কোনো ক্ষতি না হয় বা কম হয় তার জন্যে সচেষ্ট থাকবে। এই নীতির অর্থ এমনভাবে করা হবেনা যাতে সরকারী সাহায্যপ্রাপ্ত ছাত্রছাত্রীরা অন্যান্য ফেডারেল বা স্টেট আইনে যা সুরক্ষা পায় তা সীমিত হয়, যাতে ধরা হবে সেই আইনগুলিকেও যা, যে ছাত্রছাত্রীরা বিশেষ শিক্ষা পরিষেবা পাওয়ার জন্যে যোগ্য বিবেচিত হয়েছে, তাদের যা অধিকার দেয়। উপরন্তু, এই নীতি কোনো শিক্ষককে, কর্মীকে বা জনশিক্ষা প্রকল্পের কোনো প্রতিনিধিকে প্রতিরোধ করেনা যুক্তিসঙ্গত ও প্রয়োজনীয় শক্তি প্রয়োগ করতে কোনো ছাত্রছাত্রীকে, অন্যদের বা নিজেদের কোনো আসন্ন, গুরুতর শারীরিক হানি থেকে বাঁচাতে।

কেমব্রিজ পাবলিক স্কুলের এই নীতি সম্পর্কিত লিখিত কার্যপ্রণালী ও নির্দেশিকা স্কুল ডিস্ট্রিক্টের ওয়েবসাইটে আছে যা আপার স্কুলের প্রিন্সিপাল/কর্মকর্তার অফিস থেকে পাওয়া যেতে পারে, যাতে আছে (i) ছাত্রছাত্রীদের যে যে আচরণের তৎক্ষনাৎ হস্তক্ষেপ প্রয়োজন সেগুলির উপযুক্ত প্রতিক্রিয়া; এবং (ii) ছাত্রছাত্রীদের হিংস্রতা, নিজেদের প্রতি ক্ষতিকারক আচরণ আটকানোর জন্যে এবং/অথবা দুই দল ছাত্রছাত্রীর মধ্যে বা ব্যক্তিগতভাবে সম্ভাব্য বিপজ্জনক আচরণ প্রতিরোধ করার জন্যে যা যা বিকল্প পদক্ষেপ প্রথমে নেওয়া যেতে পারে তার বিবরণ, এতে আছে আপৎকালীন অবস্থায় শারীরিক নিয়ন্ত্রণ না করে কি বিকল্প ব্যবস্থা নেওয়া যায় তার বিবরণ।

শারীরিক নিয়ন্ত্রনের পদ্ধতি

*সংজ্ঞা*

“কনসেন্ট অথবা সম্মতি” অর্থ হবে বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কের সম্মতি, যাদের যে কাজের জন্যে সম্মতি চাওয়া হয়েছে তা সম্বন্ধে সম্পূর্ণ তথ্য জানানো হয়েছে তাদের নিজস্ব ভাষায় অথবা অন্যান্য যোগাযোগের মাধ্যমে, এবং বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কেরা এই কাজ করার ব্যাপার বুঝেছে ও লিখিত ভাবে সম্মত হয়েছে, এবং এও বুঝেছে যে এই সম্মতি পুরোপুরি তাদের ইচ্ছাধীন ও যে কোনো সনয়ে সে সম্মতি ফিরিয়ে নেওয়া যাবে. এই সম্মতিপত্রে আছে কাজটির পুরো বিবরণ ও রেকর্ডের তালিকা (যদি থাকে)যা প্রকাশ করা হবে এবং কাদের কাছে প্রকাশ করা হবে.

“রেস্ট্রেইন্ট অথবা নিয়ন্ত্রণ” অর্থ হবে বলপ্রয়োগের দ্বারা ছাত্র বা ছাত্রীটির প্রতিরোধ সত্বেও তার শারীরিক চলাফেরা সীমিত করে রাখা।

“ফিজিকাল রেস্ট্রেইন্ট অথবা শারীরিক নিয়ন্ত্রণ” অর্থ হবে সরাসরি শারীরিক সংস্পর্শ যা কোনো ছাত্র বা ছাত্রীর নড়াচড়া করার স্বাধীনতা খর্ব করবে। শায়িত অবস্থায় নিয়ন্ত্রণ, যান্ত্রিক নিয়ন্ত্রণ বা ওষুধ প্রয়োগে নিয়ন্ত্রণ এই শারীরিক নিয়ন্ত্রণের অন্তর্গত নয়। এ ছাড়াও, হালকা করে গা ছুঁয়ে, কোনরকম বলপ্রয়োগ না করে, একটি ছাত্র বা ছাত্রীকে নিরাপত্তা দেওয়া বা তার নিজেকে জখম করা থেকে বাঁচানো, শরীরিক ভাবে নির্দেশ দেওয়া বা কোনো কৌশল শেখানো, সান্তনা দেওয়া বা শারীরিক ভাবে পথ দেখানো শারীরিক নিয়ন্ত্রনের অন্তর্গত নয়।

“ফিজিকাল এসকর্ট বা শারীরিক ভাবে পথ দেখানোর” অর্থ হবে বলপ্রয়োগ না করে সাময়িক ভাবে করতল, কব্জি, হাত, কাঁধ, বা পিঠে ছুঁয়ে বা ধরে ছাত্র বা ছাত্রীটি যে উত্তেজিত হয়ে আছে তাকে কোনো নিরাপদ স্থানে হাঁটিয়ে নিয়ে যাওয়া।

“মেকানিকাল রেস্ট্রেইন্ট বা যান্ত্রিক নিয়ন্ত্রণের” অর্থ হবে কোনো শারীরিক যন্ত্রের ব্যবহার যা ছাত্র বা ছাত্রীটির নড়াচড়া সীমিত করবে বা ছাত্র বা ছাত্রীটির দেহের কোনো অংশের স্বাভাবিক ব্যবহার বা নড়াচড়া সীমিত করবে। কোনো চিকিৎসকের সুপারিশ করা সুরক্ষা বা স্থির করে ধরে রাখার ডিভাইসকে যান্ত্রিক নিয়ন্ত্রণ বলা যাবেনা। **কোনো যান্ত্রিক নিয়ন্ত্রনের ব্যবহার নিষিদ্ধ করা আছে যতক্ষননা তা কোনো ডাক্তারের স্পষ্ট অনুমোদন পাচ্ছে এবং ছাত্র বা ছাত্রীটির বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কের লিখিত অনুমতি পাচ্ছে।**

“সেক্লুশন বা একলা রাখা” অর্থ হবে কোনো ছাত্র বা ছত্রীকে তার ইচ্ছার বিরুদ্ধে একলা একটা ঘরে আটকে রাখা বা কোনো অঞ্চলে রাখা যেখান থেকে সে বেরোতে পারবেনা, বা যুক্তিসঙ্গতভাবে মনে হয় যে সে বেরোতে পারবেনা। সেক্লুসনের মধ্যে 603 সিএমআর 46.02 বর্ণিত টাইম-আউট অন্তর্গত নয়, **সেকলুশন নিয়ন্ত্রণ স্পষ্ট ভাবে নিষিদ্ধ।**

“টাইম-আউট বা বিরতি” অর্থ হলো একটি আচরণগত সাহায্যের কৌশল যেখানে কোনো ছাত্র বা ছাত্রী সাময়িকভাবে হয় নিজের ইচ্ছায় বা কোনো কর্মীর নির্দেশ অনুসারে, পড়াশোনা থেকে বা ক্লাসরুম থেকে আলাদা থাকে, পরিস্থিতি শান্ত করার জন্যে। এই টাইম-আউটের সময় কোনো ছাত্রছাত্রীকে তার ইচ্ছার বিরুদ্ধে কোথাও আটকে রাখা যাবেনা এবং কোনো কর্মচারী সবসময় তার খেয়াল রাখবে। কর্মচারিটি ছাত্র বা ছাত্রীটির সঙ্গেই থাকবে বা সে যেন কর্মচারিটিকে প্রয়োজন হলে সঙ্গে সঙ্গেই পায়। টাইম-আউট শেষ হবে ছাত্র বা ছাত্রীটি শান্ত হলে অথবা তিরিশ(30) মিনিট পর, যেটাই আগে হোক। ভালো হয় যদি এই টাইম-আউট ক্লাসরুমের ভিতরেই হয়। ক্লাসরুমের বাইরে যদি কোনো জায়গা টাইম-আউটের জন্যে

ব্যবহার করা হয় তাহলে তা অফিস অফ স্টুডেন্ট সার্ভিসের অনুমোদনের পরেই ব্যবহার করা যাবে।

“মেডিকেশণ বা ওষুধ প্রয়োগ” অর্থ হবে সাময়িক ভাবে আচরণ নিয়ন্ত্রণ করার জন্যে ওষুধ দেওয়া. **কোনো ওষুধ প্রয়োগ করা নিষিদ্ধ করা আছে যতক্ষননা তা কোনো ডাক্তারের স্পষ্ট অনুমোদন পাচ্ছে এবং ছাত্র বা ছাত্রীটির বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কের লিখিত অনুমতি পাচ্ছে।**

“প্রোণ রেস্ট্রেইন্ট বা শায়িত অবস্থায় নিয়ন্ত্রণ” অর্থ হবে এমন নিয়ন্ত্রণ যেখানে ছাত্র বা ছাত্রীটিকে মেঝেতে বা অন্য কোনো জায়গায় উপুড় করে শুইয়ে তাকে চেপে ধরে রাখা আছে। **প্রোণ রেস্ট্রেইন্ট বা শায়িত অবস্থায় নিয়ন্ত্রণ স্পষ্ট ভাবে নিষিদ্ধ।**

“আপার স্কুলের প্রিন্সিপাল/হেড” অর্থ হবে কোনো পাবলিক এডুকেশন স্কুল প্রোগ্রামের প্রধান নির্দেশক বা তার মনোনীত কেউ।

<u>নিয়ন্ত্রনের ব্যবহার</u>

যদি অন্য সব আইনানুগ ও কম কঠোর বিকল্পগুলি অকার্যকরী হয় অথবা তা ছাত্রছাত্রীদের হিংস্রতা, নিজেদের আহত করার আচরণ দমনে এবং/অথবা দুই দল ছাত্রছাত্রীর মধ্যে বা ব্যক্তিগত ভাবে সম্ভাব্য হানিকারক আচরণ প্রশমন করতে যথাযথ নয় বলে মনে করা হয়, তখন শারীরিক নিয়ন্ত্রনের ব্যবহার করা যেতে পারে শেষ বিকল্প হিসাবে। মানে, **শারীরিক নিয়ন্ত্রণ কোনো শেষ বিকল্প হিসাবে আপৎকালীন অবস্থায় তখনি ব্যবহার করা যাবে যখন ছাত্র বা ছাত্রীটির আচরণ অন্যদের অনিবার্য, গুরুতর শারীরিক হানির কারণ হয়, এবং ছাত্র বা ছাত্রীটি কোনো মৌখিক নির্দেশ বা অন্যান্য আইনানুগ কম কঠোর ব্যবস্থা মানছেনা, বা সেগুলি সেই পরিস্থিতিতে যথেষ্ট বলে মনে করা হচ্ছেনা।** ছাত্রছাত্রীদের বা স্কুল কমিউনিটির অন্যান্য সদস্যদের অনিবার্য ও গুরুতর শারীরিক হানির থেকে সুরক্ষার প্রয়োজনে করা কোনো শারীরিক নিয়ন্ত্রন, যত কম সম্ভব বলপ্রয়োগে, কম সময়ের জন্যে, সীমিত রাখতে হবে। শারীরিক নিয়ন্ত্রণ প্রয়োগ করতে পারবে একমাত্র স্কুলের সেই কর্মচারীরা যারা শারীরিক নিয়ন্ত্রণ পদ্ধতিতে প্রশিক্ষনপ্রাপ্ত।

<u>নিয়ন্ত্রণ ব্যবহারের অন্যান্য সীমাবদ্ধতা</u>

নিম্নোক্ত ব্যবহারগুলি একেবারে নিষিদ্ধ: (i) উপরে দেওয়া বর্ণনা গুলির সাথে সাযুজ্য না রাখা নিয়ন্ত্রণ; (ii) সম্পত্তি বিনষ্ট করা বা স্কুলের শৃঙ্খলা ভঙ্গ করা, অথবা কোনো স্কুলের নিয়ম ভঙ্গ বা স্কুল কর্মীর নির্দেশ অমান্য করা, অথবা মৌখিক শাসানি যার ফলে কোনো অনিবার্য বা গুরুতর হানি হবার সম্ভাবনা নেই, সেই পরিস্থিতিগুলিতে শৃঙ্খলা রক্ষার জন্যে বা শাস্তি দেবার জন্যে নিয়ন্ত্রনের ব্যবহার একেবারেই নিষিদ্ধ; (iii) শায়িত অবস্তাহয় নিয়ন্ত্রনের ব্যবহার; (iv) যান্ত্রিক নিয়ন্ত্রনের ব্যবহার; (v) কোনো ওষুধের ব্যবহার যা ডাক্তারের দ্বারা অনুমোদিত নয় বা যার জন্যে বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কের লিখিত অনুমতি নেই; (vi) নিয়ন্ত্রনের ব্যবহার যখন ছাত্র বা ছাত্রীটি ভালো ভাবে শ্বাস নিতে পারছেনা বা মনে হচ্ছে যে তার খুব কষ্ট হচ্ছে (এর অন্তর্গত কিন্তু এতেই সীমিত নয়: শ্বাসকষ্ট, অনেকক্ষণ টানা কান্না বা কাশি)।

ইন্ডিভিযুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (আইইপি) বা ব্যক্তিগত শিক্ষা কর্মসূচিতে পরিকল্পিত প্রতিক্রিয়া হিসাবে নিয়ন্ত্রণ না রাখাই ভালো। কিন্তু যে ছাত্র বা ছাত্রী বারবার করে নিজের পক্ষে হানিকর আচরণ করে তাদের জন্যে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে একটি লিখিত অনুমোদনের কথা বলতে পারেন আপৎকালীন অবস্থায় সীমিত ও নির্দিষ্ট সময়ের জন্যে নিয়ন্ত্রণ ব্যবহারের জন্যে। এই সব ক্ষেত্রে পরিকল্পনাতেই থাকতে হবে যে বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে কতবার এবং কতক্ষণের জন্যে এই নিয়ন্ত্রণ ব্যবহার করা হচ্ছে তার বিশদ বিবরণ পাঠানো হবে, এবং একটি নির্দিষ্ট সময়সীমা স্থির করতে হবে যার মধ্যে শারীরিক নিয়ন্ত্রণ হ্রাস করতে ও বন্ধ করতে হবে। আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কের কাছ থেকে লিখিত সম্মতি নেবেন এই পরিকল্পনা বাস্তবায়িত করার আগে।

<u>শারীরিক নিয়ন্ত্রনের সঠিক প্রয়োগ</u>

**কেবলমাত্র প্রশিক্ষিত স্কুল কর্মিরাই শারীরিক নিয়ন্ত্রণ প্রয়োগ করবেন।** প্রশিক্ষিত স্কুল কর্মী তাদের বলা হবে যারা নিচে দেওয়া বিবরণ অনুসারে গভীর ভাবে প্রশিক্ষিত বা, নিচে দেওয়া বিবরণ অনুসারে ন্যূনতম প্রশিক্ষা পেয়েছে। যেখানে সম্ভব, শারীরিক নিয়ন্ত্রনের প্রয়োগের সময় অন্তত একজন বয়ঃপ্রাপ্ত ব্যক্তিকে, যে এই প্রয়োগ কর্মে জড়িত নয়, তাকে সাক্ষী থাকতে হবে। শারীরিক নিয়ন্ত্রণ করার সময় স্কুল কর্মীরা ছাত্র বা ছাত্রীটিকে অথবা অন্যদের দৈহিক হানির থেকে বাঁচানোর জন্যে যতটা বলপ্রয়োগ প্রয়োজন ততটাই করবে। এবং, স্কুল কর্মীরা শারীরিক নিয়ন্ত্রণ প্রয়োগের সময় সবচাইতে নিরাপদ ও নিচে দেওয়া সুরক্ষা প্রয়োজনীয়তা অনুযায়ী সবচাইতে যথাযথ পদ্ধতিটিই ব্যবহার করবে, ও যত তাড়াতাড়ি সম্ভব এই নিয়ন্ত্রণ প্রক্রিয়া সমাপ্ত করবে। ছাত্র বা ছাত্রীটি যখন আর নিজের বা অন্যদের জন্যে বিপজ্জনক থাকবেনা, বা জানাবে যে তার নিশ্বাস নিতে কষ্ট হচ্ছে, বা ভীষণ কষ্ট পাবে, যেমন শ্বাসকষ্ট বা একটানা কান্না বা কাশি হবে, তখন সঙ্গে সঙ্গে সব শারীরিক নিয়ন্ত্রণ বন্ধ করে দিতে হবে। কিন্তু খেয়াল রাখবেন, এই প্রশিক্ষণের প্রয়োজনীয়তা যেন কোনো শিক্ষককে, স্কুলের কর্মী বা প্রতিনিধিকে, ছাত্রদের, অন্যান্যদের, বা নিজেদের কোনো আক্রমন বা অনিবার্য শারীরিক হানির থেকে বাচানোর জন্যে যুক্তিযুক্ত ও প্রয়োজনীয় বলপ্রয়োগ করতে বিরত না করে।

<u>প্রয়োজনীয় সুরক্ষা</u>

**কোনো নিয়ন্ত্রণ এমন ভাবে প্রয়োগ করা হবেনা যাতে ছাত্র বা ছাত্রীটির শ্বাস নিতে বা কথা বলতে অসুবিধা হয়।** নিয়ন্ত্রণ প্রয়োগের সময় স্কুল কর্মীরা সারাক্ষনই ছাত্র বা ছাত্রিটির শারীরিক অবস্থা পরীক্ষা করবে, যেমন ত্বকের বর্ণ, তাপমাত্রা এবং শ্বাসপ্রশ্বাস। যে স্কুল কর্মীটি নিয়ন্ত্রণ প্রয়োগ করছে সে যদি বোঝে যে ছাত্র বা ছাত্রীটি নিজের বা অন্যদের কোনো শারীরিক হানি করার মত আর বিপজ্জনক নেই, তাহলে সে সব নিয়ন্ত্রণ ব্যবস্থা তখনি বন্ধ করে দেবে। উপরন্ত, নিয়ন্ত্রণ এমন ভাবে করতে হবে যাতে শারীরিক হানি না হয় বা কম হয়। **যদি শারীরিক নিয়ন্ত্রনের সময় ছাত্র বা ছাত্রীটির শ্বাসকষ্ট বা উল্লেখযোগ্য শারীরিক অসুবিধা দেখা দেয়, যেমন শ্বাস নেবার অসুবিধা বা টানা কাশি বা কান্না, তাহলে তাকে সঙ্গে সঙ্গে নিয়ন্ত্রণ থেকে মুক্তি দিতে হবে, এবং স্কুল কর্মীদের চিকিৎসকের সাহায্য চাইতে হবে।** স্কুল কর্মীরা ছত্রছাত্রীদের শারীরিক নিয়ন্ত্রণ সংক্রান্ত চিকিৎসাগত বা মানসিক রোগের এবং/অথবা আচরনগত হস্তক্ষেপ পরিকল্পনার জানা ইতিহাস

এবং জানা অথবা সন্দেহ করা মানসিক বা শারীরিক আঘাতের ইতিহাস পর্যালোচনা করবে এবং বিবেচনা করবে। শারীরিক নিয়ন্ত্রণ প্রয়োগ করার সময় স্কুলের কর্মীরা স্টুডেন্ট সার্ভিসেসের অফিসের আচরণ বিশেষজ্ঞদের অথবা ক্রাইসিস ইন্টারভেনশন টীমকে যোগাযোগ করার চেষ্টা করতে পারে, অথবা চিকিৎসকের সাহায্য চাইতে পারে যদি মনে হয় যে ছাত্র বা ছাত্রীটির গুরুতর শারীরিক অস্বাচ্ছন্দ্য হচ্ছে।

প্রয়োজনীয় ফলো-আপ পদ্ধতি ও রিপোর্টিং

কোনো ছাত্র বা ছাত্রী নিয়ন্ত্রণ থেকে ছাড়া পাওয়ার পর উপযুক্ত সময়ের পর, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা মনোনীত অন্য কেউ একট ফলো-আপ প্রক্রিয়া চালু করবেন যেমন নিচে দেওয়া হলো:

a. ছাত্র বা ছাত্রীটির সাথে নিয়ন্ত্রনের ঘটনাটি আলোচনা করবেন যাতে তার যে আচরণের জন্যে তাকে নিয়ন্ত্রণ করা হয়েছিল তা শোধরানো যায়;

b. স্কুল কর্মী যারা নিয়ন্ত্রণ প্রয়োগ করেছিল তাদের সাথে সঠিক নিয়ন্ত্রণ প্রক্রিয়া প্রয়োগ হযেছিল কিনা আলোচনা করবেন; এবং

c. ছাত্রছাত্রীরা যারা ওই ঘটনার সাক্ষী ছিল তাদের সাথে ফলো-আপ করবেন, শিক্ষকদের জিজ্ঞাসা করবেন, কাউন্সেলরদের জিজ্ঞাসা করবেন অথবা পরের অবস্থা পুনরুদ্ধারের প্রক্রিয়া আলোচনা করবেন; এবং

d. নিয়ন্ত্রনের ঘটনার লিখিত বিজ্ঞপ্তি পাঠাবেন স্টুডেন্ট সার্ভিসেসের অফিসে অথবা আপার স্কুলের প্রিন্সিপাল/হেড-এর সুপারভাইজারকে।

রিপোর্টিংয়ের জন্যে যা যা প্রয়োজনীয়তা স্কুল অনুসরণ করে তা হলো:

a. ছাত্র বা ছাত্রীর নাম সহ প্রত্যেকটি শারীরিক নিয়ন্ত্রনের ঘটনা লিখিত ভাবে রিপোর্ট করতে হবে স্টুডেন্ট সার্ভিসেসের অফিসে এবং আপার স্কুলের প্রিন্সিপাল/হেড-এর সুপারভাইজারকে।

b. স্কুলের কর্মী যার শারীরিক নিয়ন্ত্রণ প্রয়োগের কারণে কোনো ছাত্র বা ছাত্রী জখম হয়েছে, সে যত তাড়াতাড়ি সম্ভব, এবং কখনই যে দিন নিয়ন্ত্রণ হয়েছে সেইদিন স্কুল সময়ের পরে নয়, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড অথবা মনোনীত কাউকে মৌখিক ভাবে সেই নিয়ন্ত্রনের কথা জানাবে। নিয়ন্ত্রনের ঘটনার পরের স্কুলের দিনের মধ্যে একটি লিখিত রিপোর্টও তৈরী করে জমা দিতে হবে স্কুলের প্রিন্সিপাল/আপার স্কুলের হেডের কাছে তার এই নিয়ন্ত্রনের ব্যবহার পর্যালোচনার জন্যে। যদি আপার স্কুলের প্রিন্সিপাল/হেড নিজে সেই নিয়ন্ত্রণ প্রয়োগ করে থাকেন, তাহলে তিনি সেই ঘটনার রিপোর্ট তৈরী করে সুপারিনটেনডেন্টের কাছে জমা দেবেন সুপারিনটেনডেন্টের মনোনীত লোকেদের পর্যালোচনার জন্যে।

c. স্কুলের প্রিন্সিপাল/আপার স্কুলের হেড সবকটি রিপোর্ট করা শারীরিক নিয়ন্ত্রনের ঘটনার একটি চালু রেকর্ড রাখবেন।

d. আপার স্কুলের প্রিন্সিপাল/হেড মৌখিকভাবে ছাত্র বা ছাত্রীটির বাবা-মা/অভিভাবক/তত্ত্বধায়ককে যত তাড়াতাড়ি সম্ভব জানাবে, অবশ্য তা কখনই নিয়ন্ত্রণ প্রয়োগের চব্বিশ(24) ঘন্টার পরে নয়, এবং পোস্ট করার ছাপ সহ লিখিত ভাবে জানাবে শারীরিক নিয়ন্ত্রনের ঘটনার তিন(3) স্কুলের দিনের ভিতরে. আপার স্কুলের প্রিন্সিপাল/হেড ছাত্র বা ছাত্রীকে এবং তার বাবা-মা/অভিভাবক/তত্ত্বধায়ককে সুযোগ দেবেন এই নিয়ন্ত্রনের প্রয়োগের উপরে এবং লিখিত রিপোর্টের তথ্যের উপরে মন্তব্য করার।

e. কোনো শারীরিক নিয়ন্ত্রণ যার ফলে কোনো ছাত্র বা ছাত্রীর জখম হয়েছে তার রিপোর্টের একটা লিখিত কপি সাথে বিগত তিরিশ(30) দিনের স্কুলের শারীরিক নিয়ন্ত্রনের চালু রেকর্ডের কপি আপার স্কুলের প্রিন্সিপাল/হেডকে সুপারিনটেনডেন্টের অফিসে জমা দিতে হবে। **আপার স্কুলের প্রিন্সিপাল/হেড ঘটনার লিখিত রিপোর্ট পাবার এক(1) দিনের মধ্যে এই নথিপত্র সুপারিনটেনডেন্টের অফিসে জমা দিতে হবে।** কোনো ছাত্র বা ছাত্রীকে যদি সাত(7) দিনের মধ্যে দুই(2)বার বা তিরিশ(30) দিনের মধ্যে তিন(3)বার নিয়ন্ত্রণ করতে হয় তাহলে আপার স্কুলের প্রিন্সিপাল/হেডকে একটি ছাত্রছাত্রীদের সাহায্যকারী দল গঠন করতে হবে সেই ছাত্র বা ছাত্রীটির প্রয়োজনের ব্যক্তিগত মূল্যায়ন করার জন্যে। প্রিন্সিপাল/হেডের বাছাই করা এই গ্রেড লেভেলের ও অন্যান্য কার্যক্রমের কর্মীরা এই মূল্যায়নে অংশ নেবে। এই ছাত্রছাত্রীদের সাহায্যকারী দলের প্রতিটি সভ্য নিয়ন্ত্রনের লিখিত রিপোর্টগুলি ও তার ওপরে ছাত্র বা ছাত্রীটির ও তার বাবা-মা/অভিভাবক/তত্ত্বাবধায়কের মন্তব্য এবং নিয়ন্ত্রণ সম্বন্ধে মন্তব্যগুলি পড়বে। এই রিপোর্টগুলি পর্যালোচনা ও আলোচনা করা ছাড়াও এই ছাত্রছাত্রীদের সাহায্যকারী দলের মূল্যায়নে কোন পরিপ্রক্ষিতে এই নিয়ন্ত্রনের ঘটনা ঘটেছে, দিনের কোন সময়ে এবং সপ্তাহের কোন দিনে ঘটেছে, পূর্ববর্তী ঘটনাবলী ও ঘটনায় কারা কারা জড়িত ছিল সেই বিশ্লেষণও থাকবে। এই মূল্যায়নের সিদ্ধান্তে একটি পরিকল্পনা থাকবে, যে কারণগুলি এই আচরণের অবনতি ঘটিয়েছে সেগুলিকে ঠিক করার জন্যে, নিয়ন্ত্রনের অন্য বিকল্প ভাবার জন্যে, যার অন্তর্গত হবে অবস্থার অবনতি আটকানোর কৌশল এবং সম্ভাব্য হস্তক্ষেপ, এবং অন্যান্য যথাযথ পরিকল্পনা ও সিদ্ধান্ত যার উদ্দেশ্য হবে ভবিষ্যতে নিয়ন্ত্রনের ব্যবহার কম করা বা না করা। যদি আপার স্কুলের প্রিন্সিপাল/হেড নিজেই সেই নিয়ন্ত্রণ প্রয়োগের দলে অংশ নিয়ে থাকেন তাহলে এই ছাত্রছাত্রীদের সাহায্যকারী দলের আলোচনার পথপ্রদর্শক হিসাবে সুপারিনটেনডেন্ট কোনো সুযোগ্য ব্যক্তিকে নিযোগ করবেন। আপার স্কুলের প্রিন্সিপাল/হেড নিশ্চিত করবেন যে এই ছাত্রছাত্রী সাহায্যকারী দলের প্রতিটি ছাত্র বা ছাত্রীর পর্যালোচনার রিপোর্ট সুরক্ষিত রাখা হয়েছে, এবং ম্যাসাচুসেটস ডিপার্টমেন্ট অফ এলিমেন্টারি এন্ড সেকেন্ডারি এডুকেশন থেকে অনুরোধ এলে, তা তাদের পর্যালোচনার জন্যে উপলব্ধ থাকবে।

f. আপার স্কুলের প্রিন্সিপাল/হেড প্রতি মাসে সমগ্র স্কুলের নিয়ন্ত্রণ সম্বন্ধীয় তথ্যের পর্যালোচনা করবেন। এই পর্যালোচনা বিবেচনা করবে নিম্নোক্ত বিষয় গুলির সাদৃশ্য নিয়ে, নিয়ন্ত্রণ ব্যবহারের প্যাটার্ন নিয়ে, দিনের কোন সময়ে, সপ্তাহের কোন দিনে, কারা কারা জড়িত ছিল, পুরো স্কুলের এবং বিশেষ কোনো ছাত্র বা ছাত্রীর নিয়ন্ত্রনের সংখ্যা ও স্থিতিকাল; নিয়ন্ত্রনের সময়কাল; জখমের সংখ্যা ও ধরন(যদি নিয়ন্ত্রনের কারণে হয়ে থাকে)। আপার স্কুলের প্রিন্সিপাল/হেড সিদ্ধান্ত নেবেন স্কুলের নিয়ন্ত্রণ প্রতিরোধ এবং

পরিচালনার প্রক্রিয়া ও পদ্ধতি পরিবর্তন করতে হবে কিনা, নিয়ন্ত্রণ হ্রাস করা বা না করার জন্যে কর্মীদের আরো প্রশিক্ষণের প্রয়োজন কিনা, যেমন ইতিবাচক আচরণের জন্যে সাহায্য বা হস্তক্ষেপের প্রশিক্ষণ, অথবা অন্য কোনো পদক্ষেপ নেওয়া প্রয়োজন কিনা বা তা যথাযথ হবে কিনা নিয়ন্ত্রনের ব্যবহার হ্রাস করা বা বন্ধ করার জন্যে।

<u>ডিস্ট্রিক্টের প্রশিক্ষণ প্রয়োজনীয়তা</u>

A. সব প্রোগ্রাম কর্মীদের জন্য

প্রতি স্কুলবর্ষের শুরুর প্রথম মাসেই প্রতিটি আপার স্কুলের প্রিন্সিপাল/হেড তার সব প্রোগ্রাম স্টাফেদের নিয়ন্ত্রণ সম্বরণ ও আচরণগত সাহায্য, যখন নিয়ন্ত্রণ ব্যবহার করতে হবে তার প্রস্তুতি এবং এই নীতির ওপরে প্রশিক্ষণের ব্যবস্থা করবেন। এবং, স্কুলবর্ষের শুরুর পরে যে কর্মচারীরা বহাল হবে, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড তাদের বহাল হবার একমাসের ভিতরেই তাদের এই নীতির ওপরে প্রশিক্ষণ দেবেন। প্রশিক্ষণের অঙ্গ হবে: (a) এই নীতি এবং সুপারিনটেনডেন্টের গঠন করা এই নীতির সম্পর্কিত পদ্ধতিগুলি ও নির্দেশিকা; (b) হস্তক্ষেপ যার দ্বারা নিয়ন্ত্রনের প্রয়োজন থাকবেনা; যেমন, সংকটপূর্ণ আচরণ প্রশমন করা এবং আপৎকালীন অবস্থায় নিয়ন্ত্রনের অন্যান্য বিকল্প, যেমন, আচরণগত সাহায্যের কৌশল হিসাবে টাইম-আউটর ব্যবহার যা সেকলুশন থেকে ভিন্ন; (c) কোনো আচরণ যখন বিপজ্জনক হয়ে ওঠে তার জন্যে শারীরিক নিয়ন্ত্রনের প্রয়োজন, বিভিন্ন ধরনের শারীরিক নিয়ন্ত্রণ এবং তাদের সম্পর্কিত সুরক্ষা বিবেচনা, যেমন কোনো নিয়ন্ত্রণ ব্যবহারে ছাত্র বা ছাত্রীর জখমের সম্ভাবনার তথ্য, বিশেষ করে যদি সেই নিয়ন্ত্রণ বেশি সময়ের জন্যে প্রয়োগ করা হয়; (d) আগে থেকে জানা চিকিৎসাগত বা মানসিক সীমাবদ্ধতা এবং/অথবা বিশেষ ছাত্র বা ছাত্রীর আগে থেকে জানা বা সন্দেহ করা ট্রমা বা আঘাতের ইতিহাস সহ তার জন্যে আচরণগত হস্তক্ষেপের পরিকল্পনা বিচার করে শারীরিক নিয়ন্ত্রনের প্রয়োগ; এবং (e) ছাত্র/ছাত্রীর, কর্মচারীদের ও পরিবারের নিয়ন্ত্রণ ব্যবহার ঠেকানোর জন্যে ভূমিকা; এবং (f)সেই প্রোগ্রাম স্টাফেদের জানা যারা শারীরিক নিয়ন্ত্রনের প্রয়োগে 603 C.M.R. 46.03(3) অনুসারে গভীর প্রশিক্ষণ প্রাপ্ত হয়েছে। 603 C.M.R. 46.03(2) *দেখুন*।

B. সেই স্টাফেদের জন্য যারা অনুমোদিত হয়েছে সঠিক শারীরিক নিয়ন্ত্রণের জন্যে সব স্কুলের মিলিত সম্পদ হিসাবে পরিষেবা দেবার জন্যে

প্রতিটি স্কুলবর্ষের শুরুতে, সব আপার স্কুলের প্রিন্সিপাল/হেডেরা সেই প্রোগ্রাম কর্মীদের চিহ্নিত করে রাখবেন যারা অনুমোদিত হয়েছে শারীরিক নিয়ন্ত্রনের সঠিক প্রয়োগে সাহায্য করার জন্যে সব স্কুলের মিলিত সম্পদ হিসাবে। গভীর প্রশিক্ষণের বিষয়বস্তু হবে পারদর্শিতা-নির্ভর এবং অন্তত ষোলো(16) ঘন্টার ব্যাপ্তির। প্রত্যেককে তার পরের প্রতি স্কুলবর্ষে অন্তত একটি আট(8) ঘন্টার রিফ্রেশার কোর্সে অংশগ্রহন করতে হবে। প্রশিক্ষণের অন্তর্গত থাকবে কিন্তু এতেই সীমাবদ্ধ থাকবেনা: (a) শারীরিক নিয়ন্ত্রনের ব্যবহার হ্রাস করার জন্যে যথাযথ পদ্ধতি, যেমন বিপজ্জনক আচরণ প্রশমিত করা, সম্পর্ক গড়ে তোলা ও নিয়ন্ত্রনের বিকল্প ব্যবহার করা; (b) কোনো ছাত্র বা ছাত্রীর নির্দিষ্ট বিপজ্জনক আচরণের বর্ণনা ও তাকে চিহ্নিত করতে পারা যার জন্যে শারীরিক নিয়ন্ত্রণ ব্যবহার হতে পারে এবং কোনো বিশেষ

পরিস্থিতির বিপদের আশংকা মূল্যায়ন করা যাতে সিদ্ধান্ত নেওয়া যায় যে নিয়ন্ত্রণ প্রয়োজন কিনা; (c) কৃত্রিম শারীরিক নিয়ন্ত্রণ প্রয়োগ করার ও নেবার অভিজ্ঞতা, নিয়ন্ত্রিত ব্যক্তির ওপর প্রভাব সম্বন্ধে নির্দেশ, যেমন শারীরিক অসুবিধা পরীক্ষা করার নির্দেশ ও চিকিৎসকের সাহায্য নেবার সম্বন্ধে নির্দেশ; (d)নথিপত্র গড়ে তোলা ও রিপোর্টের প্রস্তুতি এবং আঘাত ও অভিযোগ সম্পর্কে তদন্ত সম্পর্কর নির্দেশ; (e) ছাত্রছাত্রী ও তাদের পরিবারের ওপর নিয়ন্ত্রনের প্রভাব সম্পর্কে নির্দেশ, নিয়ন্ত্রনের ফলে যে প্রভাব পড়ে, যেমন মানসিক, শারীরিক, এবং সামাজিক আবেগের ওপর প্রভাব, তা সম্বন্ধে সচেতনতা; এবং (f) অংশগ্রহনকারীদের শারীরিক নিয়ন্ত্রণ প্রয়োগের দক্ষতা প্রদর্শন। *দেখুন* 603 C.M.R. 46.03(3) and 46.03(4).

<u>অভিযোগ জানাবার পদ্ধতি</u>

A. শারীরিক নিয়ন্ত্রণ প্রয়োগ সম্বন্ধে উদ্বেগ নিরসনের সাধারণ উপায়
শারীরিক নিয়ন্ত্রণ সম্বন্ধে আনুষ্ঠানিক অভিযোগ জানাবার আগে, কোনো ছাত্র বা ছাত্রী বা তাদের বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক যাদের কোনো বিশেষ শারীরিক নিয়ন্ত্রনের প্রয়োগ সম্বন্ধে উদ্বেগ আছে তারা আপার স্কুলের প্রিন্সিপাল/হেড-এর কাছে সেই শারীরিক নিয়ন্ত্রনের প্রয়োগের উদ্বেগের কথা জানিয়ে সমাধান চাইতে পারেন। ছাত্র বা ছাত্রীটি বা তাদের বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে শারীরিক নিয়ন্ত্রনের কোনো বিশেষ প্রয়োগ সম্বন্ধে তাদের উদ্বেগ আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের কাছে উপরের বর্ণনা মত স্কুল থেকে লিখিত রিপোর্ট বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কের কাছে পৌছনোর দশ(10) দিনের মধ্যে জানাতে হবে। আপার স্কুলের প্রিন্সিপাল/হেড চেষ্টা করবেন, তাদের ক্ষমতা অনুযায়ী, অভিযোগকারীর সাথে একসাথে অভিযোগটির ন্যায়সঙ্গত এবং সত্বর সমাধান করতে। যদি ছাত্র বা ছাত্রীটি এবং/অথবা তাদের বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক এই সমাধানে সন্তুষ্ট না হন, অথবা যদি ছাত্র বা ছাত্রীটি এবং/অথবা তাদের বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক সাধারণ ভাবে সমাধান না চান, তাহলে সেই ছাত্র বা ছাত্রীটি এবং/অথবা তাদের বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক আনুষ্ঠানিক অভিযোগ জানাতে পারেন নিচে দেওয়া পদ্ধতি অনুসারে।

B. শারীরিক নিয়ন্ত্রণ প্রয়োগ সম্বন্ধে উদ্বেগ নিরসনের আনুষ্ঠানিক উপায়
কোনো ছাত্র বা ছাত্রী বা তাদের বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক যাদের কোনো বিশেষ শারীরিক নিয়ন্ত্রনের প্রয়োগ সম্বন্ধে উদ্বেগ আছে, তারা সেই বিশেষ শারীরিক নিয়ন্ত্রনের প্রয়োগ সম্বন্ধে উদ্বেগের নিরসন করার জন্যে সুপারিনটেনডেন্টের অফিসে লিখিত অভিযোগ জানাতে পারেন। ছাত্র বা ছাত্রী বা তাদের বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে এই চিঠি সুপারিনটেনডেন্টর অফিসে উপরের বর্ণনা মত স্কুল থেকে লিখিত রিপোর্ট বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কের কাছে পৌছনোর কুড়ি(20) দিনের মধ্যে জমা করতে হবে। লিখিত অভিযোগে থাকতে হবে (a) ছাত্র বা ছাত্রীর নাম; (b) স্কুলের নাম যেখানে এই শারীরিক নিয়ন্ত্রণ হয়েছে বলে অভিযোগ করা হচ্ছে; (c) যে ব্যক্তিরা এই অভিযোগ করা শারীরিক নিয়ন্ত্রণে জড়িত ছিলেন তাদের নাম; (d) এই অভিযোগ ও উদ্বেগের ভিত্তি; এবং (e) কি ধরনের সংশোধন চাওয়া হচ্ছে.

সুপারিনটেনডেন্টের অফিস, তার মনোনীত ব্যক্তিদের মাধ্যমে, এই অভিযোগ পাওয়ার পর সত্বর একটি তদন্ত করবে। সেই তদন্ত চলাকালীন সুপারিনটেনডেন্টের অফিস এবং/অথবা তার মনোনিত ব্যাক্তিরা অভিযোগের সম্পর্কিত যে ব্যক্তিদের কাছে প্রাসঙ্গিক তথ্য আছে বলে বলা হয়েছে তাদের সাথে যোগাযোগ করবে। প্রতিটি পরিস্থিতি আলাদা রকমের হয় বলে এই তদন্ত শেষ করার জন্যে কোনো নির্দিষ্ট সময়সীমা বাঁধা যাচ্ছেনা। সুপারিনটেনডেন্টের অফিস বা তার মনোনীত ব্যক্তিরা নিশ্চিতরূপে তদন্ত যত তাড়াতাড়ি সম্ভব সম্পূর্ণ করবে। আনুষ্ঠানিক তদন্ত শেষ করার পরে, এই তদন্তের ফল সম্বন্ধে এবং যদি কোনো সংশোধনকারী পদক্ষেপ নিতে হয় সেই সম্বন্ধে সুপারিনটেনডেন্টের অফিস অভিযোগকারীর সাথে যোগাযোগ করবে।

<u>অভিযোগ জানানোর আরো যে পদ্ধতিগুলি আছে</u>

মনে রাখবেন এই পরিচ্ছেদে যে পদ্ধতিগুলি দেওয়া আছে তাতে কোনো ছাত্র বা ছাত্রীর অন্যান্য উপলব্ধ পন্থাগুলির মাধ্যমে অভিযোগ জানানো আটকায়না, যেমন কেমব্রিজ পাবলিক স্কুলস'এর "নন ডিস্ক্রিমিনেশন পলিসি এন্ড প্রহিবিষণ এগেনস্ট সেক্সুয়াল হ্যারাসমেন্ট" অনুযায়ী কোনো বৈসম্য বা হয়রানির অভিযোগ যার ভিত্তি হলো আইন দ্বারা সুরক্ষিত কোনো বিশেষত্ব, যেমন জাত, বর্ণ, জাতিগত পরিচয়, এথনিসিটি, বংশ, ধর্ম, বয়স, বিকলাঙ্গতা, জেনেটিক তথ্য, ভেটেরান স্টেটাস, বৈবাহিক অবস্থা, সেক্স, জেন্ডার, জেন্ডার আইডেন্টিটি, সেক্সুয়াল ওরিয়েন্টেশন, গর্ভাবস্থা, গর্ভাবস্থা সম্পর্কিত অবস্থা। এটাও মনে রাখবেন যে এই পরিচ্ছেদে যে পদ্ধতিগুলি দেওয়া আছে তাতে কোনো ছাত্র বা ছাত্রীর কোনো অধিকার যা এই হ্যান্ডবুকে দেওয়া আছে তার হানির বিরুদ্ধে সমাধান চাইবার জন্যে এই হ্যান্ডবুকের পরিচ্ছেদ 23তে দেওয়া অভিযোগ জানানোর পদ্ধতির ব্যবহার আটকায়না।

5.12 <u>দাদাগিরি বিরোধী নীতি এবং দাদাগিরির প্রতিরোধ ও হস্তক্ষেপ পরিকল্পনা</u>

কেমব্রিজ পাবলিক স্কুল তার ছাত্রছাত্রীদের জন্যে একটি নিরাপদ, যত্নশীল, সম্মানসূচক শিক্ষার বাতাবরণ তৈরী করতে দায়বদ্ধ এবং কোনো ছাত্রছাত্রীর ওপর কারুর দ্বারা সাইবার-দাদাগিরি সহ সবরকমের দাদাগিরির বিরুদ্ধে কঠোর প্রতিরোধ প্রয়োগ করে, এবং কোনো ব্যক্তি যে দাদাগিরির সংবাদ দেয় বা কোনো তদন্তের সময় কারুর দাদাগিরির কথা জানায় বা স্বাক্ষী দেয় বা দাদাগিরি সম্বন্ধে বিশ্বাসযোগ্য তথ্য দেয় তার বিরুদ্ধে কোনরকম প্রতিহিংসা প্রতিরোধ করে। স্কুল কর্তৃপক্ষ ও কর্মীদল, ছাত্রছাত্রী, পরিবারেরা এবং কমিউনিটির সকলের যৌথ ভাবে গড়ে তোলা একটি অঞ্চল-ভিত্তিক উদ্যোগ চেষ্টা করবে: (1) সব বয়সের এবং সামর্থ্যের ছাত্রছাত্রীদের নিরাপত্তার, বিবেচনার সাথে চলার ও আত্মবিশ্বাস বজায় রাখার জন্যে, এবং (2) ছাত্রছাত্রীদের রিপোর্ট ও পর্যবেক্ষণ অনুযায়ী কাজ করতে বড়দের সাহায্য করার জন্য।

দাদাগিরির অর্থ হলো কোনো একজন ব্যক্তিকে একজন বা একাধিক ছাত্রছাত্রী, অথবা স্কুলের কোনো কর্মী, যার মধ্যে থাকতে পারে কোনো শিক্ষক, আধিকারিক, স্কুল নার্স, ক্যাফেটেরিয়ার কর্মী, কাস্টডিয়ান, বাস ড্রাইভার, অ্যাথলেটিক কোচ, কোনো পড়াশোনার বাইরের কাজের উপদেষ্টা যদি বারবার করে লিখিত, মৌখিক বা ইলেক্ট্রনিক বার্তায় বা কোনো দৈহিক কাজ বা ভঙ্গি করে বা এই সব মিলিয়ে করে যাতে সেই ব্যক্তির: (i) শারীরিক বা মানসিক ক্ষতি হয় বা ব্যক্তিটির সম্পত্তির ক্ষতি হয়; (ii) ব্যক্তিটি যদি তার শারীরিক ক্ষতির বা সম্পত্তির ক্ষতির যুক্তিসঙ্গত ভাবে ভয় পায়; (iii) ব্যক্তিটির জন্যে স্কুলে

একটা ভয়ের পরিবেশ তৈরী হয়; (iv) স্কুলে ব্যক্তিটির অধিকার খর্ব হয়; অথবা (v) স্কুলের স্বাভাবিক পড়াশোনায় বাস্তবিক ও প্রচুরপরিমান বাধা সৃষ্টি হয়। স্টেট আইনের সাথে সামঞ্জস্য রেখে, কেমব্রিজ পাব্লিক স্কুল উপলব্ধি করে যে কোনো কোনো ছাত্রছাত্রী অন্যদের তুলনায় দাদাগিরি বা হয়রানির লক্ষ হিসাবে অসহায় হয় যার ভিত্তি হয় সত্যিকারের বা কাল্পনিক কোনো চরিত্রগত পার্থক্য, যেমন জাত, বর্ণ, জাতিগত পরিচয়, এথনিসিটি, বংশ, ধর্ম, বয়স, বিকলাঙ্গতা, জেনেটিক তথ্য, ভেটেরান স্টেটাস, বৈবাহিক অবস্থা, সেক্স, জেন্ডার, জেন্ডার আইডেন্টিটি বা তার প্রকাশ, সেক্সুয়াল ওরিয়েন্টেশন, গর্ভাবস্থা, গর্ভাবস্থা সম্পর্কিত অবস্থা, আর্থ-সামাজিক অবস্থান, গৃহহীন অবস্থা, অথবা কোনো লোকের সাথে সম্পর্ক যার উপরোক্ত একটি(1) বা বেশি চরিত্রগত পার্থক্য আছে বা আছে বলে ভাবা হয়। এই নীতির উদ্দেশ্যে সাইবার দাদাগিরিকে দাদাগিরি বলেই ধরা হবে।

<u>সাইবার-দাদাগিরি</u>-র মানে হয় প্রযুক্তি বা ইলেক্ট্রনিক যোগাযোগ ব্যবস্থা ব্যবহার করে দাদাগিরি করা, যেমন কোনো ধরনের পুরো বা আংশিক সাইন, সিগনাল, লেখা, ছবি, আওয়াজ, তথ্য বা সংবাদ পাঠানো কোনো ওয়্যার, রেডিও, ইলেক্ট্রোম্যাগনেটিক, ফটো ইলেক্ট্রনিক বা ফটো অপটিক্যাল সিস্টেমে পাঠানো কোনো বার্তা যা হতে পারে ইলেকট্রনিক মেইল, ইন্টারনেটের বার্তা, তাত্ক্ষণিক মেসেজ অথবা ফ্যাক্স করা বার্তা। সাইবার-দাদাগিরির অন্তর্গত হবে (i) ওয়েব পেজ বা ব্লগ সৃষ্টি করা যেখানে সৃষ্টিকারী অন্য ব্যক্তির পরিচয় ব্যবহার করে; অথবা (ii) জ্ঞানত অন্যের পরিচয় গ্রহণ করে কোনো লেখক হিসাবে কোনো বিষয় বা মেসেজ পোস্ট করা, যদি সেই সৃষ্টি বা অন্যের পরিচয় গ্রহণ (i) থেকে (v) ক্লস-ভুক্ত কোনো দাদাগিরির সংজ্ঞার মত অবস্থা তৈরী করে। ইলেক্ট্রনিক মাধ্যমে কোনো বার্তা একাধিক ব্যক্তিকে পাঠানো বা কোনো ইলেক্ট্রনিক মাধ্যমে বার্তাটি পোস্ট করা যা একাধিক ব্যক্তির কাছে উপলব্ধ হবে তাও সাইবার-দাদাগিরি বলে গণ্য হবে, যদি সেই বার্তাটি পাঠানো বা পোস্ট করা (i) থেকে (v) ক্লস-ভুক্ত কোনো দাদাগিরির সংজ্ঞার মত অবস্থা তৈরী করে।

<u>আক্রমনকারী বা কুকর্মকারী</u>-র সংজ্ঞা হয় কোনো ছাত্রছাত্রী কিম্বা স্কুল কর্মীদের কোনো সদস্য যেমন কোনো শিক্ষক, আধিকারিক, স্কুল নার্স, ক্যাফেটেরিয়ার কর্মী, কাস্টডিয়ান, বাস ড্রাইভার, অ্যাথলেটিক কোচ, কোনো পড়াশোনার বাইরের কাজের উপদেষ্টা বা সম-পেশাদার, স্কুলের ভলান্টিয়ার বা কোনো ভেন্ডার, কন্ট্রাক্টর বা কোনো ব্যক্তি যে স্কুল ডিস্ট্রিক্টের কোনো কন্ট্রাক্টে কাজ করছে তারা যদি দাদাগিরি বা সাইবার-দাদাগিরি বা প্রতিহিংসামূলক কোনো কাজ করে।

<u>শত্রুতাপূর্ণ বাতাবরণ</u>, M.G.L. c. 71, § 37O-তে দেওয়া সংজ্ঞার মত, হলো সেই পরিস্থিতি যেখানে দাদাগিরি স্কুলের পরিবেশকে ভীতিপূর্ণ, ব্যঙ্গপূর্ণ ও অপমানকর করে রেখেছে যা যথেষ্ট গুরুতর বা ব্যাপক কোনো ছাত্র বা ছাত্রীর পড়াশোনার পরিবেশ বিঘ্নিত করার জন্যে।

<u>প্রতিশোধ</u>-এর সংজ্ঞা হবে, কোনো ছাত্র বা ছাত্রী যে দাদাগিরির কথা রিপোর্ট করেছে, তদন্তের সময় দাদাগির্রি সম্বন্ধে সংবাদ দিয়েছে বা সাক্ষ দিয়েছে বা যার কাছে দাদাগিরি সম্বন্ধে বিশ্বাসযোগ্য খবর আছে তার প্রতি ভীতিপ্রদর্শন বা প্রতিশোধ নেওয়া বা হয়রানি করা।

কর্মী-র সংজ্ঞাতে অন্তর্গত হবে শিক্ষক, আধিকারিক, স্কুল নার্স, ক্যাফেটেরিয়ার কর্মী, কাস্টডিয়ান, বাস ড্রাইভার, অ্যাথলেটিক কোচ, কোনো পড়াশোনার বাইরের কাজের উপদেষ্টা বা সম-পেশাদার ব্যক্তিরা, এবং এর বাইরেও অনেকে থাকতে পারে।

লক্ষ্য বা ক্ষতিগ্রস্থ ব্যক্তি-র সংজ্ঞা হয় ছাত্রছাত্রী বা কোনো বয়ঃপ্রাপ্তব্যক্তি যার ওপরে দাদাগিরি, সাইবার-দাদাগিরি বা প্রতিশোধমূলক কোনো কাজ সংঘটিত হয়েছে.

দাদাগিরির অনেক রূপ হতে পারে বা তা যেকোনো পরিস্থিতিতে ঘটতে পারে। দাদাগিরির অন্তর্গত, কিন্তু তাতেই সীমাবদ্ধ নয়, হলো ভীতিপ্রদর্শন যেমন কুনামে উপহাস করা বা শাসানো; সামাজিক ভাবে একঘরে করা যেমন না মেশা বা গুজব ছড়ানো; শারীরিক আগ্রাসন যেমন কোনো ছাত্র বা ছাত্রীকে আক্রমন করা বা তার সম্পত্তির ক্ষতি করা। দাদাগিরির জন্যে স্কুলের সমস্ত সভ্যদের জন্যই একটা ভয়ের বাতাবরণ তৈরী হতে পারে। এর ফলে একটি অনাবশ্যক ও অন্যায্য দুর্ভাবনা তৈরী হবে যার ফলে ছাত্রছাত্রীদের স্কুলে যাওয়ার জন্যে, স্কুলে শেখার জন্যে, স্কুলের করিডরে হাঁটার জন্যে, স্কুল কাফেটেরিয়ায় খাওয়ার জন্যে, স্কুলের মাঠে বা খেলার জায়গায় খেলার জন্যে, কোনো বিশেষ বা পড়াশোনার বাইরের কোনো অনুষ্ঠানে যোগ দেবার জন্যে অথবা স্কুলে যাতায়াত করার জন্যে সামর্থ্য ক্ষতিগ্রস্থ হবে। আরো নির্দিষ্ট ভাবে বলতে গেলে, "শত্রুতাপূর্ণ বাতাবরণ"-এর সংজ্ঞা হয় সেই পরিস্থিতি যেখানে দাদাগিরির ফলে স্কুলের আবহাওয়া ভীতি, ব্যঙ্গ ও অপমানে সম্পৃক্ত হয়ে থাকে যা অত্যন্ত গুরুতর ও ব্যাপ্ত যাতে ছাত্রছাত্রীদের শিক্ষার পরিবেশ নষ্ট করে দিতে পারে। দাদাগিরির আচরণ যদি প্রতিরোধ না করা হয় তাহলে তার ফল অল্পবয়স্কদের পক্ষে মারাত্মক হতে পারে, যেমন মানসিক অবসাদ, স্কুলের পারফরম্যান্স ও উপস্থিতি খারাপ হওয়া। দাদাগিরির আচরণ প্রতিরোধে ব্যর্থ হলে তা অন্য ছাত্রছাত্রীদের এই বার্তা দেয় যে কোনো খারাপ আচরণে লিপ্ত হওয়াও গ্রহণযোগ্য।

স্কুলে ছাত্রছাত্রীদের ওপর দাদাগিরির ঘটনা আইনত দন্ডনীয় এবং কেমব্রিজ পাবলিক স্কুলে তা সহ্য করা হবেনা। এই নীতিতে "স্কুল" কথার অর্থ হয় সব স্কুল, স্কুলের চত্বর, স্কুলে যাওয়া বা আসা, এবং/অথবা স্কুলের সৌজন্যে কোনো অনুষ্ঠান বা ইভেন্ট, স্কুলের লাগোয়া কোনো জায়গা, স্কুলের সৌজন্যে করা বা স্কুল সংক্রান্ত কোনো ক্রিয়া কান্ড, স্কুলের মাঠের বা বাইরের অনুষ্ঠান (যেমন, সামাজিক ইভেন্ট, ভ্রমন, খেলাধুলা বা এইরকম স্কুলের সৌজন্যে করা কোনো ইভেন্ট বা অনুষ্ঠান), স্কুলের বাস স্টপে, স্কুলে যাওয়ার পথে বা স্কুল থেকে ফেরার পথে স্কুলের বা স্কুল ডিস্ট্রিক্টের নিজের বা ভাড়া নেওয়া বা ব্যবহৃত হওয়া কোনো স্কুলের বাসে, বা অন্য কোনো যানবাহনে, অথবা স্কুলের বা স্কুল ডিস্ট্রিক্টের নিজের বা ভাড়া নেওয়া বা ব্যবহৃত হওয়া কোনো প্রযুক্তি ব্যবহার করে বা ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহার করে কোনো জায়গায়, কর্মকান্ডে, অনুষ্ঠানে বা প্রোগ্রামে যা স্কুল সম্পর্কিত নয় বা কোনো প্রযুক্তি ব্যবহার করে বা ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহার করে যা স্কুলের বা স্কুল ডিস্ট্রিক্টের নিজের বা ভাড়া নেওয়া বা ব্যবহৃত হওয়া নয়, যদি সেই আচরণে স্কুলে আক্রান্ত ব্যাক্তির বা সাক্ষীর জন্যে একটা শত্রুতাপূর্ণ আবহাওয়া সৃষ্টি করে, স্কুলে আক্রান্ত ব্যক্তির বা সাক্ষীর অধিকার অথবা স্কুলের নিয়মিত কাজকর্মর হানি করে।

কেমব্রিজ পাবলিক স্কুল দাদাগিরির অভিযোগ গুরুত্ব দিয়ে বিচার করে এবং দাদাগিরির কোনোরকম অভিযোগ পেলে তার সত্বর বিচার করবে। উপরন্তু, যে ব্যক্তি দাদাগিরির কথা

জানাবে, কোনো দাদাগিরির তদন্তে তথ্য বা সাক্ষ দেবে বা যার কাছে দাদাগিরি সংক্রান্ত বিশ্বাসযোগ্য খবর আছে তার প্রতি কোনো রকম প্রতিহিংসা নিষিদ্ধ হবে।

যদি কোনো ছাত্রছাত্রী, তাদের বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক, কোনো কর্মী সদস্য অথবা অন্য কোনো কমিউনিটির সদস্য বিশ্বাস করে যে কোনো ছাত্র বা ছাত্রীর ওপরে দাদাগিরি হয়েছে, অথবা প্রতিহিংসার ঘটনা হয়েছে দাদাগিরির রিপোর্ট করার জন্যে, দাদাগিরির তদন্তের সময় তথ্য বা সাক্ষ দেবার জন্যে অথবা দাদাগিরি সম্বন্ধে বিশ্বাসযোগ্য খবর রাখার জন্যে, তাহলে তারা সেই বিষয় যে স্কুলে ছাত্র বা ছাত্রীটি পড়ে তার প্রিন্সিপাল/হেড-এর নজরে আনবে। এটা মৌখিক ভাবে বা লিখিত ভাবে করা যায়। এই দাদাগিরির কথা রিপোর্ট করা এবং/অথবা রিপোর্ট করার জন্যে, তদন্তের সময় তথ্য বা সাক্ষ দেবার জন্য অথবা দাদাগিরির সম্বন্ধে বিশ্বাসযোগ্য খবর রাখার জন্য প্রতিহিংসার ঘটনার কথা বেনামেও যে স্কুলে ছাত্র বা ছাত্রীটি পড়ে তার প্রিন্সিপাল/হেড-এর কাছে জানানো যায়। কিন্তু খেয়াল রাখবেন, কোনো ছাত্র বা ছাত্রীর বিরুদ্ধে খালি বেনামে করা রিপোর্টের ভিত্তিতে কোনো রকম শৃঙ্খলামূলক ব্যবস্থা নেওয়া হবেনা।

স্কুলের *সব* কর্মীরা (যার অন্তর্গত হবে শিক্ষক, আধিকারিক, স্কুল নার্স, ক্যাফেটেরিয়ার কর্মী, কাস্টডিয়ান, বাস ড্রাইভার, অ্যাথলেটিক কোচ, কোনো পড়াশোনার বাইরের কাজের উপদেষ্টা, সাহায্যকারী কর্মীরা বা সম-পেশাদারী ব্যক্তিরা) প্রতি বছর কেমব্রিজ পাবলিক স্কুলের অ্যান্টি-বুলিইং পলিসি এন্ড বুলিইং প্রিভেনশন এন্ড ইন্টারভেনশন প্ল্যান-এ প্রশিক্ষিত হবে। কর্মীদের কর্তব্য ও দায়িত্ব বর্ণনা করা আছে দাদাগিরির প্রতিরোধ ও হস্তক্ষেপ পরিকল্পনায় *গাইড টু পলিসিস ফর স্টাফ*-এ। এখানে মনে রাখা বিশেষ প্রয়োজনীয় যে *সব স্কুল স্টাফেদের দায়িত্ব হলো কোনো দাদাগিরির ঘটনা যা তারা দেখবে বা জানতে পারবে তা সঙ্গে সঙ্গে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড-কে বা স্কুলের মনোনীত ব্যক্তিকে জানাবে সিপিএস বুলিইং রিপোর্ট ফর্ম (যা স্কুল ডিস্ট্রিক্টের ওয়েবসাইটে আছে) ব্যবহার করে।* আপার স্কুলের প্রিন্সিপাল/হেড-কে রিপোর্ট করতে হবে বলে কর্মী সদস্যদের দায়িত্ব কমে যায়না স্কুল ডিস্ট্রিক্টের আচরণ পরিচালন ও শৃঙ্খলা রক্ষা নীতি ও পদ্ধতি অনুসারে কোনো আচরণগত বা শৃঙ্খলা সংক্রান্ত ঘটনায় সাড়া দিতে।

যখন কোনো অভিযোগ আসবে, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড সঙ্গে সঙ্গেই তা জানাবেন:

- কথিত আক্রান্ত ব্যক্তির বাবা-মা/অভিভাবক/তত্ববধাযককে
- অভিযুক্ত আক্রমনকারীর বাবা-মা/অভিভাবক/তত্ববধাযককে অথবা যদি স্কুল কর্মীদের কোনো সদস্য হয় তাহলে অভিযুক্ত আক্রমনকারীকে
- সেফটি এন্ড সিকিউরিটি অফিসকে

যে অভিযোগ এসেছে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড সত্বর তার সম্বন্ধে তদন্ত করবেন।

আপার স্কুলের প্রিন্সিপাল/হেড স্কুল রিসোর্স অফিসারের পরামর্শ চাইতে পারেন কিন্তু কথিত আক্রান্ত বা আক্রমনকারীর ব্যক্তিগত পরিচয় তাকে জানাবেননা।

বাবা-মা/অভিভাবক/তত্ববধাযকদের আক্রান্ত এবং আক্রমনকারীর কথা জানানোর সময় আপার স্কুলের প্রিন্সিপাল/হেডকে ম্যাসাচুসেটস স্টুডেন্ট রেকর্ড বিধি 603 C.M.R. 23.00, এবং ফেডারেল ফ্যামিলি এডুকেশনাল রাইটস এন্ড প্রাইভেসি অ্যাক্ট বিধি 34 C.F.R. পার্ট 99, যা

603 C.M.R. 49.07–তে বিধিবদ্ধ আছে তা অনুসরণ করতে হবে। নির্দিষ্টভাবে বলতে গেলে, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড, বাবা-মা/অভিভাবক/তত্ত্বধাযকদের আক্রান্ত বা আক্রমনকারীর ছাত্র/ছাত্রীদের রেকর্ড থেকে কোনোরকম তথ্য জানাতে পারবেননা যদিনা সেই তথ্য সেই বাবা-মা/অভিভাবক/তত্ত্বধাযকদের নিজের সন্তানের হয়। আপার স্কুলের প্রিন্সিপাল/হেড 603 C.M.R. 49.06 অনুসারে কোনো আইন রক্ষাকারী এজেন্সির কাছে দাদাগিরির কথা বা তার প্রতিশোধের কথা জানাতে পারেন সেই ছাত্র/ছাত্রীর বা তাদের বাবা-মা/অভিভাবক/তত্ত্বধাযকদের অনুমতি ছাড়াই, কিন্তু আপার স্কুলের প্রিন্সিপাল/হেডকে আইন রক্ষাকারী এজেন্সির আধিকারিকদের সাথে এমন ভাবে যোগাযোগ করতে হবে যাতে পরিস্থিতি অনুযায়ী যতদুর সম্ভব আক্রান্তের, স্টুডেন্ট সাক্ষীদের, এবং আক্রমনকারীর ব্যক্তিগিত পরিচয় প্রকাশ না পায়। উপরন্তু, আক্রমনকারী যদি স্কুলের কোনো কর্মী হয় তাহলে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড তার বিরুদ্ধে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারেন যা তার চাকরি চলে যাওয়া অব্দি হতে পারে। এবং, যদি আপার স্কুলের প্রিন্সিপাল/হেড মনে করেন যে কোনো ছাত্র বা ছাত্রীর বা অন্য কারো আসন্ন ও গুরুতর স্বাস্থ্য বা নিরাপত্তার ঝুঁকি থাকতে পারে তাহলে সেই আপার স্কুলের প্রিন্সিপাল/হেড কোনো আক্রান্ত বা আক্রমনকারীর স্টুডেন্ট রেকর্ড ইনফরমেশন আইন রক্ষাকারী সহ উপযুক্ত ব্যক্তিদের জানিয়ে দিতে পারেন যাদের সম্পর্ক আছে আপৎকালীন স্বাস্থ্য বা নিরাপত্তা ব্যবস্থার সাথে যদি সেই ইনফরমেশন সম্পর্কিত তথ্য প্রয়োজন পড়ে সেই ছাত্রছাত্রীদের বা অন্য ব্যক্তিদের স্বাস্থ্য বা নিরাপত্তা সুরক্ষিত করার জন্যে যেমন 603 C.M.R. 23.07(4)(e) and 34 C.F.R. 99.13(a)(10) and 99.36-এ দেওয়া আছে। এই রকম পরিস্থিতিতে ইনফরমেশন জানিয়ে দেওয়া সীমিত থাকবে খালি আপৎকালীন পরিস্থিতির সময়ের জন্যে, এবং আপার স্কুলের প্রিন্সিপাল/হেড এই জানিয়ে দেওয়ার ঘটনা এবং কি কারণে প্রিন্সিপাল/হেড মনে করেছিলেন যে স্বাস্থ্য ও নিরাপত্তা সম্পর্কিত আপৎকালীন অবস্থা হয়েছে তা নথিবদ্ধ করে রাখবেন।

আপার স্কুলের প্রিন্সিপাল/হেড *কেমব্রিজ পাবলিক স্কুলস নন-ডিস্ক্রিমিনেশন পলিসি এন্ড প্রহিবিষণ এগেনস্ট সেক্সুয়াল হ্যারাসমেন্ট* এবং *কেমব্রিজ পাবলিক স্কুলস আন্টি-বুলিইং পলিসি*-র কপি সব সম্পর্কিত ব্যক্তিদের দেবেন যার ভিতর থাকবে যে অভিযোগ করছে, কথিত আক্রান্ত ছাত্র/ছাত্রী, কথিত আক্রান্ত ছাত্র বা ছাত্রীর বাবা-মা/অভিভাবক/তত্ত্বাবধায়ক, কথিত আক্রমনকারী, এবং কথিত আক্রমনকারী যদি একজন ছাত্র বা ছাত্রী হয় তাহলে তার বাবা-মা/অভিভাবক/তত্ত্বাবধায়ক।

<u>অভিযোগের তদন্ত</u>

কেমব্রিজ পালিক স্কুল যখন কোনো দাদাগিরির অভিযোগ পাবে বা দাদাগিরি রিপোর্ট করার জন্যে, দাদাগিরির তদন্ত চলাকালীন তথ্য দেবার জন্যে বা সাক্ষ দেবার জন্যে, অথবা দাদাগিরি সম্বন্ধে বিশ্বাসযোগ্য খবর রাখার জন্যে কারো ওপর প্রতিহিংসার অভিযোগ পাবে, তখন কেমব্রিজ পাবলিক স্কুল সেই অভিযোগের দ্রুত ও ন্যায্য তদন্ত তাড়াতাড়ি করবে। এই তদন্ত এমন ভাবে করা হবে যাতে এই পরিস্থিতিতে যতদুর কার্যতঃ সম্ভব গোপনীয়তা রাখা হবে এবং যে ব্যক্তি দাদাগিরির রিপোর্ট দেবে, দাদাগিরির তদন্ত চলার সময় তথ্য বা সাক্ষ দেবে, অথবা যার কাছে এই দাদাগিরির ঘটনা সম্বন্ধে বিশ্বাসযোগ্য খবর আছে তাকে দাদাগিরির এবং প্রতিহিংসার হাত থেকে রক্ষা করবে।

এই তদন্তের অংশ হতে পারে ছাত্রছাত্রীদের, বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কদের, স্টাফ মেম্বার বা কমিউনিটির সদস্যদের যারা অভিযোগ দায়ের করেছে, যে ছাত্র/ছাত্রীকে দাদাগিরি বা প্রতিহিংসায় আক্রান্ত বলা হচ্ছে, যে ছাত্রছাত্রী(রা) অথবা স্টাফ মেম্বার(রা) যাদের আক্রমনকারী বলা হচ্ছে, এই কথিত ঘটনার যারা সাক্ষী অথবা স্কুল ডিপার্টমেন্টর চিহ্নিত করা অন্য ব্যক্তিদের ইন্টারভিউ। দাদাগিরি অথবা প্রতিহিংসার ঘটনা প্রমান হবার পরে, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড অথবা মনোনীত ব্যক্তি সঙ্গে সঙ্গে আক্রান্ত ব্যক্তির বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কদের এবং আক্রমনকারীকে ও আক্রমনকারী যদি কোনো ছাত্র বা ছাত্রী হয় তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কদের, এই ঘটনার এবং তার ফয়সালার পদ্ধতির কথা জানাবেন। পরিস্থিতি এমনও হতে পারে যে আপার স্কুলের প্রিন্সিপাল অথবা মনোনীত ব্যক্তি তদন্তের আগেই বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কদের জানাবেন। এই নোটিস স্টেট আইন 603 C.M.R. 49.00 অনুসারে হতে হবে। আক্রান্তের এবং আক্রমনকারীর বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কদের নোটিস দেবার সময়ে আপার স্কুলের প্রিন্সিপাল/হেডকে ম্যাসাচুসেটস স্টুডেন্ট রেকর্ড বিধি, 603 C.M.R. 23.00, এবং ফেডারেল ফ্যামিলি এডুকেশনাল রাইটস এন্ড প্রাইভেসি অ্যাক্ট বিধি, 34 C.F.R. Part 99, যেমন দেওয়া আছে 603 C.M.R. 49.07-তে তার গোপনীয়তার প্রয়োজনগুলি অবশ্য মানতে হবে। আরো নির্দিষ্টভাবে বলতে হলে, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড স্টুডেন্ট রেকর্ডের তথ্য কোনো আক্রান্ত বা আক্রমনকারীর বাবা-মা/অভিভাবক/তত্বধাযককে জানাতে পারেনা যদিনা সেই তথ্য বাবা-মা/অভিভাবক/তত্বধাযকের নিজের সন্তানের হয়। কোনো আপার স্কুলের প্রিন্সিপাল/হেড দাদাগিরির বা প্রতিহিংসার ঘটনার সনাক্তকরণ স্থানীয় আইন রক্ষাকারী সংস্থাকে জানাতে পারে 603 C.M.R. 49.06 অনুসারে ছাত্র বা ছাত্রীর বা তাদের বাবা-মা/অভিভাবক/তত্বধাযকের অনুমতি না নিয়েই, কিন্তু আপার স্কুলের প্রিন্সিপাল/হেডকে আইন রক্ষাকারী আধিকারিকদের সাথে এমনভাবে যোগাযোগ করবে যাতে আক্রান্তের, ছাত্র/ছাত্রী সাক্ষীদের, এবং আক্রমনকারীর পরিচয় পরিস্থিতি অনুযায়ী যতটা কার্যত সম্ভব ততটা গোপন থাকে। অবশ্য, যদি আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বুঝে থাকেন যে ছাত্র বা ছাত্রীর বা অন্য কারুর কোনরকম আসন্ন ও গুরুতর স্বাস্থ্য বা নিরাপত্তা সংক্রান্ত ভীতির কারণ আছে, তাহলে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড স্টুডেন্ট রেকর্ডের তথ্য স্বাস্থ্য ও নিরাপত্তা জরুরি অবস্থা সম্পর্কিত আইন রক্ষাকারী সহ উপযুক্ত ব্যক্তিদের জানাতে পারেন যদি সেই তথ্য ছাত্রছাত্রীদের বা অন্যান্যদের স্বাস্থ্য ও নিরাপত্তা সুরক্ষিত রাখতে সাহায্য করে 603 C.MR. 23.07(4)(e) এবং 34 C.F.R. 99.13(a)(10) এবং 99.36 অনুসারে। এই রকম পরিস্থিতিতে ইনফরমেশন জানিয়ে দেওয়া সীমিত থাকবে খালি আপৎকালীন পরিস্থিতির সময়ের জন্যে, এবং আপার স্কুলের প্রিন্সিপাল/হেড এই জানিয়ে দেওয়ার ঘটনা এবং কি কারণে প্রিন্সিপাল/হেড মনে করেছিলেন যে স্বাস্থ্য ও নিরাপত্তা সম্পর্কিত আপৎকালীন অবস্থা হয়েছে তা নথিবদ্ধ করে রাখবেন। এবং, স্টেট আইন অনুযায়ী, যদি নির্ধারিত হয় যে ঘটনাটি ঘটেছে, আক্রান্ত ব্যক্তির(দের) বাবা-মা/অভিভাবক/তত্বধাযককে তদন্তের ফল এবং পরের কোনো দাদাগিরি বা প্রতিশোধের ঘটনা প্রতিরোধ করার জন্যে কি পদক্ষেপ নেওয়া হবে জানাতে হবে।

উপরন্তু, স্টেট আইনের সাথে সাযুজ্য রেখে এবং কেমব্রিজ পাবলিক স্কুল এবং কেমব্রিজ পুলিস ডিপার্টমেন্টর মধ্যে করা মেমোরান্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং-এর শর্ত অনুসারে, যদি নির্ধারিত হয় যে দাদাগিরি বা প্রতিহিংসার ঘটনা ঘটেছে, আপার স্কুলের প্রিন্সিপাল এবং ডিরেক্টর অফ সেফটি এন্ড সিকিউরিটি একসাথে:

- স্কুল রিসোর্স অফিসারকে জানাবেন আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের বিশ্বাস করার কোনো যুক্তিযুক্ত ভিত্তি আছে কিনা যে আক্রমনকারীর বিরুদ্ধে অপরাধের অভিযোগ দায়ের করা

যায় অথবা তিনি বুঝেছেন যে ছাত্র বা ছাত্রীটির বা অন্য ব্যক্তিদের কোনো আসন্ন ও গুরুতর স্বাস্থ্য বা নিরাপত্তাজনিত ভীতি আছে

- এই *হ্যান্ডবুক* অনুযায়ী যথাযথ শৃঙ্খলামূলক ব্যবস্থা নেবেন
- যদি আক্রমনকারী একটি ছাত্র বা ছাত্রী হয় তাহলে তার বাবা-মা/অভিভাবক/তত্ত্বধায়ককে জানাবেন অথবা যদি আক্রমনকারী কোনো স্টাফ মেম্বার হয় তাহলে তাকে জানাবেন
- আক্রান্ত ব্যক্তির(দের) বাবা-মা/অভিভাবক/তত্ত্বধায়ককে জানাবেন, এবং স্টেট ও ফেডারেল আইন ও বিধি অনুসারে যতদুর প্রযোজ্য, পরের কোনো দাদাগিরি বা প্রতিশোধের ঘটনা প্রতিরোধ করার জন্যে কি পদক্ষেপ নেওয়া হয়েছে জানাবেন।

উপরন্তু, যদি কোনো দাদাগিরি বা প্রতিহিংসার ঘটনায় একাধিক স্কুল ডিস্ট্রিক্টের ছাত্রছাত্রী, চার্টার স্কুলের, নন-পাবলিক স্কুলের, অনুমোদিত প্রাইভেট ডে বা রেসিডেনশিয়াল স্কুলের অথবা কোনো কোলাবরেটিভ স্কুলের ছাত্রছাত্রীরা জড়িত থাকে তাহলে যে স্কুল বা স্কুল ডিস্ট্রিক্ট সর্বপ্রথম কোনো দাদাগিরির বা প্রতিহিংসার ঘটনার খবর পাবে, তারা স্টেট এবং ফেডারেল আইন অনুযায়ী, অন্যান্য স্কুলের বা স্কুল ডিস্ট্রিক্টের কোনো উপযুক্ত আধিকারিককে খবর দেবে যাতে দুজনেই উপযুক্ত ব্যবস্থা নিতে পারে।

যে কোনো সময়ে দাদাগিরির বা প্রতিহিংসার ঘটনার কথা জানার পরে, তা তদন্ত শেষ হয়ে যাবার পরেও হতে পারে, যদি আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা মনোনীত ব্যক্তির বিশ্বাস করার যথেষ্ট যুক্তিযুক্ত কারণ থাকে যে আক্রমনকারীর বিরুদ্ধে অপরাধের অভিযোগ আনা যেতে পারে, তাহলে সেই আপার স্কুলের প্রিন্সিপাল/হেড, ডিরেক্টর অফ সেফটি এন্ড সিকিউরিটির সাথে একসাথে, আইন রক্ষাকারী সংস্থাদের জানাবে। জানাবার নোটিস দিতে হবে 603 C.M.R. 49.00-র প্রয়োজন অনুসারে এবং কেমব্রিজ পাবলিক স্কুলস ও কেমব্রিজ পুলিস ডিপার্টমেন্টর করা মেমোরান্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং-এর শর্ত অনুসারে। এবং, যদি দাদাগিরি বা প্রতিহিংসার ঘটনা স্কুল চত্বরে ঘটে থাকে, ও কোনো প্রাক্তন ছাত্রছাত্রী এতে জড়িয়ে থাকে যাদের বয়স 21-এর কম এবং যারা এখন আর কোনো স্থানীয় স্কুল ডিস্ট্রিক্ট, চার্টার স্কুল, নন-পাবলিক স্কুল, অনুমোদিত প্রাইভেট ডে বা রেসিডেনশিয়াল স্কুল অথবা কোনো কোলাবরেটিভ স্কুলে পড়েনা, তাহলে যে স্কুল বা স্কুল ডিস্ট্রিক্ট দাদাগিরির বা প্রতিহিংসার খবরটা পেয়েছে তারা আইন রক্ষাকারীদের খবর দেবে স্টেট এবং ফেডারেল আইন ও বিধির সাথে সাযুজ্য রেখে। এই সিদ্ধান্ত নেবার সময় আপার স্কুলের প্রিন্সিপাল/হেড, পরিকল্পনা অনুযায়ী, যথাযথ স্কুল ডিস্ট্রিক্ট পলিসি ও পদ্ধতি এবং কেমব্রিজ পাবলিক স্কুলস ও কেমব্রিজ পুলিস ডিপার্টমেন্টর করা মেমোরান্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং-এর শর্ত অনুযায়ী, স্কুল রিসোর্স অফিসার ও যে ব্যক্তিদের আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা মনোনীত ব্যক্তি উপযুক্ত মনে করেন তাদের সাথে আলোচনা করবেন।

<u>শৃঙ্খলামূলক ব্যবস্থা/ দাদাগিরির প্রত্যুত্তর</u>

শৃঙ্খলা সম্পর্কে কেমব্রিজ পাবলিক স্কুলের উদ্দেশ্য হলো এমন একটি পরিবেশ তৈরী করা যেখানে ছাত্রছাত্রীরা শিখতে পারবে স্বতন্ত্র ব্যক্তিরা যখন নিজেদের মধ্যে হানাহানি করে তখন সম্পূর্ণ সমাজের যে ক্ষতি হয় তা কিভাবে সংস্কার করতে হয়। যদি প্রমানিত হয় যে দাদাগিরি বা অন্য কোনো রকম অন্যায় আচরণ সংঘটিত হয়েছে, তাহলে কেমব্রিজ পাব্লিক স্কুল পরিস্থিতি অনুযায়ী তার বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেবে। শৃঙ্খলামূলক ব্যবস্থা যা নেওয়া হবে তা দায়িত্ববোধ এবং স্কুল কমিউনিটির যে ক্ষতি হয়েছে তার সংস্কারের মধ্যে ভারসাম্য বজায় রাখবে, একইসঙ্গে

উপযুক্ত আচরণের শিক্ষাও দেবে। একটি উপযুক্ত পুনরুদ্ধারের কাঠামো ব্যবহার করে, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা মনোনীত ব্যক্তি যে ছাত্র বা ছাত্রী দাদাগিরির বা প্রতিহিংসার ঘটনার খবর দিয়েছে, যে ছাত্র বা ছাত্রী দাদাগিরির বা প্রতিহিংসার ঘটনার সাক্ষী থেকেছে, যে ছাত্র বা ছাত্রী তদন্তের সময় তথ্য দিয়েছে অথবা যে ছাত্র বা ছাত্রীর কাছে দাদাগিরির বা প্রতিহিংসার ঘটনার বিশ্বাসযোগ্য খবর আছে তাদের দাদাগিরির বা প্রতিহিংসার থেকে সুরক্ষার জন্যে উপযুক্ত কৌশল প্রয়োগ করবেন।

দাদাগিরি বা প্রতিহিংসার ঘটনার তদন্ত শেষ করার আগেই, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা মনোনীত ব্যক্তি পদক্ষেপ নেবেন কথিত আক্রান্ত ব্যক্তির জন্যে একটি সুরক্ষার বাতাবরণ তৈরির প্রয়োজনের মূল্যায়ন করতে এবং/অথবা কথিত আক্রান্ত ব্যক্তিকে সম্ভাব্য ভবিষ্যত দুর্ঘটনার থেকে বাঁচাতে সুরক্ষা দিতে। সুরক্ষা বৃদ্ধির প্রত্যুত্তরের অন্তর্গত হবে, কিন্তু তাতেই সীমিত হবেনা, একটি ব্যক্তিগত সুরক্ষা পরিকল্পনা; ক্লাসরুমে আক্রান্তের এবং/অথবা আক্রমনকারীর বসার জায়গা পূর্বনির্ধারিত করে রাখা; লাঞ্চের সময়, বা বাসে, একজন কর্মী সদস্যকে চিহ্নিত করে রাখা যে আক্রান্তের জন্যে "নিরাপদ ব্যক্তির" ভূমিকা নেবে; এবং আক্রমনকারীর সময়সূচি ও আক্রান্তের সাথে যোগাযোগের ব্যবস্থা পাল্টে ফেলা। আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা মনোনীত ব্যক্তি তদন্ত চলাকালীন ও সম্পূর্ণ হবার পরে সুরক্ষা বৃদ্ধির জন্যে প্রয়োজন মত অতিরিক্ত ব্যবস্থা নেবেন।

যথাযথ আচরণ শেখানোর অনেকগুলি উপায় আছে, যেমন: ব্যক্তিগত কৌশল বৃদ্ধির সেশন অফার করা; মডেলিং করা এবং সংস্কারমূলক অভ্যাস অনুশীলন করা; স্কুল কাউন্সেলরদের ও অন্যান্য উপযুক্ত স্কুল কর্মীদের পরামর্শ নিয়ে, ছাত্রছাত্রীদের ব্যক্তিগত ভাবে বা দলবদ্ধ ভাবে প্রাসঙ্গিক শিক্ষামূলক অভ্যাস করানো; অনেক রকমের পড়াশোনার বা পড়াশোনার বাইরের উন্নয়নমূলক আচরণগত সাহায্য প্রয়োগ করা যা ছাত্রছাত্রীদের সাহায্য করবে তাদের উদ্দেশ্যে পৌঁছনোর সমাজ সহায়ক রাস্তাগুলি চিনে নিতে; বাবা-মা/অভিভাবক/তত্ত্বধায়কদের সাথে দেখা করে তাদের সাহায্য নেওয়া যাতে বাড়িতেও দাদাগিরি প্রতিরোধের ও সামাজিক দক্ষতা বৃদ্ধির শিক্ষা গড়ে তোলা যায়; কিছু আচরণগত পরিকল্পনা গ্রহণ করা যাতে নির্দিষ্ট সামাজিক দক্ষতা গড়ে তলার ওপর মনোযোগ দেওয়া যায়।

ছাত্রছাত্রীরা যাদের দাদাগিরিতে জড়িত থাকা প্রমানিত হয়েছে তাদের বিরুদ্ধে যে ব্যবস্থা নেওয়া হবে তাতে থাকতে পারে আক্রমনকারীদের স্কুল কর্মীদের সাথে কাজ করানো যাতে তাদের ব্যবহারের উন্নতি হয়; সুপারিশ করা কাউন্সেলিং-এর জন্যে, সাহায্যকারী পরিষেবার জন্যে, অথবা ছাত্র বা ছাত্রীটির এবং তার যথোচিত আত্মীয়দের জন্যে অন্যান্য থেরাপিউটিক হস্তক্ষেপ; এই হ্যান্ডবুকের অনুসারে ছাত্র বা ছাত্রীটির জন্যে স্কুল সংক্রান্ত শাস্তিমূলক ব্যবস্থা যা হতে পারে সাসপেনশন, এক্সপালশন এবং/অথবা কোর্টের হস্তক্ষেপ।

ছাত্রছাত্রীরা যাদের দাদাগিরিতে জড়িত থাকা প্রমানিত হয়েছে তাদের জানানো যে কোনো প্রতিহিংসা নিষিদ্ধ এবং কোনো প্রতিহিংসার ঘটনা ঘটলে তার ফল হবে শাস্তিমূলক ব্যবস্থা।

যেখানে প্রমানিত হবে যে অন্যায় আচরণ ঘটেছে, সেখানে কেমব্রিজ পাবলিক স্কুল সেই আচরণ রোধ করার জন্যে সত্বর ব্যবস্থা নেবে এবং প্রয়োজন মত সংশোধনী ব্যবস্থা নেবে, যাতে থাকতে পারে আক্রমনকারীকর স্কুল কর্মীদের সাথে ভালো আচরণের উদ্দেশ্যে কাজ করা, সুপারিশ করা কাউন্সেলিং-এর ব্যবস্থার জন্যে বা অন্যান্য থেরাপিউটিক পরিষেবার জন্যে, বা যেখানে উপযুক্ত মনে হবে শৃঙ্খলামূলক ব্যবস্থার জন্যে, যাতে থাকতে পারে সাসপেনশন, এক্সপালশন বা কোর্টের হস্তক্ষেপ। এবং, স্টেট আইন অনুসারে, যদি প্রমানিত হয় যে দাদাগিরি বা প্রতিহিংসামূলক ঘটনা

ঘটেছে, সেক্ষেত্রে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড, ডিরেক্টর অফ সেফটি এন্ড সিকিউরিটির সাথে একসাথে, (i) স্থানীয় আইন রক্ষাকারী সংস্থাকে জানাবে যদি আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বিশ্বাস করেন যে আক্রমনকারীর বিরুদ্ধে অপরাধের অভিযোগ দায়ের করা যেতে পারে; (ii) উপযুক্ত শৃঙ্খলামূলক ব্যবস্থা নেবেন; (iii) আক্রমনকারীর বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে জানাবেন; (iv) আক্রান্তের বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে জানাবেন, এবং যতটা স্টেট ও ফেডারেল আইন অনুসারে বলে ততটা জানাবেন এর পরের সম্ভাব্য দাদাগিরি বা প্রতিহিংসা রোধ করার জন্যে কি ব্যবস্থা নেওয়া হয়েছে। উপরন্তু, যদি প্রমানিত হয় যে কোনো ছাত্র বা ছাত্রী জেনেবুঝে দাদাগিরি বা প্রতিহিংসার ঘটনার মিথ্যা অভিযোগ করেছে, তাহলে সেই ছাত্র বা ছাত্রীর বিরুদ্ধে এই হ্যান্ডবুকের বিধান অনুসারে শৃঙ্খলামূলক ব্যবস্থা নেওয়া হবে।

<u>আক্রান্ত এবং অন্যান্যদের সুরক্ষা বর্ধিত করা</u>

যে ছাত্র বা ছাত্রী দাদাগিরির শিকার হয়েছে তার সুরক্ষার বোধ পুনর্স্থাপিত করার জন্য এবং তার সুরক্ষার প্রয়োজন মূল্যায়ন করার জন্য, ছাত্র বা ছাত্রীটি, তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক, এবং যথাযথ স্কুল কর্মীদের (যেমন আপার স্কুলের প্রিন্সিপাল/হেড, অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপাল, ডিন অফ স্টুডেন্টস, নিরাপত্তা বিশেষজ্ঞ, এবং/অথবা স্কুলের রিসোর্স অফিসার) নিয়ে একটি মিটিং করা হবে। এই মিটিঙের উদ্দেশ্য হবে ছাত্র বা ছাত্রীটির জন্যে একটা সুরক্ষা পরিকল্পনার গঠন ও তার প্রয়োগপন্থা আলোচনা করা, এতে থাকবে সেই কর্মী যাকে কোনো রকম দুশ্চিন্তার ঘটনা ঘটলে ছাত্র বা ছাত্রীটি জানাবে। দি কেমব্রিজ পাবলিক স্কুল, প্রয়োজন বুঝে সুপারিশ করতে পারে কাউন্সেলিং-এর জন্যে, সাহায্যকারী পরিষেবার জন্যে, বা ছাত্র বা ছাত্রী বা তাদের যথোচিত পরিবারের সদস্যদের থেরাপিউটিক হস্তক্ষেপের জন্যে।

অপরাধ প্রমানিত হবার যুক্তিসঙ্গত সময়ের পরে এবং সংশোধনী এবং/অথবা শৃঙ্খলামূলক ব্যবস্থার পরে, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা মনোনীত ব্যক্তি আক্রান্তের সাথে কথা বলবেন নিষিদ্ধ আচরণ আবার সংঘটিত হয়েছে কিনা তা জানার জন্যে এবং কোনো অতিরিক্ত সাহায্যের ব্যবস্থার প্রয়োজন আছে কিনা জানার জন্যে। যদি তা থাকে তাহলে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা মনোনীত ব্যক্তি যথোপযুক্ত স্কুল কর্মীদের সাথে কথা বলে তা সত্বর দেবার ব্যবস্থা করবেন।

যদি কোনো নিয়ন্ত্রনের আদেশ দেওয়া হয়ে থাকে তাহলে, মিটিঙের একটি উদ্দেশ্য হবে এই নিয়ন্ত্রনের আদেশের ফলশ্রুতি পর্যালোচনা করা এবং যদি এই নিয়ন্ত্রনের আদেশের কোনো লঙ্ঘন হয় তাহলে তা রিপোর্ট করার পদ্ধতি পর্যালোচনা করা। এই নিয়ন্ত্রনের আদেশ যদি কোনো ছাত্র বা ছাত্রীর বা কোনো কর্মীর বিরুদ্ধে হয়, তাহলে সেই ব্যক্তির সাথে একটি আলাদা মিটিং করতে হবে এই নিয়ন্ত্রণ আদেশ লঙ্ঘনের ফল, প্রত্যাশা ও পরিণতি পর্যালোচনা করার জন্যে।

<u>মিথ্যা অভিযোগ/প্রতিহিংসা</u>

যদি প্রমানিত হয় যে কোনো ছাত্র বা ছাত্রী দাদাগিরির বা প্রতিহিংসার মিথ্যা অভিযোগ করেছে, তাহলে সেই ছাত্র বা ছাত্রীটির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে এই *হ্যান্ডবুকের* বিধি অনুসারে।

প্রত্যেক ছাত্রছাত্রীকে সমান সুরক্ষা প্রদান করা হবে তার আইনি অবস্থান নির্বিশেষে।

স্কুল-ভিত্তিক ব্যবস্থার পর্যালোচনা

যদি কোনো ব্যক্তির দাদাগিরি সম্পর্কিত অভিযোগ থাকে, কথিত দাদাগিরির আক্রান্ত এবং/অথবা দাদাগিরির কথিত আক্রান্তের বাবা-মা/অভিভাবক/তত্ত্বাবধায়কেরা যদি ওই দাদাগিরির ঘটনায় তাদের উদ্বেগের নিরসন তাদের সরল বিশ্বাসে করা আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের মাধ্যমে ওপরে দেওয়া সাধারণ উপায়ে না করতে পারেন, তাহলে একটি লিখিত অভিযোগ সুপারিনটেনডেন্ট অথবা চিফ অপারেটিং অফিসারের কাছে জমা করতে পারেন। এই লিখিত অভিযোগে উদ্বেগের কথা এবং ঘটনার একটি সংক্ষিপ্ত বিবরণ এবং নির্দিষ্ট করে কি নিরসন চাওয়া হচ্ছে তা থাকতে হবে।

লিখিত অভিযোগ পাবার সাত(7) দিনের মধ্যে, সুপারিনটেনডেন্টকে বা তার মনোনীত কাউকে উদ্বেগগুলি আলোচনা করার জন্যে দিন ও সময় ঠিক করে মিটিঙের জন্যে মেলে নোটিস পাঠাতে হবে। মিটিঙের পরে সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি নির্ধারণ করবেন দাদাগিরি বা অন্য কোনো অন্যায্য আচরণ সংঘটিত হয়েছে কিনা, সে দিন পর্যন্ত, দাদাগিরি বা অন্যান্য অন্যায্য আচরণ বন্ধ করার জন্যে কি কি উপযুক্ত উদ্বেগ নিরসনের ব্যবস্থা নেওয়া হয়েছে এবং কোনো অতিরিক্ত সাহায্যের ব্যবস্থার প্রয়োজন আছে কিনা। মিটিঙের পাচ(5) দিনের মধ্যে এই বিষয়গুলি উদ্দেশ্য করে এবং এই উল্লিখিত উদ্বেগগুলি নিরসন করার জন্যে স্কুল ডিস্ট্রিক্ট কি অতিরক্ত পদক্ষেপ নেবে তা জানিয়ে চিঠি দেওয়া হবে।

যদি যে ব্যক্তি দাদাগিরির অভিযোগ জানাচ্ছে, দাদাগিরির কথিত আক্রান্ত, এবং/অথবা কথিত দাদাগিরির আক্রান্তের বাবা-মা/অভিভাবক/তত্ত্বাবধায়ক সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তির সঙ্গে মিটিঙের হয়ে যাবার পরেও তাদের সমস্যাগুলির এবং উদ্বেগগুলির সমাধান না করতে পেরে থাকে, তাহলে স্কুল কমিটির কাছে একটি পর্যালোচনার অনুরোধ জানাতে পারে। স্কুল কমিটি তাদের সিদ্ধান্ত অনুযায়ী সাক্ষীদের শুনানি নিতে পারে, অতিরিক্ত প্রমান গ্রহণ করতে পারে, এবং স্কুল পর্যায়ের রায় এবং সুপারিশগুলি পর্যালোচনা করতে পারে এবং সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তির রিভিউ মিটিঙের রায় এবং সুপারিশগুলিও পর্যালোচনা করতে পারে। এই পর্যালোচনার পাঁচ(5) দিনের মধ্যে, স্কুল কমিটি তাদের লিখিত সিদ্ধান্ত জানাবে সুপারিনটেনডেন্টের রায় বা সুপারিশ মেনে নিয়ে, বা না মেনে নিয়ে, বা পরিবর্তন করে, এবং আরো জানিয়ে যদি স্কুল ডিস্ট্রিক্ট কোনো অতিরিক্ত পদক্ষেপ নিতে চায় যে উদ্বেগগুলি জানানো হয়েছে তার নিরসনের জন্যে।

অন্যান্য যা অভিযোগ জানাবার পদ্ধতি উপলব্ধ আছে

এটা খেয়াল রাখবেন যে এই সেকশনে ওপরের বর্ণিত পদ্ধতিগুলিতে যে ব্যাবস্থার কথা দেওয়া আছে এবং কেমব্রিজ পাবলিক স্কুলস আন্টি বুলিইং পলিসি এন্ড বুলিইং প্রিভেনশন এন্ড ইন্টারভেনশন প্ল্যানে যা দেওয়া আছে তার ফলে ছাত্রছাত্রীদের কেমব্রিজ পাবলিক স্কুলের “নন-ডিস্ক্রিমিনেশন পলিসি এন্ড প্রহিবিষণ এগেনস্ট সেক্সুয়াল হ্যারাসমেন্ট পলিসি” তে দেওয়া অভিযোগ পদ্ধতি ব্যবহার করা আটকায়না কোনো রকম বৈসম্য বা হয়রানির অভিযোগের সমাধান চাইতে যার ভিত্তি হলো আইন দ্বারা সুরক্ষিত চারিত্রিক বৈশিষ্ট যেমন জাত, বর্ণ, জাতিগত পরিচয়,

এথনিসিটি, বংশ, ধর্ম, বয়স, বিকলাঙ্গতা, জেনেটিক তথ্য, ভেটেরান স্টেটাস, বৈবাহিক অবস্থা, সেক্স, জেন্ডার, জেন্ডার আইডেন্টিটি, সেক্সুয়াল ওরিয়েন্টেশন, গর্ভাবস্থা, গর্ভাবস্থা সম্পর্কিত অবস্থা। এটাও খেয়াল রাখবেন এই সেকশনের পদ্ধতিগুলি কোনো ছাত্রছাত্রীকে এই *হ্যান্ডবুকের* পরিচ্ছেদ 23.0-তে দেওয়া অভিযোগ পদ্ধতি ব্যবহার করতে আটকায়না তাদের কোনো রকম অধিকার যা বর্ণিত আছে এই *হ্যান্ডবুকে* তার খর্বের অভিযোগের সমাধান চাইতে।

<u>অন্যান্য আইনের সাথে সম্পর্ক</u>

ফেডারেল ও স্টেট আইনগুলির ও স্কুল ডিস্ট্রিক্টের পলিসির সাথে সঙ্গতি রেখে, কারুর সাথে কোনো রকম বৈষম্য করা হবেনা কোনো শহরে বা টাউনে কোনো পাবলিক স্কুলে ভর্তির সময়, অথবা সেই পাবলিক স্কুলে পড়ার সময় কোনো সুবিধায়, কোনো অধিকারে বা পড়াশোনার বিষয়ে তার জাত, বর্ণ, জাতিগত পরিচয়, এথনিসিটি, বংশ, ধর্ম, বয়স, বিকলাঙ্গতা, জেনেটিক তথ্য, ভেটেরান স্টেটাস, বৈবাহিক অবস্থা, সেক্স, জেন্ডার, জেন্ডার আইডেন্টিটি, সেক্সুয়াল ওরিয়েন্টেশন, গর্ভাবস্থা, গর্ভাবস্থা সম্পর্কিত অবস্থার ওপর ভিত্তি করে। এই পরিচ্ছেদে বা কেমব্রিজ পাবলিক স্কুলস আন্টি বুলিইং পলিসি এন্ড বুলিইং প্রিভেনশন এন্ড ইন্টারভেনশন প্ল্যানের কোনো উক্তিই কোনো স্কুল বা স্কুল ডিস্ট্রিক্টকে প্রতিরোধ করেনা কোনো বৈষম্য বা হয়রানির বিরুদ্ধে ব্যবস্থা নিতে কোনো ব্যক্তির স্থানীয়, স্টেট ও ফেডারেল আইন এবং স্কুল ডিস্ট্রিক্টের নীতির দ্বারা আইনগতভাবে সুরক্ষিত কোনো গোষ্ঠির সদস্য হবার জন্যে। এবং এই পরিচ্ছেদে বা কেমব্রিজ পাবলিক স্কুলস আন্টি বুলিইং পলিসি এন্ড বুলিইং প্রিভেনশন এন্ড ইন্টারভেনশন প্ল্যানের কোনো উক্তিই এমনভাবে পরিকল্পিত বা অভিপ্রেত নয় যা কোনো স্কুল বা স্কুল ডিস্ট্রিক্টর ক্ষমতা সীমিত করবে M.G.L.c. 71, সেকশন 37H এবং 37H ½, এবং অন্যান্য প্রযোজ্য আইন, অথবা স্থানীয় স্কুল বা স্থানীয় স্কুল ডিস্ট্রিক্টের পলিসি অনুসারে কোনো হিংস্র, ক্ষতিকারক বা ঐক্যনাশক আচরণের প্রত্যুত্তরে কোনো শৃঙ্খলামূলক ব্যবস্থা নেবার জন্যে, এই পরিচ্ছেদে বা কেমব্রিজ পাবলিক স্কুলস আন্টি বুলিইং পলিসি এন্ড বুলিইং প্রিভেনশন এন্ড ইন্টারভেনশন প্ল্যানে সেই আচরণ অন্তর্গত থাকুক বা না থাকুক।

5.13 <u>টিন ডেটিংয়ে হিংস্রতার বিরুদ্ধে নীতি</u>

দি কেমব্রিজ পাবলিক স্কুলস একটি শিক্ষার বাতাবরণ দেবার জন্যে দায়বদ্ধ যেখানে ডেটিং হিংস্রতা সহ্য করা হয়না। এই দর্শনের সাথে সঙ্গতি রেখে, কেমব্রিজ পাবলিক স্কুল অঙ্গীকারবদ্ধ ডেটিং হিংস্রতা মুক্ত একটি পরিবেশ গড়ে তলার জন্য। সেই অনুযায়ী, কেমব্রিজ পাবলিক স্কুল টিন ডেটিং হিংস্রতা সম্বন্ধে সচেতনতা বাড়াতে চায় এবং আক্রান্তদের এবং ছেলেমেয়েরা যারা এরকম হিংস্রতার সাক্ষী তাদের প্রয়োজনে সাহায্য করতে চায়।

যে কোনো পরিস্থিতিতেই টিন ডেটিং হিংস্রতা আইনবিরুদ্ধ এবং কোনো স্কুলের পরিবেশের ভিতর ঘটা টিন ডেটিং হিংস্রতা বরদাস্ত করা হবেনা। এবং, কোনো ব্যক্তি যে টিন ডেটিং হিংস্রতা সম্পর্কে অভিযোগ করেছে বা কোনো টিন ডেটিং হিংস্রতার তদন্তে সহযোগিতা করেছে তার ওপরে প্রতিহিংসার ঘটনা বরদাস্ত করা হবেনা। কেমব্রিজ পাবলিক স্কুল কোনো টিন ডেটিং হিংস্রতা বা প্রতিহিংসার অভিযোগ বা রিপোর্ট পেলে তাড়াতাড়ি ব্যবস্থা নেবে এবং যেখানে প্রয়োজন সংশোধনী পদক্ষেপ নেবে, যাতে থাকতে পারে উপযুক্ত পরিস্থিতিতে শাস্তিমূলক ব্যবস্থা।

***গার্হস্থ্য হিংস্রতা/নিজেদের মধ্যে হিংস্রতা*** **:** গার্হস্থ্য হিংস্রতা হলো বাধ্যতামূলক আচরণের একটি প্যাটার্ন যেখানে একটি পার্টনার অন্যকে বশে রাখার চেষ্টা করে ভীতিপ্রদর্শন করে বা অন্য কোনরকম ভাবে কৌশলের মাধমে, যাতে থাকতে পারে নিম্নোক্ত কোনো একটি বা সবকটি: শারীরিক, সেক্সুয়াল, বাচিক, অর্থনৈতিক, মানসিক খারাপ ব্যবহার করা এবং/অথবা যা হতে পারে প্রযুক্তির মাধ্যমে (যেমন সাইবার বুলিইং)

গার্হস্থ্য হিংস্রতা সারা দেশের সমস্ত কমিউনিটির মধ্যেই দেখা যায়, তারা যে জাতিগত গোষ্ঠী, সংস্কৃতি বা পরিবেশেরই হোক না কেন। সমস্ত বয়সের, রোজগারের, বিশ্বাসের, সেক্সুয়াল ওরিয়েন্টেশনের, লিঙ্গ এবং শিক্ষাগত যোগ্যতার লোকেরাই গার্হস্থ্য হিংস্রতা অভিজ্ঞতা করে।

***টিন ডেটিং হিংস্রতা:*** ডেটিং হিংস্রতা (বা সম্পর্কের অপব্যবহার) হলো একটি অতিরিক্ত বশে আনার আচরণের প্যাটার্ন যা কেউ তার মেয়ে বন্ধু বা ছেলে বন্ধুর ওপর প্রয়োগ করে। ডেটিং হিংস্রতার অনেক রূপ হয়, যাতে থাকতে পারে মানসিক/আবেগের অপব্যবহার, শারীরিক অপব্যবহার এবং সেক্সুয়াল অপব্যবহার এবং/অথবা যা হতে পারে প্রযুক্তি ব্যবহার করে (যমন সাইবার বুলিইং)। কারোর কোনরকম শারীরিক অপব্যবহার ছাড়াই ডেটিং হিংস্রতার অভিজ্ঞতা হতে পারে। এটা হতে পারে কোনো ক্যাজুয়াল ডেটিং পরিবেশে বা সিরিয়াস, দীর্ঘমেয়াদী সম্পর্কে।

***শিশু সাক্ষী/গার্হস্থ্য হিংস্রতার অভিজ্ঞতা*** **:** গার্হস্থ্য হিংস্রতার অভিজ্ঞতা যেকোনো শিশুর জীবনের সমস্ত দিকে, তার বেড়ে ওঠার এবং তার বিকাশের ওপর ছাপ ফেলতে পারে। অভিজ্ঞতার মধ্যে থাকতে পারে কোনো খারাপ ব্যবহার দেখা বা শোনা, কোনো খারাপ ব্যবহারের ফল আবিস্কার করা (তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কদের আঘাতের চিহ্ন, ভাঙ্গা আসবাবপত্র, ইত্যাদি) এবং/অথবা কোনো খারাপ ব্যবহারকারী আচরণের বিরুদ্ধে তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কদের রক্ষা করতে গিয়ে আঘাতপ্রাপ্ত হওয়া।

***পারিবারিক হিংস্রতা:*** পারিবারিক হিংস্রতার সংজ্ঞা আরো ব্যাপক, এর অন্তর্গত হয় শিশুদের প্রতি অপব্যবহার, বৃদ্ধ বৃদ্ধাদের প্রতি অপব্যবহার, এবং পরিবারের সদস্যদের মধ্যে হিংস্র ব্যবহার।

***আক্রান্ত/ক্ষতিগ্রস্থ/আঘাতপ্রাপ্ত:*** এই কথাগুলি পাল্টে পাল্টে ব্যবহার করা যায় সেই ব্যক্তি সম্বন্ধে যে আঘাত পেয়েছে, খারাপ ব্যবহার পেয়েছে বা যাকে ভয় দেখিয়ে শাসানো হয়েছে, তার কোনো শারীরিক ক্ষতি হয়ে থাকুক বা না থাকুক।

***আক্রমনকারী/কুকর্মকারী/আঘাতকারী:*** এই কথাগুলি পাল্টে পাল্টে ব্যবহার করা যায় সেই ব্যক্তি সম্বন্ধে যে আঘাত করেছে, খারাপ ব্যবহার করেছে বা কোনো হানি করেছে, তাতে কোনো শারীরিক ক্ষতি হয়ে থাকুক বা না থাকুক।

এ ছাড়াও, এই ধরনের আচরণে থাকতে পারে হয়রানি করা, কোনো ধরনের বৈষম্য করা, যা ফেডারেল ও স্টেট আইন দ্বারা নিষিদ্ধ, এবং/অথবা এই ধরনের আচরণ দাদাগিরির পর্যায়েও পড়তে পারে, যাতে থাকতে পারে সাইবার দাদাগিরি, যা আইনত দন্ডনীয়।এই ধরনের আচরণ কেমব্রিজ পাবলিক স্কুলের নন-ডিস্ক্রিমিনেশন পলিসি এন্ড প্রোহিবিষণ এগেনস্ট

সেক্সুয়াল হ্যারাসমেন্ট, কেমব্রিজ পাবলিক স্কুলস আন্টি ভায়োলেন্স পলিসি, এবং কেমব্রিজ পাবলিক স্কুলস আন্টি বুলিইং পলিসি দ্বারাও নিষিদ্ধ।

<u>অপব্যবহার আচরণের অন্তর্গত:</u> ছাত্র বা ছাত্রীর পার্টনার যদি অন্য কারো সাথে কথা বলে তাহলে সত্যিকারের ঈর্ষান্বিত হওয়া, অন্যে কি করবে তা আদেশ করার চেষ্টা করা, কোনো মতান্তরকে বেশি বড় করে দেখা, সম্পর্ক ভাঙ্গার জন্যে সবসময়ে ভয় দেখানো, মৌখিক ভাবে রাগারাগি করা, নিজেদের অসুবিধার জন্যে অন্যকে দায়ী করা, মানসিক ভাবে বা শারীরিক ভাবে তার পার্টনারকে আহত করা, অথবা সাইবার বুলিইং করা।

<u>আঘাতপ্রাপ্ত হবার চিহ্নের অন্তর্গত:</u> কোনো সঠিক কারণ ছাড়াই ক্রমাগত প্ল্যান ক্যানসেল করা, সবসময়ে পার্টনারকে রাগিয়ে দেবার ভয়ে থাকা, নিজের কাছে প্রয়োজনীয় জিনিসগুলি ত্যাগ করা, শারীরিক অপব্যবহারের ছাপ পড়া, যেমন কালসিটে বা কাটার দাগ, যৌন আচরণের জন্যে বাধ্য হওয়া অথবা নিজেকে যৌন সামগ্রীর মত লাগা, এমন পার্টনার থাকা যে চায় যে সে সবসময়ে তার জন্যে উপলব্ধ থাকুক, এবং নিজের পরিবার ও বন্ধুবান্ধবদের থেকে ক্রমশ আলাদা হয়ে যাওয়া, অথবা সাইবার বুলিইং-এর শিকার হওয়া।

<u>টিন ডেটিং হিংস্রতা রিপোর্ট করার পদ্ধতি:</u>

কোনো ছাত্র বা ছাত্রী যে বিশ্বাস করে যে সে টিন ডেটিং হিংস্রতার শিকার হয়েছে, বিশ্বাস করে যে তার টিন ডেটিং হিংস্রতার শিকার হবার ভয় আছে, বা কোনো ব্যক্তির জন্যে তার কাছে নিয়ন্ত্রনের আদেশ আছে, এই ধরনের ঘটনা সে এদের কারোর কাছেই রিপোর্ট করতে পারে: (1) আপার স্কুলের প্রিন্সিপাল/হেড, (2) অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপাল, (3) ডিন, (4) শিক্ষক, এবং (5) স্কুল নার্স।

যে ব্যক্তির কাছে রিপোর্ট করা হবে সে তৎক্ষনাৎ তা আপার স্কুলের প্রিন্সিপাল/হেডকে জানাবে।

এ ছাড়াও, কোনো কর্মচারী যে স্কুল চত্বরের মধ্যে বা কোনো স্কুল সম্পর্কিত অনুষ্ঠানে কোনো টিন ডেটিং হিংস্রতার ঘটনা দেখতে পাবে, তাকে তখনি তা আপার স্কুলের প্রিন্সিপাল/হেডকে জানাতে হবে।

আপার স্কুলের প্রিন্সিপাল/হেড তখনি করতে হবে: (1) আক্রান্তের বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযককে জানাতে হবে, এবং (2) সেফটি এবং সিকিউরিটির অফিসে জানাতে হবে।

আপার স্কুলের প্রিন্সিপাল/হেডকে অবশ্য এই ছাত্র/ছাত্রীকে এবং/অথবা ছাত্র/ছাত্রীর বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে কেমব্রিজ পাবলিক স্কুলস নন-ডিস্ক্রিমিনশন পলিসি এন্ড প্রহিবিশণ এগেনস্ট সেক্সুয়াল হ্যারাসমেন্টের কথা এবং কেমব্রিজ পাবলিক স্কুলস আন্টি বুলিইং পলিসি-র কথা জানাতে হবে যা ইনফরমাল সমাধানের পদ্ধতি ও অনুষ্ঠানিক অভিযোগ জানাবার পদ্ধতি জানায়, এবং তারা চাইলে এগুলির কপি দিতে হবে।

যখন কোনো টিন ডেটিং হিংস্রতার রিপোর্ট হাতে আসবে, যদি সেই ঘটনা স্কুল সম্পত্তির ভিতরে বা স্কুল সম্পত্তির বাইরে ঘটে থাকে, স্কুলে আসার সময় বা স্কুল থেকে যাবার সময়

হয়ে থাকে, অথবা কোনো স্কুল সম্পর্কিত অনুষ্ঠানে হয়ে থাকে, অথবা কোনো নিয়ন্ত্রনের আদেশ লঙ্ঘিত হয়ে থাকে স্কুল সম্পত্তির ভিতরে, স্কুলে আসা বা স্কুল থেকে যাবার সময়, অথবা স্কুল সম্পর্কিত কোনো অনুষ্ঠানের কথা জানা যায়, তাহলে কেমব্রিজ পাবলিক স্কুল সত্বর পদক্ষেপ নেবে তথাকথিত ঘটনাটি উপযুক্ত কর্মকর্তাদের জানাবার জন্যে। এইধরনের ঘটনা জানানোর প্রক্রিয়া এমনভাবে হতে হবে যাতে পরিস্থিতি অনুযায়ী <u>যতদুর কার্যত সম্ভব</u> গোপনীয়তা বজায় রেখে করতে হবে।

যেখানে টিন ডেটিং হিংস্রতার ঘটনা জড়িত সেখানে কোনো তৃতীয় পক্ষের দেওয়া খবরও গুরুত্ব সহকারে নেওয়া প্রয়োজনীয়। সুপারিশ করা হয় যে কোনো একজন যথাযথ ভাবে প্রশিক্ষিত স্কুলের কর্মী সদস্য ছাত্র/ছাত্রীটির কাছে যাবে এবং যে কথা জানা গেছে তার সম্ভাব্য বিপদের কথা আলোচনা করবে। যদি অপব্যবহারের কথা স্বীকার করা হয় তাহলে একটি “সুরক্ষা পরিকল্পনা”-র কথা ভাবতে হবে, এবং রেফারেলগুলির কথা জানাতে হবে ও কাউন্সেলিং, সাহায্যকারী গ্রুপ, এবং সাহায্যকারী পুলিস/কোর্টের কথা জানাতে হবে।

এ ছাড়াও, স্কুল কর্মীদের মনে রাখতে হবে সন্দেহভাজন অপব্যবহারের ও অনাদরের সমস্ত নিয়মমাফিক রিপোর্টিংয়ের (51এ রিপোর্টিং) দায়িত্বের কথা। কেমব্রিজ পাবলিক স্কুলস চাইল্ড এবিউস এন্ড নেগলেক্ট রিপোর্টিং গাইডলাইন্স অনুসারে 51A দায়ের করতে হবে, এবং আপার স্কুলের প্রিন্সিপাল/হেডকে এই সন্দেহভাজন অপব্যবহারের ও অনাদরের কথা জানাতে হবে। এছাড়াও, স্কুল কর্মীদের মনে রাখতে হবে যে সমস্ত অপরাধের ঘটনা পুলিসকে জানাতে হবে। কর্মীরা আপার স্কুলের প্রিন্সিপাল/হেডকে জানাবেন, তিনি জানাবেন ডিরেক্টর অফ সেফটি এন্ড সিকিউরিটিকে, যারা পুলিসকে জানানোর ব্যাপারটি দেখবেন। এই ধরনের কোনো ঘটনার রিপোর্টিং এমনভাবে করতে হবে যাতে পরিস্থিতি অনুযায়ী যতদুর কার্যত সম্ভব গোপনীয়তা রক্ষা করা যায়।

<u>স্কুলকে যখন কোনো নিয়ন্ত্রণ আদেশের কপি দেওয়া হবে তখনকার প্রক্রিয়াগুলি কেমন হবে</u>

কোনো ছাত্র বা ছাত্রী কারুর বিরুদ্ধে নিয়ন্ত্রণ আদেশ পেলে এবং সেই আদেশের কপি স্কুলকে দিলে, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড মিটিং ডাকবেন সেই কর্মীর সাথে বা সেই ছাত্র/ছাত্রী এবং তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কের সাথে সেই নিয়ন্ত্রণ আদেশ এবং তার ফলশ্রুতি পর্যালোচনা করার জন্যে।

আক্রান্ত ব্যক্তির প্রয়োজন ও উদ্বেগ মেটানোর জন্যে একটি “সুরক্ষা পরিকল্পনা” গঠন করতে হবে, যাতে সেই কর্মীও থাকবে যাকে ছাত্র বা ছাত্রীটি কোনো উদ্বেগের কারণ ঘটলে অথবা ছাত্র/ছাত্রীটি বা কর্মচারিটি যখন স্কুল চত্বরের ভিতরে থাকবে বা স্কুলের কোনো অনুষ্ঠানে থাকবে তখন যদি কোনো নিয়ন্ত্রণ আদেশের লঙ্ঘন ঘটে তার কথা জানাতে পারে। যদি সেই নিয়ন্ত্রণ আদেশ স্কুল কমিউনিটির অন্য কোনো সদস্যের ওপর হয়, একটি আলাদা মিটিং সেই ব্যক্তির সাথে করতে হবে সেই নিয়ন্ত্রণ আদেশ এবং সেই নিয়ন্ত্রণ আদেশ লঙ্ঘিত হলে তার নিহিতার্থ, প্রত্যাশা, ও পরিনাম পর্যালোচনা করার জন্যে। “সুরক্ষা পরিকল্পনা” এমন ভাবে গঠন করতে হবে যাতে সেই পরিস্থিতিতে যতদুর কার্যত সম্ভব গোপনীয়তা রক্ষা করা যায়।

<u>শৃঙ্খলামূলক ব্যবস্থা</u>

যদি প্রমানিত হয় যে অন্যায় আচরণ ঘটেছে, কেমব্রিজ পাবলিক স্কুল সেই পরিস্থিতিতে যা উপযুক্ত মনে করবে সেই রকম ব্যবস্থা নেবে। সেই ব্যবস্থা হতে পারে কাউন্সেলিং এবং/অথবা কোনো শাস্তি যাতে থাকতে পারে এবং যা হতে পারে সাসপেনশন অথবা স্কুল থেকে এক্সপালশন পর্যন্ত।

<u>অন্যান্য প্রতিকার</u>

টিন ডেটিং হিংস্রতার ঘটনা যা হয়ে থাকতে পারে স্কুলের চত্বরের মধ্যে, স্কুলে যাতায়াতের সময়, স্কুল সম্পর্কিত কোনো অনুষ্ঠানে তা ওপরে দেওয়া পদ্ধতি অনুসারে রিপোর্ট করা ছাড়াও, কোনো ছাত্রছাত্রী যদি বিশ্বাস করে যে সে টিন ডেটিং হিংস্রতার শিকার হয়েছে স্কুলের চত্বরের মধ্যে, স্কুলে যাতায়াতের সময়, স্কুল সম্পর্কিত কোনো অনুষ্ঠানে তাহলে সে হয়রানি এবং/অথবা দাদাগিরির অভিযোগ জানাতে পারে যেরকম পদ্ধতি দেওয়া আছে কেমব্রিজ পাবলিক স্কুলস নন-ডিস্ক্রিমিনেশন পলিসি এন্ড প্রহিবিষণ এগেনস্ট সেক্সুয়াল হ্যারাসমেন্ট এবং/অথবা কেমব্রিজ পাবলিক স্কুলস আন্টি বুলিইং পলিসি-তে সেই অনুসারে। এ ছাড়াও, কোনো ছাত্রছাত্রী যদি বিশ্বাস করে যে সে টিন ডেটিং হিংস্রতার শিকার হয়েছে যা ঘটেছে স্কুল চত্তরের বাইরে এবং/অথবা স্কুল সময়ের বাইরে তারা সেই ঘটনা পুলিসকে রিপোর্ট করতে পারে।

ছাত্রছাত্রীরা যারা মনে করবে যে তারা বিপজ্জনক অবস্থায় রয়েছে তারা নিয়ন্ত্রণ আদেশ চাইতে পারে কোনো ব্যক্তিকে নিরাপত্তা দেবার জন্যে শারীরিক যন্ত্রণা বা আঘাত থেকে বা শারীরিক যন্ত্রণা বা আঘাতের ভয় থেকে বাচানোর জন্যে স্থানীয় কোর্টহাউসে নিয়ন্ত্রণ আদেশের জন্যে আবেদন জানিয়ে।

## 6.0 মত প্রকাশের স্বাধীনতা

6.1 ছাত্রছাত্রীদের কিছু বিশেষ কনষ্টিটিউশনাল অধিকার আছে যা কোর্ট কোনো স্কুল পরিবেশের জন্যে বেঁধে দিয়েছে। ছাত্রছাত্রীদের অধিকার আছে নিজেদের মত প্রকাশ করার মৌখিক ভাবে, লিখিত ভাবে, কোনো কিছু পরে বা সিম্বল প্রদর্শন করে যেমন বোতাম, ব্যাজ, প্রতীক চিহ্ন, আর্মব্যান্ড বা অন্য যে কোনো অভিব্যক্তির মাধ্যমে বা আকারে। আপার স্কুলের প্রিন্সিপাল/হেড এই অভিব্যক্তি নিয়ন্ত্রণ করতে পারেন যদি যথেষ্ট বাস্তবতথ্যমূলক ভিত্তি থাকে বিশ্বাস করার যে ওই নির্দিষ্ট প্রকারের অভিব্যক্তি স্কুলের কাজকর্মের অনিবার্য ও প্রচুর পরিমানে ক্ষতি করবে বা করছে (উদাহরণ স্বরূপ: সেটা অশ্লীল, নিন্দাপূর্ণ বা মানহানিকর, বর্ণবৈষম্য সমর্থন করে, যৌন আবেদনপূর্ণ, ইচ্ছাপূর্ণ ভাবে অন্যদের উত্তেজিত করে স্কুলের বৈধ নিয়ম ভাঙ্গতে, ইত্যাদি)।

6.2 ছাত্রছাত্রীদের অধিকার আছে কোনো প্রকারের রচনা স্কুল চত্বরে বা স্কুলবাড়িতে নিজের কাছে রাখার বা অন্যদের বিলি করার, যার মধ্যে থাকতে পারে: খবরের কাগজ, ম্যাগাজিন, লিফলেট, ও প্যামপ্লেট, ইত্যাদি; যদিও আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা মনোনীত ব্যক্তি কোনো বিশেষ পাবলিকেশনের কোনো বিশেষ ইস্যু স্কুল বিল্ডিংয়ে বিলি করা নিষিদ্ধ করতে পারেন যদি বিশ্বাস করার যথেষ্ট তথ্যগত কারণ থাকে যে তা সাথে রাখা বা বিলি করা

স্কুলের কাজকর্মের পক্ষে যথেষ্ট ক্ষতি করছে বা করতে পারে (উদাহরণ স্বরূপ: তা বর্ণবিদ্বেষ সমর্থন করে, বেআইনি কাজ সমর্থন করে, পদার্থের অপব্যবহারের বিজ্ঞাপন করে, ইত্যাদি)।

6.3 আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা কোনো শিক্ষক, স্কুলের আধিকারিক বা স্কুলের কর্মী চাইবেন যে কোনো রচনা, যার ভিতর স্কুলের সৌজন্যে করা পাবলিকেশনও থাকতে পারে, বিলি করার আগে অনুমোদন বা সম্মতির জন্যে জমা দেওয়া হোক। আশা করা হবে যে ছাত্রছাত্রীদের সব পাবলিকেশন সৎ সংবাদিকতার নিয়ম মেনে চলবে। তার মানে নিন্দাজনক উক্তি; অপ্রমানিত অভিযোগ বা দোষারোপ; অশ্লীলতা; কোনো ব্যক্তির অবমাননা; মিথ্যাচার; কুসংস্কার, হয়রানি, জাত, বর্ণ, জাতিগত পরিচয়, এথনিসিটি, বংশ, ধর্ম, বয়স, বিকলাঙ্গতা, জেনেটিক তথ্য, ভেটেরান স্টেটাস, বৈবাহিক অবস্থা, সেক্স, জেন্ডার, জেন্ডার আইডেন্টিটি, সেক্সুয়াল ওরিয়েন্টেশন, গর্ভাবস্থা, গর্ভাবস্থা সম্পর্কিত অবস্থার ওপর ভিত্তি করে বৈষম্য প্রচার করা লেখা; ঘৃনা; হিংসা; আইন ভঙ্গ করা বা স্কুলের নিয়ম ভঙ্গ করা; অথবা এমন বিষয় যা শিক্ষা প্রক্রিয়ায় বাধাদান করে তা অনুমোদন করা হবেনা।

মত প্রকাশের স্বাধীনতার অধিকার ব্যবহার করে কোনো ছাত্রছাত্রীর কোনো রকমের মতের প্রকাশ স্কুলের নীতি সমর্থিত বক্তব্য বলে ধরা হবেনা। আপার স্কুলের প্রিন্সিপাল/হেড চাইবেন যে কোনো রচনা বিলি শুরু করার আগে যেন আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা মনোনীত ব্যক্তির কাছে জমা না দিয়ে বিলি করা নাহয়।

6.4 কোনো রচনা কখন, কোথায়, কিভাবে ছাত্রছাত্রীরা বিলি করবে তা আপার স্কুলের প্রিন্সিপাল/হেড অযুক্তিসঙ্গত ভাবে নিয়ন্ত্রণ করবেন যদিও সেই নিয়ন্ত্রণ হতে হবে:

a. সব রকমের রচনার ক্ষেত্রে সমান ভাবে প্রযোজ্য;

b. স্কুল বিল্ডিংয়ের ভিতরে বা বাইরে কোনো সময়ে বা জায়গায় এমনভাবে বিলিব্যবস্থা মানা করা হবেনা যাতে মনে হয় যে এই হস্তক্ষেপের কোনো তথ্যগত ভিত্তি নেই;

c. কোথায় এবং কখন বিলি করা মানা সে বিষয়ে পরিস্কার হবে, এবং

d. নিয়ম মেনে বিলি করা কোনো রচনা কোনো ব্যক্তির গ্রহণ করা বা বর্জন করার অধিকারের ওপর কোনো হস্তক্ষেপ করবেনা।

6.5 কোনো ছাত্রছাত্রীকে ফ্ল্যাগকে স্যাল্যুট করতে বা প্লেজ অফ অ্যালিজিয়েনস-এ যোগ দিতে বাধ্য করা হবেনা। যে ছাত্র বা ছাত্রী অংশ নিতে চাইবেনা তাকে শ্রদ্ধাসহকারে নিরব থাকতে হবে।

6.6 আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা মনোনীত ব্যক্তির আগাম অনুমতি ছাড়া কোনো রকম প্ল্যাকার্ড, ফ্লায়ার, বা পোস্টিং-এর অনুমোদন দেওয়া হবেনা।

6.7 কোনো ব্যক্তির দ্বারা এই *হ্যান্ডবুকে* দেওয়া কোনো অধিকারের লঙ্ঘন এই *হ্যান্ডবুকের* পরিচ্ছেদ 23.0-তে দেওয়া প্রবিধান অনুযায়ী আবেদনের ভিত্তি হবে।

## 7.0 জড়ো হবার স্বাধীনতা

7.1 ছাত্রছাত্রীরা তাদের জড়ো হবার স্বাধীনতার কনষ্টিটিউশনাল অধিকার সম্পূর্ণ ভাবে উপভোগ করবে। ছাত্রছাত্রীরা তাদের বক্তব্য ও মতামত ব্যক্ত করার জন্যে স্কুল চত্বরের ভিতরে মুক্তভাবে ও শান্তিপূর্ণভাবে মিলিত হবার অধিকারী হবে। ছাত্রছাত্রীদের পরিকল্পিত কোনো জমায়েত আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপালের আগাম অনুমোদিত স্থানে ও সময়ে হবে, এই অনুমোদন অযৌক্তিকভাবে আটকে রাখা হবেনা।

7.2 ছাত্রছাত্রীরা স্কুলের সুবিধাগুলির ভিতরে বাইরের বক্তাদের নিমন্ত্রিত করতে পারে ও শুনতে পারে। স্কুল আধিকারিকরা যুক্তিসঙ্গতভাবে বক্তৃতার সময় এবং জায়গা নিয়ন্ত্রণ করতে পারে এবং আগাম নোটিস চাইতে পারে কোনো সংঘাত এড়ানোর জন্য এবং স্কুল কমিউনিটির সঠিক সুরক্ষা নিশ্চিত করার জন্য। ছাত্রছাত্রীদের বাইরের বক্তাদের নাম আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপালের কাছে জমা দিতে হবে আগাম অনুমোদনের জন্যে। আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপাল কোনো বাইরের বক্তাকে অনুমোদন দেবেন যদিনা যথেষ্ট তথ্যপূর্ণ ভিত্তি থাকে বিশ্বাস করার যে সেই বক্তা স্কুলের কাজকর্মে গুরুতর বাধা সৃষ্টি করবেন।

7.3 এই *হ্যান্ডবুকে* দেওয়া কোনো অধিকারের কোনো ব্যক্তি দ্বারা লঙ্ঘন এই *হ্যান্ডবুকের* পরিচ্ছেদ 23.0-এর বিধি অনুসারে আবেদনের ভিত্তি হবে।

## 8.0 স্কুলের সুযোগ সুবিধার ব্যবহার

8.1 স্কুলের আধিকারিকরা স্কুলের সুযোগ সুবিধাগুলি যুক্তিসঙ্গতভাবে এবং কোনো রকম বৈষম্য না করে সব ছাত্রছাত্রীদের জন্যে উপলব্ধ রাখবে তাদের মিটিং, জমায়েত, পাবলিকেশনের প্রস্তুতি ও প্রচারকর্মের জন্যে যাতে ছাত্রছাত্রীরা এই *হ্যান্ডবুকে* দেওয়া তাদের অধিকার প্রয়োগ করতে পারে। স্কুলের আধিকারিকরা চাইতে পারেন যে ছাত্রছাত্রীরা যারা এই সুবিধা ব্যবহার করবে তারা স্কুলকে যা জিনিস ব্যবহার করবে এবং এই সুবিধা ব্যবহারে যা অন্যান্য খরচ ও ক্ষতি হবে, যার জন্যে স্কুল কোনো রকম অর্থ প্রদান করবেনা, তার জন্যে যুক্তিসঙ্গত অর্থ পরিশোধ করবে।

এই *হ্যান্ডবুকে* দেওয়া কোনো অধিকারের কোনো ব্যক্তি দ্বারা লঙ্ঘন এই *হ্যান্ডবুকের* পরিচ্ছেদ 23.0-এর বিধি অনুসারে আবেদনের ভিত্তি হবে।

## 9.0 পরিধান নীতি

9.1 ছাত্রছাত্রীদের অনুমতি আছে এই পরিধান নীতি অনুসারে জামা কাপড় এমন ভাবে পরার যা তাদের জেন্ডার আইডেন্টিটির অনুযায়ী সঙ্গত। ছাত্রছাত্রীদের অধিকার আছে তাদের নিজেদের পছন্দ মত পরিধান ও চুল আঁচড়ানোর ধরনে তাদের নিজেদের প্রকাশ করার যতক্ষণ ছাত্রছাত্রীরা তাদের জামাকাপড় পরার ও সাজগোজ করার দায়িত্ব পালন করছে

যুক্তিসঙ্গত ও গ্রহণযোগ্য স্বাস্থ্য, সুরক্ষা ও পরিস্কৃতির মান রক্ষা করে, যা পড়াশোনার প্রক্রিয়ায় কোনো বাধা সৃষ্টি করবেনা এবং আপত্তিকর হবেনা এবং/অথবা তার নিজের বা অন্যদের স্বাস্থ্য, সুরক্ষা ও কল্যানের অন্তরায় হবেনা। পা সবসময়েই ঢাকা (জুতো পরে) থাকতে হবে।

9.2 ছাত্রছাত্রীদের এমন জামাকাপড়, গয়না, এবং/অথবা আনুসঙ্গিক পরবেনা যাতে স্লোগান, মন্তব্য বা ছবি আছে যা কুরুচিপূর্ণ, অশ্লীল বা অভদ্র; যার লক্ষ্য হচ্ছে বা উদ্দেশ্য হচ্ছে ক্ষতি, হয়রানি, ভীতিপ্রদর্শন, শাসানো বা কোনো ভাবে কোনো বিশেষ গোষ্ঠিকে বা ব্যক্তিকে ছোট করা তার জাত, বর্ণ, জাতিগত পরিচয়, এথনিসিটি, বংশ, ধর্ম, বয়স, বিকলাঙ্গতা, জেনেটিক তথ্য, ভেটেরান স্টেটাস, বৈবাহিক অবস্থা, সেক্স, জেন্ডার, জেন্ডার আইডেন্টিটি, সেক্সুয়াল ওরিয়েন্টেশন, গর্ভাবস্থা, গর্ভাবস্থা সম্পর্কিত অবস্থার ওপর ভিত্তি করে; এবং/অথবা মাদক পানীয়, তামাকজাত দ্রব্য, অথবা বেআইনি ড্রাগস-এর বিজ্ঞাপন করে।

9.3 ছাত্রছাত্রীরা কখনই স্কুলে জামা ছাড়া, প্যান্ট ছাড়া বা জুতা ছাড়া আসবেনা। যে ছাত্রছাত্রীরা এই নীতির সাথে সঙ্গতি রেখে সাজগোজ করবে তারা কখনই অন্য ছাত্রছাত্রীদের বা কর্মীদের তাদের জামাকাপড় সম্পর্কে প্রতিক্রিয়ার লক্ষ্য হবেনা তাদের জামাকাপড় কিভাবে তাদের দেহের ধরনের সাথে, জাত, বর্ণ, জাতিগত পরিচয়, এথনিসিটি, বংশ, ধর্ম, বয়স, বিকলাঙ্গতা, জেনেটিক তথ্য, ভেটেরান স্টেটাস, বৈবাহিক অবস্থা, সেক্স, জেন্ডার, জেন্ডার আইডেন্টিটি, সেক্সুয়াল ওরিয়েন্টেশন, গর্ভাবস্থা, গর্ভাবস্থা সম্পর্কিত অবস্থার সাথে সঙ্গতি রাখে তা নির্বিশেষে।

9.4 যে ছাত্রছাত্রীরা স্কুলের পক্ষে উপযুক্ত পোশাক পরে আসবেনা তাদের বাবা-মা/ অভিভাবক/ তত্বাবধায়ককে খবর দেওয়া হবে, এবং ছাত্র বা ছাত্রীটিকে তার পরার জন্যে স্কুল থেকে উপযুক্ত পোশাক দেওয়া হবে (উদাহরণ স্বরুপ, স্কুল স্টোর থেকে সোয়েট শার্ট, অথবা টি শার্ট) স্কুলের সময়ে পরে থাকার জন্যে, তাকে জামা উল্টে পরতে বলা হবে, বাড়ি পাঠিয়ে দেওয়া হবে জামা পাল্টে আসার জন্যে, অথবা তার ক্লাসমেট/বন্ধুর কাছ থেকে স্কুলের সময়ের জন্যে জামা ধার করে পরে থাকতে বলা হবে।

9.5 আশা করা হয় যে ছাত্রছাত্রীরা স্কুলের সব নিয়মগুলি মানবে যা কোনো সুরক্ষা পোশাক, সেফটি চশমা, অথবা অন্যান্য সুরক্ষা বা নিরাপত্তা উপকরণ ব্যবহার করবে কোনো বিশেষ অনুষ্ঠানে অংশ নেবার জন্য, তাতে প্রযোজ্য হবে।

9.6 ছাত্রছাত্রীদের সঙ্গে তাদের পোশাক নিয়ে আলোচনা এমন ভাবে হওয়া উচিত যেখানে দুই পক্ষেরই বলার সমান সুবিধা আছে। এই ধরনের আলোচনা ক্লাসের মধ্যে বা অন্য ছাত্রছাত্রীদের সামনে হওয়া উচিত নয়।

9.7 সুপারিনটেনডেন্ট আপার স্কুলের প্রিন্সিপাল/হেডদের নির্দেশ দেবেন তাদের স্কুলের কর্মীদের এই নীতির ব্যাপারে প্রশিক্ষিত করতে যাতে এর প্রয়োগ সবার সাথে এবং সব সময় সমান ভাবে হয়। এই নীতি লঙ্ঘনের জন্যে যদি কোনো শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করতে হয় তাহলে তা আপার স্কুলের প্রিন্সিপাল/হেড নিজে নেবেন এই *হ্যান্ডবুকের* প্রযোজ্য ব্যবস্থা অনুযায়ী।

9.8 এই *হ্যান্ডবুকে* দেওয়া কোনো অধিকারের কোনো ব্যক্তি দ্বারা লঙ্ঘন এই *হ্যান্ডবুকের* পরিচ্ছেদ 23.0-এর বিধি অনুসারে আবেদনের ভিত্তি হবে।

## 10.0 ধর্মপালনের স্বাধীনতা

10.1 ছাত্রছাত্রীদের অধিকার থাকবে কোনো ধরনের ধর্মীয় অনুষ্ঠানে ভাগ নিতে বা উপস্থিত থাকতে অস্বীকার করার।

10.2 এই নিয়মগুলির কোনটারই অর্থ এমনভাবে করা হবেনা যাতে স্কুলের স্বাভাবিক কার্যক্রমের অন্তর্গত কোনো আলোচনা যা কোনো ধর্মীয় বিষয় সম্পর্কিত অথবা কোনো ধর্মীয় সঙ্গীতের অনুষ্ঠান নিষিদ্ধ বা নিরুৎসাহিত করা হবে, অবশ্য কোনো ছাত্র বা ছাত্রী যদি আপত্তি জানায় তার অধিকার থাকবে অংশগ্রহন না করার।

## 11.0 ছাত্রছাত্রীদের বিবাহ ও গর্ভাবস্থা

11.1 ছাত্রছাত্রীরা যারা গর্ভবতী, বাবা মা, বা বিবাহিত তাদের স্কুল চালিয়ে যেতে উৎসহিত করা হবে। এই ধরনের ছাত্রছাত্রীদের অনুমতি আছে তাদের স্বাভাবিক পড়াশোনার ক্লাসে থাকার এবং অন্যান্য ছাত্রছাত্রীদের সাথে পাঠক্রমের বাইরের ক্রিয়াকর্মে ভাগ নেবার। এছাড়াও, গর্ভবতী ছাত্রীদের, বাচ্চার জন্ম দেবার পরে, অনুমত আছে আবার তাদের পুরনো ক্লাসেই ফিরে আসার ও এবং বাচ্চা জন্ম দেবার আগের অবস্থার মত পাঠক্রমের বাইরের ক্রিয়াকর্মে ভাগ নেবার। কোনো ছাত্রছাত্রীরা যারা গর্ভবতী, বাবা মা, বা বিবাহিত তাদের মানা করা হবেনা ক্লাস রুমের পড়াশোনায় ভাগ নিতে বা পাঠক্রমের বাইরের ক্রিয়াকর্মে ভাগ নিতে, তাদের এই বিয়ে, গর্ভাবস্থা বা বাবা-মা হওয়ার দরুন তাদের সাসপেন্ড করা, এক্সপেল করা, বাদ দেওয়া বা কোনরকম ভাবে শাস্তি দেওয়া হবেনা।

11.2 এই *হ্যান্ডবুকে* দেওয়া কোনো অধিকারের কোনো ব্যক্তি দ্বারা লঙ্ঘন এই *হ্যান্ডবুকের* পরিচ্ছেদ 23.0-এর বিধি অনুসারে আবেদনের ভিত্তি হবে।

## 12.0 ছাত্রছাত্রীদের স্বশাসন

12.1 ছাত্রছাত্রীদের অধিকার আছে একটি স্বাধীন গণতান্ত্রিক স্বশাসন ব্যবস্থার। সব ছাত্রছাত্রীরা যাদের সুনাম আছে তাদের অধিকার আছে ভোট দেবার ও কোনো পদ চাওয়ার বা পদে থাকার। এই ছাত্রছাত্রীদের সরকার প্রতি বছর নির্বাচিত হবে।

12.2 এই ছাত্রছাত্রী সরকারের সব মনোনয়ন ও নির্বাচন পদ্ধতি তৈরী করবে ও প্রয়োগ করবে ছাত্রছাত্রীরা নিজেরাই, স্কুলের আধিকারিকরা, শিক্ষকরা বা কর্মীরা তাতে হস্তক্ষেপ করতে পারবেননা কিন্তু সুপারভাইজ করতে পারবেন।

12.3 ছাত্রছাত্রীদের সরকারের সব প্রার্থীদের প্রচারের অধিকার থাকবে এবং তারা স্কুলের সুবিধাগুলি সমানভাবে ব্যবহার করতে পারবে।

12.4 ছাত্রছাত্রীদের সরকারের গঠন, পদ্ধতি ও ক্ষমতা ছাত্রছাত্রীদের দ্বারা গঠিত ও গৃহীত একটি লিখিত সংবিধান অনুযায়ী হবে, অবশ্য, যে ক্ষেত্রেই হোক এই সংবিধানে এই ছাত্রছাত্রীদের সরকারের দায়িত্ব হতে হবে কোনো সংখ্যালঘু গোষ্ঠির কথা বিশেষ মনোযোগ দিয়ে শোনা ও গ্যারান্টি করা যে এই গোষ্ঠীগুলি থেকে কোনো ধরনের প্রতিনিধিত্ব এই ছাত্রছাত্রীদের সরকারে থাকবে।

## 13.0 শৃঙ্খলারক্ষার নীতি ও পদ্ধতি

13.1 সাধারণ নীতি

স্কুল কমিটি ও সব স্কুল কর্মীর নীতি হবে ছাত্রছাত্রীদের আচরণগত সমস্যা মেটাতে সাহায্য করা কোনো রকম চরম শাস্তিমূলক ব্যবস্থার প্রয়োগ ছাড়াই। সাসপেনশনের প্রয়োগ সুপারিশ করা হয় একমাত্র শেষ উপায় হিসাবে। সেই উদ্দেশ্যে, স্কুল কর্মীদের উৎসাহ দেওয়া হয় সাসপেনশন ব্যবহার করার আগে কোনো ছাত্রের পড়াশোনার উন্নতি করানো ও আচরণ ভালো করানোর জন্য অন্য যা যা রকমের যথাযথ শৃঙ্খলামূলক ব্যবস্থা আছে তার সম্পূর্ণ ব্যবহার করতে। সাসপেনশন ব্যবহার করার আগে কি ধরনের হস্তক্ষেপ কর্মীরা করতে পারে তার উদাহরণে অন্তর্গত, কিন্তু এতেই সীমাবদ্ধ নয়, এগুলি: ক্ষমা প্রার্থনার মাধ্যমে মেটানো, কমিউনিটিতে জানানো/পরিষেবা দেওয়া, ঝগড়া মেটানো, সংশোধনী কাজের মাধ্যমে, কাউন্সেলিং, স্কুলের কাজকর্ম থেকে বাদ দেওয়া, লাঞ্চের সময় ডিটেনশন করা, অফিসের কাজের মাধ্যমে, অফিসে সংশোধনের জন্যে জানানো, ক্লাসের বাইরে টাইম আউট, বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কের সাথে যোগাযোগ, সুবিধা হ্রাস, ছাত্রছাত্রীর সাথে কন্ট্রাক্ট, গাইডেন্স কাউন্সেলরকে জানানো, স্টুডেন্ট সাপোর্ট টীম(এসএসটি)-কে জানানো হস্তক্ষেপের জন্যে, ছাত্রছাত্রীর সাথে আচরণ চুক্তি, আচরণ সাহায্য পরিকল্পনা, বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক এবং ছাত্র বা ছাত্রীটির সাথে শিক্ষকের আলোচনা, ছাত্র বা ছাত্রীটির সাথে শিক্ষকের আলোচনা এবং/অথবা সতর্ক করে দেওয়া। কিন্তু এখানে মনে রাখা দরকার, এই হস্তক্ষেপের তালিকা সম্পূর্ণ নয় এবং সব রকমের হস্তক্ষেপ সব পরিস্থিতিতে চলেনা, বরং, হস্তক্ষেপের ধরন হতে হবে অন্যায়ের গুরুত্বের ওপর নির্ভরশীল।

13.2 অন্যান্য উপযুক্ত অগ্রিম শৃঙ্খলামূলক ক্রিয়া

যেরকম আচরণে সাসপেনশন হতে পারে তা নিবৃত্ত করার জন্যে, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা মনোনীত ব্যক্তিদের সেই ব্যবস্থা নিতে প্রণোদিত করা হবে ও তাদের ক্ষমতাপ্রাপ্ত করা হবে যাতে ছাত্রছাত্রীদের পড়াশোনার ও আচরণের উন্নতি হয়, যার অন্তর্গত কিন্তু যাতে সীমাবদ্ধ নয়:

a. ছাত্র বা ছাত্রীটির সাথে একা বসে আলোচনা করে বোঝার চেষ্টা করা তার সমস্যার মূলটি কোথায়, এবং তার কোনো বিকল্প সুপারিশ করা।

b. বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কের সাথে আলোচনা করা (প্রয়োজনে তাদের বাড়ি যাওয়া), অথবা, প্রয়োজন মত বন্ধু(দের) সাথে আলোচনা করা।

c. স্কুল কাউন্সেলর বা সাইকোলজিস্টের কাছে রেফার করা।

d. বাইরের সোশাল এজেন্সির কাছে রেফার করা।

e. উপরোক্ত কোনোটি বা সবকটির সাথে আলোচনা করা।

f. আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের কাছে রেফার করা।

g. ব্যক্তিগতভাবে কিম্বা ছাত্রছাত্রীদের গ্রুপের সাথে কাউন্সেলিং করা।

h. রোজকার ক্লাসের অতিরিক্ত একটি ব্যক্তিগত শিক্ষক নিযোগ করা।

i. অতিরিক্ত কাজ দেওয়া।

j. নিয়মিত সময়ের বাইরে অতিরিক্ত কাজ চাওয়া।

k. ছাত্র বা ছাত্রীটিকে উপযুক্ত স্টেট এবং ফেডারেল আইনে দেওয়া পদ্ধতি অনুযায়ী বিশেষ শিক্ষার প্রয়োজন মূল্যায়নের জন্যে রেফার করুন।

l. প্রমান ভিত্তিক কৌশল ও প্রোগ্রামের ব্যবহার, যেমন মধ্যস্থতা, দ্বন্দ্ব নিস্পত্তি, পুনর্প্রতিষ্ঠার বিচার, সাহায্যকারী হস্তক্ষেপ ও সাহায্য।

13.3 আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা মনোনীত ব্যক্তি স্কুল সম্পত্তি, তা বেড়া, গেট, গাছ, ঝোপ, বাড়ি বা তার কোনো অংশ, জানালা, বই, ইনস্ট্রুমেন্টস, অ্যাপারেটাস, অথবা আসবাবপত্র ভাঙ্গার খরচ যে ছাত্র বা ছাত্রী ভেঙ্গেছে তার কাছ থেকে চাইতে পারেন, সেই ভাঙ্গচুর অনিচ্ছাকৃত হলেও বা না হলেও।

13.4 যদি কোনো ঘটনায় ড্রাগস, অস্ত্র, স্কুল কর্মীর ওপর আক্রমন, বা কোনো ক্রিমিনাল ভায়োলেশন জড়িত থাকে তাহলে এই হ্যান্ডবুকের পরিচ্ছেদ 19শে যে পদ্ধতি দেওয়া আছে তা প্রযোজ্য হবে, তাতে অন্তর্গত আছে নিম্নোক্ত উপায় কিন্তু তাতেই সীমাবদ্ধ নয়:

a. যে স্টাফ মেম্বার জড়িত সে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড এবং/অথবা অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপালকে যোগাযোগ করবে

b. আপার স্কুলের প্রিন্সিপাল/হেড জানাবেন:

   i. ডিরেক্টর অফ সেফটি এন্ড সিকিউরিটি-কে;
   ii. বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কদের টেলিফোনে, পড়ে একটি চিঠি দিয়ে, এবং যদি প্রয়োজন হয় সার্টিফায়েড মেল দিয়ে; এবং
   iii. চিফ অপারেটিং অফিসারকে।

c. ডিরেক্টর অফ সেফটি এন্ড সিকিউরিটি সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত কাউকে ঘটনার রিপোর্ট পাঠাবেন।

d. আপার স্কুলের প্রিন্সিপাল/হেড এই *হ্যান্ডবুকে* দেওয়া পদ্ধতি অনুযায়ী শৃঙ্খলামূলক ব্যবস্থা প্রয়োগ করবেন।

## 14.0 সাসপেনশন

14.1 কেমব্রিজ পাবলিক স্কুলের নীতি হলো ছাত্রছাত্রীদের আচরণগত সমস্যা সমাধানে সাহায্যের জন্য চরম শাস্তিমূলক পদক্ষেপ না নিয়ে অন্য সমস্ত রকমের চেষ্টা করা। কিন্তু, যেক্ষেত্রে কোনো ছাত্র বা ছাত্রীর আচরণ স্কুলের পক্ষে হানিকারক হয়, ছাত্রছাত্রীদের বা অন্যদের ক্ষতির কারণ হয় অথবা এমন কাজের সাথে জড়িয়ে থাকে যা কমনওয়েল্থ অফ ম্যাসাচুসেটস-এর আইনে নিষিদ্ধ তাহলে সাসপেনশন প্রয়োজনীয় হতে পারে।

14.2 কোনো শাস্তিমূলক ব্যবস্থা নেবার আগে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা মনোনীত কেউ নিম্নোক্ত পদক্ষেপগুলি নেবেন যাতে প্রত্যেক ছাত্রছাত্রীকে তাদের যথোচিত অধিকার দেওয়া হয়:

a. <u>স্কুলের ভিতরে সাসপেনশন</u>
নিয়মিত ক্লাসরুম কাজকর্ম থেকে, কিন্তু স্কুল চত্বরের বাইরে নয়, টানা দশ(10) স্কুলদিবসের জন্য বা এক স্কুলবর্ষে একাধিক অন্যায়ের জন্যে আলাদা আলাদা ভাবে মোট দশ(10) দিনের সাসপেনশন করার আগে, কোনো ছাত্র বা ছাত্রীকে জানাতে হবে যে:

i. কোন শৃঙ্খলাভঙ্গের অভিযোগ;

ii. অভিযোগের ভিত্তি; এবং

iii. ছাত্র বা ছাত্রীটিকে জবাবদিহি করার সুযোগ দেওয়া হবে।

যেদিন স্কুলের ভিতরে সাসপেনশনের সিদ্ধান্ত নেওয়া হবে সেই দিনেই, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড যুক্তিসঙ্গত চেষ্টা করবেন বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযককে মৌখিক ভাবে যত তাড়াতাড়ি সম্ভব শৃঙ্খলাভঙ্গের বিবরণ, এই ছাত্র বা ছাত্রীটিই যে এই শৃঙ্খলাভঙ্গ করেছে তা বিশ্বাস করার কারণ, কতদিনের জন্যে স্কুলের ভিতরে সাসপেনশন করা হচ্ছে জানাতে, এবং বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযককে একটা মিটিঙে আমন্ত্রণ জানাবেন ছাত্র বা ছাত্রীটির পড়াশোনার বিবরণ ও আচরণ, ছাত্র বা ছাত্রীটিকে জড়িত করে রাখার কৌশল, এবং তার আচরণ কি ভাবে ভালো করা যায় তা আলোচনা করতে। যদি সম্ভব হয় এই মিটিং যেদিন সাসপেনশন হলো সেদিনই করা হবে, যদি সম্ভব না হয়, তাহলে তারপরে যত তাড়াতাড়ি সম্ভব। *দেখুন* পরিচ্ছেদ 16.1 ইন-স্কুল সাসপেনশন কনফারেন্স প্রসিডিওরস।

যদি কোনো ছাত্র বা ছাত্রীকে স্কুলের ভিতরে বা বাইরে দশ(10) দিনের বেশি সাসপেনশনে রাখা হয়, তা একটানা হোক বা এক স্কুলবর্ষে সব মিলিয়ে হোক, তাকে যথোচিত প্রক্রিয়া, আবেদন বা রিপোর্টিং এর জন্যে দীর্ঘ মেয়াদী সাসপেনশন বলা হবে। *দেখুন* পরিচ্ছেদ 14.3 এবং 16.3 লং টার্ম সাসপেনশন কনফারেন্স

প্রসিডিওর। **খেয়াল রাখবেন:** যে ছাত্রছাত্রীদের ইন্ডিভিজুয়ালাইস্ড এডুকেশন প্ল্যান আছে তাদের জন্যে অতিরিক্ত প্রক্রিয়া আছে এবং অতিরিক্ত প্রক্রিয়া যা দেওয়া আছে পরিচ্ছেদ 18.0তে তাও অবশ্য অনুসরণ করতে হবে কোনো শৃঙ্খলামূলক ব্যবস্থা নেবার আগে।

b. <u>স্বল্প মেয়াদী সাসপেনশন</u>

কোনো শৃঙ্খলাভঙ্গের ঘটনার ফলে টানা দশ(10) দিন পর্যন্ত স্কুলের পরিবহন ব্যবস্থা থেকে বা স্কুল থেকে সাসপেনশন করার আগে, অথবা ডিটেনশনে পাঠানোর আগে, ছাত্র বা ছাত্রীটিকে এবং তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে মৌখিক ও লিখিত নোটিস দিতে হবে ইংরাজিতে এবং তাদের বাড়ির মুখ্য ভাষায় যদি তা ইংরাজি না হয় অথবা যেখানে প্রযোজ্য অন্য কোনো যোগাযোগের উপায়ে, এইগুলি জানিয়ে:

i. শৃঙ্খলাভঙ্গের অপরাধ;

ii. অভিযোগের ভিত্তি;

iii. ছাত্র বা ছাত্রীর সাসপেনশন কত লম্বা হবার সম্ভাবনা;

iv. প্রস্তাবিত সাসপেনশনের ব্যাপারে ছাত্র বা ছাত্রীটির আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের কাছে একটি শুনানির সুযোগ, এবং বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কের সুযোগ সেই শুনানিতে থাকার;

v. শুনানির তারিখ, সময় এবং স্থান;

vi. ছাত্র/ছাত্রীর বা তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কের, শুনানির সময়, অংশগ্রহনের প্রয়োজন থাকলে দোভাষীর পরিষেবা পাবার অধিকার।

আপার স্কুলের প্রিন্সিপাল/হেড, তদের বিবেচনা মত, কোনো ছাত্র বা ছাত্রীকে সল্প মেয়াদী সাসপেনশন স্কুলের ভিতরেও করতে দিতে পারেন।

*দেখুন* পরিচ্ছেদ 16.2 শর্ট টার্ম সাসপেনশন কনফারেন্স প্রসিডিওরের জন্যে।

যদি কোনো ছাত্র বা ছাত্রী স্কুলের ভিতরে বা বাইরে, একটানা বা এক স্কুলবর্ষে একাধিকবার সব মিলিয়ে দশ(10) দিনের বেশি সাসপেনশনে থাকে, তাহলে সেই সাসপেনশনকে যথোচিত প্রক্রিয়া, আবেদন এবং রিপোর্টিংয়ের উদ্দেশ্যে দীর্ঘ মেয়াদী সাসপেনশন বলে ধরা হবে। *দেখুন* পরিচ্ছেদ 14.3 এবং 16.3 লং টার্ম সাসপেনশন কনফারেন্স প্রসিডিওর-এর জন্যে। **খেয়াল রখবেন** : যে ছাত্রছাত্রীদের ইন্ডিভিজুয়ালাইস্ড এডুকেশন প্ল্যান আছে তাদের জন্যে অতিরিক্ত প্রক্রিয়া আছে এবং অতিরিক্ত প্রক্রিয়া যা দেওয়া আছে পরিচ্ছেদ 18.0তে তাও অবশ্য অনুসরণ করতে হবে কোনো শৃঙ্খলামূলক ব্যবস্থা নেবার আগে।

c. <u>দীর্ঘ মেয়াদী সাসপেনশন</u>

কোনো শৃঙ্খলাভঙ্গের ঘটনার ফলে টানা দশ(10) দিনের বেশি স্কুল থেকে সাসপেনশন করার আগে, ছাত্র বা ছাত্রীটিকে এবং তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযককে মৌখিক ও লিখিত নোটিস দিতে হবে ইংরাজিতে এবং তাদের বাড়ির মুখ্য ভাষায় যদি তা ইংরাজি না হয় অথবা যেখানে প্রযোজ্য অন্য কোনো যোগাযোগের উপায়ে, এইগুলি জানিয়ে:

i. শৃঙ্খলাভঙ্গের অপরাধ;

ii. অভিযোগের ভিত্তি;

iii. ছাত্র বা ছাত্রীর সাসপেনশন কত লম্বা হবার সম্ভাবনা;

iv. প্রস্তাবিত সাসপেনশনের ব্যাপারে ছাত্র বা ছাত্রীটির আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের কাছে একটি শুনানির সুযোগ, এবং বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কের সুযোগ সেই শুনানিতে থাকার;

v. শুনানির তারিখ, সময় এবং স্থান;

vi. ছাত্র/ছাত্রীর বা তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কের, শুনানির সময়, অংশগ্রহনের প্রয়োজন থাকলে দোভাষীর পরিষেবা পাবার অধিকার।

vii. শুনানির আগে, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড যে ছাত্র বা ছাত্রীটির রেকর্ড ও নথিপত্রের ওপর ভিত্তি করতে পারেন ছাত্র বা ছাত্রীটিকে সাসপেন্ড করবেন কি করবেননা তার সিদ্ধান্ত নেবার জন্যে, সেইগুলি পর্যালোচনা করার অধিকার;

viii. ছাত্র বা ছাত্রীটির নিজের পছন্দ মত উকিল দ্বারা বা অন্য কোনো ব্যক্তি দ্বারা প্রতিনিধিত্ব করার অধিকার, ছাত্র বা ছাত্রীটির নিজের বা তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কের খরচায়;

ix. ছাত্র বা ছাত্রীটির সমর্থনে কোনো সাক্ষী আনার এবং অভিযুক্ত ঘটনায় ছাত্র বা ছাত্রীটির হয়ে তার কৈফিয়ত দেবার অধিকার, কিন্তু ছাত্র বা ছাত্রীটিকে তা করতে বাধ্য করা যাবেনা;

x. স্কুলের আনা সাক্ষীদের সওয়াল করার অধিকার;

xi. আপার স্কুলের প্রিন্সিপাল/হেডকে শুনানির রেকর্ড করতে বলার অধিকার, এবং চাইলে সেই অডিও রেকর্ডিং-এর কপি ছাত্র বা ছাত্রীটিকে বা তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে দিতে হবে;

xii. আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের সিদ্ধান্তের বিরুদ্ধে সুপারিনটেনডেন্টের কাছে আবেদন জানাবার অধিকার।

আপার স্কুলের প্রিন্সিপাল/হেড, তদের বিবেচনা মত, কোনো ছাত্র বা ছাত্রীকে দীর্ঘ মেয়াদী সাসপেনশন স্কুলের ভিতরেও করতে দিতে পারেন।

*দেখুন* পরিচ্ছেদ 16.3 লং টার্ম সাসপেনশন কনফারেন্স প্রসিডিওরের জন্যে।

**খেয়াল রাখবেন** : যে ছাত্রছাত্রীদের ইন্ডিভিজুয়ালাইস্ড এডুকেশন প্ল্যান আছে তাদের জন্যে অতিরিক্ত প্রক্রিয়া আছে এবং অতিরিক্ত প্রক্রিয়া যা দেওয়া আছে পরিচ্ছেদ 14.0তে তাও অবশ্য অনুসরণ করতে হবে কোনো শৃঙ্খলামূলক ব্যবস্থা নেবার আগে।

d. যে কোনো ঘটনায়, সাসপেনশনের নোটিস দেওয়া বা শুনানি করা ছাত্র বা ছাত্রীটিকে স্কুল ছেড়ে যেতে বলার আগে করতে হবে, যদিনা ছাত্র বা ছাত্রীটি স্কুলের আধিকারিকদের, অন্য ছাত্রছাত্রীদের, কর্মীদের এবং/অথবা তাদের নিজেদের পক্ষে এক আশু ভয়ের কারণ হয় অথবা স্কুলের পরিবেশের জন্যে স্পষ্টভাবে হানিকারক হয়। *দেখুন* পরিচ্ছেদ 15.0 জরুরি অবস্থায় অপসারণ সম্বন্ধে প্রক্রিয়াগুলি জানতে। সেই অবস্থায়, শুনানি দেরী করা যেতে পারে কিন্তু তা একটা যুক্তিসঙ্গত সময়ের মধ্য করে ফেলতে হবে।

আপার স্কুলের প্রিন্সিপাল/হেড যুক্তিসঙ্গত চেষ্টা করবেন বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে মৌখিকভাবে এবং লিখিতভাবে তাদের শুনানিতে উপস্থিত থাকার সুযোগের কথা জানানোর জন্যে। যদি বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কের অনুপস্থিতিতেই শুনানি করতে হয় তাহলে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে যোগাযোগ করার যুক্তিসঙ্গত চেষ্টার কথা নথিবধ্য রাখবেন। যুক্তিসঙ্গত চেষ্টা করা হয়েছে বলে ধরা হবে যদি আপার স্কুলের প্রিন্সিপাল/হেড লিখিত নোটিস পাঠিয়ে থাকেন এবং অন্তত দুই(2) বার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে যোগাযোগ করার চেষ্টা নথিবদ্ধ করে থাকেন জরুরি অবস্থায় বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে যোগাযোগ করার যে পন্থা দেওয়া আছে তা ব্যবহার করে। বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে লিখিত নোটিস পাঠানো যেতে পারে পত্রবাহকের হাতে, ফার্স্ট ক্লাস মেলে, বা ইমেলে সেই ঠিকানায় যা বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক দিয়েছেন স্কুল থেকে যোগাযোগ করার জন্যে অথবা অন্য কোনো উপায়ে যা আপার স্কুলের প্রিন্সিপাল/হেড এবং বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক যোগাযোগ করার জন্যে ব্যবহার করতে রাজি হয়েছেন।

সাসপেনশনের সিদ্ধান্ত নেবার সময় আপার স্কুলের প্রিন্সিপাল/হেড এবং/অথবা মনোনীত কেউ পরিস্থিতি পর্যালোচনা করতে যথেষ্ট যুক্তিসঙ্গত যত্ন নেবেন এবং তাদের উত্তম পেশাদারী বিচারবুদ্ধির প্রয়োগ করবেন। কোনো সাসপেনশনের সিদ্ধান্ত নেবার আগে ক্ষমার যোগ্য ও বিপদহ্রাসের পরিস্থিতির বিবেচনা করতে হবে।

14.3 ঘটনার গুরুত্ব অনুসারে, কোনো ছাত্র বা ছাত্রীকে সাসপেন্ড করা যেতে পারে স্কুলের নিয়মের লঙ্ঘন করার জন্যে, যা হয়ে থাকতে পারে যখন সে ছিল স্কুল বিল্ডিংয়ে, স্কুল চত্বরে, স্কুলে যাতায়াতের পথে বা স্কুলের ভিতরে বা বাইরে কোনো স্কুল অনুমোদিত অনুষ্ঠানে যদি সে নিম্নোক্ত আচরণ করে থাকে যার অন্তর্গত কিন্তু যাতে সীমাবদ্ধ নয়:

a. *দৈহিক আঘাত ও গালাগালি/শারীরিক হানি/ ভীতিপ্রদর্শন*

i. করেছে বা করার চেষ্টা করেছে, হিংস্র আচরণ, জোর দেখানো, বলপ্রয়োগ, শাসানো, ভীতিপ্রদর্শন বা ঐরকম কিছু।

ii. কোনো স্কুল কর্মীকে বা ছাত্রছাত্রীকে বাধা দিয়েছে বা বাধা দেবার চেষ্টা করেছে ভয় দেখিয়ে, হয়রানি করে, জোর দেখিয়ে অথবা স্কুলের কোনো ক্রিয়াকর্মে বাধা সৃষ্টি করেছে বলপ্রয়োগ বা হিংস্র আচরণ করে বা না করে।

iii. কোনো স্কুল কর্মীকে বা অন্য কাউকে অস্ত্র বা অন্য কোনো বিপজ্জনক বস্তু দিয়ে ক্ষতি করেছে বা করার চেষ্টা করেছে।

iv. লাঞ্ছনা করেছে, যাতে সেক্সুয়াল লাঞ্ছনাও থাকতে পারে, বা কোনো স্কুল কর্মীকে বা অন্য কাউকে লাঞ্ছনা ও গালাগালি করেছে, অথবা লাঞ্ছনা করার চেষ্টা করেছে, যাতে সেক্সুয়াল লাঞ্ছনাও থাকতে পারে, বা কোনো স্কুল কর্মীকে বা অন্য কাউকে লাঞ্ছনা ও গালাগালি করার চেষ্টা করেছে।

v. কোনো স্কুল কর্মীর বা অন্য কারো শারীরিক ক্ষতি করেছে বা করার চেষ্টা করেছে।

vi. আক্রমন করে অথবা আক্রমনের বা বলপ্রয়োগের ভয় দেখিয়ে, কারো দৈহিক সুরক্ষা বিপন্ন করা বা আক্রমন করার অথবা আক্রমনের বা বলপ্রয়োগের ভয় দেখিয়ে, কারো দৈহিক সুরক্ষা বিপন্ন করার চেষ্টা করা। আক্রমনের বা বলপ্রয়োগের ভয় দেখানো একটা প্রকাশ্য আচরণ যা যুক্তিসঙ্গতভাবে আক্রান্তের মনে আসন্ন দৈহিক ক্ষতির ভয় ঢুকিয়ে দেয়। লাঞ্ছনা করা বা টিন ডেটিং হিংস্রতা এই অপরাধের অন্তর্গত।

vii. টিন ডেটিং হিংস্রতায় লিপ্ত হওয়া বা লিপ্ত হবার চেষ্টা করা।

viii. কোনো অযৌক্তিক ও বিপজ্জনক খেলার কৌশল ব্যবহার করা বা ব্যবহারের চেষ্টা করা যাতে অন্য কারো স্বাস্থ্য বা সুরক্ষা বিপন্ন হতে পারে, যেমন হেলমেট বা অন্য কোনো খেলার উপকরণ অস্ত্র হিসাবে ব্যবহার করা।

ix. হিংস্র আচরণ করার জন্য খেপিয়ে তোলা, বাড়িয়ে তোলা, বা উত্তেজিত করা অথবা হিংস্র আচরণ, বলপ্রয়োগ, জোর করা, শাসানো, ভীতিপ্রদর্শন, ক্ষতি, আক্রমন, লাঞ্ছনা, দৈহিক হানি, টিন ডেটিং হিংস্রতা বা কোনো অযৌক্তিক ও বিপজ্জনক খেলার কৌশল ব্যবহার করার জন্য খেপিয়ে তোলা, বাড়িয়ে তোলা, বা উত্তেজিত করার চেষ্টা করা যা কোনো ব্যক্তির স্বাস্থ্য বা সুরক্ষা বিপন্ন করে বা অন্যান্য সমপর্যায়ের আচরণ। এর অন্তর্গত হবে কোনো দলাদলির ঝগড়া বা মারামারির স্থান স্কুল কর্মীদের অনেকবার বলা সত্ত্বেও পরিত্যাগ করতে অস্বীকার করা।

x. কোনো ঝগড়ায় বা মারামারিতে (মৌখিক হোক বা দৈহিক) অথবা পারস্পরিক লাঞ্ছনা ও গালাগালিতে লিপ্ত হওয়া বা লিপ্ত হবার চেষ্টা করা।

b. *আগ্নেয়াস্ত্র, বিপজ্জনক অস্ত্র, বিপজ্জনক বস্তু সঙ্গে রাখা*

i. কোনো আগ্নেয়াস্ত্র সঙ্গে আছে বা ছিল।

ii. আইনত নিষিদ্ধ কোনো ছোরা বা বিপজ্জনক অস্ত্র সঙ্গে আছে বা ছিল।

iii. কোনো জিনিস বিপজ্জনকভাবে বা ভয় দেখানোর জন্যে ব্যবহার করেছে।

c. *নিয়ন্ত্রিত বস্তু, মদ এবং তামাক*

i. কোনো নিয়ন্ত্রিত বস্তুর বা মদের নেশা করেছিল বা সঙ্গে ছিল বা আছে।

ii. প্রেসক্রিপশন করা বা না করা কোনো নিয়ন্ত্রিত বস্তু বা ড্রাগের আনুসঙ্গিক স্কুলের ভিতরে, স্কুলের চত্বরে বা যখন স্কুলের দায়িত্বে আছে, যেমন স্কুলের সৌজন্যে করা কোনো অনুষ্ঠানে বা ইভেন্টে অথবা স্কুলের দেওয়া পরিবহনে বিক্রি করেছে, বিলি করেছে বা সঙ্গে রেখেছিল বা রেখেছে বিক্রির বা বিলি করার উদ্দেশ্য নিয়ে।

iii. কোনো নন-প্রেসক্রাইব্ড নিয়ন্ত্রিত বস্তু, নার্কোটিক ড্রাগ, হ্যালুসিনোজেনিক ড্রাগ, অ্যাম্ফেটামাইন, বার্বিটিউরেট, মারিজুয়ানা, এলকোহলিক পানীয় অথবা কোনো ধরনের মাদক দ্রব্য সঙ্গে আছে বা ছিল বা ব্যবহার করেছে।

iv. তামাকজাত দ্রব্য ব্যবহার করতে দেখা গেছে স্কুলের ভিতরে, স্কুলের চত্বরে বা যখন স্কুলের দায়িত্বে আছে, যেমন স্কুলের সৌজন্যে করা কোনো অনুষ্ঠানে বা ইভেন্টে অথবা স্কুলের দেওয়া পরিবহনে।

v. প্রদর্শন করেছে, ব্যবহার করেছে বা ওর সঙ্গে ছিল কোনো নিয়ন্ত্রিত বস্তু বা এলকোহল যখন স্কুলের ভিতরে, স্কুলের চত্বরে বা যখন স্কুলের দায়িত্বে আছে, যেমন স্কুলের সৌজন্যে করা কোনো অনুষ্ঠানে বা ইভেন্টে অথবা স্কুলের দেওয়া পরিবহনে ছিল।

vi. বিক্রি করতে সাহায্য করেছে, বিলি করেছে অথবা সঙ্গে রেখেছে কোনো নিয়ন্ত্রিত বস্তু বা নন-প্রেসক্রাইব্ড নিয়ন্ত্রিত বস্তু, নার্কোটিক ড্রাগ, হ্যালুসিনোজেনিক ড্রাগ, অ্যাম্ফেটামাইন, বার্বিটিউরেট, মারিজুয়ানা, এলকোহলিক পানীয় অথবা কোনো ধরনের মাদক দ্রব্য, যখন স্কুলের চত্বরে বা যখন স্কুলের দায়িত্বে আছে, যেমন স্কুলের সৌজন্যে করা কোনো অনুষ্ঠানে বা ইভেন্টে অথবা স্কুলের দেওয়া পরিবহনে ছিল।

vii. প্রদর্শন করেছে, ব্যবহার করেছে বা ওর সঙ্গে ছিল কোনো ড্রাগ আনুসঙ্গিক যখন স্কুলের ভিতরে, স্কুলের চত্বরে বা যখন স্কুলের দায়িত্বে আছে, যেমন

স্কুলের সৌজন্যে করা কোনো অনুষ্ঠানে বা ইভেন্টে অথবা স্কুলের দেওয়া পরিবহনে ছিল।

viii বিক্রি করতে সাহায্য করেছে, বিলি করেছে অথবা সঙ্গে রেখেছে কোনো ধরনের ড্রাগ আনুসঙ্গিক যখন স্কুলের ভিতরে, স্কুলের চত্বরে বা যখন স্কুলের দায়িত্বে আছে, যেমন স্কুলের সৌজন্যে করা কোনো অনুষ্ঠানে বা ইভেন্টে অথবা স্কুলের দেওয়া পরিবহনে ছিল।

ix. কাছাকাছি ছিল এবং জায়গা ছেড়ে যাবার কোনরকম ভাবে চেষ্টা করেনি যেখানে বিক্রি হচ্ছিল, বিলি হচ্ছিল, ব্যবহার বা সঙ্গে রাখা হচ্ছিল কোনো নিয়ন্ত্রিত বস্তু বা নন-প্রেসক্রাইব্ড নিয়ন্ত্রিত বস্তু, নার্কোটিক ড্রাগ, হ্যালুসিনোজেনিক ড্রাগ, অ্যাম্ফেটামাইন, বার্বিটিউরেট, মারিজুয়ানা, এলকোহলিক পানীয় অথবা কোনো ধরনের মাদক দ্রব্য, অথবা বিক্রি হচ্ছিল, বিলি হচ্ছিল, ব্যবহার বা সঙ্গে রাখা হচ্ছিল কোনো ধরনের ড্রাগ অনুসাঙ্গিক স্কুলের ভিতরে, স্কুলের চত্বরে বা কোনো স্কুলের দায়িত্বে থাকা জায়গায়।

d. *হয়রানি, বৈষম্য, দাদাগিরি, সাইবার-দাদাগিরি, নাগরিক অধিকার লঙ্ঘন*

i. অন্য কারো নাগরিক অধিকার ভঙ্গ করেছে।

ii. হয়রানির বা বৈষম্যের আচরণ করেছে, সেক্সুয়াল হয়রানি যার অন্তর্গত।

iii. দোষারোপ করেছে, নোংরা বা অশ্লীল ভাষা অনবরত এবং/অথবা অবমাননাকর ভঙ্গিতে ব্যবহার করেছে।

iv. এমন কোনো আচরণে লিপ্ত থেকেছে যা ম্যাসাচুসেটস-এর অবমাননা নিষিদ্ধ করা আইন ভঙ্গ করেছে (M.G.L. c. 269, §§17-19)।

v. কোনো ব্যক্তিকে শাসিয়েছে, হয়রানি করেছে বা ভয় দেখিয়েছে যখন সে স্কুল চত্বরে বা স্কুলের কোনো অনুষ্ঠানে স্কুলের চত্বরের ভিতরে বা বাইরে ছিল।

vi. ভাষা এবং/অথবা ইঙ্গিত ব্যবহার করেছে যা অশ্লীল, অনুপযুক্ত, অপমানকর এবং/অথবা আক্রমনাত্মক যখন সে স্কুল চত্বরে বা স্কুলের কোনো অনুষ্ঠানে স্কুলের চত্বরের ভিতরে বা বাইরে ছিল।

vii. এমন কোনো আচরণে লিপ্ত থেকেছে যা ম্যাসাচুসেটস-এর দাদাগিরি নিষিদ্ধ করা আইন ভঙ্গ করেছে (M.G.L. c. 71, §§370)।

viii. এমন কোনো আচরণে লিপ্ত থেকেছে যা ম্যাসাচুসেটস-এর সাইবার-দাদাগিরি নিষিদ্ধ করা আইন ভঙ্গ করেছে (M.G.L. c. 71, §§370)।

e. *চুরি, ভাঙ্গচুর করা, আগুন লাগানো*

i. স্কুলের কোনো সম্পত্তিতে আগুন লাগানো বা লাগানোর চেষ্টা করা বা ভাঙ্গচুর করা বা করার চেষ্টা করা।

ii. স্কুল সম্পত্তির ভিতরে, স্কুলের সৌজন্যে করা কোনো কাজে বা স্কুলের পরিবহনে থাকার সময় আগুন ধরিয়ে অন্যদের সুরক্ষা বিপদগ্রস্ত করা বা করার চেষ্টা করা।

iii. কোনো রকম আগুন বা পুলিসজনিত কোনো জরুরি অবস্থা না থাকা সত্বেও কোনো স্কুলের অ্যালার্মের এর মত অ্যালার্ম বাজানো।

iv. স্কুলের অথবা কারোর ব্যক্তিগত সম্পত্তি চুরি করা বা ক্ষতি করা অথবা চুরি করার বা ক্ষতি করার চেষ্টা করা।

v. স্কুলের অথবা কারোর ব্যক্তিগত সম্পত্তি চুরি করার বা চুরি করার চেষ্টা করার জন্যে বলপ্রয়োগ করা বা বলপ্রয়োগ করার ভয় দেখানো।

vi. স্কুলে থাকার সময় অন্য কারো ব্যক্তিগত সম্পত্তি চুরি করেছে বা অথবা চুরি হওয়া জিনিস তার কাছে পাওয়া গেছে।

vii. স্কুলের সম্পত্তি নষ্ট করেছে বা নষ্ট করার চেষ্টা করেছে, স্কুলের সম্পত্তি চুরি করেছে বা চুরি করার চেষ্টা করেছে।

viii. স্কুল অথবা স্কুল সম্পর্কিত কোনো ইভেন্ট বা কাজে বাধা দিয়েছে বা বাধা দেবার চেষ্টা করেছে ফল্স অ্যালার্ম বাজিয়ে বা বাজাবার চেষ্টা করে।

ix. অন্যদের সুরক্ষা বিপদগ্রস্ত করেছে ফল্স অ্যালার্ম বাজিয়ে বা বাজাবার চেষ্টা করে।

x. বোমার ভয় দেখিয়েছে বা দেখাবে বলে শাসিয়েছে অথবা অন্য মিথ্যা শাসানি বা সংকটের ভয় দেখিয়েছে।

xi. মিথ্যা অ্যালার্ম দিয়েছে বা দেবার বন্দোবস্ত করেছে, যাতে অন্তর্গত কিন্তু সীমাবদ্ধ নয়, বোমার ভয় দেখানো, অ্যালার্ম চেন টেনেছে, অগ্নি নির্বাপকের চেন টেনেছে, বা অন্য কোনো রকম মিথ্যা অ্যালার্ম বা সংকটের সৃষ্টি করেছে যখন সে স্কুল চত্বরে আছে বা কোনো স্কুলের কাজে আছে বা স্কুল সম্পর্কিত অনুষ্ঠানে আছে।

f. *অন্যান্য বাধাদান*

i. স্কুলের সকলের সমবেত হওয়া বা স্কুলের স্বাভাবিক প্রক্রিয়ায় বা কোনো শিক্ষামূলক অনুষ্ঠানে বা স্কুল চত্বরের ভিতরে বিধিসম্মত জমায়েতে শারীরিক ভাবে বাধা দিয়েছে বা বাধা দেবার চেষ্টা করেছে।

ii. কোনো স্কুল কর্মীদের, যারা আইনানুগ ভাবে তাদের বিধিসম্মত কাজে কোনো নির্দেশ দিয়েছে, তা না মানা, যার ফলে অন্যান্য ছাত্রছাত্রীদের পড়াশোনায় বিঘ্ন ঘটেছে।

iii. কমনওয়েল্থ অফ ম্যাসাচুসেটস-এর আইনে নিষিদ্ধ কোনো কাজে লিপ্ত থাকা যার ফলে স্কুলের কাজকর্ম ব্যাহত হয়েছে।

iv. কোনো রকম কাজে লিপ্ত থাকা যার ফলে স্কুলে, কোনো ক্লাসরুমে অথবা ক্লাসরুমের কাজে বিঘ্ন ঘটে অথবা কোনো ব্যক্তির হানির কারণ হয়।

v. কোনো রকম কাজে লিপ্ত থাকা যা M.G.L.c. 71, §§37H & 37H½-এর লঙ্ঘন করে।

vi. কোনো রকম কাজে লিপ্ত থাকা বা এমন কোনো বস্তু নিয়ে আসা স্কুলের সম্পত্তির ভিতরে বা স্কুলের সৌজন্যে করা কোনো কাজে বা অনুষ্ঠানে যা স্কুলের পরিবেশে কোনো যুক্তিসঙ্গত কাজে লাগেনা।

vii. এমন কোনো বস্তু নিয়ে এসে যা স্কুলের পরিবেশে কোনো যুক্তিসঙ্গত কাজে লাগেনা স্কুলে, ক্লাসরুমে বা ক্লাসরুমের কাজে ব্যাঘাত ঘটানো বা ব্যাঘাত ঘটানোর চেষ্টা করা।

g. *বার বার নিয়মলঙ্ঘন করা*

i. এই *হ্যান্ডবুকে* দেওয়া কোনো এক বা একাধিক নিয়মের বা দায়িত্বের বার বার লঙ্ঘন করা।

আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের অধিকার আছে সাসপেনশন শুনানির তথ্য ও চুক্তি আবার পর্যালোচনা করার এবং অধিকার আছে সেই সাসপেনশন বাড়ানোর।

সাসপেনশনে থাকার সময়, কোনো ছাত্র বা ছাত্রী স্কুলের কাছাকাছি থাকবেনা এবং কোনো স্কুলের অনুষ্ঠানে বা কাজে যোগ দিতে বা অংশগ্রহন করতে পারবেনা।

14.4 <u>ছাত্রছাত্রীদের মারামারি, ঝগড়া</u>

যে ব্যক্তিরা কোনো মারামারিতে অংশ নেবে বা তাতে কোনভাবে মদত দেবে তাদের ওপর সত্বর ও গুরুতর শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। এই ধরনের কোনো বিঘ্ন ঘটানোর আচরণ একেবারেই সহ্য করা হবেনা। এইরকম অন্যায় আচরণের শাস্তি হতে পারে এক থেকে দশ দিনের সাসপেনশন যা নির্ভর করবে কতটা জড়িত ছিল, কি ভাবে জড়িত ছিল, কতবার জড়িত ছিল এবং /অথবা ঘটনার গুরুত্বর ওপরে। খেয়াল রাখতে হবে যে কোনো ব্যক্তির ওপর আক্রমন বা আক্রমন এবং গালাগালি একটি অপরাধ এবং কোনরকম দৈহিক আক্রমন পুলিসকে জানানো হয়, এবং বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কদের জানানো হয় তাদের

ম্যাসাচুসেট্স কাউন্টি কোর্টে অপরাধের অভিযোগ দায়ের করার অধিকারের কথা। কোনো আক্রমন এবং/অথবা আক্রমন ও গালাগালির ঘটনায়, পরিস্থিতির ওপর নির্ভর করে, কেমব্রিজ পাবলিক স্কুল, নিজেদের তরফ থেকেও, ম্যাসাচুসেট্স কাউন্টি কোর্টে অপরাধের অভিযোগ দায়ের করতে পারে। ছাত্রছাত্রীরা বোঝে কখন তারা ঝামেলায় জড়িয়ে পড়ছে, আশা করা হয় তারা সেই ঝামেলা শান্তিতে মেটানোর জন্যে প্রয়োজন হলে সাহায্য চাইবে। ছাত্রছাত্রীদের দায়িত্ব হলো সেই পরিস্থিতি স্কুল আধিকারিকদের নজরে এনে মারামারি এড়ানো। ঝামেলা মেটানোয় সাহায্য করার জন্য অফিস অফ সেফটি এন্ড সিকিউরিটিতে সব সময়েই ছাত্রছাত্রী–শিক্ষক মধ্যস্থতাকারীরা প্রস্তুত থাকে।

দায়িত্ববান প্রশাসকেরা, নিচে দেওয়া পাচটি শৃঙ্খলার শ্রেনীর বিবরণ অনুযায়ী, কোনো শৃঙ্খলাহানির পরিস্থিতির শ্রেণী ও মান নির্ধারণ করবেন, যা নির্ভর করবে প্রতিটি নির্দিষ্ট ঘটনার পরিস্থিতির ওপর, এবং কোনো প্রশাসক প্রথম বা দ্বিতীয় আক্রমনকেও কোনো ওপরের শ্রেণীতে দেখাতে পারেন যদি সেই ঘটনা বা পরিস্থিতি আরো গুরুতর শাস্তি দাবি করে, যা স্কুল থেকে এক্সপালশন অব্দি হতে পারে।

## শ্রেণী–এক:

উত্তেজক/বর্ধক/প্ররোচক:

কোনো ছাত্র বা ছাত্রী যাকে কোনো বিঘ্নকারী ঝগড়া বা মারামারির স্থান ছেড়ে যেতে বলা হয়েছে এবং সে কথা শোনেনি, সে এই শ্রেণীতে পড়ে।

প্রথম অন্যায় : তিন দিন অব্দি স্কুলের ভিতরে সাসপেনশন।
বাবা–মা/অভিভাবক/তত্বাবধাযকে জানানো।

দ্বিতীয় অন্যায় : তিন দিন থেকে পাঁচ দিন স্কুলের বাইরে সাসপেনশন।
বাবা–মা/অভিভাবক/তত্বাবধাযকের সাথে আলোচনা।

তৃতীয় অন্যায় : পাঁচ দিন থেকে দশ দিন স্কুলের বাইরে সাসপেনশন। বাবা–মা/অভিভাবক/তত্বাবধাযকের সাথে আলোচনা। আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের অফিসে এক্সপালশনের শুনানি।

## শ্রেণী–দুই:

কোনো ব্যক্তির ওপর আক্রমন ও গালাগালি:

কোনো ব্যক্তির ওপর আক্রমন করা বা আক্রমন ও গালাগালি করা একটি অপরাধ। কেমব্রিজ পাবলিক স্কুলের দায়বদ্ধতা আছে সব অপরাধ রিপোর্ট করার যা ঘটেছে স্কুলের সম্পত্তিতে, স্কুল বাসে, অথবা স্কুল সম্পর্কিত এবং/অথবা স্কুলের সৌজন্যে করা কোনো অনুষ্ঠানে, এবং তা পুলিসকে জানানো হবে। আক্রান্তদের তাদের অপরাধের অভিযোগ দায়ের করার অধিকারের বিষয়ে জানানো হবে, এবং কেমব্রিজ পাবলিক স্কুলও আক্রমনকারীর বিরুদ্ধে অপরাধের অভিযোগ দায়ের করতে পারে।

| | |
|---|---|
| প্রথম অন্যায় : | তিন দিন থেকে পাঁচ দিন স্কুলের বাইরে সাসপেনশন। বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযকের সাথে আলোচনা। |
| দ্বিতীয় অন্যায় : | পাঁচ দিন থেকে দশ দিন স্কুলের বাইরে সাসপেনশন। বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযকের সাথে আলোচনা। আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের অফিসে এক্সপালশনের শুনানি। |

## শ্রেণী-তিন:

মারামারি/নিজেদের মধ্যে আক্রমন ও গালাগালি:

কোনো ব্যক্তির ওপর আক্রমন করা বা আক্রমন ও গালাগালি করা একটি অপরাধ। কেমব্রিজ পাবলিক স্কুলের দায়বদ্ধতা আছে সব অপরাধ রিপোর্ট করার যা ঘটেছে স্কুলের সম্পত্তিতে, স্কুল বাসে, অথবা স্কুল সম্পর্কিত এবং/অথবা স্কুলের সৌজন্যে করা কোনো অনুষ্ঠানে, এবং তা পুলিসকে জানানো হবে। আক্রান্তদের তাদের অপরাধের অভিযোগ দায়ের করার অধিকারের বিষয়ে জানানো হবে, এবং কেমব্রিজ পাবলিক স্কুলও আক্রমনকারীর বিরুদ্ধে অপরাধের অভিযোগ দায়ের করতে পারে।

| | |
|---|---|
| প্রথম অন্যায় : | তিন দিন অব্দি স্কুলের বাইরে সাসপেনশন। বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযকের সাথে আলোচনা। |
| দ্বিতীয় অন্যায় : | তিন দিন থেকে পাঁচ দিন স্কুলের বাইরে সাসপেনশন। বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযকের সাথে আলোচনা। স্কুলে ফেরার পর, মধ্যস্থতার ব্যবস্থা করা ও তাতে উৎসাহ দেওয়া। |
| তৃতীয় অন্যায় : | পাঁচ দিন থেকে দশ দিন স্কুলের বাইরে সাসপেনশন। আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের অফিসে এক্সপালশনের শুনানি। |

## শ্রেণী-চার:

ক্লাসরুমে, কাফেটেরিয়ায়, অ্যাসেমব্লিতে, করিডরে, টাইম পাসের সময়, স্কুল ডান্স ইত্যাদিতে, মারামারি/নিজেদের মধ্যে আক্রমন ও গালাগালি করা। ঝগড়া,(দৈহিকভাবে হোক বা না হোক) বিশেষত তা যখন অনেক লোকের মাঝখানে হটাৎ করে হয়, স্কুলে এক বিপদসংকুল অবস্থার সৃষ্টি করে। এই অত্যন্ত বিঘ্নকারী ও ক্ষতিকারক আচরণের জন্য কঠোর শৃঙ্খলামূলক ব্যবস্থার প্রয়োজন। উদাহরণ স্বরুপ: কাফেটেরিয়ায় লাঞ্চের সময়, স্কুল ছুটির সময় বা স্কুলে আসার সময়, নাচের আসরে, খেলাধুলায়, অথবা কোনো স্কুলের আসেম্বলি বা সম্পর্কিত অনুষ্ঠানে।

| | |
|---|---|
| প্রথম অন্যায় : | তিন দিন পর্যন্ত স্কুলের বাইরে সাসপেনশন। বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযকের সাথে আলোচনা। স্কুলে ফেরার পর, মধ্যস্থতার ব্যবস্থা করা ও তাতে উৎসাহ দেওয়া। |
| দ্বিতীয় অন্যায় : | তিন দিন থেকে পাঁচ দিন স্কুলের বাইরে সাসপেনশন। বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযকের সাথে আলোচনা। স্কুলে ফেরার পর, মধ্যস্থতার ব্যবস্থা করা ও তাতে উৎসাহ দেওয়া। |

তৃতীয় অন্যায় : পাঁচ দিন থেকে দশ দিন স্কুলের বাইরে সাসপেনশন। আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের অফিসে এক্সপালশনের শুনানি।

14.5 মিথ্যা অ্যালার্ম সেট করা

কোনো ছাত্র বা ছাত্রী যে মিথ্যা অ্যালার্ম দিয়েছে বা দেবার বন্দোবস্ত করেছে (যেমন), বোমার ভয় দেখানো, অ্যালার্ম চেন টানা, অগ্নি নির্বাপকের চেন টানা, বো অন্য কোনো রকম মিথ্যা অ্যালার্ম বা সংকটের সৃষ্টি করা) যাতে স্কুলের মাঠে, বা স্কুলের কোনো ক্রিয়াকর্মে, বা স্কুল সম্পর্কিত কোনো অনুষ্ঠানে যার জন্যে পুলিস ডিপার্টমেন্ট এবং/অথবা ফায়ার ডিপার্টমেন্টের আসার প্রয়োজন হয়েছে, তার বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা নেওয়া প্রয়োজন। এরকম আচরণ যে খালি স্কুলে বিঘ্ন ঘটায় তা নয়, এতে স্কুলের অন্যান্যদের, সাহায্য করতে আসা পুলিস এবং ফায়ার ডিপার্টমেন্টের লোকেদেরও জীবনসংকট হতে পারে। এই কারণে, এই রকম আচরণ সহ্য করা হবেনা।

প্রথম অন্যায় : পাঁচ দিন থেকে দশ দিন স্কুলের বাইরে সাসপেনশন। আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের অফিসে এক্সপালশনের শুনানি।

14.6 তামাক নিষিদ্ধকরণ নীতি

কমনওয়েল্থ অফ ম্যাসাচুসেটস' এডুকেশন রিফর্ম অ্যাক্ট অফ 1993, সেকশন 37H অনুসারে: “সব স্কুল ডিস্ট্রিক্টের সুপারিনটেনডেন্টরা সেই ডিস্ট্রিক্টের শিক্ষকদের ও ছাত্রছাত্রীদের আচরণ সম্পর্কিত নীতি পাবলিশ করবেন। সেই নীতি, স্কুলের কর্মীদের সহ, কোনো ব্যক্তির দ্বারা কোনরকম তামাকজাত দ্রব্যের ব্যবহার নিষিদ্ধ করবে স্কুল বিল্ডিংয়ের ভিতরে, স্কুলের সুযোগ সুবিধাগুলিতে কিম্বা স্কুলের মাঠে বা স্কুলের বাসে”। কর্মীদের, ছাত্রছাত্রীদের এবং সাধারণ জনতার তামাকজাত দ্রব্য ধুমপান করা, চিবোনো বা অন্য ব্যবহার স্কুল ডিস্ট্রিক্টের সমস্ত বিল্ডিংয়ে নিষিদ্ধ করা হবে। “তামাকজাত দ্রব্য” কথাটির অর্থ হবে তামাকের যে কোনো রূপ, যার অন্তর্গত কিন্তু যাতে সীমাবদ্ধ নয়, সিগারেট, সিগার, নস্যি, চেবানোর তামাক, ই-সিগারেট, নিকোটিন ভেপোরাইজার, ধুয়াবিহীন তামাক পণ্য এবং অন্যান্য এই ধরনের পণ্য। এই নীতি প্রযোজ্য হবে স্কুলের সৌজন্যে করা সব অনুষ্ঠানে এবং/অথবা স্কুল সম্পর্কিত ইভেন্টে, যেমন অ্যাথলেটিক্স, তা স্কুল ডিস্ট্রিক্টের মাঠে হোক কি না হোক। স্কুলের সম্পত্তি এবং/অথবা মাঠ বলতে বুঝতে হবে প্রতিটি স্কুলের চারপাশের যে ফুটপাথ তার সীমানা পর্যন্ত। বিশেষত, কেমব্রিজ রিন্দগে এন্ড ল্যাটিন স্কুলের মাঠের ভিতর কেমব্রিজ পাবলিক লাইব্রেরির মাঠও স্কুলের মাঠ বলেই ধরা হবে সব ছাত্রছাত্রী নীতির ব্যাপারে। এই বিধিগুলির কোনো লঙ্ঘনের বিশেষ পরিস্থিতির ওপর নির্ভর করে, কোনো ছাত্র বা ছাত্রীকে শাস্তি দেওয়া হতে পারে এবং তাকে তামাকের নেশার সহায়তা এবং/অথবা পদার্থ অপব্যবহারের ওপর উপযুক্ত সিটি/হেলথ এডুকেশন প্রোগ্রামে রেফার করা হতে পারে।

# 15.0 জরুরি অবস্থায় অপসারণ

15.1 জরুরি অবস্থায় অপসারণ

আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা মনোনীত কেউ কোনো ছাত্র বা ছাত্রীকে স্কুল থেকে অস্থায়ী ভাবে অপসারণ করতে পারেন যখন সেই ছাত্র বা ছাত্রীর বিরুদ্ধে শৃঙ্খলাভঙ্গের অভিযোগ এসেছে এবং তার স্কুলে থাকাটা অন্যদের বা সম্পত্তির পক্ষে বিপদের কারণ হতে পারে, অথবা শারীরিক ভাবে ও যথেষ্ট পরিমানে স্কুলের শৃঙ্খলা বিঘ্ন করছে, এবং আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের বিবেচনায়, সেই বিপদ বা বিঘ্ন এড়াবার আর কোনো বিকল্প নেই। এই জরুরি অবস্থার অপসারণ যে দিন অপসারণ হবে তার পরে দুই(2) দিনের বেশি হবেনা, যার মধ্যে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড নিচে দেওয়া এই *হ্যান্ডবুকের* পরিচ্ছেদ 15.2 অনুযায়ী প্রক্রিয়ার অনুসরণ করবেন।

15.2 বাবা-মা/অভিভাবক/তত্ত্বধায়কদের এবং ছাত্র বা ছাত্রীটিকে জরুরি অবস্থায় অপসারণের নোটিফিকেশন দেওয়া

আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা মনোনীত কেউ যিনি এই জরুরি অবস্থার অপসারণ অনুমোদন করবেন তিনি:

a. সত্বর ও যুক্তিসঙ্গত চেষ্টা করবেন বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কদের যোগাযোগ করার এবং মৌখিকভাবে ছাত্র বা ছাত্রীটিকে ও বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কদের জানাবেন এই জরুরি অবস্থার অপসারণের কথা, কি কারণে জরুরি অবস্থার অপসারণ হচ্ছে এবং অন্যান্য সব বিষয় যেমন ওপরে দেওয়া আছে এই *হ্যান্ডবুকের* সেকশন 14.2(b)(i) – (vi) -তে।

b. নিশ্চিত করবেন কোনো ছাত্র বা ছাত্রী যাতে স্কুল থেকে কোনো জরুরি অবস্থার ভিত্তিতে শৃঙ্খলামূলক অপরাধের কারণে অপসারিত না হয় যতক্ষননা সেই ছাত্র বা ছাত্রীটির নিরাপত্তা ও পরিবহনের ব্যবস্থা সম্পূর্ণ হচ্ছে।

c. ছাত্র বা ছাত্রীটিকে ও বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কদের লিখিত ভাবে জানাবেন যেমন ওপরে দেওয়া আছে এই *হ্যান্ডবুকের* সেকশন 14.2(b)(i) – (vi) -তে।

d. ছাত্র বা ছাত্রীটিকে একটা সুযোগ দেবেন আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের কাছে শুনানির জন্যে এই *হ্যান্ডবুকে* নিচে দেওয়া সেকশন 16,2 বা 16.3, যা প্রযোজ্য হবে তা অনুযায়ী, এবং বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কদের সুযোগ দেওয়া পাঁচ(5) স্কুলদিবসের মধ্যে সেই শুনানিতে উপস্থিত থাকার, যদিনা সেই শুনানির সময় আরো বাড়ানোর জন্যে আপার স্কুলে প্রিন্সিপাল/হেড, ছাত্র/ছাত্রী, এবং বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়করা সহমত হন।

e. শুনানির দিনেই মৌখিক ভাবে সিদ্ধান্ত জানাবেন এবং লিখিত ভাবে জানাবেন পরের স্কুলদিবসের পরে নয়।

## 16.0 সাসপেনশন আলোচনা

16.1 <u>স্কুলের ভিতরের সাসপেনশনের আলোচনা</u>

আপার স্কুলের প্রিন্সিপাল/হেড ছাত্র বা ছাত্রীটিকে জানাবেন শৃঙ্খলাভঙ্গের অভিযোগের কথা এবং অভিযোগের ভিত্তির কথা; এবং ছাত্র বা ছাত্রীটিকে তার কথা বলার সুযোগ দেওয়া হবে। যদি আপার স্কুলের প্রিন্সিপাল/হেড মনে করেন যে ছাত্র বা ছাত্রীটি অপরাধ করেছে, তাহলে প্রিন্সিপাল ছাত্র বা ছাত্রীটিকে জানাবেন তার কতদিনের স্কুলের ভিতরে সাসপেনশন হবে। যেদিন এই স্কুলের ভিতরের সাসপেনশনের সিদ্ধান্ত হবে সেই দিনেই আপার স্কুলের প্রিন্সিপাল/হেড যুক্তিসঙ্গত চেষ্টা করবেন বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযককে যত তাড়াতাড়ি সম্ভব জানাবেন এই শৃঙ্খলাভঙ্গের অপরাধের কথা, ছাত্র বা ছাত্রীটি দোষ করেছে সেই সিদ্ধান্তে পৌছনোর কারণের কথা, এবং স্কুলের ভিতরের সাসপেনশন কত লম্বা হবে সে কথা। আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযককে একটা মিটিঙে আমন্ত্রণ জানাবেন ছাত্র বা ছাত্রীটির পড়াশোনার বিবরণ ও আচরণ, ছাত্র বা ছাত্রীটিকে জড়িত করে রাখার কৌশল, এবং তার আচরণ কি ভাবে ভালো করা যায় তা আলোচনা করতে। যদি সম্ভব হয় এই মিটিং যেদিন সাসপেনশন হলো সেদিনই করা হবে, যদি সম্ভব না হয়, তাহলে তারপরে যত তাড়াতাড়ি সম্ভব। যদি আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযককে যোগাযোগ করতে না পারেন অন্তত দুই(2) বার চেষ্টা করে এবং সেই চেষ্টার নথিবদ্ধ প্রমান রেখে, তাহলে সেই চেষ্টাকে যুক্তিসঙ্গত চেষ্টা বলা হবে বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযকদের মৌখিক ভাবে স্কুলের ভিতরের সাসপেনশনের কথা জানানোর জন্যে।

আপার স্কুলের প্রিন্সিপাল/হেড ছাত্র/ছাত্রীকে এবং বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযককে লিখিত ভাবেও জানাবেন এই স্কুলের ভিতরের সাসপেনশনের কথা, এবং এই সাসপেনশনের কারণ ও দৈর্ঘের কথা, এবং বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযককে মিটিঙে আমন্ত্রণ জানাবেন ছাত্র বা ছাত্রীটির পড়াশোনার বিবরণ ও আচরণ, ছাত্র বা ছাত্রীটিকে জড়িত করে রাখার কৌশল, এবং এই আচরণের কি প্রতিক্রিয়া হতে পারে, যদি সেই মিটিং আগেই না হয়ে গিয়ে থাকে। আপার স্কুলের প্রিন্সিপাল/হেড এই নোটিস পাঠাবেন সাসপেনশনের দিনেই সার্টিফায়েড মেলে, ফার্স্ট ক্লাস মেলে, ই-মেলে যে ঠিকানা দিয়েছিলেন বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযক স্কুলের যোগাযোগের জন্যে অথবা অন্য কোনো যোগাযোগের উপায় যা আপার স্কুলের প্রিন্সিপাল/হেড এবং বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযক রাজি হয়েছেন। সাসপেনশন চলাকালীন সময়ে ছাত্র বা ছাত্রীটি প্রযোজ্য ক্রেডিট উপার্জন করার সুযোগ পাবে, করতে পারবে এসাইনমেন্ট, পরীক্ষা, পেপার ও অন্যান্য স্কুলের কাজ যেরকম স্কুলের ভিতরে সাসপেনশনে থাকার সময় পড়াশোনা এগিয়ে নিয়ে যাবার জন্যে প্রয়োজন।

স্টেট রেগুলেশনের সাথে সঙ্গতি রেখে, দশ(10) দিনের বা তার কম স্কুলের ভিতরে সাসপেনশন, একটানা বা এক স্কুলবর্ষে মিলিতভাবে, স্বল্প মেয়াদী সাসপেনশন বলে ধরা হবেনা। কিন্তু, যদি কোনো ছাত্র বা ছাত্রীকে দশ(10) দিনের বেশি স্কুলের ভিতরে সাসপেনশনে রাখা হয়, এই ধরনের সাসপেনশনকে যথোচিত প্রক্রিয়ার জন্যে, আবেদনের জন্যে, এবং রিপোর্ট করার জন্যে দীর্ঘ মেয়াদী সাসপেনশন বলে ধরা হবে।

16.2 স্বল্প মেয়াদী সাসপেনশনের আলোচনা

আপার স্কুলের প্রিন্সিপাল/হেড ছাত্র বা ছাত্রীটিকে শৃঙ্খলাভঙ্গের অপরাধের কথা জানাবেন, আরো জনাবেন অভিযোগের ভিত্তি কি ও অন্য কোনো প্রাসঙ্গিক তথ্য। ছাত্র বা ছাত্রীটিকে সুযোগ দেওয়া হবে তার কথা বলার এবং তথ্য উপস্থিত করার, যেমন কোনো ঝামেলা

এড়াতে চাওয়ার পরিস্থিতির কথা, যা আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বিবেচনা করবেন সিদ্ধান্ত নেবার সময় যে ছাত্র বা ছাত্রীটি শৃঙ্খলাভঙ্গের অপরাধ করেছে কিনা, যদি করে থাকে, তাহলে সেই অপরাধের ফলশ্রুতি কি, যার অন্তর্গত হবে অন্যান্য প্রতিকার বা পরিণতি যা প্রযোজ্য হতে পারে। পাওয়া তথ্যের ওপর ভিত্তি করে, যমন ঝামেলা এড়াতে চাওয়ার পরিস্থিতি, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড নির্ধারণ করবেন ছাত্র বা ছাত্রীটি শৃঙ্খলাভঙ্গের অপরাধ করেছে কি করেনি, এবং যদি করে থাকে তাহলে কি প্রতিকার বা পরিণতি আরোপিত হবে।

আপার স্কুলের প্রিন্সিপাল/হেড ছাত্র/ছাত্রীকে, বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযককে তার সিদ্ধান্তের কথা এবং তার কারণ জানাবেন, এবং যদি ছাত্র/ছাত্রীটি সাসপেন্ডেড হয়ে থাকে, সেই সাসপেনশনের ধরন ও দৈর্ঘ্য জানাবেন। সাসপেনশন চলাকালীন সময়ে ছাত্র বা ছাত্রীটি প্রযোজ্য ক্রেডিট উপার্জন করার সুযোগ পাবে, করতে পারবে এসাইনমেন্ট, পরীক্ষা, পেপার ও অন্যান্য স্কুলের কাজ যেরকম স্কুলের ভিতরে সাসপেনশনে থাকার সময় পড়াশোনা এগিয়ে নিয়ে যাবার জন্যে প্রয়োজন।
এই সিদ্ধান্ত লিখিত ভাবে করতে হবে।

যদি ছাত্র বা ছাত্রীটি প্রিস্কুল প্রোগ্রামে থাকে বা কিন্ডারগার্টেন গ্রেড থেকে তৃতীয় গ্রেডের মধ্যে হয়, প্রিন্সিপাল লিখিত সিদ্ধান্তের একটা কপি সুপারিনটেনডেন্টকে পাঠাবেন এবং এই স্কুলের বাইরে সাসপেনশন করার কারণ ব্যাখ্যা করবেন, সাসপেনশন কার্যকারী হবার আগে।

16.3 <u>দীর্ঘ মেয়াদী সাসপেনশনের আলোচনা</u>

আপার স্কুলের প্রিন্সিপাল/হেড ছাত্র বা ছাত্রীটিকে শৃঙ্খলাভঙ্গের অপরাধের কথা জানাবেন, আরো জনাবেন অভিযোগের ভিত্তি কি ও অন্য কোনো প্রাসঙ্গিক তথ্য। ছাত্র বা ছাত্রীটিকে সুযোগ দেওয়া হবে তার কথা বলার এবং তথ্য উপস্থিত করার, যেমন কোনো ঝামেলা এড়াতে চাওয়ার পরিস্থিতির কথা, যা আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বিবেচনা করবেন সিদ্ধান্ত নেবার সময় যে ছাত্র বা ছাত্রীটি শৃঙ্খলাভঙ্গের অপরাধ করেছে কিনা, যদি করে থাকে, তাহলে সেই অপরাধের ফলশ্রুতি কি, যার অন্তর্গত হবে অন্যান্য প্রতিকার বা পরিণতি যা প্রযোজ্য হতে পারে। পাওয়া তথ্যের ওপর ভিত্তি করে, যেমন ঝামেলা এড়াতে চাওয়ার পরিস্থিতি, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড নির্ধারণ করবেন ছাত্র বা ছাত্রীটি শৃঙ্খলাভঙ্গের অপরাধ করেছে কি করেনি, এবং যদি করে থাকে তাহলে কি প্রতিকার বা পরিণতি আরোপিত হবে। যদি ছাত্র বা ছাত্রীটির বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক উপস্থিত থাকে, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড তাদের সুযোগ দেবেন ছাত্র/ছাত্রীটির আচরণ আলোচনা করার এবং তথ্য দেবার, যেমন কোনো ঝামেলা এড়াতে চাওয়ার পরিস্থিতি, যা প্রিন্সিপাল বিবেচনা করবেন ছাত্র/ছাত্রীটির পরিণতির সিদ্ধান্ত নেবার সময়।

এছাড়াও, ছাত্র/ছাত্রী বা তাদের বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কদের অধিকার আছে, শুনানির আগে, ছাত্র/ছাত্রীটির রেকর্ড ও নথিপত্র, যার ওপর নির্ভর করে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড সিদ্ধান্ত নেবেন ছাত্র/ছাত্রীটিকে সাসপেন্ড করবেন কি করবেননা, তা পর্যালোচনা করার; ছাত্র/ছাত্রী বা তাদের বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কের খরচে, কোনো উকিল বা ছাত্র/ছাত্রীর পছন্দ মত কোনো সাধারণ ব্যক্তি দ্বারা প্রতিনিধিত্ব করানোর অধিকার আছে; ছাত্র/ছাত্রীর সপক্ষে কোনো সাক্ষী উপস্থিত করার এবং কথিত ঘটনার ছাত্র/ছাত্রীর ব্যাখ্যা পেশ করার অধিকার আছে অবশ্য ছাত্র/ছাত্রীটিকে তা করতে বাধ্য করা

যাবেনা; স্কুলের উপস্থিত করা সাক্ষীদের জেরা করার অধিকার আছে; শুনানি আপার স্কুলের প্রিন্সিপাল/হেড দ্বারা রেকর্ড করতে বলার অধিকার আছে এবং আবেদন করলে সেই অডিও রেকর্ডিং-এর কপি ছাত্র/ছাত্রীকে বা তাদের বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে দেওয়া হবে। যদি ছাত্র/ছাত্রী বা তাদের বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়করা অনুরোধ করেন যে শুনানিত অডিও রেকর্ডিং করা হোক, তাহলে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড শুনানির আগে সব অংশগ্রহনকারীদের জানিয়ে রাখবেন যে অডিও রেকর্ডিং করা হবে এবং আবেদন করলে তার কপি ছাত্র/ছাত্রীকে বা তাদের বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে দেওয়া হবে।

সাক্ষ্য প্রমানের ওপর ভিত্তি করে, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড নির্ধারণ করবেন ছাত্র বা ছাত্রীটি শৃঙ্খলাভঙ্গের অপরাধ করেছে কি করেনি, যদি করে থাকে, তাহলে ঝামেলা এড়ানোর পরিস্থিতি এবং সাসপেনশনের বিকল্প বিবেচনা করে, কি ধরনের প্রতিকার বা শাস্তি ধার্য করা যায়, দীর্ঘ মেয়াদী সাসপেনশনের ওপরে বা তার বদলে সেই সিদ্ধান্ত নেবেন। আপার স্কুলের প্রিন্সিপাল/হেড ছাত্র/ছাত্রীটিকে এবং বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে জানাবেন সেই সিদ্ধান্তের কথা এবং তা নেবার কারণের কথা, এবং যদি ছাত্র/ছাত্রীটি সাসপেন্ডেড হয়ে থাকে, সেই সাসপেনশনের ধরন ও দৈর্ঘ্য। সাসপেনশন চলাকালীন সময়ে ছাত্র বা ছাত্রীটি প্রযোজ্য ক্রেডিট উপার্জন করার সুযোগ পাবে, করতে পারবে এসাইনমেন্ট, পরীক্ষা, পেপার ও অন্যান্য স্কুলের কাজ যেরকম স্কুলের ভিতরে সাসপেনশনে থাকার সময় পড়াশোনা এগিয়ে নিয়ে যাবার জন্যে প্রয়োজন। এই সিদ্ধান্ত লিখিত ভাবে করতে হবে। এই লিখিত সিদ্ধান্তের কপি ছাত্র/ছাত্রীটিকে এবং বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে হাতে দেওয়া হবে, সার্টিফায়েড মেল, ফার্স্ট ক্লাস মেল, ইমেলে পাঠাতে হবে বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক স্কুলের সাথে যোগাযোগের জন্যে যে ঠিকানা দিয়েছিলেন সেই ঠিকানায়, অথবা অন্য কোনো যোগাযোগের মাধ্যমে যা আপার স্কুলের প্রিন্সিপাল/হেড এবং বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক রাজি হয়েছেন।

যদি দীর্ঘ মেয়াদী সাসপেনশন আরোপের সিদ্ধান্ত হয়ে থাকে, সেই লিখিত সিদ্ধান্ত ইংরাজিতে হতে হবে এবং বাড়ির মুখ্য ভাষায় হতে হবে যদি তা ইংরাজি না হয়, অথবা অন্য কোনো যোগাযোগের মাধ্যমে হতে হবে, যা পরিস্থিতি অনুযায়ী উপযুক্ত, এবং:

i. শৃঙ্খলাভঙ্গের অপরাধ সনাক্ত করা থাকবে, থাকবে শুনানির তারিখ, এবং শুনানিতে অংশগ্রহনকারীদের নাম;

ii. থাকবে মূখ্য তথ্যগুলি ও আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের উপনীত সিদ্ধান্ত;

iii. সাসপেনশন কার্যকরী হবার তারিখ ও তার দৈর্ঘ্য, এবং স্কুলে ফেরার তারিখ;

iv. থাকবে সাসপেনশন চলাকালীন সময় ছাত্র/ছাত্রীটির পড়াশোনা চালিয়ে যাবার জন্যে শিক্ষা পরিষেবা পাবার সুযোগের নোটিস;

v. ছাত্র/ছাত্রীটিকে জানানো যে তার অধিকার আছে একটি লিখিত আবেদন দীর্ঘ মেয়াদী সাসপেনশন কার্যকরী হবার পাঁচ(5) দিনের মধ্যে দিয়ে সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তির কাছে আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল জানানোর, এবং ছাত্র/ছাত্রী বা তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক সুপারিনটেনডেন্টর কাছে আবেদন করতে পারেন এবং পেতে পারেন এই লিখিত

আবেদন জমা দেবার সময় বাড়িয়ে সাত(7) অতিরিক্ত ক্যালেন্ডার দিবসের অনুমতি এবং সেই আবেদন অনুযায়ী যদি সুপারিনটেনডেন্ট আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের সিদ্ধান্ত পাল্টে না দেন তাহলে দীর্ঘ মেয়াদী সাসপেনশন চালু থাকবে।

যদি ছাত্র বা ছাত্রীটি প্রিস্কুল প্রোগ্রামে থাকে বা কিন্ডারগার্টেন গ্রেড থেকে তৃতীয় গ্রেডের মধ্যে হয়, প্রিন্সিপাল লিখিত সিদ্ধান্তের একটা কপি সুপারিনটেনডেন্টকে পাঠাবেন এবং এই স্কুলের বাইরে সাসপেনশন করার কারণ ব্যাখ্যা করবেন, সাসপেনশন কার্যকারী হবার আগে।

যদি এই আলোচনা M.G.L.c. 71, §37H½ অনুযায়ী অনির্দিষ্ট সাসপেনশনের ব্যাপারে হয়, তাহলে সেকশন 20.0-র পদ্ধতি অনুসরণ করতে হবে।

## 17.0 সাসপেনশনের বিরুদ্ধে আবেদন

17.1 কোনো ছাত্র/ছাত্রী বা বাবা-মা/অভিভাবক/তত্ত্বাবধায়ক সাসপেনশনের বিরুদ্ধে আপীল করতে পারেন সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তির কাছে সাসপেনশন কার্যকরী হবার পাঁচ(5) দিনের মধ্যে লিখিত আপিলের নোটিস জমা দিয়ে এবং ছাত্র/ছাত্রী বা তার বাবা-মা/অভিভাবক/তত্ত্বাবধায়ক সুপারিনটেনডেন্টের কাছে আবেদন করতে পারেন এবং পেতে পারেন এই লিখিত আবেদন জমা দেবার সময় বাড়িয়ে সাত(7) অতিরিক্ত ক্যালেন্ডার দিবসের অনুমতি এবং সেই আবেদন অনুযায়ী যদি সুপারিনটেনডেন্ট আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের সিদ্ধান্ত পাল্টে না দেন তাহলে দীর্ঘ মেয়াদী সাসপেনশন চালু থাকবে। আপীল যদি সময়মত জমা না পড়ে, সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি সেই আপীল খারিজ করে দিতে পারেন, অথবা সঠিক কারণের জন্যে, তাদের বিবেচনা মত আপীল গ্রহণও করতে পারেন।

যদি ছাত্র/ছাত্রী বা বাবা-মা/অভিভাবক/তত্ত্বাবধায়ক আপিলের অনুরোধ জানান, তাহলে তা অনুরোধ জানানোর তিন(3) দিনের মধ্যে করতে হবে, যদিনা ছাত্র/ছাত্রী বা বাবা-মা/অভিভাবক/তত্ত্বাবধায়ক অনুরোধ জানান সাত(7) ক্যালেন্ডার দিবস পর্যন্ত সময় বাড়ানোর জন্যে, সেক্ষেত্রে সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি সময় বাড়ানোর অনুমতি দেবেন।

সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি খোলা মনে একটা চেষ্টা করবেন বাবা-মা/অভিভাবক/তত্ত্বাবধায়ককে শুনানিতে অংশ নেয়ানোর এবং সেটা ধরে নেওয়া হবে যে সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি খোলা মনে চেষ্টা করেছিলেন যদি তারা উদ্যোগ নেন শুনানির জন্যে এমন দিন ও সময় ঠিক করার যখন সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি এবং বাবা-মা/অভিভাবক/তত্ত্বাবধায়ক তাতে অংশগ্রহন করতে পারবেন। সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি বাবা-মা/অভিভাবক/তত্ত্বাবধায়ককে লিখিত নোটিস পাঠাবেন আবেদনের শুনানির দিন, ক্ষণ ও স্থান জানিয়ে।

সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি শুনানি চালনা করবেন নির্ধারণ করতে যে ছাত্র বা ছাত্রীটির ওপর যে শৃঙ্খলাভঙ্গের আরোপ হয়েছে তা সে করেছে কিনা, এবং যদি করে থাকে, তার পরিণতি কি হবে। সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি শুনানির অডিও রেকর্ডিং-এর ব্যবস্থা করবেন, অনুরোধ সাপেক্ষে যার কপি ছাত্র/ছাত্রী বা বাবা-

মা/অভিভাবক/তত্বাবধায়ককে দেওয়া হবে। সুপারিনটেনডেন্ট শুনানি শুরুর আগেই সব অনংসগ্রহনকারীকে জানিয়ে দেবেন যে অডিও রেকর্ডিং করা হবে এবং অনুরোধ সাপেক্ষে তার কপি ছাত্র/ছাত্রী বা বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে দেওয়া হবে।

17.2 সাক্ষ্য প্রমানের পর্যালোচনা

a. আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা তার মনোনীত ব্যক্তি প্রথমে সুপারিনটেনডেন্ট এবং/অথবা তার মনোনীত ব্যক্তিকে উদ্দেশ্য করে বলবেন এবং শুনানিতে উপস্থাপিত সাক্ষ্য প্রমানের সারাংশ জানাবেন। ছাত্র/ছাত্রীটি, বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়করা এবং/অথবা তাদের প্রতিনিধি (উকিলও হতে পারেন) তারপরে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা তার মনোনীত ব্যক্তিকে সাক্ষ্য প্রমান সম্বন্ধে বা শাস্তির উপযুক্ততা সম্বন্ধে প্রশ্ন করতে পারবেন।

b. ছাত্র বা ছাত্রীটিকে শুনানির পুরো সময়টাই উপস্থিত থাকতে হবে এবং তাকে অভিযোগগুলি জানানো হবে এবং সে তার বিরুদ্ধে উপস্থিত করা সব সাক্ষ্য প্রমান শুনবে, ছাত্র বা ছাত্রীটিকে তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক অথবা তাদের প্রতিনিধির অনুমতি নিয়ে বাইরে যেতে দেওয়া হতে পারে যখন তার মানসিক বা আবেগ সংক্রান্ত সমস্যা আলোচনা হচ্ছে।

c. ছাত্র/ছাত্রীটি, বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক অথবা তাদের প্রতিনিধিকে শুনানির আগে যথেষ্ট সময় দেওয়া হবে ছাত্র/ছাত্রীটির সম্পূর্ণ রেকর্ড, যার মধ্যে থাকবে তার আচরণ সংক্রান্ত বক্তব্যগুলি, পরীক্ষা করে দেখার জন্যে।

d. শুনানি পরিচালনা করার সময়, সুপারিনটেনডেন্ট অথবা তার মনোনীত ব্যক্তি সাক্ষ্য প্রমানের নিয়ম বা অন্যান্য কোর্টরুম পদ্ধতি দ্বারা আবদ্ধ থাকবেননা এবং তাদের ক্ষমতা থাকবে যে কোনো সময় উপযুক্ত মনে হলে যে কোনো সাক্ষীকে ডেকে প্রশ্ন করার।

e. সুপারিনটেনডেন্ট অথবা তার মনোনীত ব্যক্তি কোনো আইনি পরামর্শদাতার উপস্থিতি চাইতে পারেন কোনো স্কুল কর্মীর হয়ে উকিলের কাজ করতে বা শুনানির প্রক্রিয়া সম্বন্ধে সুপারিনটেনডেন্ট অথবা তার মনোনীত ব্যক্তিকে উপদেশ দেওয়ার জন্যে। কোনো পরামর্শদাতা যিনি সুপারিনটেনডেন্ট অথবা তার মনোনীত ব্যক্তিকে উপদেশ দেবেন তিনি স্কুল কর্মীদের উকিল হিসাবে কাজ করতে পারবেননা; কিন্তু, স্কুল কর্মীদের অধিকার থাকবে কোনো আইনি পরামর্শদাতা নিযোগ করার জন্য।

17.3 সিদ্ধান্ত

a. সুপারিনটেনডেন্ট অথবা তার মনোনীত ব্যক্তি সমস্ত তথ্যর রেকর্ড রাখবেন, যার কপি ছাত্র বা ছাত্রীটির রেকর্ডের অংশ হবে এবং মেল করা হবে ছাত্র/ছাত্রীটিকে, তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে এবং আপার স্কুলের প্রিন্সিপাল/হেডকে। অবশ্য, সুপারিনটেনডেন্ট অথবা তার মনোনীত ব্যক্তি যদি নির্ধারণ করেন যে এই *হ্যান্ডবুকের* কোনো লঙ্ঘন হয়নি অথবা অ-বর্জনীয় বিকল্পগুলি চেষ্টা করা হয়নি এবং যত্নসহকারে বিবেচনাও করা হয়নি, তাহলে সাসপেনশন সম্পর্কিত কোনো

নথিপত্র ছাত্র/ছাত্রীর রেকর্ডে যাবেনা অথবা কোনো ব্যক্তিকে দেওয়া হবেনা থালি স্টুডেন্ট রেকর্ড রেগুলেশনস (অ্যাপেন্ডিক্স A) অনুযায়ী যারা কপি পাওয়ার যোগ্য তারা ছাড়া। সাসপেনশনের সময় যদি সম্পূর্ণ না হয়ে থাকে, সুপারিনটেনডেন্ট অথবা তার মনোনীত ব্যক্তি সিদ্ধান্ত নিতে পারেন যে ছাত্র বা ছাত্রীটিকে তখনি সঙ্গে সঙ্গে স্কুলে ফিরিয়ে নেওয়া হোক এবং বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে এবং ছাত্র/ছাত্রীটিকে অনুরোধ করবেন আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের সাথে একটি আবার ভর্তি সংক্রান্ত আলোচনা মিটিঙে যোগ দিতে।

b. আপার স্কুলের প্রিন্সিপাল/হেড সুপারিনটেনডেন্ট অথবা তার মনোনীত ব্যক্তির কাছে একটি কাজ পূরণ করা সংক্রান্ত লিখিত রিপোর্ট দেবেন।

c. যেসব ক্ষেত্রে সুপারিনটেনডেন্ট নিজে শুনানি আধিকারিক হিসাবে বসতে পারবেননা, সেখানে সুপারিনটেনডেন্টের মনোনীত ব্যক্তি যিনি শুনানি আধিকারিক হিসাবে বসবেন তিনি সব বিবরন লিখিত তথ্য হিসাবে রাখবেন, যার মধ্যে সিদ্ধান্তের ভিত্তিগুলিও থাকবে। যেসব ক্ষেত্রে সুপারিনটেনডেন্ট নিজে শুনানি আধিকারিক হিসাবে বসবেন সেখানে সেকশন 17.3-র প্রয়োগ হবে, অন্যথায় যেখানে অন্য পদ্ধতি যেমন দেওয়া হয়েছে এই *হ্যান্ডবুকের* পরিচ্ছেদ 20 থেকে 23-এর মধ্যে তা প্রযোজ্য হবে। শুনানির আটচল্লিশ(48) ঘন্টার মধ্যে, পুরো তথ্যের কপি মেলে পাঠাতে হবে ছাত্র/ছাত্রীকে, বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে, ছাত্র/ছাত্রীর উকিল বা প্রতিনিধি যদি থাকে তাকে, আপার স্কুলের প্রিন্সিপাল/হেডকে, এবং সুপারিনটেনডেন্টকে। যেসব ক্ষেত্রে সুপারিনটেনডেন্ট শুনানি আধিকারিক হননা, সেখানে তথ্যের মধ্যে একটি লিখিত বক্তব্য থাকতে হবে ছাত্র/ছাত্রীকে তাদের শুনানি আধিকারিকের সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল জানানোর অধিকারের কথা জানিয়ে।

d. ছাত্র বা ছাত্রীটি যদি শুনানি আধিকারিকের সিদ্ধান্তর বিরুদ্ধে আপীল জানাতে চায়, তাহলে সেই আপীল শুনানি আধিকারিকের কাছে শুনানি আধিকারিকের সিদ্ধান্ত হাতে পাবার পাঁচ(5) স্কুলদিবসের মধ্যে দায়ের করতে হবে। আপিলের অনুরোধ পাবার পরে, পরীক্ষক তথ্যের এবং শুনানির রেকর্ডের কপি সুপারিনটেনডেন্টের কাছে পর্যালোচনার জন্যে পাঠিয়ে দেবেন। শুনানির রেকর্ডের কপি ছাত্র বা ছাত্রীটিও অনুরোধ করলে বিনা খরচে পাবে। ছাত্র বা ছাত্রী সুপারিনটেনডেন্টের কাছে তাদের লিখিত বক্তব্য এবং যুক্তি জমা করতে পারে এবং/অথবা সুপারিনটেনডেন্টের সাথে একটি মিটিঙের অনুরোধও করতে পারে।

e. সুপারিনটেনডেন্ট ছাত্র/ছাত্রীকে, বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক অথবা তাদের প্রতিনিধি যদি থাকে তাকে এবং আপার স্কুলের প্রিন্সিপাল/হেডকে লিখিত সিদ্ধান্ত আপীল শোনার পাঁচ(5) ক্যালেন্ডার দিবসের মধ্যে জানাবেন যা আগের সিদ্ধান্তের সাথে সহমত হবে, বা সহমত হবেনা, বা তার পরিবর্তন করবে। সুপারিনটেনডেন্ট অথবা তার মনোনীত ব্যক্তি বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে ও ছাত্র/ছাত্রীকে আরো বলতে পারেন যেন তারা সাসপেনশনের সময় শেষ হলে আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের সাথে স্কুলে ফেরার আলোচনা মিটিঙে বসে। সুপারিনটেনডেন্টের সিদ্ধান্ত এই সাসপেনশন সম্বন্ধে স্কুল ডিস্ট্রিক্টের চূড়ান্ত সিদ্ধান্ত হবে।

f. যখনি কোনো শুনানিতে, আপিলে, বা অন-আনুষ্ঠানিক প্রশাসনিক সিদ্ধান্তে নির্ধারিত হবে যে ছাত্র বা ছাত্রীটি কোনো শৃঙ্খলাভঙ্গ করেনি যেমনটা তার বিরুদ্ধে অভিযোগ করা হয়েছিল, তখন সেই ঘটনা সম্বন্ধে সব উল্লেখ এবং শৃঙ্খলাভঙ্গ শুনানির কার্যবিবরণী তার রেকর্ড থেকে মুছে ফেলা হবে। সুপারিনটেনডেন্ট অথবা তার মনোনীত ব্যক্তি বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে ও ছাত্র/ছাত্রীকে লিখিত ভাবে জানাবেন যে সেই ঘটনা সম্বন্ধে সব উল্লেখ এবং শৃঙ্খলাভঙ্গ শুনানির কার্যবিবরণী মুছে ফেলা হয়েছে।

g. স্টেট বোর্ড অফ এডুকেশনের প্রতিষ্ঠিত নিয়ম অনুযায়ী সুপারিনটেনডেন্ট অথবা তার মনোনীত ব্যক্তি, সাসপেনশনের সমস্ত রেকর্ড(মানে, লগ/রোজনামচা) রাখবেন, নামের তালিকা, তারিখ ও সেদিনের সময়কাল ও তার কারণ। কিন্তু এরকম রেকর্ড যদি জনসাধারনকে জানানো হয়, তখন কোনো ছাত্রছাত্রীর বা তাদের পরিবারের ব্যক্তিগত পরিচয় গোপন রাখা হবে।

## 18.0 বিশেষ শিক্ষা/504 পরিকল্পিত শৃঙ্খলারক্ষা পদ্ধতি

18.1 প্রতিবন্ধী ছাত্রছাত্রীরা, যেমন সজ্ঞায়িত আছে স্টেট এবং ফেডারেল আইন ও বিধানে, তারা এই *হ্যান্ডবুকে* দেওয়া নিয়মাবলীর আওতায় পড়বে, এই সেকশনে দেওয়া বিধানগুলি ছাড়া।

18.1.1 প্রতিটি মনোনীত হবার যোগ্য ছাত্রছাত্রীর জন্য দি ইন্ডিভিজুয়াল এডুকেশন প্রোগ্রাম (আইইপি) এবং/অথবা 504 প্ল্যান জানাবে সেই ছাত্র বা ছাত্রীর কাছ থেকে এই হ্যান্ডবুকে দেওয়া সাধারণ শৃঙ্খলারক্ষার নিয়মগুলি মানতে পারা আশা করা যায় কিনা, অথবা, সেই ছাত্র বা ছাত্রীর প্রতিবন্ধকতার প্রয়োজনে এই শৃঙ্খলারক্ষার নিয়মগুলি বা স্কুল-ভিত্তিক নিয়মগুলির কোনো পরিবর্তন প্রয়োজন। শৃঙ্খলারক্ষার নিয়মের বা স্কুল-ভিত্তিক নিয়মের কোনো পরিবর্তনের প্রয়োজন ছাত্র বা ছাত্রীটির আইইপি-তা বা 504 প্ল্যানে দেওয়া থাকবে।

18.1.2 যদি কোনো ছাত্র বা ছাত্রীর আচরণ তার প্রতিবন্ধকতার কারণে ভিন্ন হয়, তাহলে সেই আচরণ টীম/টিইএএম প্রক্রিয়ায় বিচার্য্য হবে।

18.1.3 *অধিকার ও দায়িত্ব সংক্রান্ত হ্যান্ডবুক* অনুযায়ী কোনো প্রশাসনিক সিদ্ধান্ত নেবার সাথে সাথে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড (অথবা মনোনীত ব্যক্তি) অফিস অফ স্টুডেন্ট সার্ভিসেস (অথবা মনোনীত ব্যক্তি)-কেও জানাবেন কোনো প্রতিবন্ধী ছাত্র বা ছাত্রীর সাসপেন্ড করার মত অপরাধ ঘটলে, যার আইইপি এবং/অথবা 504 পরিকল্পনা এই হ্যান্ডবুককে দেওয়া বা স্কুল-ভিত্তিক শৃঙ্খলারক্ষার নিয়মের পরিবর্তনের প্রয়োজনের কথা বলেনা, সাসপেনশন নোটিসের একটা কপি অফিস অফ স্টুডেন্ট সার্ভিসেস-এও পাঠাতে হবে।

18.2 অফিস অফ স্টুডেন্ট সার্ভিসেস-এর কর্মীরা এই *হ্যান্ডবুক* অনুযায়ী নেওয়া প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের ব্যাপারে সব প্রশাসনিক সিদ্ধান্তে জড়িত থাকবে।

18.2.1 যদি এই *হ্যান্ডবুক* অনুযায়ী নেওয়া কোনো প্রশাসনিক সিদ্ধান্তে কোন ছাত্রছাত্রীর অবস্থানের কোনো পরিবর্তন না হয় এবং/অথবা এক স্কুলবর্ষে সব মিলিয়ে দশ(10) দিনের বেশি সাসপেনশন না হয়, তাহলে টীম/টিইএএম মিটিঙের প্রয়োজন নেই।

18.2.2 যদি এই *হ্যান্ডবুক* অনুযায়ী নেওয়া কোনো প্রশাসনিক সিদ্ধান্তে কোন ছাত্রছাত্রীর অবস্থানের কোনো পরিবর্তন হয় এবং/অথবা এক স্কুলবর্ষে সব মিলিয়ে দশ(10) দিনের বেশি সাসপেনশন হয়, তাহলে শৃঙ্খলা সংক্রান্ত কোনো প্রশাসনিক সিদ্ধান্ত নেবার আগে টীম/টিইএএম মিটিঙের প্রয়োজন।

18.3 এই *হ্যান্ডবুক* অনুযায়ী কোনো প্রশাসনিক সিদ্ধান্ত নেবার আগে, আপার স্কুলের প্রিন্সিপাল/হেডকে নির্ধারণ করতে হবে যে ছাত্র বা ছাত্রীটি প্রতিবন্ধী ছাত্র/ছাত্রী হিসাবে চিহ্নিত হয়েছে কিনা অথবা কোনো বিশেষ শিক্ষা মূল্যায়নের জন্যে সুপারিশ করা হয়েছে যার যোগ্যতার সিদ্ধান্ত এখনো হয়নি।

18.3.1 কোনো ছাত্র বা ছাত্রী যার বিশেষ শিক্ষা এবং আনুসঙ্গিক পরিষেবা পাবার যোগ্যতার সিদ্ধান্ত এখনো হয়নি, এবং যে কোনো আচরণে লিপ্ত ছিল যা কোনো নিয়ম বা আচরণবিধি লঙ্ঘন করেছে, সে স্টেট এবং ফেডারেল বিশেষ শিক্ষা আইন অনুসারে যা সুরক্ষা দেওয়া হয় তা দাবি করতে পারে যদি স্কুলের শৃঙ্খলারক্ষার মত ব্যবস্থা নেবার ঘটনা ঘটার আগে থেকেই জানা থাকত যে এই ছাত্র বা ছাত্রীটির প্রতিবন্ধকতা আছে।

a. ধরে নেওয়া হবে যে স্কুল ডিপার্টমেন্ট আগে থেকে জানত যে ছাত্র/ছাত্রীটি একজন প্রতিবন্ধী যদি স্কুলের শৃঙ্খলারক্ষার মত ব্যবস্থা নেবার ঘটনা ঘটার আগে নিম্নোক্তগুলি হয়ে থাকে:

(i) বাবা-মা/অভিভাবক/তত্ত্বাবধায়ক যদি লিখিত ভাবে কোনো কর্মকর্তা বা প্রশাসনক কর্মচারী বা ছাত্র/ছাত্রীটির কোনো শিক্ষককে জানিয়ে থাকেন যে ছাত্র/ছাত্রীটির বিশেষ শিক্ষা ও আনুসঙ্গিক পরিষেবার প্রয়োজন আছে; অথবা

(ii) বাবা-মা/অভিভাবক/তত্ত্বাবধায়ক ছাত্র বা ছাত্রীটির জন্যে কোনো মূল্যায়নের অনুরোধ জানিয়ে থাকেন; অথবা

(iii) ছাত্র/ছাত্রীটির শিক্ষক বা অন্য কোনো স্কুলের কর্মী ছাত্র/ছাত্রীটির প্রদর্শিত কোনো আচরণের প্যাটার্ন নিয়ে তাদের নির্দিষ্ট উদ্বেগের কথা সরাসরি অফিস অফ স্টুডেন্ট সার্ভিসেস-এর ডিরেক্টরকে বা কোনো কর্মকর্তাকে জানিয়েছিলেন।

b. ধরে নেওয়া হবে যে স্কুল ডিপার্টমেন্ট আগে থেকে জানতনা যে ছাত্র/ছাত্রীটি একজন প্রতিবন্ধী, যদি:

(i) বাবা-মা/অভিভাবক/তত্ত্বাবধায়ক ছাত্র বা ছাত্রীটির জন্যে মূল্যায়নের অনুমোদন দেননি; অথবা

(ii) বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক ছাত্র বা ছাত্রীটির জন্যে পরিষেবা অস্বীকার করেছেন; অথবা

(iii) ছাত্র বা ছাত্রীটির মূল্যায়ন হয়েছিল এবং তার বিশেষ শিক্ষা ও আনুসঙ্গিক পরিষেবার জন্যে যোগ্যতা ছিলনা।

c. যদি স্কুল ডিপার্টমেন্টর কাছে ছাত্র বা ছাত্রীটির প্রতিবন্ধকতার খবর ছিলনা বলে ধরা হয়, তাহলে সেই ছাত্র বা ছাত্রীটিকে এই হ্যান্ডবুকে দেওয়া শৃঙ্খলা নিয়মাবলী অনুসারে শাসন করা যাবে খালি নিচে দেওয়া সীমাবদ্ধতা ছাড়া:

(i) ছাত্র বা ছাত্রীটির যখন শাস্তির সময় চলছে তখন যদি ছাত্র বা ছাত্রীটির বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক তার মূল্যায়ন করার জন্যে অনুরোধ করেন, তাহলে সেই মূল্যায়ন তৎপরতার সঙ্গে করতে হবে; এবং

(ii) যতদিন না মূল্যায়ন সম্পূর্ণ হচ্ছে, ছাত্র বা ছাত্রীটি স্কুল কর্তৃপক্ষের সিদ্ধান্ত মত শিক্ষাগত অবস্থানে থাকবে।

18.4 এই হ্যান্ডবুক অনুযায়ী কোনো প্রশাসনিক সিদ্ধান্ত যদি ছাত্র বা ছাত্রীটির অবস্থান প্রভাবিত করে এবং/অথবা এক স্কুলবর্ষে মিলিত ভাবে দশ(10) দিনের বেশি মোট সাসপেনশনের কারণ হয় এবং/অথবা এক্সপালশনের কারণ হয়, তাহলে নিম্নোক্ত প্রক্রিয়াগুলি প্রয়োগ করা হবে:

18.4.1 স্কুল একটি অভিব্যক্তি পর্যালোচনার আয়োজন করবে, ছাত্র/ছাত্রীটির বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক এবং ছাত্রছাত্রীদের টীম/টিইএএম –এর সংশ্লিষ্ট সদস্যরা মিলিত ভাবে নির্ধারণ করবে যে ছাত্র বা ছাত্রীটির অন্যায় আচরণ তার প্রতিবন্ধকতার অভিব্যক্তি ছিল কিনা। এই নির্ধারণ প্রক্রিয়ায় টীম বিবেচনা করবে: (a) ছাত্র বা ছাত্রীটির প্রতিবন্ধকতা এই আলোচ্য আচরণটির কারণ ছিল কিনা, অথবা তার সাথে সরাসরি ও যথেষ্ট সম্পর্ক ছিল কিনা; অথবা (b) আলোচ্য আচরণটি ছাত্র বা ছাত্রীটির আইইপি এবং/অথবা 504 পরিকল্পনা রুপায়ন না করার সরাসরি ফল কিনা। এই অভিব্যক্তি পর্যালোচনার নির্ধারণের ওপর নির্ভর করে প্রস্তাবিত সৃঙ্খলারক্ষার ব্যবস্থা প্রয়োগ করা হতে পারে বা না হতে পারে।

18.4.2 যদি টীম নির্ধারণ করে যে ছাত্র বা ছাত্রীটির আচরণ তার প্রতিবন্ধকতার অভিব্যক্তি, তাহলে ছাত্র বা ছাত্রীটিকে যে অবস্থানে ছিল সেখানে ফিরিয়ে দেওয়া হবে যদিনা বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক এবং স্কুল ডিস্ট্রিক্ট রাজি হয় ছাত্র বা ছাত্রীটির অচরনগত হস্তক্ষেপ পরিকল্পনার অঙ্গ হিসাবে তার অবস্থান পরিবর্তন করতে। এছাড়াও, টীম-কে সত্বর পদক্ষেপ নিতে হবে যদি আইইপি এবং/অথবা 504 পরিকল্পনায়, অবস্থানে বা রুপায়নে কোনো ত্রুটি থাকে তার প্রযোজ্য স্টেট এবং ফেডারেল আইন ও বিধানের সাথে সঙ্গতি রেখে প্রতিকার করার জন্যে, যাতে থাকবে ছাত্র বা ছাত্রীটির জন্যে ব্যবহারিক আচরণ মূল্যায়ন করানো, যদি সেধরনের

মূল্যায়ন তার যে আচরণের জন্যে এই অভিব্যক্তির পর্যালোচনা টীম মিটিং হলো তা ঘটার আগে না হয়ে থাকে; এবং হয় একটি আচরণগত হস্তক্ষেপ পরিকল্পনা রুপায়ন করা হবে অথবা প্রয়োজনমত বর্তমান আচরণগত হস্তক্ষেপ পরিকল্পনা পর্যালোচনা ও পরিবর্তন করা হবে।

18.4.3 যদি টীম নির্ধারণ করে যে ছাত্র বা ছাত্রীটির আচরণ তার প্রতিবন্ধকতার অভব্যাক্তি নয়:

a. টীম তাহলে একটা বিকল্প পরিকল্পনা গঠন করবে যা ছাত্র বা ছাত্রীটিকে তার সাসপেনশনের সময় বিনা খরচে উপযুক্ত সরকারী শিক্ষাক্রম প্রদান করবে;

b. টীম, স্টেট ও ফেডারেল আইন ও বিধান অনুসারে একটি লিখিত নোটিসের সাথে এই বিকল্প পরিকল্পনা ছাত্র বা ছাত্রীটির বাবা-মা/ অভিভাবক/ তত্বাবধায়কের কাছে পেশ করবে। বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক যদি এই বিকল্প পরিকল্পনা মত পরিষেবা প্রদানের প্রস্তাবে সম্মতি না দেন বা দিতে না পারেন তার জন্যে সাসপেনশন প্রয়োগে কোনো বাধা হবেনা।

c. যদি ছাত্র বা ছাত্রীটির বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক ম্যাসাচুসেটস ডিপার্টমেন্ট অফ এডুকেশন ব্যুরো অফ স্পেশাল এডুকেশন অ্যাপীল্স এর সামনে একটা শুনানির আবেদন করেন, তখন ছাত্র বা ছাত্রীটির অন্তর্বর্তী বিকল্প শিক্ষাগত অবস্থান চালু থাকবে, যা চিহ্নিত হয়েছে স্কুলের এই হ্যান্ডবুক অনুসারে প্রশাসনিক সিদ্ধান্ত নেওয়ার ফলে, যতদিননা এই শাস্তির মেয়াদ শেষ হচ্ছে বা শুনানি আধিকারিকের আদেশ অনুযায়ী ছাত্র বা ছাত্রীটির অবস্থানের পরিবর্তন হচ্ছে, যা আগে হবে।

18.4.4 যে কোনো পরিস্থিতিতেই যেখানে অবস্থানের পরিবর্তন হচ্ছে অথবা দশ(10) অথবা তার বেশি স্কুলদিবস সাসপেনশন হচ্ছে, সেখানে ছাত্র বা ছাত্রীটিকে বিনা খরচে উপযুক্ত সরকারী শিক্ষাক্রম প্রদান করতে হবে।

স্কুল কর্মীরা কোনো বিশেষ পরিস্থিতিতে ক্ষেত্র অনুযায়ী বিবেচনা করে সিদ্ধান্ত নেবেন কোনো ছাত্র বা ছাত্রী যে আচরণবিধি লঙ্ঘন করেছে তার অবস্থানের পরিবর্তনের আদেশ দেবেন কিনা।

18.4.5 শৃঙ্খলাভঙ্গের শাস্তির প্রশাসনিক সিদ্ধান্তের তারিখ থেকে দশ(10) স্কুলদিবসের মধ্যে, নিচে দেওয়া কাজগুলি করতে হবে:

a. টীম মিলিত হবে ছাত্র বা ছাত্রীটির কার্যকারী আচরণের মূল্যায়ন করানোর জন্য, যদি সে মূল্যায়ন আগেই না হয়ে গিয়ে থাকে;

b. টীম, ছাত্র বা ছাত্রীটির আচরণগত হস্তক্ষেপের পরিকল্পনা বাস্তবায়িত করবে যদি সে বাস্তবায়ন সেই ঘটনার আগেই না হয়ে গিয়ে থাকে যার ফলে এই শাস্তিপ্রদান; অথবা

c. টীম, ছাত্র বা ছাত্রীটির আচরণগত হস্তক্ষেপের পরিকল্পনা পর্যালোচনা ও পরিবর্তন করবে যদি সেই পরিকল্পনা বাস্তবায়িত হয়ে থাকে সেই আচরণের আগেই যার ফলে এই শাস্তিপ্রদান।

18.4.6 টীম, অবস্থান পরিবর্তনের সিদ্ধান্ত নিতে পারে, বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কের অনুমতি নিয়ে বা না নিয়ে, কোনো অন্তর্বর্তী বিকল্প শিক্ষাগত অবস্থানে যা পঁয়তাল্লিশ(45) দিনের বেশি হবেনা, যেখানে বিনা খরচে উপযুক্ত সরকারী শিক্ষাক্রম প্রদান করা হবে, নিচে দেওয়া এক বা একাধিক কারণে:

a. কোনো ছাত্র বা ছাত্রী স্কুলে অথবা স্কুলের কোনো অনুষ্ঠানে অস্ত্র নিয়ে এসেছিল;

b. কোনো ছাত্র বা ছাত্রী স্কুলে অথবা স্কুলের কোনো অনুষ্ঠানে জেনেশুনে কোনো বেআইনি ড্রাগ এবং/অথবা নিয়ন্ত্রিত বস্তু সঙ্গে রেখেছে, ব্যবহার করেছে, বিক্রি করেছে বা বিক্রি করার চেষ্টা করেছে; অথবা

c. কোনো ছাত্র বা ছাত্রী স্কুলে, স্কুলের চত্বরে অথবা স্কুলের কোনো অনুষ্ঠানে অন্য কোনো ব্যক্তির ওপর গুরুতর দৈহিক আঘাত করেছে। “গুরুতর দৈহিক আঘাত” আরো নির্দিষ্ট করে সংজ্ঞায়িত হয় যেখানে যথেষ্ট জীবন-সংশয়, চূড়ান্ত শারীরিক বেদনা, দীর্ঘস্থায়ী ও সুস্পষ্ট অঙ্গহানি অথবা দেহের কোনো অঙ্গের বা দেহযন্ত্রের বা মানসিক দক্ষতার হানি বা দীর্ঘস্থায়ী ব্যবহারের অপারগতা ঘটে।

18.4.7 স্কুল ম্যাসাচুসেটস ডিপার্টমেন্ট অফ এডুকেশন ব্যুরো অফ স্পেশাল এডুকেশন অ্যাপীল্স-এর কাছে আদেশ চাইতে পারে কোনো ছাত্র বা ছাত্রীকে পঁয়তাল্লিশ(45) স্কুলদিবস পর্যন্ত কোনো অন্তর্বর্তী বিকল্প শিক্ষাগত অবস্থানে রাখার জন্যে যদি স্কুল নির্ধারণ করে যে ছাত্র বা ছাত্রীটির তার বর্তমান অবস্থানে থাকলে যথেষ্ট সম্ভাবনা আছে ছাত্র বা ছাত্রীটির নিজের বা অন্যদের আঘাতপ্রাপ্ত হবার।

## 19.0 এক্সপালশন নীতি – অস্ত্র, ড্রাগস ও শারীরিক আক্রমন

19.1 কেমব্রিজ স্কুল কমিটির নীতি হলো ছাত্রছাত্রীদের আচরণগত সমস্যা মেটাতে সাহায্য করতে সব রকমের প্রচেষ্টা করতে হবে কোনো রকম চরম শাস্তিমূলক ব্যবস্থার প্রয়োগ ছাড়াই, সাসপেনশনের প্রয়োগ সুপারিশ সব সময় করা হবে একমাত্র শেষ উপায় হিসাবে এবং সাসপেনশনের বিকল্প উপায়গুলি সব সময় আগে ভেবে দেখতে হবে। কোনো ছাত্রছাত্রীর সাসপেনশনের আগে কি ধরনের হস্তক্ষেপ করা যায় তার উদাহরণে অন্তর্গত কিন্তু এতেই সীমাবদ্ধ নয়, এগুলি: ক্ষমা প্রার্থনা, ক্ষতিপূরণ, কমিউনিটিতে জানানো এবং পরিষেবা দেওয়া, ঝগড়ার মধ্যস্থতা, হানিনাশক বিচার, শাস্তিমূলক কাজ, কাউন্সেলিং, স্কুলের ক্রিয়াকর্ম থেকে বাদ দেওয়া, লাঞ্চের সময় আটকে রাখা, অফিসে শৃঙ্খলাভঙ্গের নালিশ করা, ক্লাসের বাইরে বসিয়ে রাখা, বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে খবর দেওয়া, বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কদের সাথে মিটিং করা, সুযোগ সুবিধা হ্রাস করা, স্টুডেন্ট কন্ট্রাক্ট করা, গাইডেন্স কাউন্সেলরকে জানানো, গ্রেড লেভেল বা বিল্ডিং পরিচালককে জানানো,

স্টুডেন্ট সাপোর্ট টীম (এসএসটি)-কে জানানো হস্তক্ষেপ করার জন্যে, ছাত্রছাত্রী আচরণ চুক্তি করা, আচরণ সাহায্যকারী পরিকল্পনা, শিক্ষকের বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযকদের সাথে আলোচনা, সাবধান করা, স্কুলের ভিতরে সাসপেনশন এবং/অথবা স্কুলের বাইরে সাসপেনশন। এছাড়াও, কোনো কোনো ক্ষেত্রে, আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের বিবেচনার প্রয়োজন হতে পারে ম্যাসাচুসেটস ডিপার্টমেন্ট অফ চিলড্রেন এন্ড ফ্যামিলিস-এর কাছে রিপোর্ট দেওয়া উপযুক্ত কাজ হবে কিনা এই পলিসির অন্তর্গত বিধানগুলির লঙ্ঘনের কথা জানিয়ে। এখানে খেয়াল রাখতে হবে যে ওপরে দেওয়া হস্তক্ষেপের তালিকাটি সম্পূর্ণ নয় এবং সব ধরনের হস্তক্ষেপ সব পরিস্থিতিতে চলেনা; বরঞ্চ, হস্তক্ষেপ যা করা হবে তা নির্ভর করবে অন্যায়ের গুরুত্বের ওপর। যাই হোক, সেই ক্ষেত্রগুলিতে যখন কোনো ছাত্রছাত্রীর আচরণ স্কুলে ব্যাঘাত ঘটায়, ছাত্রছাত্রীর বা অন্যদের পক্ষে হানিকারক অথবা কমনওয়েল্থ অফ ম্যাসাচুসেটস-এর আইন দ্বারা নিষিদ্ধ কোনো আচরণে লিপ্ত হয় তখন শাস্তি দেওয়া প্রয়োজন হতে পারে। এই প্রয়োজনগুলি লঙ্ঘনের নির্দিষ্ট পরিস্থিতির ওপর ভিত্তি করে, কোনো ছাত্রছাত্রীকে শাস্তি দেওয়া হতে পারে বা তাকে কোনো উপযুক্ত সিটি/হেলথ এডুকেশন প্রোগ্রামে সুপারিশ করা হতে পারে।

দি কমনওয়েল্থ অফ ম্যাসাচুসেটস এডুকেশনাল রিফর্ম অ্যাক্ট অফ 1993 অনুযায়ী কোনো ছাত্র বা ছাত্রীকে যদি স্কুলের চত্বরে বা স্কুলের সৌজন্যে করা বা স্কুল সম্পর্কিত কোনো অনুষ্ঠানে, যাতে থাকতে পারে কোনো অ্যাথেলেটিক গেমস, বিপজ্জনক অস্ত্র নিয়ে, বা কোনো নিয়ন্ত্রিত বস্তু যেমন বর্ণিত আছে পরিচ্ছেদ 94সি-তে, যেমন এলকোহল, মারিজুয়ানা, কোকেন, ওপিওড, এবং হেরোইন নিয়ে পাওয়া যায়, তাকে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড স্কুল থেকে বা স্কুল ডিস্ট্রিক্ট থেকে বহিস্কার করতে পারেন। এছাড়াও, যদি কোনো ছাত্র বা ছাত্রী স্কুলের চত্বরে বা স্কুলের সৌজন্যে করা বা স্কুল সম্পর্কিত কোনো অনুষ্ঠানে, যাতে থাকতে পারে কোনো অ্যাথেলেটিক গেমস, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড, অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপাল, শিক্ষক, সম-পেশাদারী বা অন্য কোনো স্কুল কর্মীকে আক্রমন করে, তাকে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড স্কুল থেকে বা স্কুল ডিস্ট্রিক্ট থেকে বহিস্কার করতে পারেন।

কোনো ছাত্রছাত্রী যদি স্কুল থেকে M.G.L.c. 71, §37H অনুযায়ী সাসপেন্ডেড হয় তার সুযোগ থাকবে নিচে দেওয়া সেকশন 21 অনুসারে শিক্ষা পরিষেবা পাবার এবং সে এই অপসারণের সময় তার পড়াশোনা এগিয়ে নিয়ে যেতে পারবে।

কোনো কর্মী সদস্য যদি কোনো আক্রমনের ঘটনা দেখতে পায় যা জানতে পায় তাহলে সে তখনি তা আপার স্কুলের প্রিন্সিপাল/হেডকে জানাবে।

কাজেই, এই নীতি প্রযোজ্য হবে, বিপজ্জনক অস্ত্র রাখার ক্ষেত্রে, নিয়ন্ত্রিত বস্তু রাখার ক্ষেত্রে, এবং কোনো ছাত্রছাত্রী দ্বারা কোনো কর্মীকে আক্রমনের ক্ষেত্রে।

কোনো ছাত্রছাত্রী যদি স্কুল থেকে M.G.L.c. 71, §37H অনুযায়ী সাসপেন্ডেড হয় তার সুযোগ থাকবে এই *হ্যান্ডবুকের* প্রযোজ্য বিধান অনুযায়ী শিক্ষা পরিষেবা পাবার এবং এই অপসারণের সময় তার পড়াশোনা এগিয়ে নিয়ে যাওয়ার।

19.2 <u>অস্ত্র</u>

স্কুলে কোনো অস্ত্র আনা, স্কুলের মাঠে অথবা স্কুলের কোনো ক্রিয়াকর্মে কোনো অস্ত্র ব্যবহার করা, অথবা লকারে, পকেটে, স্কুলে থাকার সময়, স্কুল বাসে থাকার সময়, অথবা কোনো স্কুলের পরের ক্রিয়াকর্মের সময় অস্ত্র রাখা একটি গুরুতর অপরাধ এবং স্কুলের নিয়ম ও বিধানের পরিপন্থী, **এটা একটা বেআইনি কাজও বটে।** অস্ত্র তিন ধরনের হয়:

a. যেগুলি "আইনত বিপজ্জনক", তার মধ্যে আছে সেই সব অস্ত্রগুলি যেগুলি সঙ্গে রাখা বেআইনি, যেমন যেগুলি নিয়ে ঘোরা যায় এবং অন্য কাউকে ভয় দেখানো বা ক্ষতি করার উদ্দেশ্যে ব্যবহার করা যায়, সেইগুলিকে বিপজ্জনক অস্ত্র বলে ধরা হয়। নিম্নোক্তগুলি "আইনত বিপজ্জনক অস্ত্রের" মধ্যে অন্তর্গত কিন্তু এতেই সীমাবদ্ধ নয়:

   i. যে কোনো ধরনের আগ্নেআস্ত্র, বিবি বন্দুক ও এয়ার রাইফেল সহ,

   ii. কোনো ছোরা যার দুদিকে ধার দেওয়া ফলা আছে, সুইচ ব্লেড বা অন্য কোনো ছোরা যার সয়ংক্রিয় স্প্রিং ডিভাইস আছে যা দিয়ে ফলাটা বাঁট থেকে বেরিয়ে আসে, কোনো স্টিলেটো বা ড্যাগার,

   iii. ধাতুর নাকল্স, নানচাকু, শুরিকেন, বা অন্য কোনো ধারালো তারার মত জিনিস যার উদ্দেশ্য ছুঁড়ে মেরে মানুষকে আহত করা,

   iv. ব্ল্যাক জ্যাক, ব্লো গানস,

   v. কোনো আর্ম ব্যান্ড যা চামড়ার তৈরী ও ধাতুর স্পাইকস, পয়েন্টস বা স্টাডস লাগানো; অথবা অন্য কোনো পদার্থ দিয়ে তৈরী এইরকমের জিনিস।

   vi. গদা, টিয়ার গ্যাস বা অন্য কোনো জিনিস যা দিয়ে অন্য কাউকে অক্ষম করে দেওয়া যায়,

   vii. আতসবাজি বা অন্য কোনো ধরনের বিস্ফোরক,

   viii. এই ধরনের অন্যান্য অস্ত্র যা ম্যাসাচুসেট্স জেনারেল ল, চ্যাপ্টার 269, সেকশন 10-এ বর্ণিত আছে।

b. অন্যান্য নিষিদ্ধ জিনিস, যা যদিও ম্যাসাচুসেট্স জেনারেল ল, চ্যাপ্টার 269, সেকশন 10-এ অস্ত্র হিসাবে ধরা নেই, কিন্তু নিষিদ্ধ করা আছে স্কুলের চত্বরে বা স্কুলের সৌজন্যে করা বা স্কুল সম্পর্কিত কোনো অনুষ্ঠানে, যাতে থাকতে পারে কোনো অ্যাথেলেটিক গেমস। এই জিনিসগুলি যা স্কুলে কোনো ছাত্রছাত্রীর কোনো যুক্তিসঙ্গত কাজে লাগেনা তা স্কুলের চত্বরে বা স্কুলের সৌজন্যে করা বা স্কুল সম্পর্কিত কোনো অনুষ্ঠানে, যাতে থাকতে পারে কোনো অ্যাথেলেটিক গেমস-সেখানে সঙ্গে রাখা বা ব্যবহার করা অনুমোদিত নয়:

i. কোনো ধরনের, শেপের বা লম্বার ছুরি, যেমন চাবির রিঙের ছুরি বা ড্রাফটিং ছুরি,

ii. কোনো সাইজের ব্লেড,

iii. রেজার, বক্স কাটার,

iv. চেন,চাবুক বা কোনো ধাতুর বস্তু যার সাথে পড়াশোনার কোনো সম্পর্ক নেই অথবা ছাত্রছাত্রীদের কোনো যুক্তিসঙ্গত কাজে লাগেনা, স্কুলের চত্বরে বা স্কুলের সৌজন্যে করা বা স্কুল সম্পর্কিত কোনো অনুষ্ঠানে, যাতে থাকতে পারে কোনো অ্যাথেলেটিক গেমস ইত্যাদি স্কুলের পরিবেশে।

c. অন্যান্য সাধারন জিনিস বা বস্তু যা কোনরকম বিপজ্জনক ও শাসানোর ভঙ্গিতে ব্যবহার করা যেতে পারে। এই ধরনের জিনিস হতে পারে: পেন্সিল, কাঁচি, ছুঁচ ও আলপিন, পেরেক, কাঠের কাজের যন্ত্রপাতি, ইত্যাদি। এইধরনের জিনিস বিপজ্জনক ভাবে বা শাসানোর ভঙ্গিতে ব্যবহার করলে তার শাস্তি স্কুল থেকে সাসপেনশন বা এক্সপালশন হতে পারে। এছাড়াও, কোনো অযৌক্তিকর ভাবে বিপজ্জনক কোনো খেলার কৌশলের ব্যবহার বা ব্যবহারের চেষ্টা যা অন্য কারো স্বাস্থ্য বা নিরাপত্তার ব্যাঘাত হতে পারে, যেমন হেলমেট কিম্বা অন্য কোনো খেলার উপকরণের অস্ত্র হিসাবে ব্যবহার স্কুল থেকে সাসপেনশন বা এক্সপালশনের কারণ হতে পারে।

**খেয়াল রাখবেন: কোনো ধরনের খেলনা বা নকল অস্ত্র, যেমন বন্দুক এবং ছোরা নিয়ে ঢোকা বারণ স্কুলের চত্বরে, বা স্কুলের মাঠে, বা স্কুল বাসে, বা স্কুলের সৌজন্যে করা এবং/অথবা স্কুল সম্পর্কিত কোনো অনুষ্ঠানে, যাতে থাকতে পারে কোনো অ্যাথেলেটিক গেমস। এই ধরনের জিনিসগুলি বাজেয়াপ্ত করা হবে এবং আপার স্কুলের প্রিন্সিপাল/হেড যদি মনে করেন যে এতে এই নীতির লঙ্ঘন হয়েছে তাহলে তা স্কুল থেকে সাসপেনশন বা এক্সপাল্সনের কারণ হতে পারে।**

19.3 <u>ড্রাগস/দ্রব্যের অপব্যবহার</u>

নিচে বিবৃত করা নীতিটি একটি প্রশাসনিক ব্যবস্থা যা কেমব্রিজ স্কুল কমিটি অনুমোদন করেছে। এই নির্দেশিকাগুলি কখনই বিকল্প হবেনা অন্য কোনো আইনি প্রক্রিয়ার যা কেমব্রিজ পুলিস ডিপার্টমেন্টর তদন্তের বা অন্য কোনো আইন রক্ষাকারী সংস্থার তদন্তের ফলে হয়েছে। এই নীতির উদ্দেশ্য কেমব্রিজ পাবলিক স্কুলের কর্মীদের এই নীতি ভঙ্গকারীদের জন্যে সিদ্ধান্ত নেবার সাহায্য করা এবং তা 603 C.M.R. 28.00 এবং অন্যান্য ম্যাসাচুসেটস স্টেটের আইনকানুনের সাথে সম্পর্কিত ছাত্রছাত্রীদের অধিকারকে লঙ্ঘন করবেনা।

কোনো ছাত্র বা ছাত্রীকে যদি স্কুলের চত্বরে বা স্কুলের সৌজন্যে করা বা স্কুল সম্পর্কিত কোনো অনুষ্ঠানে, যাতে থাকতে পারে কোনো অ্যাথেলেটিক গেমস, কোনো নিয়ন্ত্রিত বস্তুর সাথে পাওয়া যায় যা সংজ্ঞায়িত আছে চ্যাপ্টার 94সি-তে যার অন্তর্গত কিন্তু এতেই সীমাবদ্ধ নয়: অ্যালকোহল, মারিজুয়ানা, কোকেন, অথবা হেরোয়িন, তাকে আপার স্কুলের প্রন্সিপাল/হেড স্কুল থেকে বা স্কুল ডিস্ট্রিক্ট থেকে বহিস্কার করতে পারেন।

এছাড়াও, এই সত্য খেয়াল রেখে যে অ্যালকোহলের ব্যবহার ব্যবহারকারীর স্বাস্থ্য ও নিরাপত্তা বিঘ্নিত করতে পারে এবং মনে রেখে যে কোনো অ্যালকোহলিক পানীয় সাধারণ নিয়মশৃঙ্খলা রক্ষার ওপর কিধরনের হানিকারক প্রভাব ফেলতে পারে, কেমব্রিজ স্কুল কমিটি স্কুল সম্পত্তির ভিতরে বা স্কুলের কোনো অনুষ্ঠানে অ্যালকোহলিক পানীয় ব্যবহার করা, কাউকে দেওয়া বা পান করা নিষিদ্ধ করেছে।

এছাড়াও, কোনো ছাত্রছাত্রী, সে যে বয়সেরই হোক, যে অ্যালকোহলিক পানীয় পান করেছে স্কুলের মাঠে থাকার সময়, কোনো স্কুলের সৌজন্যে করা ক্রিয়াকান্ডে, যার অন্তর্গত কোনো অ্যাথেলেটিক ক্রীড়া, অংশগ্রহন করার আগে বা অংশগ্রহন করার সময়, সেই ক্রিয়াকান্ড থেকে বিতাড়িত হবে এবং তার বিরুদ্ধে এই *হ্যান্ডবুকে* দেওয়া পদ্ধতি অনুসারে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও, কোনো ছাত্রছাত্রী, সে যে বয়সেরই হোক, যে অ্যালকোহলিক পানীয় সাথে রেখেছে, পান করেছে, কাছাকাছি পাওয়া গেছে, বিলি বা বিক্রি করেছে স্কুলের মাঠে থাকার সময়, কোনো স্কুলের সৌজন্যে করা ক্রিয়াকান্ডে, যার অন্তর্গত কোনো অ্যাথেলেটিক ক্রীড়া, অংশগ্রহন করার আগে বা অংশগ্রহন করার সময়, সেই ক্রিয়াকান্ড থেকে বিতাড়িত হবে এবং তার বিরুদ্ধে এই *হ্যান্ডবুকে* দেওয়া পদ্ধতি অনুসারে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।

কোনো ছাত্রছাত্রী যদি স্কুল থেকে M.G.L.c. 71, §37H অনুযায়ী সাসপেন্ডেড হয় তার সুযোগ থাকবে এই *হ্যান্ডবুকের* প্রযোজ্য বিধান অনুযায়ী শিক্ষা পরিষেবা পাবার এবং এই অপসারণের সময় তার পড়াশোনা এগিয়ে নিয়ে যাওয়ার।

19.4 <u>ড্রাগস/পদার্থ অপব্যবহারের সংজ্ঞা</u>

a. কোনো নিয়ন্ত্রিত এবং/অথবা বিপজ্জনক বস্তুর কাছাকাছি পাওয়া গেছে মানে হয় যে ছাত্র বা ছাত্রীটিকে, যে অঞ্চলে কোনো নিয়ন্ত্রিত বস্তু, নন-প্রেসক্রাইবড নিয়ন্ত্রিত বস্তু, নার্কোটিক ড্রাগ, হ্যালুসিনোজেনিক ড্রাগ, অ্যামফেটামাইন, বার্বিটিউরেট, মারিজুয়ানা, ওপিয়েড, এলকহলিক পানীয়, যে কোনো ধরনের মাদকদ্রব্য বিক্রি, বিলি, ব্যবহার বা সঙ্গে রাখা হচ্ছে স্কুল চত্বরের মধ্যে বা স্কুলের আওতায় থাকার সময়, সেই অঞ্চলের খুব কাছাকাছি পাওয়া গেছে, অথবা ড্রাগ আনুসঙ্গিক বিক্রি, বিলি, ব্যবহার বা সঙ্গে রাখা হচ্ছে স্কুল চত্বরের মধ্যে বা স্কুলের আওতায় থাকার সময় যেখানে সেই নিয়ন্ত্রিত এবং/অথবা বিপজ্জনক বস্তু ব্যবহার হয়েছে, ধরা পড়েছে অথবা বাজেয়াপ্ত হয়েছে, সেই অঞ্চলের খুব কাছাকাছি পাওয়া গেছে; এবং সে কোনো যুক্তিসঙ্গত চেষ্টা করেনি সে জায়গা ছেড়ে যাবার জন্যে। উদাহরণ স্বরূপ, কোনো ছাত্রছাত্রীকে নিয়ন্ত্রিত এবং/অথবা বিপজ্জনক বস্তুর কাছাকাছি পাওয়া গেছে বলা হবে যদি তাকে দেখা যায় হলওয়েতে এক বা একাধিক ছাত্রছাত্রীর সাথে হাঁটতে যারা ভালোভাবে জড়িত নিয়ন্ত্রিত বস্তু, নন-প্রেসক্রাইবড নিয়ন্ত্রিত বস্তু, নার্কোটিক ড্রাগ, হ্যালুসিনোজেনিক ড্রাগ, অ্যামফেটামাইন, বার্বিটিউরেট, মারিজুয়ানা, ওপিয়েড, এলকহলিক পানীয়, যে কোনো ধরনের মাদকদ্রব্য বিক্রি, বিলি, ব্যবহার বা রাখার সঙ্গে, এবং ছাত্র বা ছাত্রীটি যে সেই ছাত্রছাত্রীর সঙ্গে আছে যে এই নিষিদ্ধ আচরণে লিপ্ত সে কোনো যুক্তিসঙ্গত চেষ্টা করেনি সেই জায়গা ছেড়ে যাওয়ার জন্য। অন্য ভাবে বলতে গেলে, ছাত্র বা ছাত্রীটি জানত যে কোনো শৃঙ্খলার নিয়মের লঙ্ঘন হচ্ছে

কিন্তু তাও সে সেই লঙ্ঘনের জায়গাতেই থেকেছে যখন তার উচিত ছিল অন্যান্য ছাত্রছাত্রীদের এবং সেই ঘটতে থাকা লঙ্ঘনের জায়গা ছেড়ে চলে যাওয়া।

b. কোনো সেইরকমের পরিস্থিতিতে যখন কোনো ছাত্রছাত্রী স্কুলে থাকার সময় কোনো এলকহলিক পানীয় অথবা মাদকদ্রব্যের প্রভাবে রয়েছে, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা মনোনীত ব্যক্তি সেই ছাত্র বা ছাত্রীটিকে নার্স বা ডাক্তারের কাছে পাঠাতে পারেন, ছাত্র/ছাত্রীটির বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে খবর দিতে পারেন, ঘটনাটি উপযুক্ত চিকিৎসাগত এবং/অথবা আইনি কর্তৃপক্ষদের জানাতে পারেন, এবং ছাত্র/ছাত্রীটির ও তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কদের সাথে একটি মিটিংয়ের ব্যবস্থা করবেন।

c. যাদের ড্রাগ, এলকোহল এবং অন্যান্য পদার্থ অপব্যবহারের সমস্যা আছে সেই ছাত্রছাত্রীদের এবং তাদের বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কদের উৎসাহ দেওয়া হয় এই সমস্যার সমাধান খুঁজতে স্কুল কর্মীদের সাহায্য নেওয়ার জন্যে, এবং তাদের উপযুক্ত সিটি/হেলথ সংস্থার কাছেও পাঠানো হয় পদার্থ অপব্যবহারের চিকিৎসা ও সাহায্যের জন্যে।

d. আপার স্কুলের প্রিন্সিপাল/হেড অথবা অ্যাসিস্ট্যান্ট প্রিসিপালের বিবেচনা মত, এই ধরনের ছাত্রছাত্রীদের সুযোগ দেওয়া হতে পারে এবং উৎসাহ দেওয়া হতে পারে কোনো সংস্থায় যেতে যারা এই ধরনের সমস্যায় থাকা ব্যক্তিদের চিকিৎসায় বিশেষজ্ঞ। ছাত্রছাত্রীদের যাদের ড্রাগ, এলকোহল এবং অন্যান্য পদার্থ অপব্যবহারের সমস্যা আছে এবং তাদের বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কদের উৎসাহ দেওয়া হয় স্কুল কর্মীদের সাহায্য নিয়ে উপযুক্ত সিটি/হেলথ সংস্থার কাছে পাঠানোর জন্যে পরিকল্পনা, হস্তক্ষেপ ও রেফারেল করতে যেখানে পদার্থ অপব্যবহারের চিকিৎসা ও সাহায্য হয়।

e. এই ধরনের সমস্যা নিয়ে সবরকমের কথাবার্তা একেবারে গোপনীয় রাখতে হবে।

f. উপরন্তু, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড প্রতিটি ঘটনা বিচার করবেন খালি যে ছাত্রছাত্রীরা জড়িত তাদের ওপর এর প্রভাবের জন্যে নয় যারা এই ঘটনার সাক্ষী থেকেছে তাদের ওপরেও এর প্রভাব বুঝে তাদের মানসিক/সামাজিক স্বাস্থ্যরক্ষার উপযুক্ত সিটি/হেলথ সংস্থার কাছে পাঠানোর ব্যবস্থা প্রয়োজন মত নেবেন।

g. যে ছাত্রছাত্রীরা অ্যালকোহল ও নিয়ন্ত্রিত বস্তুর কাছাকাছি থেকেছে তাদের জন্যে প্রক্রিয়া:

i. যদি প্রমানিত হয় যে ছাত্র বা ছাত্রীটি জানত যে কেউ ড্রাগস বা অ্যালকোহল ব্যবহার করছে, বিক্রি করছে বা প্রদর্শন করছে তা সত্বেও সেখান থেকে যাবার জন্যে কোনরকম যুক্তিসঙ্গত চেষ্টা করেনি, তাহলে তার তিন দিন পর্যন্ত সাসপেনশন হবে এবং তাকে উপযুক্ত সিটি/হেলথ সংস্থার কাছে পাঠানো হবে পদার্থ অপব্যবহার সম্বন্ধে এডুকেশন প্রোগ্রামের জন্য।

ii. যদি অ্যাডমিনিস্ট্রেটর নির্ধারণ করেন যে যথেষ্ট পারিপার্শিক সাক্ষ্যপ্রমান রয়েছে নিশ্চিত করার জন্যে যে ছাত্র বা ছাত্রীটি কাছাকাছি ছিল ড্রাগ অথবা অ্যালকোহল ব্যবহারে অংশ নেবার জন্য, তাহলে তার ব্যবহারকারীর মত একই শাস্তি হবে।

h. নিয়ন্ত্রিত বস্তু সঙ্গে রাখা মানে, স্কুল কর্তৃপক্ষের এক্তিয়ারে থাকার সময়, ছাত্র বা ছাত্রীটি ব্যক্তিগত জিনিসপত্রের মধ্যে অথবা তার অধিকারে থাকা জায়গায় (যেমন, লকার) নিয়ন্ত্রিত বস্তু আছে।

i. নিয়ন্ত্রিত এবং/অথবা বিপজ্জনক বস্তু ব্যবহার করেছে অর্থ হয় যে ছাত্র বা ছাত্রীটিকে যুক্তিসঙ্গতভাবে মনে করা হয় যে সে তা ব্যবহার করেছে (উদাহরণ স্বরূপ: অ্যালকোহল পান করা, কোকেন অথবা ওপিয়েড ব্যবহার করেছে, মারিজুয়ানা ধুমপান করেছে পিল নিয়েছে, ইত্যাদি) অথবা তাকে এগুলির প্রভাবে পাওয়া গেছে যখন সে স্কুল কর্তৃপক্ষের এক্তিয়ারে ছিল। ব্যবহার কথাটার অর্থের মধ্য থাকবে কোনো প্রেসক্রিপশন ওষুধের অননুমোদিত ব্যবহার বা অপব্যবহার।

j. এই রকম পদার্থ বিলি করার অর্থ হয় সেই পদার্থ এক ব্যক্তির কাছ থেকে আরেক ব্যক্তির কাছে যাওয়া, কোনো টাকাপয়সার বা অন্যান্য দামী জিনিসের লেনদেন হোক বা না হোক। কোনো নিয়ন্ত্রিত বস্তু সঙ্গে রাখা বা ব্যবহার করা বা বিলি করা এক্সপালশন নীতির অধীনে বিচার্য।

19.5 স্কুল কর্মীদের আক্রমন করা/শাসানো

ছাত্রছাত্রীদের কোনো স্কুল কর্মীকে আক্রমন করা, গালাগালি দেওয়া, বা হয়রানি করা নিষিদ্ধ।এই আচরণগুলির সংজ্ঞা হতে পারে: (1)ইচ্ছাকৃতভাবে, জেনেবুঝে, অথবা অসাবধানে অন্যের শারীরিক হানি করা; (2)ইচ্ছাকৃতভাবে বা জেনেবুঝে, অন্যকে আসন্ন দৈহিক হানি করার ভয় দেখানো; অথবা (3)ইচ্ছাকৃতভাবে বা জেনেবুঝে কারুর শরীর স্পর্শ করে যখন ছাত্র বা ছাত্রীটি জানে অথবা যুক্তিসঙ্গতভাবে বিশ্বাস করে যে অন্য ব্যক্তিটি সেই স্পর্শ আপত্তিকর, উত্তেজক অথবা আসন্ন বিপদের আশংকার চিহ্ন বলে মনে করবে। এই আক্রমনের ফল হতে পারে: (1)পাঁচ থেকে দশ দিনের সাসপেনশন ও এক্সপালশনের শুনানি; (2)অপরাধের নালিশ দায়ের করা; অথবা (3)পুলিসে খবর দেওয়া।

এছাড়াও, যদি কোনো ছাত্র বা ছাত্রী স্কুলের চত্বরে বা স্কুলের সৌজন্যে করা বা স্কুল সম্পর্কিত কোনো অনুষ্ঠানে, যাতে থাকতে পারে কোনো অ্যাথেলেটিক গেমস, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড, অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপাল, ডিন, শিক্ষক, শিক্ষকের সাহায্যকারী, বা অন্য কোনো স্কুল কর্মীকে আক্রমন করে, তাকে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড স্কুল থেকে বা স্কুল ডিস্ট্রিক্ট থেকে বহিস্কার করতে পারেন।

19.6 অস্ত্র, ড্রাগস, এবং কর্মীদের ওপর আক্রমন সংক্রান্ত লঙ্ঘনের কার্যপ্রণালী

19.6.1 গ্রেড কে থেকে গ্রে ৪-এর জন্য কার্যপ্রণালী। যদি কোনো ছাত্রছাত্রীকে স্কুলের চত্বরে বা স্কুলের সৌজন্যে করা বা স্কুল সম্পর্কিত কোনো অনুষ্ঠানে কোনো আইনত বিপজ্জনক অস্ত্র বা অন্য

কোনো অস্ত্র সমেত দেখা যায়, অথবা কোনো জিনিস ব্যবহার করে কোনো শিক্ষা কর্মীর বিরুদ্ধে ভয় দেখানোর জন্যে, আক্রমন করে, শাসায়, প্রহার করে, অথবা অ্যালকোহল বা কোনো নিয়ন্ত্রিত বস্তু সঙ্গে রাখে, বিলি করে, অথবা কোনো অ্যালকোহল বা কোনো নিয়ন্ত্রিত বস্তুর কাছাকাছি থাকে, তাহলে তার গুরুতর শাস্তি হবে। নিম্নোক্ত কার্যপ্রণালী প্রযোজ্য হবে:

a. জড়িত কর্মীটি আপার স্কুলের প্রিন্সিপাল/হেড এবং/অথবা অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপালের সাথে যোগাযোগ করবে।

b. আপার স্কুলের প্রিন্সিপাল/হেড খবর দেবেন:

   i. ডিরেক্টর অফ সেফটি এন্ড সিকিউরিটি-কে; এবং
   ii. বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে ফোনের মাধ্যমে, পরে চিঠি দিয়ে ও প্রয়োজন হলে সারটিফায়েড মেল-এ, এবং
   iii. চিফ অপারেটিং অফিসার-কে।

c. ডিরেক্টর অফ সেফটি এন্ড সিকিউরিটি ঘটনার একটি রিপোর্ট পাঠাবেন সুপারিনটেনডেন্ট অথবা তার মনোনীত ব্যক্তিকে।

d. এই *হ্যান্ডবুকে* দেওয়া পদ্ধতি অনুসারে ছাত্র বা ছাত্রীটিকে স্কুল চত্বর থেকে অপসারণ করা হবে।

e. যদি কোনো আইন অমান্য হয়ে থাকে, তাহলে ডিরেক্টর অফ সেফটি এন্ড সিকিউরিটি কেমব্রিজ পুলিসকে জানাবেন এবং মিডিলসেক্স কাউন্টি কোর্টেও নালিশ দায়ের করতে পারেন, এবং যদি প্রয়োজন হয়, অন্যান্য উপযুক্ত ব্যবস্থাও নিতে পারেন।

f. আপার স্কুলের প্রিন্সিপাল/হেড এই *হ্যান্ডবুকের* প্রযোজ্য প্রবিধান অনুসারে একটি সাসপেনশনের শুনানির আয়োজন করবেন।

   যদি আপার স্কুলের প্রিন্সিপাল/হেড জানেন যে কোনো ছাত্র বা ছাত্রী অস্ত্র নীতির লঙ্ঘন করেছে তাহলে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড সেই ছাত্র বা ছাত্রীকে সাসপেন্ড করতে পারেন দশ(10) দিন পর্যন্ত যেমন ওপরে দেওয়া আছে অস্ত্র, ড্রাগস, ও স্কুল কর্মীর ওপর আক্রমন নীতিতে সেকশন 14.3(a) এবং/অথবা 14.3(b) এবং এই *হ্যান্ডবুকের* সেকশন 19.1 থেকে 19.5-এ। সুপারিশ করা হয় যে ছাত্র বা ছাত্রীটির গ্রেড লেভেল ও অন্যায়ের ধরন বিবেচনা করে যেন কতদিনের জন্যে সাসপেনশন হবে বা এই লঙ্ঘনের জন্যে ছাত্র বা ছাত্রীটির এক্সপালশনের শুনানি হবে কিনা সেই সিদ্ধান্ত নেওয়া হয়। এই সুপারিশের সাথে সঙ্গতি রেখে কোনো ছাত্র বা ছাত্রীকে এই ধরনের অন্যায়ের জন্যে সাসপেনশনের নির্দেশিকা নিচে দেওয়া হলো:

| | |
|---|---|
| গ্রেড K-2 | সাসপেনশন নয়, বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কদের সাথে একটি মিটিঙের বন্দোবস্ত করতে হবে |
| গ্রেড 3-5 | তিন থেকে পাঁচ দিন পর্যন্ত |

গ্রেড 6-8 পাঁচ থেকে দশ দিন পর্যন্ত

লঙ্ঘনের নির্দিষ্ট পরিস্থিতির ওপর নির্ভর করে, কোনো ছাত্র বা ছাত্রীকে কোনো উপযুক্ত সিটি/হেলথ শিক্ষা কার্যক্রমে পাঠানো হতে পারে। সাসপেনশনের সময় শেষ হলে, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড অনুরোধ জানাবেন বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়করা এবং ছাত্র বা ছাত্রীটি যেন আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের সাথে একটা রি-এন্ট্রি কনফারেন্স মিটিঙে বসেন।

g. সাসপেনশন চলাকালীন সময় এবং যদি আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের বিবেচনায় মনে হয়, তাহলে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড একটা আনুষ্ঠানিক এক্সপালশন শুনানির প্রক্রিয়া শুরু করতে পারেন। এক্সপালশন প্রক্রিয়া শুরু করার জন্যে, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড ছাত্র বা ছাত্রীটিকে এবং তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে লিখিতভাবে জানাবেন যে স্কুল পর্যায়ে একটি শুনানি হবার সুযোগ আছে। এই এক্সপালশনের শুনানির লিখিত নোটিস ইংরাজি ও ছাত্র/ছাত্রীটির বাড়ির ভাষায় হতে হবে, যদি তা ইংরাজি না হয়। নোটিসে এও জানাতে হবে যে অভিযোগ করা লঙ্ঘনের ঘটনা এই হ্যান্ডবুককের কোন সেকশনের লঙ্ঘন করেছে এবং জানাতে হবে সেই লঙ্ঘন সম্বন্ধে সব তথ্য; জানাতে হবে যে ছাত্র/ছাত্রীটির অধিকার আছে শুনানিতে তার কথা বলার এবং সুযোগ আছে প্রমান ও সাক্ষ্য দাখিল করার এবং প্রয়োজন হলে একটি দোভাষীর ব্যবস্থাও করা হবে। **কিন্তু, ইন্ডিভিজুয়ালাইজ্ড এডুকেশন প্ল্যান (আইইপি) অথবা সেকশন 504 প্ল্যানের অন্তর্গত থাকা কোনো ছাত্রছাত্রীর ক্ষেত্রে কোনো শুনানি হতে পারে টিমের (টিইএএম) নির্ধারণের পরে যে আলোচ্য আচরণটি ছাত্র বা ছাত্রীটির কোনো প্রতিবন্ধকতার অভিব্যক্তি নয়। ওপরের সেকশন 18.0 *দেখুন*। এছাড়াও, কোনো ছাত্র বা ছাত্রী যদি বিশেষ শিক্ষা ও সম্পর্কিত পরিষেবা পায় তাহলে কোনো বহিস্কারের সময় তাকে বিনা খরচে উপযুক্ত সরকারী শিক্ষা প্রদান করতে হবে। ওপরের সেকশন 18.0 *দেখুন*।**

19.6.2 <u>গ্রেড কে থেকে গ্রেড ৪-এর অস্ত্র, ড্রাগস, এবং কর্মীদের ওপর আক্রমন সংক্রান্ত লঙ্ঘনের শুনানির পরিচালনা</u>

শুনানি পরিচালনা করবেন আপার স্কুলের প্রন্সিপাল/হেড যদিনা প্রিন্সিপাল/হেড নিজে আক্রান্ত বা সাক্ষী হন, সেক্ষেত্রে শুনানি পরিচালনা করবেন অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপাল কিম্বা কোনো নিরপেক্ষ স্কুল পরিচালনা কর্মী যিনি এই ঘটনায় সরাসরি জড়িত নন। এই শুনানির সময় উপস্থিত থাকবেন ছাত্র বা ছাত্রীটি তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক, ছাত্র/ছাত্রীর আইনি পরাবর্শদাতা, যদি থাকেন, এবং যাদের আপার স্কুলের প্রিন্সিপাল/হেড ঠিক মনে করবেন এবং/অথবা ছাত্র বা ছাত্রীটি অনুরোধ করবে।

a. <u>অভিযোগ।</u> শুনানি আধিকারিক অভিযোগগুলি পড়বেন ও নিশ্চিত করবেন যে ছাত্র বা ছাত্রী সেগুলি বুঝতে পেরেছে।

b. <u>সাক্ষী।</u> ছাত্র বা ছাত্রীটি যদি অভিযোগ অস্বীকার করে, অন্যেরা যারা এই ঘটনা সম্বন্ধে জানে তাদের ডাকা হবে। সব সাক্ষীরা যারা সাক্ষ দেবে তারা সশরীরে

উপস্থিত থাকবে, থাকবেনা খালি (i)বিশেষজ্ঞ সাক্ষীরা যেমন অস্ত্র বিদ্যার সাক্ষ্য বা ড্রাগ বিশ্লেষণ, অথবা (ii)ছাত্রছাত্রী সাক্ষী(রা) যদি আপার স্কুলের প্রিন্সিপাল/হেড মনে করেন যে ছাত্রছাত্রী সাক্ষীদের পরিচয় জানানো তাদের শারীরিক সুরক্ষার পক্ষে বিপজ্জনক হবে।

19.6.3 যদি, শুনানির পরে, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড সিদ্ধান্ত নেন যে ছাত্র/ছাত্রীটিকে এক্সপেল করা হবে, তাহলে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড সেই ছাত্র/ছাত্রীটিকে এবং তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে লিখিত নোটিফিকেশন দেবেন সেই সিদ্ধান্তের কারণগুলি জানিয়ে। এই নোটিস ছাত্র/ছাত্রীটিকে আরো জানাবে যে তার অধিকার আছে এই এক্সপালশনের সিদ্ধান্ত জানানো নোটিস পাবার দশ(10) দিনের মধ্যে সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তিকে লিখিত আবেদন জানাবার, এবং সেই আপিলে তার উকিল দ্বারা প্রতিনিধিত্ব করার অধিকার, এবং অনুরোধ করবে যাতে সেই ছাত্র/ছাত্রী এবং তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক এক্সপালশনের সময় সম্পূর্ণ হলে আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের সাথে একটি রি-এন্ট্রি কনফারেন্স মিটিঙে যোগ দেন।

19.6.4 সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত কোনো ব্যক্তির সামনে যে শুনানি হবে, সেখানে আপিলের বিষয় কেবলমাত্র ছাত্র বা ছাত্রীটি এই হ্যান্ডবুকের কোনো প্রবিধান লঙ্ঘন করেছে কিনা তার প্রকৃত সিদ্ধান্ত গ্রহনেই সীমাবদ্ধ থাকবেনা। আপীল পেশ করার সময়, ছাত্র বা ছাত্রীটি তার অভিযোগের কথা জানাবে, যাতে থাকবে এই আপীল করার পিছনে কি কারণ আছে তার সংক্ষিপ্ত বিবরণ এবং একটি সংক্ষিপ্ত তথ্যের বিবরণী এবং নির্দিষ্ট করে কি অব্যাহতি চাওয়া হচ্ছে।

সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত কোনো ব্যক্তির সামনে যে শুনানি হবে তা নিম্নোক্ত প্রক্রিয়ার সাথে মানানসই হবে:

a. এই শুনানি একটি বন্ধ অধিবেশনে হবে এবং অন-আনুষ্ঠানিকভাবে পরিচালিত হবে;

b. সব পক্ষেরই অধিকার থাকবে উকিল বা তাদের পছন্দের কারোকে দিয়ে প্রতিনিধিত্ব করানোর;

c. সব পক্ষই এই আপিলের প্রাসঙ্গিক সব স্কুল রেকর্ড ও অন্যান্য নথিপত্র পরীক্ষা করতে পারবে;

d. সব পক্ষই সব সাক্ষীদের জেরা করতে পারবে;

e. সব পক্ষেরই অধিকার থাকবে সাক্ষী ও প্রমান উপস্থিত করার;

f. সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি আইনি পরামর্শদাতা উপস্থিত রাখতে পারেন হয় কোনো স্কুল কর্মীর হয়ে উকিল হিসাবে কাজ করার জন্যে নয়তো সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তিকে এই কনফারেন্স পরিচালনায় উপদেশ দেবার জন্যে। কোনো উকিল যে সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তিকে এই কনফারেন্স পরিচালনায় উপদেশ দেবেন তিনি স্কুল কর্মীর উকিল হয়েও কাজ করতে পারবেননা।

সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি নির্ধারণ করবেন ছাত্র বা ছাত্রীটি তার আপীল অনুযায়ী কোনো নির্দিষ্ট অধিকারে/অধিকারগুলিতে বঞ্চিত হয়েছে কিনা। যদি সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি নির্ধারণ করেন যে কোনো অধিকারের বঞ্চনা ঘটেছে, তাহলে সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি সুপারিশ করবেন কি ধরনের উপযুক্ত সাহায্য প্রয়োজন নিশ্চিত করার জন্যে যে অধিকারের/অধিকারগুলির বঞ্চনা তখনি এবং পাকাপাকিভাবে বন্ধ হয়। সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি আরো অনুরোধ করতে পারেন যে ছাত্র/ছাত্রী এবং তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক এক্সপালশনের সময় সম্পূর্ণ হলে আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের সাথে একটি রি-এন্ট্রি কনফারেন্স মিটিঙে যোগ দিন।

কোনো স্কুল যদি কোনো ছাত্র/ছাত্রীকে এই হ্যান্ডবুকের প্রযোজ্য প্রবিধান অনুসারে এক্সপেল করে অ্যালকোহল বা ড্রাগ নীতি লঙ্ঘনের জন্যে তাহলে সেই ছাত্র/ছাত্রীটিকে তার সাসপেনশন বা এক্সপালশনের সময়টাতে শিক্ষা পরিষেবা চালিয়ে যেতে হবে চ্যাপ্টার 76-এর সেকশন 21 অনুসারে এবং এই হ্যান্ডবুকের প্রযোজ্য প্রবিধান অনুসারে।

যখন কোনো ছাত্র/ছাত্রী এই নীতির প্রবিধানের অনুসারে এক্সপেল্ড হয়েছে এবং অন্য কোনো স্কুলে প্রবেশের জন্যে আবেদন করেছে, তখন যে স্কুল সিস্টেম থেকে যাচ্ছে তার সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি যে স্কুল সিস্টেমে যাচ্ছে তার সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তিকে সেই ছাত্র/ছাত্রীর এক্সপালশনের কারণগুলি জানাবে।

19.6.5 <u>হাইস্কুল গ্রেড 9-12র পদ্ধতি</u> কোনো ছাত্রছাত্রীকে যদি পাওয়া যায় কোনো আইনত বিপজ্জনক অস্ত্র বা অন্য কোনো অস্ত্র সাথে অথবা কোনো জিনিস ব্যবহার করতে ভয় দেখানোর জন্যে, আক্রমন, কোনো কর্মীকে প্রহার, কোনো শিক্ষা কর্মীকে আক্রমন করতে স্কুল চত্বরে অথবা কোনো স্কুল সম্পর্কিত অনুষ্ঠানে অথবা অ্যালকোহল বা অন্য কোনো নিয়ন্ত্রিত বস্তু সঙ্গে রাখতে, বিলি করতে অথবা অ্যালকোহল বা অন্য কোনো নিয়ন্ত্রিত বস্তুর কাছাকাছি থাকতে, তাহলে অত্যন্ত গুরুতর শাস্তি হবে। নিচে দেওয়া পদ্ধতি প্রয়োগ হবে:

a. যে কর্মী সদস্যটি জড়িত সে ডীন, অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপাল অথবা প্রিন্সিপালের সাথে যোগাযোগ করবে।

b. ডীন, অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপাল অথবা প্রিন্সিপাল খবর দেবেন:
   i. ডিরেক্টর অফ সেফটি এন্ড সিকিউরিটিকে, এবং
   ii. কেমব্রিজ রিন্দগে এন্ড ল্যাটিন স্কুলের প্রিন্সিপালকে, এবং
   iii. বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে ফোনের মাধ্যমে এবং পরে চিঠি দিয়ে, প্রয়োজন হলে সার্টিফায়েড মেলে।

c. ডিরেক্টর অফ সেফটি এন্ড সিকিউরিটি খবর দেবেন প্রিন্সিপালকে এবং সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তিকে; ঘটনার রিপোর্ট পাঠাতে হবে প্রিন্সিপালকে এবং সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তিকে সেই স্কুল দিবসের মধ্যেই।

d. এই হ্যান্ডবুকের প্রবিধান অনুসারে ছাত্র/ছাত্রীটিকে স্কুল চত্বর থেকে অপসারণ করা হবে।

e. যদি কোনো আইন ভঙ্গ হয়ে থাকে, ডিরেক্টর অফ সেফটি এন্ড সিকিউরিটি খবর দেবেন কেমব্রিজ পুলিসকে, এবং অভিযোগ দায়ের করতে পারেন মিডিলসেক্স কাউন্টি ডিস্ট্রিক্ট কোর্টে, এবং যদি প্রয়োজন হয় অন্য উপযুক্ত ব্যবস্থা নেবেন।

f. প্রিন্সিপাল সাসপেনশনের শুনানি পরিচালনা করবেন এই হ্যান্ডবুকের প্রযোজ্য প্রবিধান অনুসারে।

g. যদি প্রিন্সিপাল বোঝেন যে ছাত্র বা ছাত্রীটি অস্ত্র, ড্রাগস ও স্কুল কর্মীদের ওপর আক্রমন নীতিটি লঙ্ঘন করেছে, প্রিন্সিপাল ছাত্র/ছাত্রীটিকে পাঁচ(5) থেকে দশ(10) দিন পর্যন্ত সাসপেন্ড করতে পারেন এই হ্যান্ডবুকের প্রবিধান অনুসারে ড্রাগস ও স্কুল কর্মীদের ওপর আক্রমন নীতির লঙ্ঘন করার অপরাধে এবং এই লঙ্ঘনের জন্যে এক্সপালশন প্রক্রিয়া শুরু করতে পারেন। সাসপেনশনের চিঠির কপি পাঠাতে হবে চিফ অপারেটিং অফিসার, প্রিন্সিপাল, সিকিউরিটি এবং কাউন্সেলরকে। লঙ্ঘনের নির্দিষ্ট পরিস্থিতির ওপর নির্ভর করে, ছাত্র/ছাত্রীটিকে কোনো উপযুক্ত সিটি/হেলথ এডুকেশন প্রোগ্রামে পাঠানো যেতে পারে।কোনো সাসপেনশন সম্পূর্ণ হয়ে যাবার পরে, প্রিন্সিপাল ছাত্র/ছাত্রী এবং তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে অনুরোধ করবেন একটি রি-এন্ট্রি কনফারেন্স মিটিং তার সাথে করতে।

h. সাসপেনশন চলাকালীন সময় প্রিন্সিপালের বিচারে যদি মনে হয় তাহলে প্রিন্সিপাল এই হ্যান্ডবুকের প্রযোজ্য প্রবিধান অনুসারে একটি এক্সপালশনের শুনানির প্রক্রিয়া শুরু করবেন। এক্সপালশনের শুনানির প্রক্রিয়া শুরু করার জন্য, প্রিন্সিপাল ছাত্র/ছাত্রী এবং তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে লিখিতভাবে জনাবেন যে তাদের একটি সুযোগ আছে স্কুল পর্যায়ের শুনানির জন্যে। এই এক্সপালশনের শুনানির নোটিস হতে হবে ইংরাজিতে এবং ছাত্র/ছাত্রীর বাড়ির ভাষায়, যদি তা আলাদা হয়। নোটিসে জানাতে হবে এই হ্যান্ডবুকের কোন প্রবিধান লঙ্ঘিত হয়েছে এবং এই অভিযুক্ত লঙ্ঘন সম্বন্ধে সমস্ত তথ্য; জানাতে হবে যে ছাত্র/ছাত্রীর অধিকার আছে এই শুনানিতে নিজের কথা বলার এবং সুযোগ আছে তার সাক্ষ্য প্রমান পেশ করার, এবং প্রয়োজন হলে একজন দোভাষীও তাকে দেওয়া হবে। **যে ছাত্রছাত্রীদের ইন্ডিভিজুয়ালাইস্ড এডুকেশন প্রোগ্রাম(আইইপি) অথবা সেকশন 504 পরিকল্পনা আছে তাদের ক্ষেত্রে, অবশ্য, শুনানি হতে পারবে একটি টীম(টিইএএম) নির্ধারণ করে দিলে যে আলোচ্য আচরণটি ছাত্র বা ছাত্রীর প্রতিবন্ধকতার অভিব্যক্তি নয়। দেখুন উপরোক্ত সেকশন 18.0। এছাড়াও, যে ছাত্রছাত্রীরা কোনো বিশেষ শিক্ষা এবং আনুসঙ্গিক পরিষেবা পায় তাদের এই এক্সপালশনের সময় বিনা খরচে উপযুক্ত সরকারী শিক্ষা প্রদান করতে হবে। *দেখুন* উপরোক্ত সেকশন 18.0।**

19.6.6 <u>গ্রেড 9 থেকে গ্রেড 12-র অস্ত্র, ড্রাগস, এবং কর্মীদের ওপর আক্রমন সংক্রান্ত লঙ্ঘনের শুনানির পরিচালনা</u>

শুনানি পরিচালনা করবেন আপার স্কুলের প্রন্সিপাল/হেড যদিনা প্রিন্সিপাল/হেড নিজে আক্রান্ত বা সাক্ষী হন, সেক্ষেত্রে শুনানি পরিচালনা করবেন অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপাল কিম্বা কোনো

নিরপেক্ষ স্কুল পরিচালনা কর্মী যিনি এই ঘটনায় সরাসরি জড়িত নন। এই শুনানির সময় উপস্থিত থাকবেন ছাত্র বা ছাত্রীটি তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক এবং/অথবা মনোনীত ব্যাক্তি এবং/অথবা ছাত্র বা ছাত্রীটি অনুরোধ মত ব্যক্তি।

a. <u>অভিযোগ।</u> শুনানি আধিকারিক অভিযোগগুলি পড়বেন ও নিশ্চিত করবেন যে ছাত্র বা ছাত্রী সেগুলি বুঝতে পেরেছে।

b. <u>সাক্ষী।</u> ছাত্র বা ছাত্রীটি যদি অভিযোগ অস্বীকার করে, অন্যেরা যারা এই ঘটনা সম্বন্ধে জানে তাদের ডাকা হবে। সব সাক্ষীরা যারা সাক্ষ দেবে তারা সশরীরে উপস্থিত থাকবে, থাকবেনা খালি (i)বিশেষজ্ঞ সাক্ষীরা যেমন অস্ত্র বিদ্যার সাক্ষ্য বা ড্রাগ বিশ্লেষণ, অথবা (ii)ছাত্রছাত্রী সাক্ষী(রা) যদি প্রিন্সিপাল/হেড মনে করেন যে ছাত্রছাত্রী সাক্ষীদের পরিচয় জানানো তাদের শারীরিক সুরক্ষার পক্ষে বিপজ্জনক হবে।

যদি, শুনানির পরে, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড সিদ্ধান্ত নেন যে ছাত্র/ছাত্রীটিকে এক্সপেল করা হবে, তাহলে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড সেই ছাত্র/ছাত্রীটিকে এবং তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে এই *হ্যান্ডবুকের* প্রবিধান অনুসারে লিখিত নোটিফিকেশন দেবেন সেই সিদ্ধান্তের কারণগুলি জানিয়ে। এই শুনানির পর প্রিন্সিপাল সিদ্ধান্ত নিতে পারেন যে ছাত্র বা ছাত্রীটিকে এক্সপেল করার বদলে সাসপেন্ড করে কোনো বিকল্প কার্যক্রমে পাঠানোর জন্যে। এই নোটিস ছাত্র/ছাত্রীটিকে আরো জানাবে যে তার এই হ্যান্ডবুকের প্রবিধান অনুসারে অধিকার আছে সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তিকে লিখিত আবেদন জানাবার।

19.6.7 সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত কোনো ব্যক্তির সামনে যে শুনানি হবে, সেখানে আপিলের বিষয় কেবলমাত্র ছাত্র বা ছাত্রীটি এই হ্যান্ডবুকের কোনো প্রবিধান লঙ্ঘন করেছে কিনা তার প্রকৃত সিদ্ধান্ত গ্রহনেই সীমাবদ্ধ থাকবেনা। আপীল পেশ করার সময়, ছাত্র বা ছাত্রীটি তার অভিযোগের কথা জানাবে, যাতে থাকবে এই আপীল করার পিছনে কি কারণ আছে তার সংক্ষিপ্ত বিবরণ এবং একটি সংক্ষিপ্ত তথ্যের বিবরণী এবং নির্দিষ্ট করে কি অব্যাহতি চাওয়া হচ্ছে।

সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত কোনো ব্যক্তির সামনে যে শুনানি হবে তা নিম্নোক্ত প্রক্রিয়ার সাথে মানানসই হবে:

a. এই শুনানি একটি বন্ধ অধিবেশনে হবে এবং অন-আনুষ্ঠানিকভাবে পরিচালিত হবে;

b. সব পক্ষেরই অধিকার থাকবে উকিল বা তাদের পছন্দের কারোকে দিয়ে প্রতিনিধিত্ব করানোর;

c. সব পক্ষই এই আপিলের প্রাসঙ্গিক সব স্কুল রেকর্ড ও অন্যান্য নথিপত্র পরীক্ষা করতে পারবে;

d. সব পক্ষই সব সাক্ষীদের জেরা করতে পারবে;

e. সব পক্ষেরই অধিকার থাকবে সাক্ষী ও প্রমান উপস্থিত করার;

f. সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি আইনি পরামর্শদাতা উপস্থিত রাখতে পারেন হয় কোনো স্কুল কর্মীর হয়ে উকিল হিসাবে কাজ করার জন্যে নয়তো সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তিকে এই কনফারেন্স পরিচালনায় উপদেশ দেবার জন্যে। কোনো উকিল যে সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তিকে এই কনফারেন্স পরিচালনায় উপদেশ দেবেন তিনি স্কুল কর্মীর উকিল হয়েও কাজ করতে পারবেননা।

সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি নির্ধারণ করবেন ছাত্র বা ছাত্রীটি তার আপীল অনুযায়ী কোনো নির্দিষ্ট অধিকারে/অধিকারগুলিতে বঞ্চিত হয়েছে কিনা। যদি সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি নির্ধারণ করেন যে কোনো অধিকারের বঞ্চনা ঘটেছে, তাহলে সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি সুপারিশ করবেন কি ধরনের উপযুক্ত সাহায্য প্রয়োজন নিশ্চিত করার জন্যে যে অধিকারের/অধিকারগুলির বঞ্চনা তখনি এবং পাকাপাকিভাবে বন্ধ হয়। সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি আরো অনুরোধ করতে পারেন যে ছাত্র/ছাত্রী এবং তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক এক্সপালশনের সময় সম্পূর্ণ হলে প্রিন্সিপালের সাথে একটি রি-এন্ট্রি কনফারেন্স মিটিঙে যোগ দিন।

যখন কোনো ছাত্র/ছাত্রী এই নীতির প্রবিধানের অনুসারে এক্সপেল্ড হয়েছে এবং অন্য কোনো স্কুলে প্রবেশের জন্যে আবেদন করেছে, তখন যে স্কুল সিস্টেম থেকে যাচ্ছে তার সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি যে স্কুল সিস্টেমে যাচ্ছে তার সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তিকে সেই ছাত্র/ছাত্রীর এক্সপালশনের কারণগুলি জানাবে।

কোনো স্কুল যদি কোনো ছাত্র/ছাত্রীকে এই হ্যান্ডবুকের প্রযোজ্য প্রবিধান অনুসারে এক্সপেল করে অ্যালকোহল, অস্ত্র বা ড্রাগ নীতি লঙ্ঘনের জন্যে তাহলে সেই ছাত্র/ছাত্রীটিকে তার সাসপেনশন বা এক্সপালশনের সময়টাতে শিক্ষা পরিষেবা চালিয়ে যেতে হবে চ্যাপ্টার 76-এর সেকশন 21 অনুসারে এবং এই হ্যান্ডবুকের প্রযোজ্য প্রবিধান অনুসারে।

## 20.0 স্কুলের বাইরের আচরণ

20.1 ম্যাসাচুসেটস জেনারেল ল'র চ্যাপ্টার 71-এর সেকশন 37H½ কোনো স্কুলের আপার স্কুলের প্রিন্সিপাল/হেডকে অনুমতি দেয় কোনো ছাত্রছাত্রীকে সাসপেন্ড করতে যদি সেই ছাত্র/ছাত্রী ফেলোনি বা গুরুতর অপরাধে অভিযুক্ত হয় অথবা কোনো গুরুতর অপরাধ বা কর্তব্যে অবহেলার দায়ী হয়, সেই অভিযুক্ত আচরণ স্কুলে বা স্কুল সম্পর্কিত কোনো অনুষ্ঠানে হয়ে থাকুক বা না হয়ে থাকুক, যদি আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বিবেচনা করেন যে ছাত্র বা ছাত্রীটির স্কুলে অব্যাহত উপস্থিতি স্কুলের সার্বিক মঙ্গলের ওপর গুরুতর ভাবে ক্ষতিকারক প্রভাব ফেলবে। সেকশন 37H½ আপার স্কুলের প্রিন্সিপাল/হেডকে আরো অনুমতি দেয় কোনো ছাত্র বা ছাত্রীকে এক্সপেল করতে যে গুরুতর অপরাধ বা কর্তব্যে অবহেলার দোষে দোষী প্রমানিত হয়েছে বা দোষ স্বীকার করেছে, যদি আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বিবেচনা করেন

যে ছাত্র বা ছাত্রীটির স্কুলে অব্যাহত উপস্থিতি স্কুলের সার্বিক মঙ্গলের ওপর গুরুতর ভাবে ক্ষতিকারক প্রভাব ফেলত পারে।

**যে ছাত্রছাত্রীদের ইন্ডিভিজুয়ালাইজ্ড এডুকেশন প্রোগ্রাম(আইইপি) অথবা সেকশন 504 পরিকল্পনা আছে তাদের ক্ষেত্রে, অবশ্য, শুনানি হতে পারবে একটি টীম(টিইএএম) নির্ধারণ করে দিলে যে আলোচ্য আচরণটি ছাত্র বা ছাত্রীর প্রতিবন্ধকতার অভিব্যক্তি নয়। *দেখুন* উপরোক্ত সেকশন 18.0। এছাড়াও, যে ছাত্রছাত্রীরা কোনো বিশেষ শিক্ষা এবং আনুসঙ্গিক পরিষেবা পায় তাদের এই এক্সপালশনের সময় বিনা খরচে উপযুক্ত সরকারী শিক্ষা প্রদান করতে হবে। *দেখুন* উপরোক্ত সেকশন 18.0।**

কোনো ছাত্রছাত্রী যদি স্কুল থেকে M.G.L.c. 71, §37H½ অনুযায়ী সাসপেন্ডেড হয় তার সুযোগ থাকবে এই শিক্ষা পরিষেবা পাবার এবং এই অপসারণের সময় তার পড়াশোনা এগিয়ে নিয়ে যাওয়ার নিচে বর্ণিত সেকশন 21 অনুসারে।

20.2 M.G.L.c. 71, §37H½ -এর প্রবিধান অনুযায়ী অনির্দিষ্ট সাসপেনশন এবং/অথবা এক্সপালশন শুনানির প্রক্রিয়া নিচে দেওয়া হলো:

a. কোনো দশ(10) দিন বা তার কম সাসপেনশন চলাকালীন সময় প্রিন্সিপালের বিচারে যদি মনে হয় যে এই আচরণের জন্যে ছাত্র/ছাত্রীটির প্রয়োজন একটি অনির্দিষ্ট সাসপেনশন বা এক্সপালশন তাহলে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড ছাত্র/ছাত্রী এবং তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে লিখিতভাবে জনাবেন যে তাদের একটি সুযোগ আছে স্কুল পর্যায়ের শুনানির জন্যে। এই শুনানির নোটিস হতে হবে ইংরাজিতে এবং ছাত্র/ছাত্রীর বাড়ির ভাষায়, যদি তা আলাদা হয়। নোটিসে জানাতে হবে এই হ্যান্ডবুকের কোন প্রবিধান লঙ্ঘিত হয়েছে এবং এই অভিযুক্ত লঙ্ঘন সম্বন্ধে সমস্ত তথ্য; জানাতে হবে যে ছাত্র/ছাত্রীর অধিকার আছে এই শুনানিতে নিজের কথা বলার এবং সুযোগ আছে তার সাক্ষ্য প্রমান পেশ করার, এবং প্রয়োজন হলে একজন দোভাষীও তাকে দেওয়া হবে। **যে ছাত্রছাত্রীদের ইন্ডিভিজুয়ালাইজ্ড এডুকেশন প্রোগ্রাম(আইইপি) অথবা সেকশন 504 পরিকল্পনা আছে তাদের ক্ষেত্রে, অবশ্য, শুনানি হতে পারবে একটি টীম(টিইএএম) নির্ধারণ করে দিলে যে আলোচ্য আচরণটি ছাত্র বা ছাত্রীর প্রতিবন্ধকতার অভিব্যক্তি নয়। *দেখুন* উপরোক্ত সেকশন 18.0। এছাড়াও, যে ছাত্রছাত্রীরা কোনো বিশেষ শিক্ষা এবং আনুসঙ্গিক পরিষেবা পায় তাদের এই এক্সপালশনের সময় বিনা খরচে উপযুক্ত সরকারী শিক্ষা প্রদান করতে হবে। *দেখুন* উপরোক্ত সেকশন 18.0।**

b. <u>শুনানির পরিচালনা।</u>

শুনানি পরিচালনা করবেন আপার স্কুলের প্রন্সিপাল/হেড যদিনা আপার স্কুলের প্রিন্সিপাল/হেড নিজে আক্রান্ত বা সাক্ষী হন, সেক্ষেত্রে শুনানি পরিচালনা করবেন অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপাল কিম্বা কোনো নিরপেক্ষ স্কুল পরিচালনা কর্মী যিনি এই ঘটনায় সরাসরি জড়িত নন। এই শুনানির সময় উপস্থিত থাকবেন ছাত্র বা ছাত্রীটি তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক, ছাত্র/ছাত্রীর আইনি পরামর্শদাতা, এবং আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা তার মনোনীত ব্যক্তির এবং/অথবা ছাত্র/ছাত্রীর অনুরোধ করা অন্যান্য ব্যক্তিরা।

i. অভিযোগ। শুনানি আধিকারিক অভিযোগগুলি পড়বেন ও নিশ্চিত করবেন যে ছাত্র বা ছাত্রী সেগুলি বুঝতে পেরেছে।

ii. . সাক্ষী। ছাত্র বা ছাত্রীটি যদি অভিযোগ অস্বীকার করে, অন্যেরা যারা এই ঘটনা সম্বন্ধে জানে তাদের ডাকা হবে। সব সাক্ষীরা যারা সাক্ষ দেবে তারা সশরীরে উপস্থিত থাকবে, খালি থাকবেনা (i)বিশেষজ্ঞ সাক্ষীরা যেমন অস্ত্র বিদ্যার সাক্ষ্য বা ড্রাগ বিশ্লেষণ, অথবা (ii)ছাত্রছাত্রী সাক্ষী(রা) যদি আপার স্কুলের প্রিন্সিপাল/হেড বা তার মনোনীত ব্যক্তি মনে করেন যে ছাত্রছাত্রী সাক্ষীদের পরিচয় জানানো তাদের শারীরিক সুরক্ষার পক্ষে বিপজ্জনক হবে।

c. যদি, শুনানির পরে, আপার স্কুলের প্রিন্সিপাল/হেড সিদ্ধান্ত নেন যে ছাত্র/ছাত্রীটিকে এক্সপেল করা হবে অথবা অনির্দিষ্ট কালের জন্য সাসপেন্ড করা হবে, তাহলে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড সেই ছাত্র/ছাত্রীটিকে এবং তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে লিখিত নোটিফিকেশন দেবেন সেই সিদ্ধান্তের কারণগুলি জানিয়ে। এই নোটিস ছাত্র/ছাত্রীটিকে আরো জানাবে যে তার অধিকার আছে এই এক্সপালশন অথবা অনির্দিষ্ট কালের জন্য সাসপেনশনের সিদ্ধান্ত জানানো নোটিস পাবার পাঁচ(5) দিনের মধ্যে সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তিকে লিখিত আবেদন জানাবার, এবং সেই আপিলে তার উকিল দ্বারা প্রতিনিধিত্ব করার অধিকার। এবং আপার স্কুলের প্রিন্সিপাল/হেড অনুরোধ করবেন যাতে সেই ছাত্র/ছাত্রী এবং তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক এক্সপালশন অথবা অনির্দিষ্ট সাসপেনশনের সময় সম্পূর্ণ হলে যেন আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের সাথে একটি রি-এন্ট্রি কনফারেন্স মিটিঙে যোগ দেন।

## 21.0 সাসপেনশনের সময় শিক্ষা পরিষেবা ও শিক্ষায় অগ্রগতি

21.1 কোনো ছাত্রছাত্রী যার শাস্তি হয়েছে স্কুলের ভিতরে সাসপেনশন, স্বল্প মেয়াদী সাসপেনশন, দীর্ঘ মেয়াদী সাসপেনশন, অথবা এক্সপালশন, সে সুবিধা পাবে ক্রেডিট উপার্জন করার, পরিস্থিতি মত অ্যাসাইনমেন্ট করার, পরীক্ষা, পেপার, এবং স্কুলের কাজ করার যার প্রয়োজন আছে ছাত্র বা ছাত্রীটির ক্লাসরুম বা স্কুল থেকে বহিস্কারের সময় দরকার মত শিক্ষায় অগ্রগতি করার জন্য। কোনো ছাত্রছাত্রী যে স্কুলের ভিতরে বা বাইরে এক্সপেল্ড বা সাসপেন্ডেড হয়েছে একটানা দশদিনের বেশি, সে সুবিধা পাবে শিক্ষা পরিষেবা পাবার এবং স্টেট ও স্থানীয় প্রয়োজন মেটানোর মত শিক্ষায় অগ্রগতি করার, স্কুল ব্যাপী শিক্ষা পরিষেবা পরিকল্পনার মাধ্যমে যা আপার স্কুলের প্রিন্সিপাল/হেড গঠন করেছেন। সাসপেনশন বা এক্সপালশনের শাস্তি যখন দেওয়া হবে তখনি আপার স্কুলের প্রিন্সিপাল/হেড ছাত্র/ছাত্রীটিকে এবং তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযককে এই সুবিধাগুলির কথা জানাবেন।

21.2 এই স্কুল ব্যাপী শিক্ষা পরিষেবার পরিকল্পনা বিবরণ দেয় সেই শিক্ষা পরিষেবার যা স্কুল ডিস্ট্রিক্ট সেই সব ছাত্রছাত্রীদের জন্যে উপলব্ধ করবে যারা স্কুল থেকে একটানা দশ(10) দিনের বেশি সাসপেন্ডেড বা এক্সপেল্ড হয়েছে এবং ছাত্র/ছাত্রীটিকে এবং তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযককে জানাবে কি কি সুবিধা উপলব্ধ আছে ও কোন প্রক্রিয়ায় সেই

পরিষেবাগুলিকে পাওয়া যাবে। শিক্ষা পরিষেবার ভিত্তি হবে এবং তা দেওয়া হবে যে শিক্ষার মান ও শিক্ষাক্রমের কাঠামো সব স্টেট আইন ও বিধানের আওতায় থাকা ছাত্রছাত্রীদের জন্যে প্রতিষ্ঠিত হয়েছে তার সাথে সঙ্গতি রেখে।

## 22.0 বহিস্কার

22.1 কোনো ছাত্রছাত্রীকে কোনো ভাবে এবং কোনো সময়ের জন্যই তার অনিচ্ছায় স্কুল থেকে বহিস্কার করা যাবেনা যদিনা তা এই হ্যান্ডবুকের অন্তর্গত পদ্ধতি মেনে করা হয় এবং যদিনা সেই ছাত্র/ছাত্রীর কোনরকম ছোঁয়াচে ব্যাধি থাকে অথবা অন্য অসুখ থাকে যা জনস্বাস্থ্যের পক্ষে হানিকর, অথবা যদি সে তার ইমিউনাইজেশন সার্টিফিকেট জমা না দিয়ে থাকে, যেরকম হলে তখনি তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযককে জানাতে হবে ও ছাত্র/ছাত্রীটিকে বাড়ি পাঠিয়ে দিতে হবে কিন্তু স্কুলে ঢোকার জন্যে এই নিয়মের ব্যাতিক্রমের অনুমতি আছে কোনো চিকিৎসাগত বা ধর্মীয় কারণের জন্য। ইমিউনাইজ না করা বা আংশিক ইমিউনাইজ করা বাচ্চাদের বহিস্কার না করার কারণ চিকিৎসাগত বা ধর্মীয় না হলে তা একমাত্র হতে পারে গৃহহীন বাচ্চাদের ক্ষেত্রে। ছাত্রছাত্রীদের স্কুলে ফেরানোর উদ্দেশ্যে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড এবং স্কুল নার্স একসাথে কাজ করবেন বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযকদের সাথে।

22.2 কোনো ছাত্র বা ছাত্রী, যার বয়স ষোলো(16) বা তার বেশি, নিজের ইচ্ছেতে স্কুল ছেড়ে দিতে চায়, তার স্কুলে আসা বন্ধ হবার সাত(7) দিনের মধ্যে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড অথবা তার মনোনীত ব্যক্তি একটি লিখিত নোটিস পাঠাবেন ছাত্র বা ছাত্রীটির বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযকদের কাছে সেই বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযকদের মুখ্য ভাষায় এবং ইংরাজিতে, অনুরোধ করে যাতে ছাত্র বা ছাত্রীটি এবং তার বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযক আপার স্কুলের প্রিন্সিপাল/হেড অথবা তার মনোনীত ব্যক্তির সাথে দেখা করেন ছাত্র বা ছাত্রীটি স্থায়ীভাবে স্কুল ছেড়ে দেবার আগে।

22.3 এক্সিট ইন্টারভিউ। যদি প্রয়োজন হয় তাহলে চিঠি সার্টিফায়েড মেলে পাঠাতে হবে। এই মিটিঙের উদ্দেশ্য হবে পর্যালোচনা করা ছাত্র বা ছাত্রীটি কি কারণে স্কুল ছেড়ে দিতে চাইছে, ছাত্র/ছাত্রীটির রেকর্ডস এবং তার ভবিষ্যত পড়াশোনার বা চাকরির পরিকল্পনা, এবং সঠিক বোঝার জন্যে যে ছাত্র/ছাত্রীটি নিজের স্বাধীন ইচ্ছেতেই স্কুল ছাড়ছে, এবং কোনো স্কুলের আধিকারিকের বা কর্মীর জোর করার বা চাপ দেবার কারণে ছাত্র/ছাত্রীটি স্কুল ছাড়ছেনা।

22.4 যদি বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযকরা এবং ছাত্র/ছাত্রীটি এক্সিট ইন্টারভিউয়ের অনুরোধের দশ(10) স্কুল দিবসের মধ্যেও কোনো জবাব না দেয়, তাহলে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড অথবা তার মনোনীত ব্যক্তি বাবা-মা/অভিভাবক/তত্বাবধাযককে একটি নোট পাঠাবেন যে ছাত্র/ছাত্রীটির নাম স্কুল থেকে কেটে দেওয়া হতে পারে।

22.5 এই সেকশনটির এমন ব্যাখ্যা হবেনা যে ছাত্র/ছাত্রীটি যে আবার ভবিষ্যতে পড়াশোনা শুরু করতে চায় তাকে বরাবরের মত বাদ দেওয়া হবে। ছাত্র/ছাত্রীটি যে কোনো সেমিস্টারের গোড়ায় আবার স্কুলে ফিরতে পারে তার একুশ(21) বছরের জন্মদিনের আগে, আপার স্কুলের প্রিন্সিপাল/হেডকে একটা রি-এন্ট্রি কনফারেন্সের অনুরোধ জানিয়ে।

22.6 স্টেট বোর্ড অফ এডুকেশনের প্রতিষ্ঠিত নিয়ম অনুসারে আপার স্কুলের প্রিন্সিপাল/হেড এবং/অথবা অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপাল, প্রতিটি ছাত্রছাত্রীর রেকর্ড রাখবেন যারা একটানা এক(1) মাস বা তার বেশি স্কুলে আসেনি, যার কারণ হতে পারে এক্সপালশন, বহিস্কার, অসুস্থতা, ইচ্ছাকৃত অনুপস্থিতি বা অন্য কোনো কারণ। এই রেকর্ডে থাকবে নাম, বয়স, লিঙ্গ, ঠিকানা, গ্রেড লেভেল, যে তারিখ থেকে ছাত্র/ছাত্রীটি নিয়মিত স্কুলে আসা বন্ধ করেছে এবং কি কারণে বন্ধ করেছে। আপার স্কুলের প্রিন্সিপাল/হেড এবং/অথবা অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপাল একটি বাৎসরিক রিপোর্ট জমা করবেন সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তিকে এবং স্কুল কমিটিকে যাতে থাকবে যে ছাত্ররা একটানা এক(1) মাস বা তার বেশি স্কুলে আসেনি তার সারাংশ, কিন্তু সেই রিপোর্ট কোনো ছাত্র/ছাত্রীর ব্যক্তিগত পরিচয় থাকবেনা।

## 23.0 অধিকারহীনতার প্রতিকারের শুনানির অধিকার

23.1 যদি কোনো ছাত্র/ছাত্রী এবং/অথবা বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক মনে করেন যে ছাত্র/ছাত্রীটি এই হ্যান্ডবুকে প্রতিষ্ঠিত কোনো অধিকার থেকে স্কুল ডিপার্টমেন্টের কোনো আধিকারিক বা কর্মীর দ্বারা বঞ্চিত হচ্ছে, এবং ছাত্র/ছাত্রীটি এবং/অথবা বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়করা তাদের সরল বিশ্বাসে করা অন-আনুষ্ঠানিক চেষ্টায় আপার স্কুলের প্রিন্সিপাল/হেডের বা অন্য স্কুল আধিকারিকদের সহযোগিতায় সেই বঞ্চনার প্রতিকার করতে পারছেননা, তাহলে ছাত্র/ছাত্রীটির এবং/অথবা বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়কদের অধিকার থাকবে সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি অথবা চিফ অপারেটিং অফিসারের কাছে একটি লিখিত নালিশ দায়ের করার। লিখিত নালিশে অভিযোগটি থাকবে, এবং থাকবে কোন নির্দিষ্ট অধিকার থেকে ছাত্র/ছাত্রীটি বঞ্চিত হয়েছে, একটি সংক্ষিপ্ত তথ্যের বয়ান ও নির্দিষ্ট প্রতিকারের অনুরোধ।

23.2 যদিনা সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি অথবা চিফ অপারেটিং অফিসার তদন্তের পরে মনে করেন যে নালিশটি অসার ও অযোগ্য অথবা যদিনা সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি অথবা চিফ অপারেটিং অফিসার ক্ষতিগ্রস্থদের পক্ষে সন্তোষজনক ভাবে, লিখিত নালিশটি পাবার সাত(7) স্কুল দিবসের মধ্যে, নালিশের সমাধান করতে পারেন, তাহলে সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি অথবা চিফ অপারেটিং অফিসার একটি নোটিস মেল করবেন স্কুলের আপার স্কুলের প্রিন্সিপাল/হেড, স্কুল ডিপার্টমেন্টর কর্মীকে(দের) যাদের নাম লিখিত নালিশে আছে (যদি থাকে), এবং ছাত্র/ছাত্রীকে ও বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ককে যারা নালিশ জানিয়েছেন। এই নোটিসে থাকবে:

a. কনফারেন্সের সময় এবং স্থান যা হতে হবে লিখিত নালিশ পাওয়ার দশ(10) স্কুল দিবসের পরে নয়, যদিনা কোনো পক্ষ শুনানির জন্যে প্রস্তুত হবার জন্য অনুরোধ জানায় এই শুনানির দিন পাঁচ(5) স্কুল দিবস পর্যন্ত পেছনোর জন্য;

b. লিখিত নালিশে জানানো অভিযোগের বিবরণী;

c. অভিযোগ(গুলির) সম্বন্ধে সম্পূর্ণ তথ্যের বয়ান, যাতে থাকবে সাক্ষীদের নাম;

d. কি প্রতিকার অনুরোধ করা হয়েছে তার বয়ান;

e. সব পক্ষের অধিকারের বিবরণ, যাতে থাকবে এই কনফারেন্সে উকিল বা বা অন্য কোনো ব্যক্তি দ্বারা প্রতিনিধিত্বের অধিকার, সাক্ষ্য প্রমান হাজির করার ও বিপক্ষের সাক্ষীদের প্রশ্ন করার অধিকার।

23.3 এই কনফারেন্স নিচে দেওয়া নির্দেশিকা মেনে চলবে:

a. কনফারেন্স হবে সুপারিনটেনডেন্ট অথবা তার মনোনীত ব্যক্তির উপস্থিতিতে;

b. কনফারেন্সটি একটি বন্ধ অধিবেশনে হবে ও অন-আনুষ্ঠানিক ভাবে পরিচালিত হবে;

c. সব পক্ষের অধিকার আছে উকিল দ্বারা বা তাদের নিজেদের পছন্দ মত ব্যক্তির দ্বারা প্রতিনিধিত্ব করানোর;

d. সব পক্ষই এই নালিশ সংক্রান্ত সব স্কুলের রেকর্ড ও নথিপত্র পরীক্ষা করে দেখতে পারবে;

e. সব পক্ষ সব সাক্ষীদের জেরা করতে পারবে;

f. সব পক্ষের অধিকার আছে সাক্ষ্য প্রমান হাজির করার;

g. সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি আইনি পরামর্শদাতা উপস্থিত রাখতে পারেন হয় কোনো স্কুল কর্মীর হয়ে উকিল হিসাবে কাজ করার জন্যে নয়তো সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তিকে এই কনফারেন্স পরিচালনায় উপদেশ দেবার জন্যে। কোনো উকিল যে সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তিকে এই কনফারেন্স পরিচালনায় উপদেশ দেবেন তিনি স্কুল কর্মীর উকিল হয়েও কাজ করতে পারবেননা।

23.4 সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি নির্ধারণ করবেন ছাত্র বা ছাত্রীটি তার আপীল অনুযায়ী কোনো নির্দিষ্ট অধিকারে/অধিকারগুলিতে বঞ্চিত হয়েছে কিনা। যদি সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি নির্ধারণ করেন যে কোনো অধিকারের বঞ্চনা ঘটেছে, তাহলে সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি সুপারিশ করবেন কিধরনের উপযুক্ত পদক্ষেপের প্রয়োজন নিশ্চিত করার জন্যে যে অধিকারের/অধিকারগুলির বঞ্চনা তখনি এবং পাকাপাকিভাবে বন্ধ হয়। উপযুক্ত সাহায্যের নির্ধারণের সময়, ছাত্রছাত্রীদের বিভিন্ন ধরনের প্রয়োজনগুলির কথা মনে রাখতে হবে বিশেষ করে সেই প্রয়োজনগুলি যা নির্ভর করে তাদের জাত, বর্ণ, জাতিগত পরিচয়, এথনিসিটি, বংশ, ধর্ম, বয়স, বিকলাঙ্গতা, জেনেটিক তথ্য, ভেটেরান স্টেটাস, বৈবাহিক অবস্থা, সেক্স, জেন্ডার, জেন্ডার আইডেন্টিটি বা তার প্রকাশ, সেক্সুয়াল ওরিয়েন্টেশন, গর্ভাবস্থা, গর্ভাবস্থা সম্পর্কিত অবস্থা, দৈহিক রূপ, অভিভাবকত্বের অবস্থান, এবং গৃহহীনতার ওপর এবং ছাত্র/ছাত্রীটির সমতা, ভাষা, সামাজিক/আনুভূতিক ভালো থাকার ও প্রযুক্তির প্রয়োজনের কথাও মনে রেখে।

23.5 এই সেকশনের প্রবিধানগুলির ওপরেও, ছাত্রছাত্রীরা কেমব্রিজ পাবলিক স্কুলের “নন-ডিসক্রিমিনেশন পলিসি এন্ড প্রহিবিশন এগেনস্ট সেক্সুয়াল হ্যারাসমেন্ট”-এ দেওয়া অভিযোগ পদ্ধতি ব্যবহার করতে পারে তাদের নালিশের সমাধান চাইতে যার ভিত্তি হলো কোনো

চারিত্রিক বৈশিষ্ট যা আইনে দ্বারা সুরক্ষিত যেমন জাত, বর্ণ, জাতিগত পরিচয়, এথনিসিটি, বংশ, ধর্ম, বয়স, বিকলাঙ্গতা, জেনেটিক তথ্য, ভেটেরান স্টেটাস, বৈবাহিক অবস্থা, সেক্স, জেন্ডার, জেন্ডার আইডেন্টিটি বা তার প্রকাশ, সেক্সুয়াল ওরিয়েন্টেশন, গর্ভাবস্থা, গর্ভাবস্থা সম্পর্কিত অবস্থা, দৈহিক রূপ, অভিভাবকত্বের অবস্থান, এবং গৃহহীনতা; ছাত্রছাত্রীরা এই হ্যান্ডবুকে দেওয়া আপিলের পদ্ধতি ব্যবহার করে ছাত্রছাত্রীদের শৃঙ্খলা সম্পর্কিত কোনো অভিযোগের সমাধান চাইতে পারে; এবং ছাত্রছাত্রীরা স্কুল ডিস্ট্রিক্টের বুলিইং প্রিভেনশন অর ইন্টারভেনশন প্ল্যান-এ দেওয়া অভিযোগ পদ্ধতি ব্যবহার করে দাদাগিরি সম্পর্কিত কোনো অভিযোগের সমাধান চাইতে পারে।

23.6 কোনো পক্ষ সুপারিনটেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তির সিদ্ধান্তে বা সুপারিশে অসন্তুষ্ট হলে তাদের অধিকার আছে স্কুল কমিটির কাছে আপীলের অনুরোধ জানানোর। এই আপীল জানানোর অধিকার, অবশ্য, সেই সিদ্ধান্ত বা সুপারিশ সম্পর্কে খাটবেনা যেখানে স্টেট আইন নির্দিষ্ট করে দিয়েছে যে চূড়ান্ত আপীল সুপারিনটেনডেন্ট শুনবেন। আপিলের আবেদন সুপারিনটেনডেন্টের সিদ্ধান্ত পাওয়ার পাঁচ(5) দিনের মধ্যে স্কুল কমিটির কাছে জমা করতে হবে।

23.7 স্কুল কমিটি সুপারিনটেনডেন্টের রায় এবং সুপারিশ পর্যালোচনা করবে নির্ধারণ করার জন্যে যে যথেষ্ট সাক্ষ্য প্রমান ছিল কিনা এই অধিকার খর্বের অভিযোগ সত্য প্রমান করার জন্যে এবং যে ছাড় দেওয়া হয়েছে তা এই অভিযুক্ত অধিকার খর্বের জন্যে উপযুক্ত কিনা। আপিলের শুনানির দশ(10) দিনের মধ্যে স্কুল কমিটির লিখিত সিদ্ধান্ত জারি করতে হবে, এই সিদ্ধান্ত সুপারিনটেনডেন্টের বা তার মনোনীত ব্যক্তির রায় বা সুপারিশ হয় সমর্থন করবে,বা নাকচ করবে, অথবা পরিবর্তন করবে।

23.8 সব পক্ষ এবং তাদের, উকিল সহ, প্রতিনিধিরা স্কুল কমিটির কাছে শুনানির সময়কার সাক্ষ্য প্রমান সম্বন্ধে ও ছাড়ের উপযুক্ততা সম্বন্ধে তাদের বক্তব্য পেশ কোরতে পারবেন। স্কুল কমিটি তাদের বিবেচনা মত সাক্ষ্য নিতে পারবেন ও নতুন প্রমান গ্রহণ করতে পারবেন।

## 24.0 ছাত্রছাত্রীদের হ্যান্ডবুক

কেমব্রিজ রিন্দগে এন্ড ল্যাটিন স্কুল স্টুডেন্ট হ্যান্ডবুকে, এবং প্রত্যেক স্কুলের স্টুডেন্ট হ্যান্ডবুকে, আরো অতিরিক্ত কোড অফ কন্ডাক্ট ছাপানো আছে। সব ছাত্রছাত্রী, বাবা-মা/অভিভাবক/তত্বাবধায়ক এবং কর্মীরা এই হ্যান্ডবুকগুলি দেখবেন ছাত্রছাত্রীদের জীবনধারার জন্যে প্রয়োজনীয় নিয়মাবলী সংক্রান্ত অতিরিক্ত তথ্যগুলির জন্য।

# অ্যাপেনডিক্স A